182. Kc. 921. 5.

জ্মীকেশ-সিরিজ, -- নাই ২

# भाशीत कथा

প্রীসত্যচরণ লাহা এম্ এ, বি এল্ লগুন জুরোলজিক্যাল সোসাইটার ফেলো প্রণীত



ব্যেক্তন বুক কোলপানী

০০ নং কলেজ দ্বীট্ মার্কেট,

কলিকাতা

1921

মূল্য ২॥০ আড়াই টাকা

#### **দূচীপত্ৰ**

#### প্রথম ভাগ

#### থাঁচার পাথী-

সূচনা-পশুপক্ষীর প্রতি মানবের মমতা-পক্ষীর প্রতি মানুষের পক্ষপাতিত্ত্বের কারণ—পক্ষিপালনপ্রথা সার্ক্ত-ভৌমিক—গ্রাস ও রোম—বেবিলন—যুদ্ভিয়া—মিশর —আর্যাবর্ত্ত —পক্ষিপালনপ্রথার উৎপত্তি ও ক্রমবিকাশ - পক্ষিবিজ্ঞানের অভিব্যক্তি-পক্ষিপালনে জাপান-বাদীর প্রচেষ্টা—সমাট অক্বরের কৃতিত্ব ... পৃঃ ১—.৮

#### পাখীর খাঁচা—

Avientture কাহাকে বলে ?—উপক্ৰণ-সংগ্ৰহ ও অভিজ্ঞতালাভ—পিঞ্জর ও পক্ষিগৃহ—পিঞ্জর কিরূপ হওয়া উচিত—তন্মধ্যে খান্তজলস্থাপন—পৃথীর দাঁড়— পাৰীর শ্বভাবাহ্যায়ী বাবস্থা-প্রিগৃহের (aviary) আবিশ্বকতা —স্থান-নিৰ্বাচন ও গঠনপ্ৰণালী —শীত-প্রবান দেশের ব্যবস্থা—গৃহের সাজসজ্জা ও উপক্রণ--भाक्षिन उद्यक्तिन ... १३ ३३--२३

#### পাখী-পোষা (১)---

পাশ্চাত্য পক্ষিপালক — তিনটি দল — পক্ষিবিজ্ঞানের উन्निधिनिधान-(५%) - यामभ-विद्यान भाशी भूषिया -পাখীর জীবনরহস্তের সমস্তা সমাধান-চেষ্ট্রা--পক্ষ-সংরক্ষণে প্রকৃতি ও কৃচিবিচার —একত্র স্মাবেশে বাধা আহার্যাবিচার - আলফ্রেড এজ্রার কৃতিত-প্রা —বাৰ্ণি ও তাহাৰ প্ৰতীকাৰ ... ় পুঃ ১:—৪৩

#### পাখী-পোষা (২)---

পক্ষিগৃহে পাশীর দাম্পতালীল।— অসবর্ণ মিলন—
শাবকোৎপাদন ও ঋতুবিচার—মিথুন নির্কাচনের
উপায়—ক্রক্ষিত পাখীর সংখ্যার হাসর্দ্ধি—নীভূনির্সাণের
স্থাননির্গাও উপকরণ-সংগ্রহ—বিচার-বৃদ্ধি না সহজ-

সংস্কার 📍

7: 88--bo

#### পাখী-পোষা (৩)---

প্রাঙ্মিথুন-লীলা—নীড়রচনা—ডিম্বপ্রস্ব ও পাধীর
চরিত্র-পরিবর্জন—বিচারশক্তি ও পরভ্ৎরহন্ত ... পৃ: ৬১—৭৩
পাখী-পোষা (৪)—

পদ্দিপালকের নীড়-পরিকার রাখার চেই। পাখীর শ্বভাববিরোধী কি না 

—পাখীর স্বায় বাসারচনা-প্রণালী
কতন্র উদ্দেশ্যমূলক; পরিচ্ছন্নতা ইহার অনুক্ল কি
না 

—পাখীর প্রসাধন-প্রস্তি ও তাহার উপকরণ—
একই সময়ে ডিম্ব গুলি ফুটাইবার জন্ম পদ্দিপালকের
ব্যবস্থা—শাবকের আহারব্যবস্থা—পাখীর বর্ণসাক্ষর্য্য

এ সম্বন্ধে পালকের চেষ্টা

... 93 98 - ba

#### দ্বিভীয় ভাগ

#### রাষ্ট্রসম্ভা ও পক্ষিতত্ত্—

ইংলণ্ডের পক্ষিপালন-সমিতির নিকট বেলজিয়নের আবেদন—Economic Ornithology কি ?—বার্ত্তাশান্তের সহিত বিহক্ষজীবনের সম্বন্ধ—পক্ষী সম্বন্ধে রাষ্ট্রের দায়িত্ব—খাদাহিসাবে পক্ষিপালন ... পৃঃ ১১—১০৩

#### পাথীর থাঁচা না পাথীর আশ্রম ?---

পক্ষিতত্ত্ব ও মানবের ইতিহাস—প্রাচীন রোমের ধর্মে বিহঞ্জের স্থান—মুরোপে মধ্যমুগে পাখী—নেপোলিয়ান ও যাযাবর পাবী—আধুনিকযুগে পক্ষিতইজিজ্ঞাসুর
শ্রেণীবিভাগ—পক্ষিপালনপ্রথায় (avicultureএ) তত্ত্বজিজ্ঞাসার বাধা—পাবীর sanctuary বা আশ্রম—
আশ্রমে সে বাধা দূর হয় কি না—মার্কিনে আশ্রমপদ্বীর সফলতা—এ দেশে ওদাসীক্ত—আশ্রম ও বাঁচার
দলের লক্ষ্য এক—খাঁচার পাবী হইতে পক্ষিবিজ্ঞানের
লাভ—avicultureএর নিকট মানবসভ্যতা কি প্রকারে
খণী—স্বাধীন অবস্থায় পাখীর বর্ণবিপ্র্যায় বটে কি না প্
—খাঁচায় পক্ষিপালনের বিরুদ্ধে অভিযোগ ... প্: ১০৪—১২২

#### ভূতীয় ভাগ

#### কালিদাস-সাহিত্যে বিহঙ্গপরিচয়

#### 

কারপ্তব —স্বস—ক্রোঞ্চ — ময়ুর— কোকিল—চাতক — শুক... পৃঃ ১৭১—১৯১

| নাটকাবল                           | Ì                     |                      |
|-----------------------------------|-----------------------|----------------------|
| বিক্রমোর্কশী —                    |                       |                      |
| গৰাংশ                             |                       | পৃঃ ১৯২—২ <b>০</b> ৪ |
| মালবিকাগিমিত্র ও অভিজ্ঞানশকুন্ত   | Ø                     |                      |
| গঙ্গাংশ                           |                       | पृः २०६—२ <b>२</b> ৮ |
| শেটকে পাখীর পরিচয়—               |                       |                      |
| রাজহংস—চক্রবাক—সাঠুস—কার্ভ        | <b>ব</b> —ময়্র—ভুক — |                      |
| পারাবত – কপোত – চাত • – গুর,      | শেন—কুররী—            |                      |
| শকুনি—কেশকিল                      | ***                   | र्वः २३३२४१          |
| রঘুবংশ ও কুমারসম্ভব –             |                       |                      |
| সারস—হিরণ্ডংস —চকোর —হারীত        | 5 - 李零—               |                      |
| কপোত—শোন, গুল্ল —খঞ্জন            | ?                     | १३ २८५ — २७१         |
| নিৰ্ঘণ্ট                          | ***                   | णृ <b>१</b> ३७৯—२१२  |
|                                   | •                     |                      |
| চিত্রসূচী                         |                       |                      |
| ১। শ্যামাপ্রভূতি "কোমলচঞ্'' পকা   | ,                     | পুরশ্চিত্র           |
| ২। জাপানবাসার পক্ষিপালন (রঙীন)    | ,                     | পৃঃ ১৪               |
| ে। "ভরত" প্রভৃতি পক্ষীর পিঞ্জর    |                       | ,, ২৪                |
| ৪। খঞ্জন ও মাছরাজ।                | •                     | ,, oe                |
| ৫। নীড়াধার, নারিকেলের            |                       | ,, ૯૨                |
| ৬। বাক্সের ও গাছের গুঁড়ির নাড়াধ | াৰ                    | ., (3                |
| ৭। চক্রবাক, কাদস্ব (রঙ্গান)       |                       | ,, Job               |
| ৮। কন্ধ, ক্রোঞ্চ, বলাকা (রঙান)    | * * *                 | ,, ১৭৮               |
| ১। হারীত, চকোর, রাজহংস (রঙীন)     | • • •                 | ,, २२२               |

কুররী (রছীন)

সাবস (বছীন)

₹8€

₹७३

182. Kc. 921. 5.

জ্মীকেশ-সিরিজ, -- নাই ২

# भाशीत कथा

প্রীসত্যচরণ লাহা এম্ এ, বি এল্ লগুন জুরোলজিক্যাল সোসাইটার ফেলো প্রণীত



ব্যেক্তন বুক কোলপানী

০০ নং কলেজ দ্বীট্ মার্কেট,

কলিকাতা

1921

মূল্য ২॥০ আড়াই টাকা

বেঙ্গল বৃক কোম্পানী হইতে শ্রীযুক্ত প্রবোধচক্র চট্টোপাধ্যায় এম্ এ কর্তৃক প্রকাশিত



সম হইছে ১ম ফর্মা পর্যন্ত সংস্কৃত প্রেসে
শীবিষ্ণুপদ হাজরা কর্ত্ক মুদ্রিত এবং বাকী ফর্মাশুলি ও টাইটেল পেজ সুচী প্রভৃতি ৪৬নং বেচু
চাটার্জির খ্রীটস্থ হেয়ার প্রেসে শ্রীউপেজনাথ
ভট্টাচার্য্য কর্ত্ক মুদ্রিত।

# পরম প্জনীয় শীযুক্ত অম্বিকাচরণ লাহা

পিতাঠাকুর মহাশয়ের শ্রীকরকমলে

সভ্যচরণ

## নিবেদন

"পথির কথা" প্রকাশিত হইল। এতদিন যে কথাগুলি বিক্ষিপ্তভাবে নানা মাসিক পত্রিকার পত্রান্তরালে ছড়াইয়া ছিল, আজ সেগুলিকে যথাসপ্তব পরিশোধিত ও কিঞ্চিৎ পরিবর্দ্ধিত করিয়া। একত্র গ্রথিত করিলাম। বিগত ৬ শারদীয়া পূজার সময় গ্রন্থানি বাহির হইবার কথা ছিল, কিন্তু নানা কারণে ভাহা ঘটিয়া উঠিতে পারে নাই।

বর্ণিত বিষয়গুলিকে তিন ভাগে বিভক্ত করা হইয়াছে; ইহাদের
মধ্যে কোনও ভাগ বাদ পড়িলে "পাখীর কণা" অসম্পূর্ণ থাকিয়া
যাইত। প্রথম ভাগে খাঁচার পাখীকে ভাল করিয়া দেখিবার চেন্টা
করা হইয়াছে; তাহার কারণ এই যে আমরা সাধারণতঃ পোষাপাখীর
সঙ্গে অনেকটা পরিচিত। সেই পরিচয়টিকে বৈজ্ঞানিক ভিত্তির
উপরে প্রতিষ্ঠিত করা আমার উদ্দেশ্য। বিত্তীয় ভাগে পাখীর সঙ্গে
মানুষের আনন্দ-সম্পর্ক ছাড়া যে আর একটা সম্পর্ক আছে, যেখানে
উভয়ে পরস্পরের জীবনযাত্রার সহায়ক অথবা বিরোধী হইতে পারে,
সেই utilityর দিক হইতে বিহঙ্গতত্ব আলোচনা করিবার প্রয়াস
পাইয়াছি। আধুনিক পক্ষিবিজ্ঞানের এই অঙ্গটাকে পাশ্চাত্য
পণ্ডিতেরা Economic Ornithology আখ্যা দিয়াছেন। বোধ
করি বাঙ্গালা সাহিত্যে এই অভিনব আলোচনা আজিকার দিনে বিফল
হইবে না। পুস্তকের তৃতীয় ভাগে মহাকবি কালিদাসের ভারতব্যীয়
বিহঙ্গজাতির সহিত কিরূপ পরিচয় ছিল ভাহা ভাল করিয়া দেখাইবার
চেন্টা করা হইয়াছে।

পরম পূজনীয় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্-এ, সি-আই-ই, মহাশয় পুস্তকের ভূমিকা লিখিয়া দিয়া আমাকে চির-

ক্লতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। যাঁহাদের উৎসাহবাকেঃ প্রণোদিত হইয়া সামি "পাখীর কথা" লিপিবদ্ধ করিতে ব্রক্তী হই, যাঁহাদের প্রবোচনা ও আনুকুল্য ব্যতীত সেই ব্রতের উদ্যাপন অসম্ভব হইত, তাঁহাদিগকে আমার ভক্তিপূর্ণ আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। শ্রহাসপদ শীযুক্ত নরেন্দ্র নাথ লাহা এম্-এ, বি-এল, পি-আর-এস্ মহাশয় ও আমার পূজ্যপাদ অধ্যাপক শ্রীযুক্ত বিপিনবিহারী গুপ্ত এম্-এ মহাশয়ের নিকটে আমি বিশেষভাবে ঋণী। পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ কাব্যতীর্থ-সাংখ্যরত্ন ও বন্ধুবর শ্রীযুক্ত স্থীক্রলাল রায় এম্-এ মহাশয় পুস্তকের আগাগোড়া প্রফ সংশোধন করিয়া আমাকে বাধিত করিয়াছেন; শীযুক্ত নন্দলাল দে এম্-এ, বি-এল, শ্রীমান্ বিমলাচরণ লাহা এম-এ, বি-এল, শ্রীমান্ বলাই চাঁদ দত্ত বি-এ, ও শীযুক্ত মন্মথনাথ দে মহাশয় আমাকে নানা বিষয়ে সাহায্য করিয়া-(इन। সর্বশেষ একজনের কথা বিশেষভাবে উল্লেখ না করিয়া থাকিতে পারিতেছি না—পূজনীয় শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহা-শয়ের কথা। যিনি প্রথম হইতে শেষ পর্যান্ত এই পুস্তক প্রকাশের সাহায্যকল্পে অকান্তরে পরিশ্রাম করিয়াছেন—তাঁহার সাহায্য না পাইলে এভাবে পুস্তকখানি প্রকাশ করা সম্ভব হইত না। চিত্রশিল্পী ত্রীযুক্ত নারায়ণচন্দ্র কুশারী মহাশয়ের অঙ্কিত কয়েকখানি চিত্র এই পুস্তকে সন্ধিবেশিত হইল।

পরিশেষে "প্রবাসী", "মানসী", "ভারতবর্ষ", "ত্বর্ণবণিক সমাচার" প্রভৃতি ষে সকল মাসিক পত্রিকার সহৃদয় পরিচালকবর্গ আমার প্রবন্ধগুলি মুদ্রিত করিয়া আমাকে উৎসাহ দান করিয়াছিলেন, ভাঁহাদিগকে আমি আন্তরিক ধন্তবাদ দিতেছি।

২৪ নং স্থাকিয়া খ্রীট্. কলিকাতা

শ্রীসভ্যচরণ লাহা

# ভূমিকা

শ্রীযুক্ত বাবু সভ্যচরণ লাহা এম্ এ, বি, এল মহাশয় যে 'পাখীর কথা" বলিয়া বই লিখিয়াছেন, সেখানি অভি অপূর্বা। উহার তিন' ভাগ; প্রথম, থাঁচার পাখী, দ্বিভায়, রাষ্ট্র-দমক্ষা ও পক্ষিত্তস্ক, তৃতীয়, কালিদাসের বিহলতত্ব। তিনটী ভাগই অপূর্বা। বাঙ্গালায় এরূপ বই একেবারেই নাই। সভাবাবুর নিজের পাখীর সখ আছে। তিনি পাখী পোষেন, পাখীর চিড়িয়াখানা রাখেন। অবসর সমরে নিজেই পাখীর সেবা করেন, দেশ বিদেশ হইভে পাখী সংগ্রহ করেন এবং পাখীর রঙ্গীন ছবি আঁকান ও সংগ্রহ করেন। ক্ষুত্রাং ভিমি পাখীর বিবয়ে কোন কথা বলিলে আমাদের মন দিয়া শোনা আবশ্যক। এবার সংক্ষেপে তিনি গুটিকভক ভাল কথা বলিয়াছেন।

খাঁচার পাখী বিষয়ে তাঁহার জ্ঞান বেশী। কেন না ভিনি খাঁচা
দিয়াই পাখীপোষা আরম্ভ করেন, এখনও খাঁচার দিকেই তাঁহার
টানটা বেশী। দিতীয় ভাগে পাখীর আশ্রাম করার কথার ভিনি যেন
একটু খাঁচার দিকেই টান দেখাইয়াছেন। আশ্রাম কর, একটা প্রকাণ্ড
বাগান করিয়া ভাহাভে পাখী স্বচ্ছদেদ বাতে আদে, স্বচ্ছদেদ বাসা
করে, গৃহস্থালী করে, ভাহা দেখ। ভাহাকে পুষিও না, ভাহাকে
আবদ্ধ করিও না। সে আপন মনে বাহা করে দেখিয়া বাও ও টুকিয়া
বাও। খাঁচার পুরিয়া রাখিলে সে বাহা করিবে কভকটা ফরমাসী
রক্মে করিবে। স্বভাবে বাহা করিভ, সেরূপ হইবে না। স্বভরাং
আশ্রম কভকটা ভাল বই কি ? কিন্তু পাধীর ব্যামো হ'লে মানুষে
বে যত্ন করিয়া চিকিৎসা করে, আশ্রমে কে ভাহা করিবে ? মানুষে
নানা বক্ষে ভাহার বাসা-বাঁধায় যে সাহায্য করে, ভাহা কে করিবে ?

উহাদের বিচারশক্তি মাছে কি না দেখিবার জন্য যে মানুষে নানা কৌশল করে, তাহা কে করিবে ?

পাখা খাঁচায় পুবিয়া মানুষ কত কৌশলে সঙ্কর জাতীয় নানা পক্ষী সৃষ্টি করিয়াছে, কত করিয়া কত পাখীর রঙ্বদ্লাইয়া দিয়াছে, স্বভাব বদ্লাইয়া দিয়াছে। তাহাদের ভিতরকার রুক্তি ও প্রবৃত্তিগুলি জাগাইয়া দিয়াছে, তাহার জীবনচরিত এও জীবনসমস্থা সম্বন্ধে কত গুহু কথা জানিতে পারিয়াছে। কতকাল ধরিয়া মানুষ পাখী পুরিতেছে। পাখীকে কত কাজে লাগাইতেছে। পাখী দিয়া পাখী ধরিতেছে। বেদের ঋবিরা শ্যেন পাখী পুর্যিতেন, শ্যেন পাখী দিয়া পাখী শীকার করিতেন; শ্যেন পাখীর আকারে বেদী তৈয়ার করিয়া ভাহাতে শ্যেন-যাগ করিতেন। হাজার হাজার বৎসর আগে নানবেরা আহারান্তে পাখী পড়াইতেন ও পাখীর লড়াই দেখিতেন।

প্রথম ও দিতীয় ভাগে সত্যবাবু সংক্ষেপে অনেক কথাই বলিয়াছেন; কিন্তু তাঁহার তৃতীয় ভাগটা বড়ই ভাল। এই ভাগে তিনি
কালিদাসের বিহলতের ব্যাখ্যা করিয়াছেন। তিনি নিজেই বলিয়াছেন,
কালিদাসের বিহলতের ব্যাখ্যা করিয়াছেন। তিনি নিজেই বলিয়াছেন,
কালিদাসের চক্ষু এড়াইতে পারে নাই। এ কথাটা সত্যবাবু বে
এত অল্ল বয়সে বুঝিতে পারিয়াছেন, ইহা বড়ই স্থেখর কথা। সোন্দর্যোর
কবি যে শুধু সৌন্দর্যাই বুঝিতেন, তাহা হইতেই পারে না। তিনি
স্থানর ও অস্থানর তুই বুঝিতেন। অস্থানর ছাড়িয়া দিতেন, বাছিয়া
বাছিয়া স্থানর স্থানর জিনিসগুলিই আপনার কাজে লাগাইতেন।
ভাঁহার দৃষ্টিশক্তি (power of observation) অন্তৃত ছিল। তিনি
ঠিক জিনিসটা ঠিক বুঝিতে পারিতেন। যেটা ভাল সেইটা লাইতেন,
মন্দটী ত্যাগ করিতেন। জগতের কোধায় কি আছে, তাহা তিনি
দেখিয়া শুনিয়া ও পড়িয়া জানিতেন। রঘুর দিখিজয়ে কোন্ দেশের
ক্রান্ জিনিসটা স্থানর, তাহা তিনি দেখাইয়া গিয়াছেন। বালুনার

অমিন ধান, সমুদ্রের ধারে ভালবন, কলিঙ্গে পানের গাছ, নারিকেলের রস ( তাড়ি ), আরও দক্ষিণে চন্দন গাছ, আরও দক্ষিণে পুরাগ, পশ্চিমে কেতকীরজঃ, পঞ্জাবে আঙুর ক্ষেত—ধেখানে যেটা স্থক্ষর > ঠিক্ সেইটী সেইখানে লিখিয়া গিয়াছেন। হিমালয় থাকে থাকে উঠিয়াছে। যে থাকে যে জিনিস, কালিদাস সেই থাকে সেই জিনিস লিখিয়াছেন। নীচে সিংহ, বাঘ ও হাতী, একটু উপরে সরল গাছ, আর একটু উপরে দেবদারু, আর একটু উপরে জমাট বরফ--আরও কত কি, কত লিখিব। কালিদাস যখন পাখীর কথা কছেন, তথান মনে হয় এই পাখীশুলা কি ? যদি জানিবার উপায় থাঞ্জিত কালিদাসের দৃষ্টিশক্তি কত ধারাল আরও বুঝিতে পারিতাম ; কিন্তু মনে করিতাম তাহা কে বুঝাইয়া দিবে ? কারগুর কাহাকে বলে 🤊 ক্রোঞ্জ কাহাকে বলে ? সারদ কি ? হংস কত রক্ষ হয় ?---কেই वा कारम, (करे दा वृक्षारेया पिरव ? किस्नु এश्वनि ना वृक्षित 'क কালিদাসকে আময়া বুঝিতে পারিবনা, ভাঁহার দৃষ্টিশক্তির দৌড় দেখিতে পাইব না। নানা দেশ খুরিয়াছি, নানা দেশ দেখিয়াছি, नान (लाकरक किछाना कतियाहि -- कान् भाशीहे। दक्कोक उ कान्ही कांत्रधव, (कश्रे निःमत्मर्ट निलग्न। मिर्ड भारत नारे।

তাই সত্যবাবুর তৃতীয় ভাগ পড়িয়া আনন্দে বিভার হইয়াছি।
সত্যবাবু কালিদাসের সব পাখাগুলিকে চিনাইয়া দিবার ক্রকান্তরে
পরিশ্রম করিয়াছেন, মনপ্রাণ দিয়া চেন্টা করিয়াছেন। কালিদাসের
অনেক অবোঝা সোন্দর্যা বুঝাইয়া দিয়াছেন। সত্যবাবু পাখীর মর্ম্ম
বুঝেন, কালিদাসের পাখীগুলির মর্ম্ম বুঝাইবার চেন্টা করিয়া কালিদাসের সমক্রদার লোকদের বিশেষ উপকার করিয়াছেন, তাঁহাদের
শুক্তর ঋণে আবন্ধ করিয়াছেন। তাঁহার ক্রয় হউক।

সত্যবাবু যে এই কার্য্য করিয়াছেন, তাহা তাঁহার বংশের অনুরূপই ইয়াছে। কলিকাতার লাহা মহালয়েরা ধনে মানে খুব বড়া

৩ মহারাজা তুর্গাচরণ লাহার নাম ভারতে কেনা জানে 🤊 তিনি বাণিজের প্রভুত সম্পত্তি সর্জ্জন করিয়া গিয়াছেন, রাজার নিকট ও সমাকে ভাঁহার যথেষ্ট সম্মান ছিল। ভাঁহার ছোট ভাই ৺ জয়গোবিন্দ লাহা সি, আই, ই, বড়ই লোকপ্রিয় ছিলেন। তিনি সকলের সঙ্গে মিশিতেন ও অতি অমায়িক ছিলেন। সভ্যবাবু তীহারই পৌজ। লাহা মহাশয়েরা এত দিন ধনে ও মানেই বড় ছিলেন। ৺ দুর্গাচরণ লাহা মহাশয়ের দুই পুরুষ পরে ভাঁহারা বিদ্যায়ও বড় হইয়াছেন। শ্রীযুক্ত নরেক্রনাথ লাহা ইউনিভারসিটীর একটী কৃতী সম্ভান। কিন্তু অন্ত কৃতী সম্ভানের স্থায় ইনি বিদ্যা বেচিয়া খাইতেছেন না। তাঁহার বিপুল ঐশর্যা ও বিপুল শক্তি বিদ্যার প্রচারে ব্যয় করিভেছেন। তাঁহার প্রবর্ত্তি "কলিকাতা ওরিয়েণ্ট্যাল্ সিরিজ" ও "স্দীতেশ সিরিজ" একটা খুব বড় কাজ বলিয়া মনে করি। শ্রীযুক্ত নিমলাচরণ লাহা পালি শাল্তে বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছেন। তিনি বিশ্ববিদ্যালয় ছাড়িয়াও লেখা পড়া ছাড়েন নাই। সভ্যবাবু অনেক দিন ধরিয়া বিজ্ঞান মতে পাখী লইয়া নাড়া-চাড়া করিতেছেন। কিন্তু তিনি যে কালিদাসকে বুঝিবার ও বুঝাইবার জন্ম এত চেম্টা করিবেন বুঝিতে পারি নাই—পারিয়া মুগ্ধ হইয়াছি। আশীর্নাদ করি, তিনি দীর্ঘঞ্চীরী হউন।

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী

#### **সূচীপত্ৰ**

#### প্রথম ভাগ

#### থাঁচার পাথী-

স্চনা---পশুপ<del>ক্ষ</del>ীর প্রতি যানবের মুম্ভা---পক্ষীর প্রতি মাকুষের পক্ষপাতিত্ত্বর কারণ-পশ্দিপালনপ্রথা সার্ব্ধ-ভৌমিক—গ্রাস ও রোম—বেবিলন—যুদ্ভিয়া—মিশর —আর্য্যাবর্ত্ত —পক্ষিপালনপ্রথার উৎপত্তি ও ক্রমবিকাশ - পক্ষিবিজানের অভিব্যক্তি-প্রিপালনে জাপান-বাদীর প্রচেষ্টা—সমাট অক্বরের ক্তিত্ব ... পৃঃ ১—.৮

#### ্পাথীর থাঁচা—

Aviculture কাহাকে বলে ?—উপক্রণ-সংগ্রহ ও অভিজ্ঞতালাভ—পিঞ্জর ও পক্ষিগৃহ—পিঞ্জর কিরুপ হওয়া উচিত—তন্মধ্যে খাগ্ৰজলস্থাপন—পাধীর দাঁড়— পাধীর শ্বভাবাস্থায়ী বাবস্থা--পকিগৃত্র (aviary) আবেখ্যকতা —স্থান-নির্বাচন ও গঠনপ্রণালী —শাত-প্রশান দেশের ব্যবস্থা—গৃহের সাজসজ্জা ও উপকরণ--মাজিন ও প্রেক্ষালন ... পৃথ ১৯-—২১

#### পাখী-পোষা (১)----

পাশ্চাত্য পক্ষিপালক—তিনটি দল—পক্ষিবিজ্ঞানের উন্নতিবিধান-চেষ্টা — সদেশ-বিদেশের পাখী পুষিয়া — পাখীর জীবনরহস্তের সমস্তা সমাধান-চেষ্টা---পঞ্চি-শংরক্ষণে প্রকৃতি ■ কচিবিচার --একত্র স্মাবেশে বাধা আহার্যাবিচার - আলফ্রেড এজ্বার কৃতিছ-প্রা --বাৰ্ণি ও তাহার প্রতীকার ... : পুঃ ১:--৪৩

#### পাখী-পোষা (২)---

পক্ষিগৃহে পাণীর দাম্পত্যলীল।—অসবর্ণ মিলন—
শাবকোৎপাদন ও ঋতুবিচার—মিথুন নির্কাচনের
উপায়—ক্ষুক্ষিত পাখীর সংখ্যার হাসর্দ্ধি—নীজুনির্দ্ধাণের
স্থাননির্গান্ত উপকরণ-সংগ্রহ—বিচার-বৃদ্ধি না সহজ-

সংস্কার 📍

일: 💷 --- to

#### পাথী-পোষা (৩)---

প্রাঙ্মিথুন-লীলা—নীড়রচনা—ডিম্বপ্রস্ব ও পাধীর
চরিত্র-পরিবর্জন—বিচারশক্তি ও পরস্ক্রেহস্ত ... পৃঃ ৬১—৭৩
পাখী-পোষা (৪)—

পিদিপালকের নীড়-পরিকার রাখার চেই। পাখীর শ্বভাব-বিরোধী কি না • —পথেীর স্থায় বাসারচনা-প্রবালী কতদ্র উদ্দেশ্যমূলক; পরিচ্ছন্নতা ইহার অনুক্ল কি না • —পথেীর প্রসাধন-প্রবৃত্তি ও তাহার উপকরণ— একই সময়ে ডিশ্বগুলি ফুটাইবার জন্ম পদ্দিপালকের ব্যবস্থা—শাবকের আহারব্যবস্থা—পথেীর বর্ণসাম্মর্য্য এ সম্বন্ধ প্রশক্ষের চেষ্টা

... 93° 98 <del>-</del> √3

#### দ্বিতীয় ভাগ

#### রাষ্ট্রসম্প্রা ও পক্ষিতভ্--

ইংলণ্ডের পক্ষিপালন-সমিতির নিকট বেলজিয়মের আবেদন—Economic Ornithology কি ?—বার্ত্তা-শাস্ত্রের সহিত বিহক্ষজীধনের সম্বন্ধ — পক্ষী সম্বন্ধে রাষ্ট্রের দায়িত্ব—খাদাহিসাবে পক্ষিপালন

... পৃঃ ৯১—১০৩

#### পাথীর থাঁচা না পাথীর আশ্রম ?---

পক্ষিতত্ত্ব ও মানবের ইতিহাস—প্রাচীন রোমের ধর্মে বিহঞ্জের স্থান—মুরোপে মধ্যযুগে পাখী—নেপোলিয়ান ও যাযাবর পাবী—আধুনিকরুগে পক্ষিতর্জিজাসুর
শ্রেণীবিভাগ—পক্ষিপালনপ্রথায় (avicultureএ) তত্ত্বজিজাসার বাধা—পাবীর sanctuary বা আশ্রম—
আশ্রমে সে বাধা দূর হয় কি না—মার্কিনে আশ্রমপদ্মীর সফলতা—এ দেশে ওদাসীক্ত—আশ্রম ও বাঁচার
দলের লক্ষ্য এক—খাঁচার পাবী হইতে পক্ষিবিজ্ঞানের
লাভ—avicultureএর নিকট মানবসভ্যতা কি প্রকারে
খণী—স্বাধীন অবস্থায় পাখীর বর্ণবিপর্যয় ষটে কি না প
—খাঁচায় পক্ষিপালনের বিরুদ্ধে অভিযোগ

—খাঁচায় পক্ষিপালনের বিরুদ্ধে অভিযোগ

—গাঁচায় পক্ষিপালনের বিরুদ্ধে অভিযোগ

#### ভূতীয় ভাগ

#### কালিদাস-সাহিত্যে বিহঙ্গপরিচয়

# মেঘদূতের পক্ষিতত্ত্ব (১)— গাধীর প্রব্রজন-রহস্ত—ক্রোঞ্চরজ্ঞ—রাজহংস—সারস চক্রবাক—গৃহবলিভূক্—বলাকা ... গৃঃ ১২৩—১৪৫ মেঘদূতের পক্ষিতত্ত্ব (২)— শিখী—কারিকা—পারাবত—চাতক... ... গৃঃ ১৪৬—১৬১ ঋতুসংহার (১) গ্রীগ্রবর্ণন—হংসকাকলী—শর্বর্ণন—হেম্ম— হংদের প্রব্রজন ও গতিবিধি—রাজহংস—কাম্ম ... গৃঃ ১৬২—১৭৩ শৃতুসংহার (২) কারপ্তর —সারস—ক্রোঞ্চ—মন্তুর—কোকিল—চাতক

... পৃঃ **১৭১—**১৯১

--- 专事---

| নাটকাবলী                                    |         |                |                    |  |
|---|---------|----------------|--------------------|--|
| বিক্রমোর্বশী —                              |         |                |                    |  |
| গৰাংশ                                       | ***     | <b>약:</b> >:   | <b>३२</b> १०8      |  |
| মালবিকাগিমিত্র ও অভিজ্ঞানশকুস্তল            |         |                |                    |  |
| গল্পাংশ                                     |         | प्रः २०        | e>>                |  |
| -না <b>ট</b> কে পাখীর পরিচয়—               |         |                |                    |  |
| রাজহংস—চক্রবাক—সাঙ্কুস—কারওৰ—ময়ুর—         | - ক্    |                |                    |  |
| পারাবত – কপোত – চাত 🕶 – গুর, খোন – কু       | त्रत्री |                |                    |  |
| শকুনি—কেপকিল                                | 1       | গৃঃ <b>২</b> ১ | 5 <del>-</del> ₹89 |  |
| রঘুবংশ ও কুমারস্ম্ভব —                      |         | *              |                    |  |
| সারস—হিরণ্ডংস —চকোর —হারীত — কল —           |         |                |                    |  |
| কপোত—শোন, গুল —খঞ্জন                        | পৃ      | 3 6 6          | 261                |  |
| নিৰ্ঘণ্ট                                    | گ       | <b>2</b> 3 % 3 | <b>→</b> २१२       |  |
|   |         |                |                    |  |
| চিত্রসূচী                                   |         |                |                    |  |
| ১। শ্যামাপ্রভৃত্তি "কোমলচঞ্" পকা (ত্রিবর্গ) | ***     | পু             | রশ্চিত্র           |  |
| ২। জাপানবাসীর পক্ষিপালন (রঙীন)              | 440     | পৃঃ            | >8                 |  |
| ে। "ভরত" প্রভৃতি পক্ষীর পিঞ্জর              | • • •   | ,,             | ₹8                 |  |
| ৪। খন্ত্রাজা                                |         | "              | <b>9</b> ¢         |  |
| ে। নীড়াধার, নারিকেলের                      |         | ,,             | ¢٤                 |  |
| ৬। বাক্ষের ও গাছের গুঁড়ির নাড়াধার         | • • •   | 19             | e s                |  |
| ৭। চক্রবাক, কাদস্ব (রঙান)                   |         | 22             | 20F                |  |
| ৮। কন্ধ, ক্রোঞ্চ, বলাকা (রঙান)              | * * *   | ,,             | ንባ৮                |  |

হারীত, চকোর, রাজহংস (রঙীন)

- ১০। ক্ররী (র্ছীন)

সাবস (বছীন)

२२२

₹8€

२७३





आहरा मांसक , तामांशांस अपूर्ण करगकि "त्यांश्रमहश्र" शांभीत करगक

# পাখীর কথা

---

## প্রথম ভাগ

## খাঁচার পাখী

পাথী-পোষার ঝোঁক মানুষের বহুকাল হইতেই আছে। জগতের প্রায় সকল স্থানে ইহার স্বল্লাধিক নিদর্শন লক্ষিত হয়। মানব-সমাজের সকল স্তারে ইহার প্রভাব বিশ্বমান; অবস্থা-নির্বিশেষে সকল শ্রেণীর লোককে জল্ল-বিস্তর এই ঝোঁকের বশবর্তী হইতে দেখা যায়।

এই বিপুল বিশের কোন-না কোন কুত্র জীবের প্রতি মানব-হাদয়ের কেমন একটা সূক্ষ্ম আকর্ষণ আছে যে মানুষ নানা কার্য্যে লিপ্ত থাকিলেও, সে এই আকর্ষণ হইতে আপনাকে শঙ্পক্ষীর প্রতি মানবের মুক্ত করিতে সমর্থ হয় না। এই আকর্ষণের বলেই মানুষ, কুকুর, বিড়াল, পারাবত প্রভৃতি প্রাণীকে

যত্ন ও প্রীতির সহিত গৃহে পালন করিতে উত্তত হয়। মানবের শৈশবাবশ্বা হইতে ইহার প্রভাব পরিলক্ষিত হয়। গ্রামের মধ্যে প্রায়ই দেখা
যায় যে, ছোট-ছোট বালকের। ঝড়, জল ও রৌজের প্রথরতা উপেক্ষা
করিয়া গাছে-গাছে পাথীর নীড় অন্বেষণ করে, এবং শাবক দেখিতে
পাইলে আফ্রাদে আটখানা হইয়া উহাকে সাবধানে গৃহে লইরা যায়।
অসহায় পক্ষি-শিশুকে বাঁচাইবার জন্ম বালকদিগের চেক্টা বড়ই
আশ্চর্মুক্তনক; এবং এরপ অনেক সময়ে ঘটে যে, ভালবাসা ও বড়ের

আধিক্যই শাবকের মৃত্যুর কারণ হইয়া দাঁড়ায়। এই পালন করিবার ও ভালবাসিবার ইচ্ছা বালকের বয়সের সঙ্গে-সঙ্গে বর্ত্তিত হয়।

স্থট প্রাণিসমূহের মধ্যে পাখীর প্রতি মামুষের পক্ষপাতি-ত্বের কারণ এই ধে, পাখীরা অতি সহজে নেত্রপথবর্তী হইয়া

্পশীর এতি মাকুবের পশপাতিখের কারণ উহাদের উজ্জ্বল বর্ণ এবং মধুর কণ্ঠস্বরের দারা আমাদের চিত্ত আকর্ষণ করে। পক্ষপুটের উপর নির্ভর করিয়া ইহারা স্বেচ্ছায় যথাতথা উড়িয়া বেড়াইতে সমর্থ। ইহাদের স্বভাব-

হুণত চঞ্চল গতি অনায়াসেই ইহাদিগকে শত্রুর আক্রমণ হইতে রক্ষা করিয়া থাকে। অপর কল্পদিগকে ভয়ে-ভয়ে বিচরণ করিতে হয় বলিয়া উহারা সহজে আমাদের নর্মগোচর হয় না। উহাদের মধ্যে কেহ রাত্রিকালে আপনাকে নিরাপদ মনে করিয়া গহরর হইতে বহির্গত হয়; কেহ বা নিবিড় অরণ্যমধ্যে সন্তর্পণে বিচরণ করে; কিছুমাত্র শব্দ হইলেই চকিতনয়নে চারিদিকে নিরীক্ষণ করিতে থাকে। পক্ষিজাতির চাক্চিক্যময় ক্ষুদ্র স্থকোমল অবয়ব, এবণ-মনোহর মধুরাক্ষ্ট ধ্বনি, উহাদের অবাধ-ললিত গতি ও অসহায় জীবন অতর্কিতভাবে আমাদের হাদের এক অনুরাগ-মাখা ভাবের সঞ্চার করে। এই নিমিত্ত পাধীরা চির্যুগ ধরিয়া মান্তব্যের মনে বিশস্ততাণাশে আবন্ধ। মানবের ক্রিয়াকলাপে, আচারব্যবহারে, গল্পে, কবিতায়, প্রবাদে, ছড়ায় এই ভাবের অভিব্যক্তি বথেক পরিলক্ষিত হয়।

পূর্বেই বলা হইয়াছে যে, পশ্পিলন-প্রথা পৃথিবীর প্রায় সকল জাতির মধ্যে বিশ্বমান। এই প্রথা এত প্রাচীন যে, কেই সমাক্রপে ইহার উৎপত্তিকাল নিরূপণ পশিপালনপ্রথা সাক্ষ করিতে পারেন না। বিহন্ধ-তর্থবিদ্ ডাক্তার ব্যট্লার (Dr. A. G. Butler) বলেন

যে, সম্ভবতঃ প্রাগৈতিহাসিক মুগে এই পালন-প্রথার উৎপত্তি

ইইয়ছিল (১)। হেন্রি ওল্ডিস্ ( Henry Oldys ) সাহেব তাঁহার "Cage-bird traffic of the United States" নামক প্রবন্ধে লিখিয়াছেন, "জীবিত পক্ষীকে পিঞ্জরে রাখিয়া পালন-প্রথা জগদাপী; এবং ইহা ঐতিহাসিক যুগের এত পূর্বন হইতে প্রচলিত যে, কবে ইহার উৎপত্তি হইয়াছিল, তাহা বলা যায় না। গ্রীক্ষপ্রধান ও নাতিশীতোক্ষ্ণে দেশবাসীদিগের মধ্যে ইহার প্রচলন দেখা যায়। প্রশান্ত মহাসাগরিছত দীপপুঞ্জের নবাবিক্ষারের সময়েও তথায় পক্ষিপালন-প্রথা প্রচলিত ছিল; ইক্ষাদিগের রাজত্বকালে পেরুদেশবাসিগণ এটিকে তাহাদের অভ্যাসে পরিণত করিয়াছিল ও ও" (২)। তিনি আরও লিখিয়াছেন বে,

শ্রাচীন গ্রীস ও রোমবাসীদিগের নিকট পিঞ্জরগালিত পক্ষী বড়ই আদরের জিনিস ছিল।
কথিত আছে যে, ভারতবর্ষীয় কণ্ঠরেখাসমন্বিত শুকপক্ষী মহাবীর
আলেক্জাগুরের কোন এক সেমাপতি কর্তৃক সর্ব্বপ্রথমে যুরোপে
নীত হইয়াছিল। ইহার পূর্বেল্ড পশ্চিম-এসিয়ার বিভিন্ন জাতি কর্তৃক
জীবিত পক্ষী পালিত হইত; এবং বুলবুল প্রস্তৃতি
বিষদ্ধ
মনোমোহকর গায়ক পক্ষী বেবিলনের দোহলামান
উদ্যানসমূহের যে সৌন্দর্য্য-বর্দ্ধন করিত, সে বিষয়ে সন্দেহ নাই" (৩)।

Foreign Birds for Cage and Aviary, Part 1, Preface,

<sup>&</sup>quot;The practice of keeping live birds in confinement is world-wide, and extends so far back in history that the time of its origin is unknown. It exists among the natives of tropical as well as temperate countries, was found in vogue on the islands of the Pacific when they were first discovered, and was habitual with the Peruvians under the Incas\*\*\* — Ibid, Preface.

<sup>&</sup>quot;'Caged birds were popular in classic Greece and Rome. The Alexandrian Parrakeet, a ring-necked Parrakeet of India—which is

জেনেসিস্ (Genesis), লেভিটিকস্ (Leviticus) এবং ইসারা (Isaiah) নামক গ্রন্থসমূহে গৃহপালিত পারাবতের ভূরি ভূরি উল্লেখ আছে। এই পারাবত-পালন-প্রথার প্রতিয়া প্রার্ভইন সাহেব তাহার 'Variation of Animals and Plants under Domestication' নামক গ্রন্থে বলেন, প্রোক্ষেসার লেপ্সিয়স্ (Professor Lepsius) স্পষ্ট ইন্ধিত করিয়াছেন বে, খৃষ্টপূর্বন তিন সহজে বর্ষ পূর্বের পঞ্চম মিশার-বংশের রাক্ষরকালে

মিশর স্থালিত পারাবতের সর্বপ্রথম নিদর্শন লিপিবন্ধ আছে (৪)। বাট্লার সাহেব তাঁহার প্রসিদ্ধ প্রভার প্রতির পিশ্বন আছের (৫) মুখ-বন্ধে প্রাচীন হিক্রজাতির পক্ষিপালন সন্ধান্ধে হেন্রি ওল্ডিস্ সাহেবের অভিমত এইরূপে উদ্ধৃত করিয়াছেন—'ইহা একরূপ অবধারিত হইয়াছে যে, প্রাচীন হিক্ররা পক্ষিপালক ছিলেন; যেহেতু তাঁহাদের লিখিত পুস্তকাদির মধ্যে অপরিকার পিঞ্লর-পক্ষীর উল্লেখ দেখা যায়।'

ভারতবর্দে যে বহুকাল পূর্বের পারাবত, শুক,
দারিক। প্রভৃতি পক্ষী গৃহে পালিত হইত,
তাহা আর্য্যদিগের প্রাচীনতম গ্রন্থ হইতে জানিতে পারা যায়। প্রাসন্ধিক
তুই একটি দৃষ্টান্ত প্রদত্ত হইল।

much fancied at the present day, is said to have been first brought to Europe by one of the generals of Alexander the Great. Before this, living birds had been kept by the nations of Western Asia, and the voices of Bulbuls and other attractive singers doubtless added to the charms of the hanging gardens of Babylon".—Ibid, Preface.

<sup>8 |</sup> Darwin's Variation of Animals and Plants under Domestication, Vol. 1, p. 204.

Foreign Birds for Cage and Aviary, Part I, Preface.

"গৃহে পারাবতা ধক্তাঃ শুকান্চ সহসারিকাঃ। গৃহেষেতে ন পাপায়——"॥ মহাভারত, অসুশাসনপর্বন, অধ্যায় ১০৪, শ্লোক ১১৪।

> 'তাং সারিকা(৬)কন্দুকদর্পণাস্থুজৈঃ শ্বেভাতপত্রব্যঙ্গনস্ত্রগাদিজিঃ।

ব্বেক্সমারোপ্য বিটক্ষিত। ব্যু:।"

ঐীমন্তাগবত, ৪র্থ ক্ষম, ৪র্থ অধ্যায়, ■ শ্লোক।

এই শ্লোক দারা স্পান্তই প্রতীতি হইতেছে বে, তাৎকালিক দ্রীলোকদিগের দর্পণবাজনাদির স্থায় সারিকা পক্ষিণীও অভ্যাবশ্যক বিলাসের সামগ্রী ছিল। এমন কি, আমরা দেখিতে পাই বে, বৈদিক যুগে সারিকা ও শুক পক্ষী পালিত ও শিক্ষিত হইয়া মানুবের স্থায় কথা বলিত।

সরস্বতৈ শারিঃ শ্যেতা পুরুষবাক্ (৭) সরস্বতে শুকঃ শ্যেতঃ

পুরুষবাক্। তৈতিরীয়সংহিতা, ৫।৫।১২

মসুদ্যের স্থায় কথা বলিতে পারে এমন সাদা রংএর সারি পাথী

৬,। সারিকা-পঠননিরূপিতা পক্ষিণ-ইতি জীধর্মানী।

<sup>।</sup> শারি: শুকরী কীদৃশী ? 'শ্রেতা' অরম্বর্ণা। পুনশ্চ বিশেষতে 'পুরুষবাক্' পুরুষবং বদিত্ব সমর্থা।—ইতি সায়ণ। সায়ণ ভূল করিয়াছেল। শারি শুকরী নহে, সালিক পাণী; আর শুক চীয়াছাতীয় পাণী। গৃহছেয়া বরাবর এই ছটি পাণীকে প্রিয়া এমন করিয়া মানুবের বুলি শিণাইয়া আসিতেছে বে সাধারণতঃ ইয়ায়া এক জাতীয় পাণীয় রীপুরুষ বলিয়া গণ্য হয়। albino সালিক অর্থাৎ শ্রেতা শারি বে পুরুষবাক্"মে মম্বর্জে স্লেহ নাই। কিন্ত albino আল বা শুক শ্রেত ক্রাপি দৃষ্ট হয় না। তবে কি Parrot লাতীয় কাকাত্রাকে বুলিতে হইবে বলা বাছলা বে সারিকা, শারি, সারি ও সারী একই পাণীয়ু নামায়র।

সরস্বতী দেবীর প্রতি এবং ঐ প্রকার শুক পক্ষী সমুদ্রের প্রতি উৎসর্গ করিতে হইবে।

বাজসনেয়ী সংহিতায় (২৪।৩৩) ঠিক এইরূপ মনুষ্যবাক্যভাষী শুকসারি পক্ষীর উল্লেখ আছে।

কোটিল্য-প্রণীত 'অর্থশান্ত' গ্রন্থ হইতে জানিতে পারা যায় যে, মৌর্যাদিগের রাজহকালে এতদ্দেশে পক্ষিপালনপ্রথা যথেন্ট প্রচলিত ছিল। এমন কি কতিপয় পক্ষা রাজকীয় সার্থে ব্যবহৃত হইত (৮)। উক্ত গ্রন্থে বর্ণিত আছে যে, মৌর্যায়ের অশ্বশালায় ময়ুর, চকোর, শুক, সারিকা প্রভৃতি পক্ষার নিমিত্ত আসন-ফলক নির্দিষ্ট ছিল (৯)।

শূদ্রক-প্রণীত 'মৃচ্ছকটিক' নাটকে একটি অনতিবৃহৎ পক্ষিশালার স্কুটারু বর্ণনা পাওয়া যায়।

'ইহাপি সপ্তমে প্রকোষ্ঠে স্থানিউবিহঙ্গবাটীস্থখনিইন্ধানি অন্যোহ্য চূমনণরাণি স্থমসুভবন্ধি পারাবতমিথুনানি, দধিভক্তপুরিতোদরো ব্রাহ্মণ ইব সূক্তং পঠতি পঞ্জরশুক:। ইয়মপরা স্বামিসম্মাননা-লব্ধপ্রসরা ইব গৃহদাসী অধিকং কুরকুরায়তে মদনসারিকা। অনেকফলরসামাদ-প্রভূষ্টকণ্ঠা কুন্তদাসীর কৃজতি পরপুন্টা, আলম্বিতা নাগদন্তের পঞ্জর-পরম্পরাঃ, যোধান্তে লাবকাঃ, আলপান্তে পঞ্জরকপিঞ্চলাঃ, প্রেমন্তে পঞ্জরকপোতাঃ ইতন্ততা বিবিধমণিচিত্রিত ইবায়ং সহর্ষং নৃত্যন্ রবি-কিরণসম্ভপ্তং পক্লোৎক্লেগৈর্বিধুবতীব প্রাসাদং গৃহময়ুরঃ। ইতঃ পিণ্ডীক্রতা ইব চক্রপাদাঃ পরগতিং শিক্ষয়ন্তীব কামিনীনাং পশ্চাৎ পরিজ্ঞান্তি রাজহংসমিথুনানি। এতে অপরে বৃদ্ধমহোত্তরাঃ ইব ইতন্ততঃ সঞ্চরন্তি গৃহসারসাঃ" (১০)।

চ। অর্থপান্ত, বিশান্তপ্রণিধিং, গৃঃ ৪০। Vide also Studies in Ancient " Hindu Polity' by Narendra Nath Law, p. 93.

ন। **অর্থ**শাসু, অখাধ্যকঃ, পু, ১৩২।

<sup>े।</sup> प्रक्रकिंकि नाउँक ( क्षीवानन मःश्रवण ), वर्ष आक्र, भृः ১८० । ১८५।

'এখানে এই সপ্তম প্রকোষ্ঠে স্থাসংযুক্ত একটা পক্ষিশালা রহিয়াছে, যথায় অনেক পারাবতমিপুন পরস্পারকে চুন্ধন করিয়া স্থাথ অবস্থান করিতেছে। পিঞ্জরন্থ শুক দিখিভোজন দ্বারা পূর্ণোদর ব্রাহ্মণের স্কুপাঠের আয় পড়িতেছে, এই মদনসারিকাটা (ময়না) গৃহস্বামীর আদরে লব্ধপ্রভাষা গৃহদাসীর আয় অধিক শব্দ করিতেছে। কুন্ধদাসীর আয় কেনিকা পাখী বহু কলের রস আকণ্ঠ পান করিয়া কুন্ধন করিতেছে। হস্তিদন্তকিলকে পিঞ্জরসমূহ লন্মিত রহিয়াছে, লাবক পক্ষীরা যুদ্ধ করিতেছে। কপিঞ্জল পক্ষিসকল পিঞ্জরের জিতর আলাপ করিতেছে। কপোতসমূহ ইতন্ততঃ প্রেরিত হইতেছে। গৃহময়ুর সানন্দে নৃত্য করিতে করিতে উহার বিবিধ-মণি-চিত্রিত পক্ষ বিস্তান করিয়া যেন রবিকরোত্তা প্রাসাদকে বীজন করিতেছে। রাশীকৃত চন্দ্রখণ্ডের আয় অসংখ্য রাজহংসমিপুন যেন জ্রীলোকদিগের পদগতি শিক্ষা করতঃ উহাদের পশ্চাৎ পরিভ্রমণ করিতেছে; গৃহ-সারস-সমূহ অতিবৃদ্ধের আয় মৃতুপদে বিচরণ করিতেছে।

এই পক্ষিবাটিকার বিবরণ কবি-কল্পিড হইলেও, প্রায় দেড়সহস্র বর্ষ পূর্বেব প্রচলিত পক্ষিপালন-প্রথার কতকটা আভাস দেয়, সে বিষয়ে সন্দেহ নাই। মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক সঙ্কলিত "শ্যৈনিকশাস্ত্র" (১১) গ্রন্থে দেখিতে পাই যে, জন্যন পাঁচশক্ত বৎসর পূর্বেব এতদ্দেশীয় রাজগণ কর্তৃক শ্রেন পক্ষী সমাদৃত হইত। তাঁহারা ঐ পক্ষীর সাহাদ্যে মৃগয়া করিয়া বড়ই জানন্দামুভব করিতেন। উক্ত গ্রেহে শ্যেনপক্ষী সম্বন্ধে উপযুক্ত বাসন্থান, পথ্যাপথ্যনির্ণয় প্রভৃতি যাবতীয় বিষয় বিশদভাবে পুঝামুপুঝরূপে লিপিবদ্ধ দেখিরা জামাদের মনে হয়, তাৎকাল্পিক ভারতীয় নৃপতিবৃদ্ধ যে পক্ষিপালন-ব্যাপারে

১)। খোনিকশাস্ত্র নামক গ্রন্থানি, শাস্ত্রী মহাশরের মতে, কুর্মাচল (কুমাউন) রাজ ু কুম্বের (চল্রবের অথব) কুল্লচল্রবের) কর্তৃক গৃতীয় গ্রেরোদশ হইতে বোড়শ শতাব্যীর অভ্য-স্থরে বির্হিত হইয়াছিল। কুল্লচন্দ্রের নাম কেই কুল্রবের বা চল্লবের বলিজেন।

#### পাখীর কথা

6

বিশেষ বুংৎপত্তি লাভ করিয়াছিলেন, সে বিষয়ে সন্দেহ নাই ৷ শ্যেন পক্ষীর আবাসস্থান সম্বন্ধে উক্তগ্রন্থে এরূপ লিখিত আছে---

> "উপত্যকা হিমগিরের্যেষাং পরিচয়ং গতাঃ তেষাং দাবাগ্নিসঙ্কাশো গ্রীম্মোভবতি ছঃসহঃ। তাতস্তাপোপশমনান্ উপচারান্ প্রযোজ্যেৎ তেষাং প্রাসাদশিখরে স্থাধবলিতোদরে। যন্ত্রনিমু ক্রপর্যান্তপানীয়াসারশীতলে

বিবিক্তে বন্ধনং কার্য্যং জালসংরুদ্ধমন্দিকে অথবোজানসন্বেজাং রক্ষিতায়াং ত্রক্ষিতিঃ।
সর্থকুল্যান্ত্রশীতায়াং নিবিড়োচ্ছিতভূর্কহৈঃ
চগ্রাংশুকরসঞ্চাররহিতায়ামনার্তম্।

নির্দংশনশকে রম্যে ভৃগৃহে বন্ধ ইয়াতে
দ্বানং বিলোচনানন্দজননং আণভর্পণন্।
সমারুতপ্রচারস্ত্র সাবকাশং প্রকল্পরেৎ
নৈকত্র বহবঃ স্থাপ্যাঃ দ্বিত্রাঃ স্থাপ্যাঃ পৃথক্ পৃথক্।"
শেষ পরিচেছদ, ১৬-২০, ২২, ২৩ শ্লোক।

'যে শ্যেন পক্ষিসমূহ হিমালয় পর্বতের উপত্যকাভূমির আশাদ পাইয়াছে, তাহারা কিরূপে দাবাগ্নিসদৃশ গ্রীষ্ম ।।। করিবে । গ্রন্থনা তাহাদিগের তাপনাশক উপচারের ব্যবস্থা করিতে হইবে। বন্ধনিমূ ক্ষিপরিমিত বারিবৃদ্ধির ঘারা স্থশীতল স্থাধবলিত প্রাসাদশিখনে উহাদিগকে জালবেন্থিত মক্ষিকার অগম্য নির্জ্জন স্থানে বন্ধ করিয়া রাখিতে হইবে; অথবা উহাদিগকে উত্থানস্থ একটি উচ্চ বেদীর মধ্যে রাখিতে হইবে। বেদীটি প্রহরিমণ কর্জক রক্ষিত হওয়া চাই এবং উহাসচ্ছ কুল্যান্ত্র্যারা শীতল এবং খন উন্ধৃত পাদপসমূহের ঘারা আচ্ছেম

থাকিবে। সূর্য্যের তীত্র কিরণ ধেন তাহার মধ্যে কখনও প্রবিষ্ট হইতে না পারে। \* \* \* অথবা:যদি উহাদিগকে ভূগৃহে রাখিতে হয়, তাহা হইলে ভূগৃহটী রম্যা, প্রশস্ত, স্থান্ধমৃক্ত ও বিশুদ্ধ বায়্-সঞ্চারিত হওয়া আবশ্যক। এরূপ স্থানে অনেকগুলি পক্ষী একত্র রাখিবে না; সুইটি কিংবা তিনটিকে পৃথক্ পৃথক্ রাখিবে।

পক্ষীদিগের খাদ্যাদি সম্বন্ধে লিখিত তাছে—

"বাজাদিকলবিস্কাদের্মাংসংনাতিচিরস্থিতম্। লঘু রুচ্যং প্রাদাতব্যং যথা পরিণমেত্তথা পুথিট্য প্রবর্জয়েদেয়াং মাত্রামথ শলৈঃ শলৈঃ। স্থানার্থং বারিপূর্ণাশ্চ স্থাপয়েৎ কুঞ্জিকাঃ পুরঃ ধ্যে পরিচ্ছেদ, ২৪-২৬ শ্লোক।

'কলবিশ্বাদি পক্ষীর সদ্য অচিরস্থিত মাংস এবং লঘু রুচিকর ও সহজে হজম হয় এরূপ খান্ত উহাদিগকে প্রদান করিবে। উহাদিগের পুষ্ঠির জন্য আহারের পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি করিতে হইবে। স্নানার্থ উহাদের সম্মুখে জলপাত্র রক্ষা করিবে।'

এমন কি, উক্ত প্রন্থে শ্রেন পক্ষীর শারীরিক পীড়ানাশক বিবিধ বৈধের ব্যবস্থা করা হইয়াছে। পক্ষিপালনাভিজ্ঞ ব্যক্তিমাত্রেই বিদিত আছেন যে, বর্ষাঋতুর অভ্যুদয়ে যখন পক্ষিগণের পুরাতন পক্ষ-সমূহ পতিত হইয়া ক্রমশঃ নৃতন পালক উদগত হয়, তখন তাহারা অস্ত্রতা-নিবন্ধন নিস্তেজ হইয়া পড়ে। এজন্য যাহাতে অল্ল সময়ের মধ্যে স্পৃথালায় পত্রিগণের নৃতন পক্ষের উদগম হয়, এইরূপ প্রণালী অবলম্বন করা আবশ্যক। গ্রন্থকার কুমাউনরাজও যে তৎকালে এই বিষয়ে অনভিজ্ঞ ছিলেন না, তাহা আমরা এই শ্লোক হইতে জানিতে পারি— বিল্লীবন্ধারবাচালে কালে প্রার্ষি চাগতে। তথৈবোপচরেন্তাংস্ত যথা পুফাঃ স্বপক্ষকান্ ত্যক্ত্বা নবান্ প্রপদ্যেরন্ সর্পাশ্বচমিব ক্রতম্।

৫ম পরিচ্ছেদ, ৩৪, ৩৫ শ্লোক।

ভারতীয় মুসলমান নৃপতিগণও পক্ষিপালন-বিষয়ে বিশেষ পার-দর্শিতা লাভ করিয়াছিলেন। 'অ'ইন-ই-অক্বরি' ( Ain-i-Akbari ) গ্রন্থ হইতে জানিতে পারা যায় যে, খৃষ্টীয় যোড়শ শতাব্দীতে ভারতের বিভিন্ন প্রদেশে নানা প্রকার পক্ষী পালিত হইত। সমাট্ অক্বরের পক্ষিশালা তৎকালে প্রদিক্ষিলাভ করিয়াছিল। তিনি পার্সিয়া, তুর্কিস্থান ও কাশ্মীর প্রভৃতি স্থদূর প্রদেশ হইতে বহুবিধ পক্ষী সঞ্চয় করিয়া পক্ষিশালার শোভা বৃদ্ধি করিতেন (১২)। বিংশতি সহস্রাধিক পারাবত ( ১৩ ) তাঁহার পক্ষিশালায় বিরাজ করিত। এই নিমিত্ত বিভিন্ন শ্রেণীর পারাবতগণের বাসোপযোগী স্বতন্ত্র গৃহাদি (১৪) নির্শ্বিত হইয়াছিল। পালিত শ্যেনপক্ষীগুলির স্বাস্থ্য যাহাতে ভাল থাকে, তিষ্বিষয়ে স্ফ্রাট্ সচেষ্ট ছিলেন, এবং এই নিমিত্ত উহাদের খান্তাদির নৃতন ব্যবস্থা করিয়াছিলেন। 'অ'ইন-ই-অক্বরি' গ্রস্থে লিখিত আছে—'কাশ্মীর প্রদেশে এবং সৌখীন ভারতবাসীর পক্ষিশালায় শ্যেনপক্ষিসমূহ সাধারণতঃ প্রতিদিবস একবারমাত্র পাইত; কিন্তু রাজপ্রাসাদস্থ পক্ষীগুলির চুইবার আহারের ব্যবস্থা ছিল (১৫)।

Vol. III, p. 121.

<sup>30,38 |</sup> Ibid, Vol. I, pp. 300, 301.

<sup>1</sup> Ibid, Vol. I, p. 294.

মানবজাতির এই পক্ষিপালনের মূলে যে কেবল হিংসালেশবিহীন স্নেহ-মমতা বিদ্যমান আছে, তাহা নহে; পুরাকাল হইতে দেখা পক্ষিপালনপ্রধার উৎপত্তি ও ক্রমবিকাল অৱেষণ ও আহরণ করা বহু ক্লেখ-ও পরিশ্রেম-

সাপেক। এই পরিশ্রামের লাঘব করিবার নিমিত্ত উপায়কুশল মানবজাতি কুল্ট, পারাবত প্রভৃতি কতিপয় জাতীয় বিহঙ্গ গৃহে পালন
করিতে আরম্ভ করে; এবং উহাদের অশু 

শাবক খাদ্যরূপে গ্রহণ
করে। পক্ষী আহরণ ও শিকার কতিপয় মানবজাতির উপজীবিকা

ইইয়াছে; এবং কোন কোন জাতি বা সম্প্রদায় পালিত পক্ষীদিগকে
কোতুক প্রদর্শন (১৬) করিতে শিখাইয়া আপনাদিগের উপার্জ্জনের
সংস্থান করিয়া লয়। বুলবুল, তিভির এবং কুল্টের (১৭) লড়াই
ভারতবর্ষে বহুকাল হইতে প্রসিদ্ধ। লড়াইয়ে জয় হইলে পালকের য়ে
কেবল অর্থোপার্জ্জন হয় তাহা নহে, সক্লে-সঙ্গে তাঁহার সন্ত্রমও (১৮)

১৬। শিক্ষিত পাথী লইয়া এরপ কোতুক-ক্রীড়ার প্রচলন ভারতবর্ষেও দেখা যার;
কারণ তথার স্থানবিশেষে কোতুকপ্রির ব্রকগণ আপনাদের কোতৃহলবৃত্তি চরিতার্থ করিবার

ব্রব্লপক্ষীকে এরপ শিক্ষা দের যে, উহাকে আপনাদের প্রণর-ভারন রম্পীর
নিক্ট সংস্কৃতপূর্ণক ছাড়িরা দিলেই পক্ষীটি রমণীর ললাটমধাস্থ টিপ চকুপ্টের ছারা নিপ্শভাবে আকর্ষণ করিয়া ভাহার প্রভুকে অর্পণ করে। ভাক্তার ব্যট্নার সংহেব তাঁহার
"Foreign Birds" নামক গ্রন্থে এ ধিষ্যের উল্লেখ ক্রিরাছেন।

১৭। দত্যাচার্য্য-প্রণীত 'দশক্ষারচরিত' গ্রন্থে দেখিতে পাওয়া যায় যে, গ্রন্থকার প্রাচা দেশীর নারিকেললাতীয় কৃক্টের সহিত পশ্চিমদেশবাসী বলাকজাতীর কৃক্টের একটা তুমুল বৃদ্ধপ্রসক্ষ-বর্ণনার কৃত্তকার বলাক-জাতীর কৃক্টের বিজয়ঘোষণা করিয়াছেন (পঞ্চায়েন, প্রমতি-চরিত, পৃ: ২৪৮-৪৯, জীবানক বিদ্যাসাগর সংকরণ)।

১৮। প্রাচীন রোম প্রদেশে দেখা যার যে, যে ব্যক্তি বৃদ্ধকুশল পক্ষীর প্রতি যথোপবৃদ্ধ গোর্থ প্রদর্শন না করিতেন, তিনি সাধারণের চক্ষে নিকৃষ্টরূপে পরিগণিত হইয়া এমন কি সমরে-সমরে দণ্ডার্থ হইতেন। যুদ্ধে লবপ্রতিষ্ঠ একটি তিতির পক্ষী সিশরের কোন এক নগরপাস কর্ত্ক খাদারূপে ক্রীত হওয়ার সমাট্ অস্ট্রস্ ভাষার প্রাণদণ্ডের আ্ফ্রা দেন।

বাজিয়া যায়। কোন কোন লড়াইয়ে পক্ষীদিগের দৈহিক বলের পরীক্ষা না হইয়া উহাদের স্বরের উচ্চতা এবং মাধুর্য্য পরীক্ষিত হইয়া থাকে। পরীক্ষায় জয়লাভ হইলে পালক যথেষ্ট পুরস্কৃত হয় এবং তাহার পক্ষীর দরও দ্বিগুণ বাড়িয়া যায়। স্বীয় পাখীগুলিকে যুদ্ধোপযোগী করিবার নিমিত্ত পালকদিগকে যে বহু যত্ন ও পরিশ্রাম স্বীকার করিতে হয়, সে বিষয়ে সন্দেহ নাই। কোন কোন পক্ষী পালকদিগের নির্দ্ধিষ্ট কোন নৈমিত্তিক কার্য্যের সাহায্যার্থ পালিত ও শিক্ষিত হয়। চীন-প্রদেশে আমরা দেখিতে পাই যে, অতি প্রাচীনকাল হইতে তদ্দেশীয় ধীবর-সম্প্রদায় পালিত সমুদ্রকাক বা Cormorant পাখীকে (১৯) মৎস্য ধরিতে সহায়তা করিবার নিমিত্ত শিক্ষা প্রদান করিত। পেচকের সাহায্যে পক্ষিশিকারের স্থবিধা বোধে ইতালীদেশবাসী ব্যাধ উহাকে পালন করিয়া থাকে (২০)। বাজ বা শিক্রা পাখীকে পোষ মানাইয়া উহার দারা অপর পক্ষী শিকার করা ভারতবর্ষের স্থায় যুরোপেও প্রচলিত দেখা যায়; এমন কি তথায় ইহা মধ্যযুগের রাজণারুদ্দের মধ্যে একটী ফ্যাশন-এ পরিণত হইয়াছিল। সম্ভবতঃ মাসুষের এইরূপ নানা স্বার্থ-সিদ্ধির উপায়স্বরূপ গৃহপালিত পারাবতের অভ্যুত্থান হইয়াছে; সে যেমন আহারসামগ্রীর মধ্যে গণ্য, তেমনই পত্রবাহকরূপে সে মামুষের দৌত্যকর্ম্মে নিয়োজিত হয় ( ২১ )।

Vide 'Birds of Shakespeare' by E. J. Harting. p. 218. যুদ্ধনিপুণ পকী বধন এরূপ সমাদৃত হয়, তথন তাহার পালক যে অধিকতর সন্মানাই হইবেন, তাহা আর বিচিত্র কি?

E. Stanley's 'A Familiar History of Birds,' p. 370.

<sup>₹• 1</sup> Ibid, p. 154.

২১। ইতিহাসে পারাবতের পত্রবাহকরপে নিয়োগের প্রথম উল্লেখ সলোমনের রাজবন্ধান হইতে দেখা যার (Encyclopædia Britannica, Tenth Ed. Vol, XXXI. p. 770.) ভারতবর্ষে মৌর্যারাজের শিকারিগণ কর্ত্ব পারাবতের এরপ ব্যবহার কৌটল্য-প্রণীত 'অর্থ-শার' গ্রন্থে উলিখিত আছে। Vide 'Studies in Ancient Hindu Polity' Vol I by Narendra Nath Law, page 30.

সর্বপ্রথমে মানবজাতির পক্ষিপালন এই প্রকার। কালে আমাদের নয়নরঞ্জন ও চিত্তবিনোদনের নিমিত্ত পাখীরা পিঞ্জরাবদ্ধ হয়। বর্ত্তমান যুগে পাশ্চাত্য জগতে পক্ষিপালনের উদ্দেশ্য অতিশয় উচ্চতর। বৈজ্ঞানিক তত্তনিরূপণে পক্ষিপালন যে কি পরিমাণে সহায়তা করে. তাহা কেবল প্রাণিতত্ত্বিৎ পাশ্চাত্য পগ্ডিতগণই বিদিত আছেন। ই হারা বহুবর্ষব্যাপী পরিশ্রম ও অধ্যবসায়ের ফলে পক্ষিজাতির প্রাকৃত জীবন সূক্ষারূপে নিরীক্ষণ এবং অনুশীলন করিয়া যে সকল তথ্যে পক্ষিবিজাংনের অভিব্যক্তি উপনীত হইয়াছেন, ঐ তথ্য বা সিদ্ধান্তসমূহ কালক্রমে পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত হইয়া পক্ষিবিজ্ঞান বা Ornithology নামে অভিহিত হইয়াছে। সরিস্পবংশ হইতে পক্ষিজাতির উন্তব কিনা, উহাদের প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গ, গতিবিধি, বর্ণ ও বর্ণশাবল্য, শ্রেণীগত পার্থক্য ও স্বভাববৈচিত্র্য, নীড়নির্মাণ ও শাবকপ্রতিপালন-কুশলতা, উহাদের খাত্য-সামগ্রী প্রভৃতি ধাবতীয় সূক্ষাতত্ত্বের গবেষণাই পক্ষিবিজ্ঞানের মূল উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনার্থ পাশ্চাত্য বৈজ্ঞানিক-গণ কেবলমাত্র বিহঙ্গজাতির প্রাকৃত জীবনের তথ্যালোচনা করিয়াই ক্ষান্ত হন নাই; তাঁহারা বহুবিধ পাখী থাঁচার পুষিয়া উহাদের আবন্ধ জীবনের ধারা পুষ্থামুপুষ্করেপে লক্ষ্য করিতেছেন। এইরূপে বহু নৃতন তথ্যের আবিষ্কার দ্বারা বিজ্ঞানশান্ত্র আরও সমৃদ্ধিশালী হইয়া উঠিতেছে। প্রাচ্যজগতে পক্ষীর আবন্ধ জীবন লইয়া কতকটা নাড়াচাড়া যে না হইয়াছে তাহা নহে। চীন ও জাপানবাসীদিগের পক্ষিপালন-দক্ষতা অতিশ্য় আশ্চর্য্যজনক। উহাদের অদ্ভুত বুদ্ধি-প্রিপালনে জাপানবাসীর কোশলে কতিপয় নূতনপ্রকার পক্ষীর আবির্ভাব প্রচেষ্ট্র1 (বা আবিষ্কার) ইইয়াছে; যথা, কুরুট জাতীয় বিহঙ্গের মধ্যে জাপানী বেণ্টাম (Bantam) (২২) ও জগদ্-

জাপানবাসীদিগের বছবর্ষ ধরিয়া কুরুট জাতীর ভির-শ্রেণীর পক্ষিপুন্তলির

বিখ্যাত লম্বপুচ্ছ মোরগ (Longtailed fowls) (২৩); এবং মুনিয়া (munia) জাতীয় ক্ষুদ্র পক্ষীদের ভিতর সাদা জাতাচড়াই (Munia Oryzivora) (২৪) এবং বেঙ্গলী (Uroloncha Acuticauda) (২৫)। উহারা পিঞ্জরাবদ্ধ পক্ষীগুলিকে এত অধিক যত্নের সহিত পালন করে যে, তাহারা আপনাদের আবদ্ধ জীবনের ক্লেশ ভূলিয়া গিয়া স্বচ্ছন্দমনে পিঞ্জরমধ্যে কালাতিপাত করিতে থাকে। এমন কি পক্ষিমিপুন খাঁচায় ডিম্ব প্রসব এবং সন্তান উৎপাদন করিয়া আপনাদিগের জীবন আরও স্থখয় করিয়া তোলে। জাপানবাসীদিগের বহু চেন্টার ফলে মুনিয়া (munia) জাতীয় ছুইটি ভিন্ন শ্রেণীর বিহঙ্গ হইতে যে 'বেঙ্গলী' (Uroloncha Acuticauda) উৎপন্ন হইয়াছে, সে বিষয়ের সন্দেহ নাই। ডাক্তার ব্যট্লার বলেন (২৬)—এই মনোমোহকর ক্ষুদ্র উৎপাদিকাশক্তি-বিশিষ্ট বর্ণসন্ধর পক্ষী

নির্বাচন, যধাষ**ধ সংস্থাপন । পোষণের । বেটাবের আবিকার** স্ইরাছে। ইহার বৈশিষ্ট্য এই যে, বেটামের পাদ্দর অতিশয় কুন্ত এবং স্বতক্ষে শিখা দীর্ঘ।

২০। লম্বপুদ্ধ মোরগের পুদ্ধদেশ কিরপে লম্বিত হইল, তম্বিরে পর্যালোচনা করিয়া কানিংহাম্ (Mr. J. T. Canningham) সাহেব Proceedings of the Zoological Society (1903) তে উটোর সিদ্ধান্ত প্রকাশিত করিয়া বলেন বে, উক্ত মোরগের পুচ্ছ-দেশে নবোলাত পতরগুলির মন্থ্য কর্তৃক আকর্ষণ বিকর্ষণের কলে এরপে লম্বপুচ্ছের আবির্ভাব হইরাছে। কিন্তু ক্রাই ফিন্ সাহেব এরপ সিদ্ধান্তে সন্দিহান হইরা বলেন বে, কেবল কুকুট-মিথুনের নির্বাচনের ফলে ইহা সন্দটিত হইরাছে; কারণ বিনা হত্তকোপে সম্বশ্পুচ্ছের উদ্গমাধিক্য দৃষ্ট হয়। Vide Ornithological and other Oddities by Frank Finn, page 189.

২৪। জান্তা প্রদেশ (বা ববদীপ) ইহার আদিম উৎপত্তিস্থান বলিয়া ইহার নাম
Java Sparrow: অধুনা পৃথিবীর প্রায় সকল দেশে ইহা সঞ্চারিত হইরাছে। উক্ত পক্ষী
বঙ্গদেশে 'রামগোরা' নামে অভিহিত হয়।

<sup>ং।</sup> সাধারণতঃ এই পক্ষী 'জাপান মুনিরা' । জাপানী 'ম্যানাকিন্' (manakin) আব্যা পাইয়া থাকে। ইংলাঙি প্রদেশে ইহা 'বেক্লী' নামে পরিচিত।

Foreign Finches in Captivity by Dr. A. G. Butler, pp. 212-213.



া। অধপুর মেবেগ।

२। उग्धारी, १८७ मा

प । त्रका का सा हाण है ( तामानाता ।

জাপানবাসিগণ কর্তৃক উন্তুত হইয়াছিল। সম্ভক্তঃ বন্তুশত বৎসর ধরিয়া সাবধানে নিকট-শ্রেণীর পিক্ষিমিথুনগুলির নির্বাচনের ও পিঞ্চরে সংখ্যপনের এবং তদবস্থায় সম্ভানজননের ফলে বর্ণসন্ধর পক্ষীগুলি তিনটি স্থপরিচিত বর্ণের আকার প্রাপ্ত হইয়াছিল। প্রথম আকার, শ্রেতবর্ণের সহিত লোহিত পিঙ্গলের মিশ্রাণ; প্রায়ই মস্তকের দিকে বর্ণসমূহের ক্ষুরণ লক্ষিত হয়। \* \* \* দ্বিতীয় আকার, ঐরপ্রপানার সহিত মৃগচর্শাবর্ণের সমাবেশ। তৃতীয় প্রকার বিহঙ্গগুলি একেবারেই সাদা (২৭)। এত্রাহেম্স্ (Mr. J. Abrahams) সাহেবের অভিমত উদ্ধৃত করিয়া তিনি লিখিয়াছেন (২৮) বে, ষ্থার্থ ই Striated Finch (২৯) এবং ভারতবর্ষীয় (Indian) Silver-bill (৩০) এই দ্বিপ্রকার পক্ষীর পারক্ষার সম্প্রাননে বেঙ্গলী (Bengalee) উৎপন্ন হইয়াছে। কারণ, ইহার পৃষ্ঠদেশ ভালরূপে নিরীক্ষণ করিলে Striated Finch এর পৃষ্ঠদেশত্ব রেখাগুলির সমতা লক্ষিক্ত হয়; উহাদের কণ্ঠত্বরেরও কতকটা সাদৃশ্য উপলব্ধি হইয়া থাকে।

বস্থ জাভাচড়াই (munia oryzivora) স্বভাবত: দেখিতে

২৭। সম্পূর্ণ শুনবর্ণের বেক্সলী পক্ষীকে albino বলিয়া অম হওয়া সন্তব। কিন্তু প্রকৃতপক্ষে তাহা সক্ষত নছে। এ বিবরে উইনার (August F. Wiener) সাহেব এরপ বলেন—''শুনবর্ণের জাপানী Manakin কথনই সাদা Blackbird এর ন্যায় albino বলিয়া গণ্য হইতে পারে না। ইহার প্রথম কারণ, Manakin পক্ষির চকুর্মা লোহিত বর্ণের সংশ্রবর্ণজ্ঞিত। বিতীয় কারণ, বেমন হরিছাবর্ণের কেনেরী (Canary) পক্ষীয় শাবক হরিছারঙের হইয়া থাকে তজ্ঞপ শুনবর্ণ জাপানী Manakin এর শাবক খেতবর্ণ-বিশিষ্ট হইবে, ইহা শ্বিরনিশ্চিত।" Canaries and Cage Birds, British and Foreign, p. 385.

Foreign Finches in Captivity by A. G. Butler, p. 213,

২০। বাঙ্গালার ইহা 'শকরি' মুনিয়া নামে পরিচিত; ইহার ল্যাটন নাম Munia, Striata.

ত। এ দেশে ইহা 'পিদড়ি' বলিয়া অভিহিত হয়। ইহার ল্যাটন নাম Uroloncha Malabarica.

ভস্মবর্ণ। পিঞ্জরাবদ্ধ অবস্থায় উহাদের যে সকল সন্তান হয়, তাহা-দিগের সহজ ভস্মবর্ণের সহিত প্রায়ই শুভাবর্ণের সংমিশ্রণ দেখা যায়। চীন ও জাপানবাসীরা এই মিশ্রিতবর্ণের সন্তানদিগের মধ্যে যাহাদিগের শুভাবর্ণের প্রাধান্য পরিলক্ষিত হয় এরূপ পক্ষিমিথুন বাছিয়া লইয়া উহাদিগকে অপর পিঞ্জরে যত্নে রক্ষিত করে। কালে এই পক্ষিমিথুন হঁইতে যে সকল সম্ভান হয় উহাদিগের বর্ণ অধিকতর শুভাকার ধারণ করে। ক্রমশঃ এই প্রণালীতে তুষারশুল্র বর্ণের জাভাচড়াই উৎপন্ন হইয়াছে। জাপানে এইরূপ প্রবাদ আছে যে, শ্বেতবর্ণ পিঞ্জরে পালিত ও সংরক্ষিত হইত বলিয়া ঐরূপ তুষারশুল্র-বর্ণের আবির্ভাব হইয়াছে। এ সম্বন্ধে ফ্রাঙ্ক ফিন্ ( Frank Finn ) সাহেব লিখিয়া-ছেন—"যদিও জাভা-চড়াই জাতি-নির্বিশেষে দেখিতে একরূপই, তথাপি চীন ও জাপান প্রদেশে পিঞ্জর-পালিতাবস্থায়, এতদ্দেশে কেনেরি (Canary) পক্ষীর স্থায়, আবুক্রমিক সন্তানজননের ফলে উহারা একটি স্থপরিচিত বর্ণ-বৈপরীত্য প্রাপ্ত হইয়াছে। ইহাই শুভ্র-বর্ণের জাভা চড়াই" (৩১)।

ভারতবর্ষেও পক্ষীর আবন্ধ জীবন লইয়া এরপ কিছু কিছু
experiment বা পরীক্ষা ও পর্য্যবেক্ষণচেক্টা দেখা ধায়। আবুলফজল্প্রাট্ অক্বরের কৃতির
প্রিয় ছিলেন। তিনি নানাজাতীয় পারাবতের সংমিশ্রণে বহু নৃতন
পারাবতের উদ্ভাবন করিয়াছিলেন। পারাবতমিপুন নির্বাচনকালে

<sup>&</sup>quot;Although Java Sparrows look particularly uniform in appearance, they have produced well-marked variety, which is cultivated in a tame state in China and Japan as Canaries are with us. This is the white Java Sparrow"—Frank Finn, Garden and Aviary

তিনি উহাদিগের অঙ্গ-সোষ্ঠব ও গতিবিধির সামগ্রুস্থের প্রতি বিশেষ লক্ষ্য রাখিতেন (৩২)।

গ্রন্থকার আবুলফজল্ লিখিয়াছেন যে, পূর্বের ভারতবর্ষে কেহ কখনও এইরূপ স্থ্রপালী অবলম্বন করেন নাই। বাদুশাহ অক্বরই পারাবত-জাতির উন্নতিকল্পে সর্ব্বপ্রথম এই নূতন প্রথার প্রবর্ত্তন করিয়াছিলেন (৩৩)। ইহার ফলে সম্ভবতঃ আধুনিক লকা, লোটন, " পরপাঁ প্রভৃতি কতিপয় পারাবতের অভ্যুত্থান। ডারউইন্ সাহেব তাঁহার Variation of animals and plants under domestication নামক গ্রন্থে (৩৪) বলেন, "খৃষ্টীয় যোড়শ শতাকীতে অক্বর বাদৃশাহের রাজস্বকালে ভারতবর্ষে লক্ষা পারাবতের অস্তিদ্বের সর্ব্বপ্রথম নিদর্শন পাওয়া যায়। ইহা 'অ'ইন-ই-অক্বরি' নামক পুস্তকে লিপিবন্ধ আছে। যুরোপে তখনও এই পারাবতের আবির্ভাব হয় নাই।" লকা পারাবতের বর্ণনা 'অ'ইন-ই-অক্বরি'গ্রন্থে এইরূপ দৃষ্ট হয় (৩৫)---"উহার কণ্ঠস্থর শ্রুণতিমধুর ; এবং ষেরূপ স্পর্দ্ধা ও গৌরবভরে সে মাথা তুলিয়া চলে, ভাহা বাস্তবিক বিস্ময়জনক।" লোটন পারাবভ সন্বন্ধে ভারউইন্ সাহেব (৩৬) লিখিয়াছেন—"দ্বিবিধ লোটন পারাবত ভূতলে নভস্তলে আপনাদের অসামাশ্য উৎপত্তন ও উল্লক্ষ্ণ প্রভৃতি গতিবৈচিত্র্যের পরাকাষ্ঠা প্রদর্শন করিত।" 'অ'ইন-ই-অক্বরি' গ্রান্থে

<sup>&</sup>quot;His Majesty thinks equality in gracefulness and performance necessary condition in coupling and has thus bred choice pigeous'—Ain-i-Akbari, Blochmann, Vol. I, p. 299.

<sup>&</sup>quot;I 'His Majesty, by crossing the breeds, which method was never practised before, has improved them astonishingly'—Ayeen Akbery, Gladwin, vol. 1, part II, p. 211.

<sup>98 |</sup> Ibid, Vol.I, p. 208.

vel The Annals and Magazine of Natural History, vol.X1X, (1847), p 104.

os | Darwin's Variation, pages 207 & 209.

এইরূপ বর্ণিত আছে যে "লোটন পারাবতকে নাড়া দিয়া ভূতলে ছাড়িয়া দিলে উহা আশ্চর্য্যরূপে উল্টাবাঞ্জীর সহিত লাফাইতে থাকে।" (৩৭)

প্রকৃতপক্ষে প্রাচ্য জগতের এই সকল experiment যে বৈজ্ঞানিক তথ্য আবিন্ধারের নিমিত্ত হইয়াছিল, তাহা বলা যায় না; কিন্তু তাহা না হইলেও বিজ্ঞানশাস্ত্র যে ইহার দ্বারা যথেষ্ট লাভবান্ হইয়াছে, তাহা নিঃসন্দেহ। প্রতীচ্য পণ্ডিতগণ বৈজ্ঞানিক তথ্য-নিরূপণের নিমিত্ত পক্ষিপালন-ব্যাপারে যথেষ্ট কৃতিত্ব দেখাইয়াছেন। আমরা উহাদিগের কার্য্যকলাপের কিঞ্চিৎ বিবৃতি না করিয়া থাকিতে পরিলাম না।

p. 104. The Annals and Magazine of Natural History, vol. XIX,

## পাখীর খাঁচা

বিহঙ্গতত্ত্ববিদ্ পাশ্চাত্য পণ্ডিতগণ পাখীদিগকে পিঞ্জরে রাখিয়া যে ভাবে ও যে উদ্দেশ্যে পালন করেন তাহা একেবারে নূতন। স্বাধীন

Aviculture কাহাকে ৰলে অবস্থায় পাখীরা যে ভাবে থাকে—উহাদের ত্র উপযোগী খাভাদি, রোজের উত্তাপ, বিশুদ্ধ বায়ু, পানীয় জল, অভিরিক্ত ভাপ এবং ঝড়বৃপ্তি হইতে

রক্ষা করিবার জন্ম আচ্ছাদিত স্থান প্রভৃতি প্রাণধারণের অত্যাবশ্যক সামগ্রীগুলি উহাদিগকে স্থপ্রণালীতে উপজ্ঞোগ করিতে দিয়া যাহাতে পাখীগুলি আপনাদিগের আবদ্ধ জীবনের ক্রেশ অণুমাত্র অমুভব করিতে না পারে, তাহাই পণ্ডিতগণ প্রথমে বিশেষভাবে করিয়া থাকেন। পাখীগুলিও এই প্রকারে পালকদিগের যত্নে রক্ষিত হইয়া, মনের আনন্দে গান গাহিয়া পুচ্ছ দোলাইয়া পিঞ্জরের মধ্যে উড়িয়া বেড়ায়; গরে যথাসময়ে মনোমত পত্নী-সহযোগে শাবকোৎপাদন করিয়া আপনাদের জীবন স্থধ্যয় করিয়া তোলে। এই প্রণালীতে পক্ষিপালনই যুরোপে Aviculture নামে অভিহিত হয়। এই Aviculture বা পক্ষিপালনপ্রণালী কিরুপে মানবের বৈজ্ঞানিক চেফাকে সফলতাভিমুখে লইয়া গিয়াছে, কেমন করিয়া প্রকৃতির নানা গোপন জীবরহস্তের প্রতি নৃতন আলোকরশ্যি নিক্ষেপ করিতেছে, তাহার কিঞ্চিৎ আভাস আমরা ক্রমশঃ দিতে চেক্টা করিব।

পালন-ব্যাপারে সার্থকতা লাভ করিতে হইলে, কতকগুলি উপ-করণের একান্ত প্রয়োজন। এই উপকরণগুলি সংগ্রহ করা পালকের

উপক্রণ-সংগ্রহ ও অভিজ্ঞতালাভ পক্ষে থেরূপ বাঞ্জনীয়, বিহঙ্গগুলির স্বাভাবিক অবস্থা সম্বন্ধে জ্ঞান-সঞ্চয়ও সেইরূপ কতকটা আবশ্যক; কারণ, এরূপ জ্ঞান না থাকিলে

আবদ্ধাবস্থায় পক্ষিগণের উপযোগী আহারাদি প্রদানের অভাবে

বিষময় ফল ঘটিতে পারে। এই নিমিত্ত আমরা দেখিতে পাই যে,

য়ূরোপীয় পক্ষিপালকগণ দলবদ্ধ হইয়া কতিপয় ক্লব বা সমিতির স্থান্তি
করিয়াছেন। তাঁহাদিগের উদ্দেশ্য, বনে বনে পরিভ্রমণপূর্বক পক্ষীদিগের স্বাভাবিক জীবন পরিদর্শন। বলা বাহুলা, এই প্রকার
পরিদর্শনের ফলে যে সমস্ত অভিজ্ঞতা লাভ হয়, আবদ্ধ বিহঙ্গগুলির
পালন-ব্যাপারে উহা নিয়োজিত হইয়া যথেষ্ট স্থফল প্রস্ব করে।
আমরা যথাক্রমে উল্লিখিত উপকরণসমূহের আলোচনায় প্রবৃত্ত
হইলাম।

সর্বব্রথমে পক্ষিপালক কিরূপ বা কোন্ জাতীয় পক্ষী পালন করিতে অভিলাষী আছেন, তাহা নির্দ্ধারণ করিয়া তাঁহাকে মনোনীত পাখী-গুলির রক্ষণোপ্যোগি স্থান ঠিক করিতে হইবে। পিঞ্র ও পকিংগৃহ পাশ্চাভ্য প্রথা অনুসারে পক্ষিসংরক্ষণের স্থান সাধারণতঃ দ্বিবিধ—পিঞ্লর (cage) এবং বৃক্ষাদিশোভিত পক্ষিগৃহ (aviary)। সহজে স্থানাস্তরিত করিতে পারা যায়, এরপ বৃহৎ থাঁচাও aviary নামে অভিহিত হয়। এই দুই প্রকার আবাসস্থানের মধ্য হইতে যেটি পালকের পক্ষে অনায়াসলভ্য, অথচ যাহা তাহার নির্দ্ধারিত পক্ষীর সুখ ও স্বাস্থ্যের অমুকূল, তাহাই বাছিয়া লইতে হইবে। সচরাচর আমাদের দেশে যে সকল খাঁচা ব্যবহৃত হয়, তাহা আধুনিক বৈজ্ঞানিক প্রণালীতে নির্মিত থাঁচার তুলনায় অকিঞ্চিৎকর; বস্তুতঃ সেগুলি পক্ষিরক্ষণের আদে উপযোগী নহে। ইহার প্রধান কারণ এই যে, পরিকার করিবার সতুপায় পিঞ্জরগুলিতে না থাকায় তুর্গন্ধ এবং কীটাপুর স্থান্তি হইয়া পাখীদিগের স্বাস্থাহানি করে। এই অহিতকর পিঞ্জর-সমূহের মধ্যে প্রায়ই গোলাকার খাঁচার অধিক প্রচলন দেখা যায়। ইহাকে পক্ষিগণের প্রাণনাশক একপ্রকার যন্ত্র বলিলে অত্যুক্তি হইবে না; কারণ ইহার পড়ে এবং অচিরকালমধ্যে মৃত্যুমুখে পতিত হয়। পিতলাদি কতিপয় ধাতুর দারা নির্মিত পিঞ্জর বাহ্যসোন্দর্য্যশালী বটে, কিন্তু উহাদের মরিচা দারা পক্ষীদিগের প্রাণনাশের সম্ভাবনা। এই নিমিত্ত তাহা-

পিঞার কিরূপ হ**ওয়**া উচিত দিগকে পরিত্যাগ করা কর্ত্তব্য। দারু-এবং লোহতার-নির্মিত পিঞ্চর ব্যবহার করাই যুক্তি-যুক্ত। পক্ষীর আয়তন ও স্বভাবের প্রতি লক্ষ্য

রাখিয়া পিঞ্জারের পরিমাণ নিরূপণ করিতে হইবে। কতিপয় পক্ষী কুদ্রকায় হইলেও অভিশয় চঞ্চল; ইহাদিগকে পিঞ্চরে রাখিতে হইলে পিঞ্চরটি ছোট হইলে চলিবে না; কারণ ইতস্ততঃ উল্লম্খনের ফলে পিঞ্জরগাত্তে আঘাত লাগিয়া উহাদের অক্সপ্রত্যঙ্গ ক্ষতবিক্ষত হইবার সম্ভাবনা। অপর কভিপয় পক্ষী দীর্ঘকায় হইলেও স্থিরস্বভাব বশতঃ তাহাদিগকে অল্প-পরিসর পিঞ্জরের মধ্যে আবন্ধ করা যাইতে পারে। কিন্তু তাহা হইলেও লক্ষ্য রাখিতে হইবে, যেন তাহাদিগের অঙ্গ-সঞ্চালনের কোনরূপ ব্যাঘাত না হয়; কারণ ষ্থেষ্ট অঙ্গসঞ্চালন ব্যতীত পাখী কখনই জীবিত থাকিতে পারে না। এই প্রসঙ্গে পক্ষিতত্ববিদ্ ডাক্তার ব্রেমের (Dr. Brehm) কথা স্বভঃই আমাদের মনে উদিত হয়—"Life and motion are in the case of the bird identical"। বলিলে অত্যুক্তি হইবে না যে, বিহঙ্গজাতির ক্ষুদ্র প্রাণ উহাদিগের অঙ্গসঞালনরূপ উপাদানের সমন্তি-মাত্র। অঙ্গ-সঞ্চালনই পক্ষীদিগের আনন্দভাব প্রকাশ করিয়া থাকে।

উক্ত প্রকারে পিঞ্জরের পরিমাণ নিরূপণ করিয়া উহার অভ্যন্তরে কতিপয়:আসুষঙ্গিক দ্রব্যের স্থাপন একাস্ত আবশ্যক। প্রথমতঃ পক্ষীটির পানীয় জল (১) ও খাত্যের আধার রাখিবার স্থান এরূপভাবে

<sup>ু । । । । । ।</sup> তেই পানীয় কলের মাত্রা বন্ধি করিটা দিয়া ভারাতে পানীর পাল ≡ সাহ

নির্মাণ করিতে হইবে, ষেন অতি সহজে উহাদিগকে বাহির করিয়া পুনরায় পিঞ্জরাভ্যন্তরে স্থাপন করিতে পারা যায়; অর্থাৎ খাঁচার মধ্যে হাত না ঢোকাইয়া বাহির হইতে খাছ্য ও জলপাত্রগুলি রাখিবার ও বাহির করিবার উপায় থাকে। পাত্রগুলি উত্তমরূপে ধৌত হইলে, উহাদিগকে স্বচ্ছ সলিল ও পরিমিত পুষ্টিকর খাদ্যের দ্বারা পূর্ণ করিয়া পুনরায় স্ব স্ব স্থানে স্থাপন করিতে হইবে। উক্ত পাত্রসমূহের সন্ধিবেশ ও বহিন্ধরণের জন্ম পিঞ্জরাভ্যন্তরে হস্তপ্রবেশ করাইলে পাখীগুলি অতিশয় ভীত হইয়া ছটফট করিতে থাকে, এবং পিঞ্জরগাত্রে আঘাত লাগিয়া উহাদের বিপৎপাতের আশালা উপস্থিত হয়। এই নিমিত্ত বাহির হইতে পাত্র-সমূহের ভিতরে বিশ্যাস ও নিক্সামণের জন্ম পিঞ্জরগাত্রে

কয়েকটি ছিদ্রের (২) ব্যবস্থা থাকা উচিত; এবং ছিদ্রগুলির পরিমাণ খালাদিপাত্রের আয়তন অনুযায়ী হওয়া আবশ্যক; অর্থাৎ এরূপ হওয়া চাই, যাহাতে পাত্রগুলি সংলগ্ন হাতলের (handle) সাহায্যে আলমারির টানার (drawer) ভায় ইহার মধ্যে ঢুকাইতে এবং টানিয়া বাহির করিতে পারা যায় (৩)। (২য়) খাঁচার তলদেশের

পর 💌 দূষিত হয় বলিয়াইহাপরে অবাবহার্যা হইরাপড়ে। এই নিমিত্ত ছুইটি অতর অলাধার রাথা দরকার এবং সানের পর স্থানপাত্রটী বাহির করা আ্যাত্যাক।

<sup>া</sup> পিঞ্জরগাত্তের তলদেশের ঈষং উর্দ্ধভাগে এরপস্তাবে ছিদ্রগুলি করিতে হইবে, যাহাতে পাত্রগুলিকে ভিতরে ঢোকান যায় এবং সেগুলি গাঁচার তলদেশস্থ আবরণের সহিত সংলগ্ন হয়: নচেং উহারা ঠেস বা আশ্রয় অভাবে উন্টাইয়া পড়িবে। পাত্রসমূহের বহিষ্করণের সঙ্গে সঙ্গে দিকে ছিদ্রগুলির ঘারদেশ অতি সহজে আবৃত করিবার উপায় বিধান করিতে হইবে; নচেং পাত্রসমূহ বহিষ্কৃত হইলে পিঞ্জরাভান্তরম্ব, পাথীগুলি উড়িয়া পলাইতে পারে।

<sup>া</sup> বৃক্ষাদিশোভিত পক্ষিগৃহের (aviary) রচনাকালে কিন্তু এই সমস্ত খুঁটিনাটি লইয়া ব্যস্ত থাকিবার দরকার হয় না, কারণ সেগানে পক্ষীগুলি প্রচুর জায়গা পাইয়া স্বচ্ছেন্দে ইতস্ততঃ সঞ্চরণ করিতে পারে এবং গ্রমধাে পাত্রগুলি বাধিবার প্রাচিত ক্রিকাস

আবরণটি এরপ ধাতুর দ্বারা নির্দ্মিত হওয়া উচিত, যেন ইহাতে আবর্জ্জনাদি পতিত হইলে তুর্গন্ধের স্থিতি না হয়; কারণ এই তুর্গন্ধে পক্ষীর সাম্মানশের সম্ভাবনা। খাদ্য ও জলপাত্রের স্থায় উল্লিখিত প্রকারে এই আবরণটীকে সহজে বাহির করিবার উপায় থাকা একাস্ত আবস্থাক। প্রতিদিন সকালে উহাকে পরিষ্কার করিয়া পুনরায় বথাস্থানে রাখিতে হইবে। (৩য়) কোন কোন জাতীয় পাখীর নিমিত্ত বালির বিশেষ আবশ্যক বোধে বালুকাপূর্ণ পাত্র পিঞ্জরের অভ্যন্তরে স্থাপন করিতে হইবে। অনেকে স্বতন্ত্র বালির পাত্র না রাখিয়া পিঞ্জরের তলদেশের আবরণটি বালুকাপূর্ণ করিয়া থাকেন। বালি রাখিবার প্রয়োজনীয়তা এই যে, ইহা পাখীর পরিপাকশক্তির সহায়তা করে। (৪র্থ) পিঞ্জরনমধ্যে পক্ষীর উপবেশনোগ্রোগী তুইটি দাঁড়ের প্রয়োজন; এই দাঁড় ধাতুনিন্মিত না হইয়া নিম্বকাষ্ঠের হওয়া উচিত, কারণ এই কার্চে কীটাদি

সঞ্চারের সম্ভাবনা নাই। দাঁড় ছুইটির সুলতা এরূপ হওয়া উচিত, যাহাতে পাখীটি অনায়াসে

অঙ্গুলির দ্বারা উহাকে আয়ত্ত করিতে পারে; নচেৎ কোনও প্রকারে অঙ্গুলিতে ব্যথা জন্মিয়া গুরুতর উপসর্গাদি ঘটিবার সম্ভাবনা আছে। পিঞ্জরের ভিতরকার বিষয়গুলির স্থবন্দোবস্ত ষেরূপ নিপুণভাবে করিতে হইবে, বহিদ্ধার-নির্ম্মাণবিষয়েও তদসুরূপ বত্ন লওয়া একাস্ত আবশ্যক। উক্ত দ্বার পিঞ্জরগাত্রে সংলগ্প অবস্থায় উদ্ধাদিকে উত্তোলন করিয়া উন্মুক্ত এবং অধোভাগে আকর্ষণ করিয়া আবদ্ধ করিবার পদ্ধতি স্থকোশলে সাধন করিতে হইবে। তাহা হইলে, পক্ষিপালক আবশ্যক মত উক্ত পিঞ্জর-দ্বার ঈশ্বৎ উন্মুক্ত করিয়া অথবা ইচ্ছামত অবনমিত করিয়া এমনভাবে পিঞ্জরাভ্যস্তরে দ্রব্যাদি সন্নিবেশিত করিতে পারেন খে, অভ্যন্তরন্থ পক্ষীর পলায়নের কোন স্থযোগ বা সম্ভাবনা থাকে না। কেবল বহির্দিকে উন্মোচনশীল দরজা দ্বারা পালকের পক্ষিসংরক্ষণের ব্যবশ্বা নিরাপদ হয় না।

পাধীর বভাবে**র অনু**কৃল ব্যব**হা**  পাশ্চাত্য পশুত্রগণ বৃদ্ধিকৌশলে বিভিন্ন প্রকার পশ্চিরক্ষণের অমুকৃল পিঞ্জরসমূহের স্থি করিয়া-ছেন। উহাদের কভিপয় চিত্র প্রদর্শিত হইল।

পিঞ্জরগুলি যে নির্দিষ্ট পক্ষিসমূহের সংরক্ষণের পক্ষে একান্ত আবশ্যক তাহা সহজে অনুমিত হয়। খঞ্চনপক্ষী স্বভাবতঃ স্নানপ্রিয়; চক্ষল পদক্ষেপে জল আলোড়িত করিয়া লঘু ললিত ভঙ্গিতে পুচ্ছ কাঁপাইয়া হরিত গতিতে সলিল-বক্ষে সঞ্চরণ করিতে ইহারা বড় ভালবাসে। এই নিমিত্ত দেখুন একটি স্বরহৎ জলপাত্র ইহার নির্দিষ্ট শিশ্পরমধ্যে প্রান্ত হইয়াছে; এবং যাহাতে সহজ্ঞ উপায়ে এ পাত্রটি বাহির করিয়া তন্মধ্যন্থ অপরিক্ষত ক্রিয়া দিয়া পুনরায় স্বচ্ছ জালিল ছারা পূর্ণ করিয়া উক্ত পাত্রটি যথান্থানে স্থাপন করিতে পারা ছায় তন্ত্রপায়ও বিহিত হইয়াছে।

সকল সময়ে কাঠে ঠোকর মারা কাঠঠোক্রা পাখীর স্বভাব।
স্বভাবের সহিত স্বাচ্ছদ্দ্যের নিকট-সম্বন্ধ; এই নিমিত্ত পাঠকবর্গ
আনায়াসে উপলব্ধি করিতে পারিবেন যে, কি কারণে ইহার পিঞ্চরের
একপার্শ কাক (cork) গাছের বন্ধল ছারা আচ্ছাদিত করা হইয়াছে।
ইহাকে কান্ত-নির্দ্মিত পিঞ্জরে রাখিতে হইলে পিঞ্জরের অভ্যন্তর দন্তার
চাদরের (Zinc sheet) ছারা আবৃত্ত করিতে হইবে; নচেৎ ইহা
ঠোকর ছারা কান্তমধ্যে ছিদ্র করিয়া অক্স্মাৎ উড়িয়া পলাইতে পারে।

লার্ক (lark) জাতীয় পক্ষীদিগের মধ্যে কতকগুলি প্রকারতেদে বা শ্রেণীগত পার্থক্য হেতু শ্রামল প্রান্তরে, কতকগুলি বা বালুকামর দক্তৃমিতে বিচরণ করিতে ভালবাসে। স্বভাবতঃ ইহারা ভূমিতলে ভাবস্থান করে এবং ভূগর্ভে নীড়নির্মাণ পূর্বক তন্মধ্যে ডিম্বপ্রসব শ শাবকোৎপাদন করিয়া থাকে। বৃক্ষশাখায় ভাবস্থান করিতে ইহারা ভানভাস্ত। এই নিমিত্ত ইহাদিগের খাঁচার মধ্যে দাঁড়ের ব্যবস্থা না করিয়া ঘাসের চাপড়া কিংবা বালুকা রক্ষা করিবার স্থান নির্দিষ্ট



कुज भाशीरमत शांहा

[3810] B.B.



হইয়াছে এবং পূর্বেবাক্ত টানার (drawer) সাহায্যে ঘাসের চাপড়া কিংবা বালুকা বহিরানয়নপূর্বেক পরিন্ধার করিয়া অনায়াসে তদভাশুরে সংস্থাপন করিবার উপায় ও বিহিত হইয়াছে। পিঞ্জরমধ্যে উহাদের স্থানের নিমিন্ত জলপাত্র রাখিবার আবশ্যকতা নাই; কারণ উহারা মৃত্তিকা বা বালুকারাশিতে পতিত হইয়া ততুপরি অক্সম্বর্ধণ দ্বারা গাত্রমল বিদূরিত করিয়া থাকে।

এন্থলে যে কয়েকটি পিঞ্জর-চিত্র প্রদন্ত হইয়াছে তাহাদের মধ্যে ক্ষুক্রনায় বিহঙ্গগণের পক্ষে অতি উপাদেয় পিঞ্জরটির বাহাাভাস্তরীণ কারুকোশল নিরীক্ষণ করিলে পাঠকবর্গের সহজে বোধগম্য হইবে বে, থাঁচার ভিতরে খাতাদিপাত্র রাখিবার নিমিন্ত পূর্বেবাক্ত টানার সাহায্য না লইয়া অপর একটি স্থক্ষর উপায় উন্থাবিত হইয়াছে। ভাঁহারা দেখিতে পাইবেন, পিঞ্জরগাত্রে কতিপয় ক্ষুদ্র ক্ষুদ্র ছিত্র এরূপে রচিত হইয়াছে যাহাতে পিঞ্জরাভাস্তরস্থ পক্ষী স্থপু চঞ্পুটের বিনির্গম ঘারা থাঁচার বহির্ভাগে ছিত্রগুলির মুখে স্থকৌশলে স্থাপিত পাত্র-সমূহ হইতে খাত্যাদি গ্রহণ করিতে সমর্থ হয়। পাত্রগুলিতে একটি আবরণ সংলগ্ন থাকায় বাহির হইতে কোনও পক্ষী খাত্যাদি গ্রহণ বা অপচয় করিতে পাবে না; পরস্ত সেগুলি বহির্দ্দেশে সন্ধিবেশিত থাকায় অভ্যন্তরস্থ পক্ষীর আবর্জনা-সংমিশ্রণে খাত্যাদি দূষিত হইবার কিছুমাত্র সম্ভাবনা নাই।

বলা বাহুল্য, উল্লিখিত প্রত্যেক পিঞ্জরই একটি পাখী বা এক জাতীয়
পিক্ষি-মিথুন রাখিবার অনুকূল। বিভিন্ন জাতীয় বহুবিধ পক্ষীর
রক্ষণোপযোগি স্থান-সংবিধানের উপায় একমাত্র aviary বা বৃক্ষাদি-শোভিত অসঙ্কীর্ণ
পক্ষিগৃহ। ইহার অভ্যন্তরে বৃক্ষাদির স্থবিশ্যাস এবং বায় ও আলোকের
যথেষ্ট সন্তাবপ্রযুক্ত পক্ষিগণের ইচ্ছামত সঞ্চরণ ও অবস্থান হেতু
স্বান্ধ্যভক্ষের কিছুমাত্র সন্তাবনা না থাকায়, এই পক্ষি-গৃহের প্রয়োজনীয়তা

অয়পরিসর পিঞ্জর অপেক্ষা এত অধিক হইয়া দাঁড়াইয়াছে। নিতীক এবং উৎফুল্ল চিত্তে পাখীরা ইহার মধ্যে গান গাহিয়া জীবন যাপন করে; এমন কি অতি চঞ্চল-স্বভাব ক্ষুদ্র ক্ষুদ্র পিক্ষি-মিথুনও ( যাহাদিগের পিঞ্জরমধ্যে শাবকোৎপাদনের কোনও সম্ভাবনা নাই ) বিভিন্ন ঋতুতে স্কোশলে নীড়-নির্ম্মাণপূর্বক তন্মধ্যে ডিস্বপ্রসব ও সম্ভানোৎপাদন করিয়া থাকে। পিক্ষপালকমাত্রেরই এইরূপ পিক্ষিগৃহ চির আকাজ্কিত হইলেও বহুব্যয়-সাপেক্ষ বলিয়া সকলের পক্ষে ইহা স্থসাধ্য নহে। যে সমস্ত উপকরণসামগ্রী অয়পরিসর পিঞ্জরের নিমিত্ত আবশ্যক হয়, এই পিক্ষগৃহে তদপেক্ষা অধিক সাজসক্তার প্রয়োজন। এই সামগ্রীসমূহ আহরণ করিবার পূর্বেব পালককে পাখীদিগের বাসভবন নির্মাণের উপযোগী এমন একটি জায়গা বাছিয়া লইতে হইবে,

যথায় পাখীগুলি ইচ্ছামত বায়ু এবং পরিমিত

তাপ উপভোগ করিয়া স্থংখ কাল্যাপন করিতে

গৃহরচনার **স্থান-নিধ্**রচন ও গঠন প্রশালী

পারে। পক্ষিগৃহমধ্যে আলোক ও বায়সঞ্চারের ব্যবস্থা করিতে গিয়া পালকের স্মরণ রাখা উচিত যে, ঝড়বৃষ্টি
এবং প্রচণ্ড উত্তাপের সময় পাখীরা আশ্রায় অভাবে যাহাতে ক্লেশ
অমুভব না করে, গৃহ-নিশ্মাণকালে তদ্বিষয়ে তাঁহাকে মনোযোগী হইতে
হইবে। সাধারণতঃ পালকের নিজবাটীর কোনও দেয়াল পক্ষিগৃহের
উত্তর দিকের প্রাচীর-স্বরূপ রাখিয়া পক্ষিনিকেতন নিশ্মাণ করিতে
পারিলে ভাল হয়; এই পক্ষিগৃহের দক্ষিণ এবং পূর্ব্ব দিক্ প্রাচীর-সংযুক্ত
না করিয়া কেবলমাত্র সৃক্ষাছিদ্রবিশিষ্ট লৌহের জাল দ্বারা বেপ্তিত রাখা
শ্রেয়; তাহা হইলে বিশুদ্ধ দক্ষিণ বায়ু অবাধে গৃহমধ্যে প্রবেশ লাভ
করিয়া এবং সূর্য্যরশ্মি প্রাতঃকাল হইতে তন্মধ্যে সঞ্চারিত হইয়া পাখীদিগের স্বাস্থ্যের বিশেষ উন্নতি সাধন করিবে। যদি পালকের বাস-ভবনের
কোনও প্রাচীর দ্বারা পক্ষিগৃহের উত্তর দিক্ আর্ত করার সম্ভাবনা

বারা আচ্ছাদিত রাখা কর্ত্ত্য। ঐরপ, গৃহের ছাদটির কিয়দংশ টালির কিংবা তক্তার আচ্ছাদনে আর্ড রাখিতে হইবে; কারণ ঝড়রপ্তির ও প্রথর উত্তাপের সময় পাখীরা এই আর্ড প্রদেশে আশ্রয় পাইলে বিপৎপাতের সম্ভাবনা থাকিবে না। রক্ষের কতিপয় কর্ত্তিত শাখা ছাদে সংলগ্ন করিয়া পাখীগুলির অবস্থানোপযোগী দাঁড়ের স্থায় ঐস্থানে ঝুলাইয়া রাখা উচিত। পক্ষিগৃহের অনার্ত পার্শদেশগুলি (অর্থাৎ উত্তর ব্যতীত অপরাপর দিক্সমূহ এবং ছাদের অনাচ্ছাদিত অপরাংশ) লোহের জাল দারা সর্ববতোভাবে বেপ্তিত করিতে হইবে। সর্পমূধিকাদি হিংস্র প্রাণী গর্ত্ত করিয়া গৃহমধ্যে প্রবিষ্ট হইতে না পারে, তরিমিত্ত পক্ষীদিগের আবাসগৃহের মেজে ইফ্টকাদি দারা পাকা করিয়া গাঁথা আবশ্যক।

কোন কোন পক্ষিপালক এইরপে স্বতন্ত্র পক্ষিগৃহ নির্মাণ না করিয়া স্ব স্বাটীর বারান্দার কতক অংশ জাল দ্বারা ,বেষ্টিত করিয়া এবং উহার সম্মুখস্থ মুক্ত প্রাঙ্গণ বা উভ্যানের কিয়দংশ ঐ প্রকারে আরত করিয়া পক্ষিগৃহনির্মাণে প্রয়াস পাইয়া থাকেন। এইরূপ গৃহ নির্মিত হইলে পাথীগুলি যে ঝড়বৃষ্টির সময় বারান্দার আচ্ছাদিত প্রদেশে নিরাপদে আশ্রয় লইতে পারিবে সে বিষয়ে সন্দেহ নাই। উল্লিখিত গৃহ-রচনায় পক্ষিপালকের ব্যয় সংক্ষেপ হয় বটে, কিন্তু এই প্রকার ব্যয়-সংক্ষেপ করিতে গিয়া তিনি যেন বিশ্বত না হন যে, উত্তর চাপা ও দক্ষিণ খোলা বারান্দাই এ বিষয়ে একমাত্র ব্যবহার্য্য। যুরোপ

শীতপ্রধানদেশের বিশিষ্ট ব্যবস্থা প্রভৃতি শীতপ্রধান দেশে পাখীদিগকে ভীষণ শীতের প্রকোপ হইতে রক্ষা করিবার নিমিত্ত গৃহমধ্যে স্থকোশলে যন্ত্রসংযোগে অগ্নির উত্তাপ

প্রদত্ত হইয়া থাকে। আমাদিগের দেশেও সময়ে সময়ে শীতের প্রাবলা ও প্রচণ্ড বর্ষার আক্রমণ হইতে পাখীগুলিকে রক্ষা করিবার জন্ম এরূপ কোন পন্তা অবলম্বন করা উচিত, যাহাতে উহারা উক্ত প্রকার উপসর্গাদির বারা উপদ্রুত হইয়া অকালে মরিয়া না বায়। বিদিও এখানে তাপদায়ক কোনরূপ যন্ত্র আবশ্যক হয় না বটে, তথাপি দারুণ শীত ও বর্ষার সময় পক্ষীদিগের স্থুখ-সাচছদেন্যর নিমিত্ত শীত-নিবারক পর্দ্ধা কিংবা অন্য কোনও আবরণের হারা পক্ষিগৃহ আবৃত রাখার ব্যবস্থা করা উচিত।

এইরপে পক্ষিগৃহ নির্শ্বিত হইলে পর উহার আত্যন্তরীণ উপকরণসামগ্রীগুলি যাহাতে গৃহমধ্যে স্থবিশুস্ত হয়, পালককে ভবিষয়ে মনোযোগী

ইইতে হইবে। এই সমস্ত অত্যাবশ্যক উপকরণ

গৃহের সাজসজ্জা ও খালাদি

উপকরণ

তুই একটা কথা বলা যুক্তিযুক্ত মনে করি। গৃহ-

মধ্যে ঘন লতা ও বৃক্ষাদি রোপণ করিয়া, কৃত্রিম ব্রুদ,পর্বত ও প্রাক্তবণাদি নির্মাণ করিয়া,এবং পাখীদিগের স্বাস্থ্যের অসুকূল বালুকাও শ্রামল ভূণের সমাবেশ দারা গৃহটী এরূপে সঞ্জিত রাখা আবশ্যক, যাহাতে পাখীগুলির মনে ইহা সহজে বনস্থলীর ভাব জাগাইয়া দেয়। বহুবিধ কীট-পতঙ্গ লতায় ও পুষ্পে অসকোচে আশ্রায় লইয়া পাখীগুলির রুচিকর খাদ্যরূপে পরিণত হইবে এবং বৃক্ষগুলি ইহাদিগের স্থবিধামত নীড়-নির্মাণাদি গার্হস্থ্য ব্যাপারে সবিশেষ সহায়তা করিবে। পক্ষীদিগের স্বভাব এবং সংখ্যা অনুযায়ী খাদ্যাদির স্থব্যবস্থা করা আবশ্যক; সেগুলির বিস্থাস এরপ স্থানে করিতে হইবে, যথায় পিপীলিকাদি ক্ষুদ্র কীটের অথবা রৌদ্র ও ঝড়বৃষ্টির দ্বারা ইহারা নষ্ট বা দূষিত না হয়। গৃহমধ্যে বহুবিধ পক্ষীর সংরক্ষণ হেতু খাদ্য ও খাদ্যপাত্রগুলির স্বল্পতা হইলে উহাদিগের মধ্যে পরস্পর তুমুল বিবাদ ঘটিবার সম্ভাবনা; এই নিমিত্ত অনেকগুলি পাত্র প্রচুর খাদ্যের দ্বারা পূর্ব করিয়া গৃহমধ্যে নানা স্থানে রাখিতে হইবে, যাহাতে ছোট বড় সকল রকমের পাখী অবাধে ভোজন করিতে পারে। ইহাদিগের পান ও স্নানের নিমিত্ত জলপাত্রেরও প্রয়োজন। উল্লিখিত কুত্রিম ব্রুদে এই উভয়বিধ কার্য্যের সমাখা হইতে পারে; কিন্তু লক্ষ্য

রাখা উচিত যেন ব্রদটি গভীর না হয়, কারণ তাহা হইলে ক্ষুদ্র পক্ষী-গুলির পক্ষে ইহার মধ্যে অবতরণ করিয়া স্নানের বিদ্ন ঘটিবে এবং অনেক সময়ে স্নান করিতে করিতে হ্রদমধ্যে সহসা পড়িয়া গিয়া ভূবিয়া মরিবার সম্ভাবনা থাকিবে।

উল্লিখিত সাজসজ্জার প্রতি পক্ষিগৃহস্বামীর ষেরূপ মনোযোগী হওয়া আবশ্যক, তদ্রপ প্রতিদিবস যাহাতে পক্ষিগৃহের অভ্যস্তর ও তলদেশ স্কারুরূপে ধৌত এবং পরিমার্জিত হয় সে দিকে দৃষ্টি রাখিতে হইবে।

## পাখী-পোষা

আধুনিক যুগের যুরোপীয় পক্ষিপালকগণকে তিন শ্রেণীতে বিভক্ত করিতে পারা যায়। প্রথম, যাঁহারা প্রাকৃতিক সোন্দর্য্যে মুগ্ধ হইয়া উন্থান-শোভন, জীবজম্বপালন প্রভৃতি প্রীতিপ্রদ পাখ্চাতা পক্ষিপালক ব্যাপারে লিপ্ত থাকিয়া আপনাদিগের অবসর-কাল সুখে অতিবাহিত করেন। কশ্মহীন সুদীর্ঘ অবসরে আপনা-দিগকে নিযুক্ত রাখিবার বাসনাই অনেকস্থলে তাঁহাদিগের এই প্রকার স্থদ অমুষ্ঠানের মূল। দ্বিতীয়,—আর এক-তিন্ট বিভিন্ন দল শ্রেণীর লোক আছেন, যাঁহারা অর্থ বা যশোলিপা হইয়া পক্ষিপালনে ব্রতী হ'ন। ই হাদিগের চিত্ত প্রাকৃতিক সৌন্দর্য্যের উপভোগ বা বিজ্ঞানচর্চ্চা দ্বারা তত আকৃষ্ট হয় না, যতটা নাম এবং ধ্নোপার্জ্জনের তীত্র বাসনা ইহাদিগকে বিচিত্র ক্রিয়াকাণ্ডে প্রবর্ত্তিত যুরোপের বিভিন্ন স্থানে পাখীদিগের প্রদর্শনীর নিমিত্ত যে সমস্ত ব্যবস্থা আছে, ঐ প্রদর্শনী কর্ত্তক অর্পিত পদকাদির লোভে প্রণোদিত হইয়া ইঁহার৷ কৃত্রিম খাতাদির সাহায্যে পাখীদিগের স্বাভাবিক বর্ণের বিকৃতি (১) ঘটাইতে উন্তত হন, এবং নিজ নিজ

গাঢ় পীতবর্ণ হরিন্তাচূর্ণ----- আউন্স

Annato seed ......? "

Salad oil .....

উল্লিখিত উপকরণসমূহের ভাগের তারতমা অনুসারে কেনেরী পক্ষীর বর্ণের তারতমা দটিতে দেখা যার—যথা, কোন স্থানে গাঢ় পীতবর্ণের আধিকা, কোপাও বা কমলালেবুর রং। এইরপ বর্ণ-কৃত্রিমতা উৎপাদনের নিমিত্ত লক্ষা এবং জাফরান (স্মানিতা) সময়ে সময়ে বাবহৃত হইয়া থাকে।

১। পশ্চিত্য পক্ষিপালকগণ যে সকল কৃত্রিম খাদ্যবস্তুর সাহাব্যে পক্ষিগণের এই প্রকার অবাভাবিক বর্ণ-বৈচিত্র। ঘটাইয়া পাকেন, তর্মধ্যে উদ্ভিদ্ধ পদার্থই প্রধান উপকরণ। যে উপকরণগুলি একত্র মিশাইয়া পাদ্যের সহিত সেবন করাইলে কেনেরী ( canary ) শক্ষীর বর্ণাস্তর সাধিত হয়, তাহাদের একটা তালিকা দিলান—

কূটবুদ্ধিপ্রভাবে খাঁচার বিচিত্র নির্ম্মাণ-কৌশল প্রদর্শন করিয়া সাধারণের নিকট বাহবা পাইবার প্রয়াস পাইয়া থাকেন। প্রদর্শনীকালে তাঁহা-দিগের উন্তট ক্রিয়াকলাপের প্রতি সহজেই দর্শক-বৃন্দের চিত্ত আকৃষ্ট হওয়ায় যশোলাভের পস্থা সুগম হইয়া উঠে; সঙ্গে সঙ্গে বর্ণ-বৈচিত্র্য-প্রাপ্ত পক্ষীদিগকে ইঁহারা অসম্ভব দরে বিক্রয় করিবার স্থযোগ পান। তৃতীয়;—এই শ্রেণীর পক্ষিপালকগণ ধন, মান বা স্বার্থের প্রতি জক্ষেপ না করিয়া একাগ্রামনে বিজ্ঞানচর্চ্চায় ব্যাপৃত থাকেন। বিহঙ্গ-জাতির জীবন-বৈচিত্র্যের ধারা পুঝাসুপুঝরূপে লক্ষ্য করিয়া ইঁহারা ধে সকল তথ্যে উপনীত হইতেছেন, ঐ তথ্য বা সিদ্ধাস্তসমূহ তাঁহা-দিগের চিত্ত উদ্ভাসিত করিয়া জ্ঞানপিপাসা মুক্তমুক্তঃ জাগাইয়া তুলিতেছে। যিনি পক্ষিপালনের উদ্দেশ্য ষ্থাষ্থরূপে উপলব্ধি করিতে পারিয়াছেন, তিনি যে দ্বিতীয় শ্রেণীর পক্ষিপালকগণকে নিকৃষ্ট বলিয়া গণ্য করিবেন, সে বিষয়ে আদৌ সন্দেহ নাই। এই শ্রেণীর পক্ষি-পালকগণের প্রত্যেক ক্রিয়াকলাপ এত স্বার্থ-বিজ্ঞড়িত যে, সেগুলি প্রদর্শনীর দর্শকরন্দের নিকট অত্যাশ্চর্য্য বলিয়া পরিগণিত হইলেও অনেক সময়ে তত্ত্বাসুসন্ধিৎস্থ বৈজ্ঞানিকের তত্ত্বমীমাংসার বিশ্ব ঘটাইবার উপক্রম করে। পরস্তু অনেক সময়ে তাহাদিগের চেফা প্রকৃতির বিরুদ্ধে প্রযোজিত হইয়া থাকে এবং কখন কখন ইহাকে প্রাকৃতিক শক্তির ব্যতিক্রম (২) ঘটাইয়া কল্পিত পথে সগর্বেব অগ্রসর হইতে দেখা যায়। এই বিজয়দম্ভ যে বহুকালের নিমিত্ত নহে তাহা বিজ্ঞানসেবী নিঃস্বার্থ পক্ষিপালকমাত্রেই প্রত্ব জানেনা দৃষ্টাস্তস্বরূপ আমরা দেখিতে পাই যে,

<sup>(</sup>২) বিজ্ঞানদেবী পাশ্চাত্য পক্ষিপালকগণ কিন্তু বিহক্ষাবন লইয়া বাহা কিছু experiment করিতেছেন, তাহা প্রায়ই প্রকৃতির বিক্ষণামী নহে। প্রকৃতির পদ্ধানুসরণে যে সকল কার্যা সম্পাদিত হয়, তাহা চিরস্থায়ী; স্বতরাং চিরস্থায়ী কার্য্যের উপার উদ্ভাবনই তাহাদিগের মুখ্য উদ্দেশ্য। তজ্জন্ত তাহারা খাদ্য-কৃত্রিমতার দাহায়ে পক্ষীর ক্ষণস্থায়ী বর্ণ বৈচিত্রোর প্রতি লক্ষ্য না করিয়া পক্ষিম্পুনের স্থান্ধির দংসাধনে প্রশাস এবং তদবস্থায় সন্তানজননের ফলে পক্ষিশাবক্ষের চিরস্থায়ী রূপান্তর সংসাধনে প্রশাসী হইতেছেন।

বর্ণোৎপাদক খাছাদি-প্রয়োগে কেনেরী ( Canary ) পক্ষীর স্বাভাবিক বর্ণ সহজে বৈচিত্র্য লাভ করে; এবং যছাপি ঐ পক্ষীর স্বভাবসিদ্ধ চুই একটি পক্ষের বর্ণ দিন্তীয় শ্রেণীর পক্ষিপালকগণের চক্ষে বিসদৃশ বোধ হয়, প্রদর্শনীর নিমিত্ত পাখীগুলি "প্রস্তুত্ত" করিবার সময়েউহা উৎপাটন করিতে তাঁহারা দিধা বোধ করেন না। এই সমস্ত কৃত্রিম অনুষ্ঠান বৈজ্ঞানিকের চক্ষে বাস্তবিকই হাস্তাম্পদ; এবং সেগুলি যিনি যত্ন সহকারে অনুধাবন করিবেন, তিনি বুঝিতে পারিবেন যে, এই প্রকৃতিপরাজয়-ব্যাপার ক্ষণস্থায়ী ব্যতীত জার কিছুই নহে। কৃত্রিম উপারে বৈচিত্র্যপ্রাপ্ত পক্ষীর বর্ণ উহার স্বভাবগত্ত নহে। কৃত্রিম খাছাদির প্রয়োগ বন্ধ করিবামাত্র কেনেরী ( Canary ) পক্ষীর স্বাভাবিক বর্ণ পরিক্ষুট হইতে দেখা বায়; প্রকৃতি সঙ্কাগ হইরা উঠে।

প্রকৃতপক্ষে পরস্পরের তুলনায় উল্লিখিত তিন শ্রেণীর পক্ষিপালক-গণের ক্রিয়াকলাপ উচ্চ-নীচরূপে গণ্য হইলেও আমরা বিস্মৃত হইতে পারি না যে, তাঁহাদিগের পালনব্যাপারে সাফল্য ক্ষিরপে পক্ষিবিজ্ঞানের উন্নতি লাভের চেফায় বিজ্ঞানসেবার পথ অল্ল-বিস্তর বিধান করিতেছেন সুগম হইয়া আসিতেছে। পালনব্যাপারে লিপ্ত থাকিয়া পালকেরা সবিশেষ যত্ন এবং অধ্যবসায়ের ফলে যে সমস্ত অভিজ্ঞান লাভ করিয়া বিহঙ্গ-জাতির জীবন-ঘটিত তথ্যে উপনীত হইতে-ছেন, ঐ তথ্যসমূহ সাধারণের গোচরীভূত করিবার স্থযোগ উল্লিখিত পক্ষি-প্রদর্শনীসমূহ কর্তৃক প্রদত্ত হইয়া থাকে। ক্ষীণপ্রাণ বিহঙ্গ-জীবনের খুঁটিনাটি লইয়া যে সকল সমস্থা উপস্থিত হইয়া পালকগণকে চঞ্চল কুরিয়া তোলে, সেগুলি যে সম্যক্রপে মীমাংসিত হইতেছে, তাহার জ্বন্ত প্রমাণ প্রদর্শনীর পাখীরাই প্রদান করিয়া থাকে। কারণ, উহাদিগের সানন্দ লাবণ্যময় অঙ্গকান্তির দিকে ভাকাইয়া দেখিলে আবদ্ধাবস্থায় অস্থস্থতানিবন্ধন শারীরিক বা মানসিক বৈপরীভ্যের কিছুই নিদর্শন লক্ষিত । না ; বরং পাখীগুলির স্বাস্থ্য । সৌন্দর্য্যের বিকাশ

পূর্ণমাত্রায় দেখা যায়। বলা বাস্থল্য যে, এইরূপ পক্ষিজীবনের সমস্থা-ভঞ্জন এবং তথ্যনিরূপণের ফলে বিজ্ঞানশাস্ত্রের কলেবর উত্তরোত্তর বর্দ্ধিত হইতেছে। প্রদর্শনীকালে এই সকল নিরূপিত তথ্য দর্শকরন্দের যতই জ্ঞান-গোচর হয়, ততই ভাঁহাদিগের চিত্ত বিহঙ্গতত্ত্ব কৌতৃহল-পরবশ হইয়া বিজ্ঞান-সেবায় ধাবিত হইয়া থাকে।

তর্বলাভের ভীত্র বাসনা যুরোপীয় পালকর্দ্দকে বে কেবল দেশীয় পক্ষীর পালন-ব্যাপারে লিপ্ত রাখিতেছে ভাহা নহে; ভাঁহারা বন্ত বাধাবিদ্ন অভিক্রেম করিয়া নানাবিধ বিদেশীয় পক্ষীকে সাবধানে ও স্বত্বে স্বদেশে আনয়নপূর্বক অনভ্যন্ত প্রকৃতি-প্রতিকূল জলবায় কৃত্রিম উপায়ে অভ্যাস করাইয়া কৃত্রিম খাদ্যাদির সাহায্যে উহাদিগের প্রিসাধন করিয়া বৈদেশিক পাখীগুলির জীবন-লীলা পর্য্যবেক্ষণের যথেষ্ট অবসর পাইতেছেন। এমন কি কোন কোন তন্ত্ব-জিজ্ঞান্ত (৩) কেবল বৈদেশিক পক্ষিপালনে নিযুক্ত থাকিয়া ধারাবাহিকরূপে উহার জীবন-

বহুত উদ্যাটনের নিমিত্ত আপনাদিগের জীবন পাধীর জীবনরহত্তের সমজা সমাধানের চেষ্টা বাঁচাইয়া রাখিতে হইলে যে সমস্ত সমস্যা আহিয়া

উপস্থিত হয়, এই সমস্যাসমূহের সম্যক্রপে সমাধান বাতীত বিহ্

<sup>(</sup>৩) বৈদেশিক পক্ষিপালনে একনিষ্ঠ ব্যক্তিগণের মধ্যে আমরা ভাক্তার কীনু ( Dr. Keays ) এর নামোল্লেথ না করিয়া থাকিতে পারিলাম না। লগুনের নিকটবর্ত্তী East Hoathly আমে তিনি যে সকল পক্ষিত্তবন নির্দাণ করিয়াছেন তাহার হৃচাক্ষ বর্ণনা ১৯১৫ ব্রীঃ

। বভেষর মাসের "Cage Birds" নামক সাপ্তাহিক পরিকায় প্রকাশিত হইয়াছে।

এই বর্ণনা হইতে আমরা জানিতে পারি যে, অন্ন পাঁচ শত পকী তিনি ঐ সমরে পালন করিতেছিলেন; এবং তাহাদিগকে রাখিবার নিমিন্ত প্রায় ৫৪০০ কোরার কৃট জায়গা তাহাকে জাল ধারা বেষ্টন করিতে হইয়াছিল। উক্ত বর্ষের প্রীমণ্ডুর শেষাপ্রার কৃট জায়গা

জাত্তির অতি সূক্ষা জীবনরহস্যগুলির উদ্যাটনের প্রয়াস নিম্বল ইইয়া থাকে। পূর্বের আমরা য়ুরোপীয় পক্ষিপালকগণের বিচিত্র ক্রিয়া— কলাপের কিঞ্চিৎ আভাস প্রদান করিয়াছি। এক্ষণে পালন সম্বন্ধে ক্য়েকটি সমস্যার অবভারণা করিয়া সেগুলি মীমাংসার চেক্টা করিব।

পূর্বেবলা ইইয়াছে যে, পালকগণ কি প্রকার পক্ষী পালন করিতে ইচ্ছুক আছেন, তাহা অবধারণপূর্বক তাঁহাদিগকে পাখীদিগের রক্ষণোপযোগি স্থান-নির্দ্ধাণে এবং উহার বাহ্যাভ্যস্তরীণ সজ্জা-সামগ্রীর সন্ধিবেশ-ব্যাপারে যেরূপ যত্রবান ইইতে ইইবে, তত্রপ তাঁহাদিগের মনোনীত পিক্ষসমূহের সঞ্চয় এবং সেগুলির পিঞ্জর (cage) অথবা পিক্ষিণ্ট (aviary) মধ্যে স্থাপন-বিষয়ে মনোযোগী হওয়া আবশ্যক। পিক্ষি-মিথুন অথবা এক একটি পক্ষীকে পৃথক্ভাবে রাখিবার অসুকূল স্থকোশলে নির্দ্ধিত বিবিধ পিঞ্জরসমূহের আবশ্যকতা সম্বন্ধে আমাদিগের বক্তব্য পূর্বেব প্রকাশ করিয়াছি। বিভিন্ন শ্রেণীর বহুবিধ পক্ষিণণের গৃহমধ্যে একত্র সমাবেশ ও সংরক্ষণ বড়ই ত্বরহ

পশিসংরক্ষণে প্রকৃতি ও
সমস্যা। আকার প্রকার স্বভাব ও শ্রেণীগত
বৈলক্ষণ্যপ্রযুক্ত পাখীগুলির পরস্পর বিষেষাচরণ অবশ্যস্তাবী বলিরা
গৃহমধ্যে তাহাদের একত্র অবিমৃষ্ট সমাবেশ কখনই সম্ভবপর নহে। এই
প্রকার যথেচ্ছ সংরক্ষণের ফলে তুর্বল এবং ভীরুস্বভাব পক্ষিগণ বৃহৎ
ও উপ্রপ্রকৃতির বিহক্তের তাড়নায় উপদ্রত ইয়া অকালে কালমুখে
পতিত ইইতে পারে। এই নিমিত্ত হঠকারিতা পরিত্যাগপূর্বক স্থদক্ষ
পালকগণের আয়াসলক্ষ জ্ঞানমার্গে পরিচালিত ইইলে অকারণ নৈরাশ্যের
তীব্রবেদনা অনুভব করিতে হয় না।

পালনাভিজ্ঞ ব্যক্তিমাত্রেই অবগত আছেন যে, বিহঙ্গ-জগতে এত

পশিগৃহমধ্যে আটান্তরটি বিভিন্ন শ্রেণীর পশিশাবক নীড় পরিত্যাগ করিরা বাছির হইতে সমর্থ হইরাছিল। Vide "Cage Birds" edited by F. Carl Nov. 13th, 1915.





কুচি ও স্বভাবের সাম্যবশতঃ একত্র সংরক্ষিত "ধঞ্জন" ও "মাছরাঙ্গা" পাথী

[ 7: 44

প্রকার পক্ষী দৃষ্ট হয়, ধাহাদিগের রুচির তারতম্যপ্রযুক্ত খাছাদির পার্থক্য পরিলক্ষিত হইয়া থাকে। যদিও অধি-র চিবিচার কাংশ পক্ষী কীট-পতঙ্গ ভক্ষণ করে, তথাপি কোন বিশিষ্ট খাছ্যের উপর ভাহাদিগের অধিকতর ঝোঁক দেখা বুলবুলজাতীয় পক্ষিগণ কীটাদি ভোজন করিলেও ভাহারা স্থপক ফলের বিশেষ পক্ষপাতী; কোকিল, "বসস্ত," 'হরেওয়া" প্রভৃতি কতিপয় পক্ষীও স্থপক কল খাইতে বড়ই ভালবাসে। তুর্গাটুনটুনি এবং এই জাতীয় কুদ্রকায় পক্ষী প্রজাপতি প্রভৃতি কুদ্র-কুদ্র কীট পত্র ভক্ষণ করিলেও মধুমক্ষিকার স্থায় মধুপানের তীব্র বাসনা হৃদয়ে পোষ্ণ করিয়া থাকে, এবং বিধিবিনির্মিত স্থপটু চঞ্পুটের সাহায্যে সরস কুস্বম-নিচয় হইতে মধুপান করিয়া আপনাদিগের দেহের পুষ্টি-সাধন করে। কভিপয় পক্ষী বীক্ষাণুভোক্তী হইলেও তাহাদিগকে সময়ে সময়ে কীট-পতঙ্গ ভোজন করিতে দেখা যায়। কীটপতঙ্গপ্রিয় কোন কোন জাতীয় বিহঙ্গ উদর-ভৃপ্তির নিমিত্ত ক্রমাগত ক্ষুদ্র কীটাদির বিনাশ্ সাধন পূৰ্বক এতই হিংস্ৰভাবাপন হইয়া উঠে ষে, গুধ্ৰ প্ৰভৃতি মাংসাশী পক্ষীর স্থায় অপেকাকৃত কুদ্রকায় ক্ষীণপ্রাণ বিহঙ্গগণকে হত্যা করিতে উত্তত হয়। ''মাছরাঙা" জাতীয় পাখীগুলি যদিও কীটাদি ভক্ষণ করে, তথাপি মংস্যের উপর উহাদিগের আসক্তি বিশেষরূপে লক্ষিত হয়। এই সকল ভিন্নকৃচি পক্ষীকে একত্র এক গৃহমধ্যে রক্ষা করা কডদূর সঙ্গত এবং সম্ভবপর, তাহা নির্ণয় করা একমাত্র অভিজ্ঞানসাপেক্ষ। মোটামুটি বলিতে গেলে, তুলাবয়ব এবং সমানস্বভাবের পাখীগুলিকে একত্র রক্ষা করিলে বিপদ্পাতের অতি অন্নই সম্ভাবনা। উল্লিখিত হিংস্রভাবাপন্ন কীটপতঙ্গভোজী বিহঙ্গগণকে অপরাপর নিরীহ পক্ষি-সমূহের সহিত রক্ষা করা কখনই বিধেয় নহে। প্রায় দেখা যায় যে, পক্ষিপালকগণ অবয়ব এবং স্বভাবের সামঞ্জস্য সম্বেও বীজাণুভোজী এবং কীটপতঙ্গভক্ষণকারী পক্ষিগণের মধ্যে পরস্পর সবিশেষ পার্থক্য-

বোধে উহাদিগকে একত্র রাখিতে অনিচ্ছুক। ইহা তাঁহাদিগের ভুল ধারণা মাত্র। স্বভাব এবং অবয়বের সামঞ্চল্যের প্রতি লক্ষ্য রাখিয়া এই ছই জাতীয় বিহঙ্কগণের একত্র সংরক্ষণ দোষাবহ নহে; কারণ সচরাচর বীজাণুভোজী পাখীকে কীট-পতক্রও ভক্ষণ করিতে দেখা যায়; এবং পক্ষিণুহমধ্যস্থ কীটপতক্ষপ্রিয় বিহঙ্কগণের নিমিত্ত যে সমস্ত কৃত্রিম খাছ্য প্রদত্ত হয়, তাহা যে বীজাণুভোজী পক্ষিসমূহের পক্ষে হিতকর, সে বিষয়ে সন্দেহ নাই। বস্তুতঃ ইহা তাহাদিগের সবিশেষ পুষ্টিসাধন করিয়া থাকে। টিয়া (parrot) জাতীয় বিহঙ্কগণের চঞ্পুট স্বভাবতঃ অতিশয় সবল এবং তীক্ষ; ইহার আঘাতে অপর পক্ষী সহজে ক্লিফ্ট ও আহত হইয়া পড়ে। এই নিমিত্ত উহাদিগকে স্বতন্ত্র গৃহে রক্ষা করা সঙ্গত।

একত্র সমাবেশকালে পাখীগুলির স্বভাব এবং দেহের আয়তনের প্রতি পালকের যেরপ লক্ষ্য রাখা উচিত, তক্রপ তুলাপ্রকৃতি ও সমান আকারের নির্বাচিত পক্ষী বা পক্ষিমিপুনগুলিকে গৃহমধ্যে ছাড়িয়া দিরা তাহাদিগের পরস্পর আচরণ প্রত্যক্ষ করা তাঁহার একটি অবশ্যকর্ত্তব্য কর্ম্ম; কারণ এই প্রকারে তিনি ভাবী বিপদ্পাত প্রতীকারের অবসর পাইয়া থাকেন। অনেক সময়ে দেখা গিরাছে যে, পাখীগুলির স্বভাব বা শ্রেণীগত কোন প্রকার দোষ না থাকিলেও শ্রেণীমধ্যস্থ কোন এক বিশিষ্ট পক্ষীর আচরণ অকারণ রুচ্ হইয়া থাকে। দৃষ্টাস্ত স্বরূপ, স্থকোমল-স্বভাব বুলবুলজাতীয় পক্ষিগণের মধ্যেও কোন কোনটির

বিষেষপ্রিয়তা লক্ষিত হয়। মানবগণের মধ্যেও

এরূপ দৃষ্টান্তের অসম্ভাব নাই। এইরূপ স্থলে
রূত-প্রকৃতি পাখীটিকে অবিলম্বে গৃহ হইতে বহিষ্কৃত করা কর্ত্ব্য;
নচেৎ অগ্যান্য প্রকৃতি-কোমল পক্ষিসমূহ যে ইহার দ্বারা আহত কিংবা
ইহার সংস্রেবে থাকিয়া স্বভাব-তুষ্ট হইবে, সে বিষয়ে সন্দেহ নাই।
বীজাণুভোজী ফিঞ্চজাতীয় (finch family) বিভিন্ন শ্রেণীর পক্ষিগণকে
এক ত্র কিংবা অপর জাতীয় তুল্যাবয়ব এবং সমানপ্রকৃতি বিহক্ষগণের

সহিত্র এক গৃহমধ্যে রক্ষা করিবার পূর্বের উহাদিগের চঞ্পুটের সামর্থ্য এবং পরিমাণের প্রতি লক্ষ্য করা উচিত; কারণ পরস্পার বিবাদ বাধিলে চঞ্চপুটই তাহাদিগের অন্ত্রের কার্য্য করে। অতএব সহজেই অনুমিত হয় যে, আক্রমণ কিংবা আত্মরক্ষার সময়ে যে পাখীটির চঞ্
তীব্র এবং স্থান্দর্য, তাহার বিজয়লাভ অবশ্যস্তাবী; এবং যাহাদিগের চঞ্ অপেকাকৃত ক্ষুদ্র ও হীনবল, তাহারা আহত ও উপক্রত হইয়া থাকে। বিহঙ্গলাতির মধ্যে এরূপ পক্ষীও আছে, যাহাকে অযুগ্মাবস্থায় অপরজাতীয় পক্ষিগণের সহিত গৃহমধ্যে রাখিলে শাস্ত ও স্পৃত্রলভাবে অবস্থান করিতে দেখা যায়; কিস্তু মিথুনাবস্থায় উক্তরূপে অপর পক্ষীর সহিত রক্ষা করিলে পক্ষিবয় নিতান্ত উচ্ছ আল হইয়া অপরাপের পাখীগুলিকে আক্রমণ করিতে থাকে। বীজাণুভোজী "ক্রেস্বিল" (crossbill) পক্ষী মিথুনাবস্থায় উগ্রভাবাপের হর বলিয়া কর্ষনই উহাকে অপর পক্ষিগণের সহিত একত্র রাখা বিধেয় নহে।

ইহাই মোটামূটি সংরক্ষণের বিধি। পাখীগুলির স্বভাব বদি ত্বনামল এবং বিদ্নেষবর্গিজত হয়, ভাহা হইলে ইহাদিগের ভিন্ন ভিন্ন খাদ্যের প্রতি রুচি অথবা অবয়বের অল্লবিস্তর প্রভেদ থাকিলেও কিছু আসে যায় না। পক্ষিভবনটি বৃহৎ এবং স্থপ্রশস্ত হইলে বথেচ্ছ বিচরণ এবং অবস্থানের নিমিত্ত প্রচুর জায়গা পাইয়া পাখীদিগের পরস্পার বিবাদ ঘটিবার কিছুমাত্র সম্ভাবনা থাকে না। অনেক সময়ে এইরূপ পক্ষিভবনে অবয়বের পার্থক্য সম্বেও স্থকোমল-স্বভাব বিহঙ্গ-গুলিকে একত্র রাখা বেশ চলে। কলিকাভানিবাসী শ্রীযুক্ত গোকুল-চন্দ্র মগুল মহাশয়ের পক্ষিগৃহে অতি ক্ষুদ্রকায় তুর্গাটুনটুনি ইইতে বৃহৎ কায় কৃষ্ণগোকুল (Oriole) পর্যান্ত একত্র নির্বিবাদে অবস্থান করিতেছে। এইরূপ গৃহমধ্যে বিবিধ পাখীগণের উপবোগী খাভ্যের প্রাচুর্য্য এবং খান্তপাত্রগুলির বহু স্থানে স্থাপন-বিষয়ে পালকের সবিশেষ মনোযোগ থাকা আবশ্যক।

মনোনীত পাখীগুলির একত্র সংরক্ষণ পালকের পক্ষে চুক্তই সমস্তা হইলেও আৰদ্ধাবস্থায় তাহাদিগের উপযোগী খাদ্যের নির্ববাচন আরও তুরুহ সমস্যা ; কারণ, স্বাভাবিক অবস্থায় উহার। **পক্ষিভবনে আহা**র্য্য-বিচার এত প্রকার খাত্ত ভক্ষণ করিয়া থাকে যে ঐ খাদ্য-সামগ্রী আহরণ করা পালকের পক্ষে অসম্ভব। আবার, বিবিধ খাদ্যের মধ্যে কোন্টি পক্ষিবিশেষের প্রধান আহার, ভাহার নির্ণয়ও স্থকটিন। বিহঙ্গজাতির বিবিধ খাদ্যের প্রতি আসন্তি এবং উহার রুচিভেদের আমরা কিঞ্চিৎ আভাস দিয়াছি। এখন আবন্ধ পাথী-দিগের এই রুচিভেদের প্রতি লক্ষ্য রাখিয়া বে সমস্ত কুত্রিম খাদ্য সামগ্রীর উদ্ভাবনা বা আবিষ্কার হইয়াছে, তৎসন্বন্ধে সংক্রেপে কিছু বলিতে ইচ্ছা করি। আমাদের দেশে প্রচলিত ছাতুর ব্যবস্থার বিষয় অনেকেই অবগত আছেন ; এমন কি মাংসের টুকরা স্থতপক ছাতুর সহিত মিশ্রিতাবস্থায় কীটভোজী প্রক্রিগণের আহার্য্যরূপে ব্যবহৃত হয়। এই খাদ্য-কৃত্রিমতার বৈচিত্র্য য়ুরোপেই অধিক পরিলক্ষিত 💷 ; তথাচ পালকগণ পাখীগুলিকে আপন উপযোগী কুত্রিম খাদ্যের আখ্যামুরূপ অভিধা প্রদান করিয়া থাকেন। ইংলগু প্রদেশে আমরা দেখিতে পাই ্যে, কীটপতঙ্গভোজী পাখীদের নিমিত্ত যে সকল কৃত্রিম আহার্য্যের প্রচলন আছে, তাহারা " কোমল খাদ্য " বা " soft food " নামে অভিহিত হয় এবং খাদ্যের নামাসুরূপ পাখীগুলিও (যাহাদিগের নিমিত্ত . এইরূপ খাদ্যের একান্ত প্রয়োজন) 'কোমল-চঞ্চু' বা soft-bill আখ্যা পাইয়া থাকে। তথায় এই "কোমল খাদ্য" প্রস্তুত করিবার নিমিত্ত ছাতুর পরিবর্ত্তে হংস-কুকুটাদি পক্ষীর স্থাসিদ্ধ ডিম্ব প্রধান উপকরণরূপে ব্যবহৃত হয়; অপরাপর উপকরণের মধ্যে বিস্কৃটচূর্ণ এবং পিপ্ডার ডিম (ants' eggs), সময়ে সময়ে বোল্তার ডিম (wasp grub) এবং মুত শুক্ষ মক্ষিকার ব্যবহার দৃষ্ট হয়। যে সকল নানাজাতীয় শস্বৌজ বীজাণুভোজী পক্ষিগণের আহার্য্যরূপে ব্যবহৃত হয়, বীজসমূহের শক্ত

খোসা ছাড়াইয়া অভ্যস্তরস্থ শস্যদানা ভক্ষণ করিতে হইলে পাখীগুলিকে তাহাদিগের স্থকঠিন চঞ্পুটের সাহায্য সর্ববদাই গ্রহণ করিতে হয়। এই জাতীয় পক্ষিবৃন্দ ইংলতে "কঠিন চঞ্চু" বা "hard-bill" নামে অভিহিত হয় এবং ইহাদিগের প্রয়োজনীয় খাদ্য-সামগ্রী ''hard-bill food" আখ্যা পাইয়া থাকে (৪)। আর এক প্রকার অকৃত্রিম খাদ্য এই "কঠিন-৮ঞ্" পাখীগণের স্বান্থ্যের একাস্ত অনুকৃল—দূর্ব্বাঘাস, মূলা ও কপি প্রভৃতি শাকসবজীর স্থকোমল পত্রসমূহ। বিলাতে ইহারা "সবুজ খাদ্য" বা "green food" নামে পরিচিত। মানব-ভোগ্য সুমিষ্ট সুপক্ক ফল পিঞ্জর-বিহঙ্গগণের স্ব স্ব রুচি-বৈলক্ষণা সত্বেও যে অতি উপাদেয় খাদা, সে বিষয়ে মতদৈধ নাই। যদিও "কোমলচঞ্" বিহঙ্গণের নিমিত্ত "কঠিন খাদেরে" অবশ্যকতা প্রায় দৃষ্ট হয় না, আবন্ধাবস্থায় সকল রকম পাখীর নিমিত্ত কিন্তু অল্পবিস্তর ''কোমল খাদ্যের'' প্রয়োজন ; এমন কি সস্তানজননকালে (breeding time) "কঠিন-চঞ্ৰু" পিঞ্জর-পক্ষিগণ "কোমল খাদে।র" সাহায্য ব্যতীত শাবক প্রতিপালনে সমর্থ হয় না। ''কোমল-চঞ্চু'' বিহঙ্গগুলির ত কথাই নাই। যুরোপে নানা প্রকার কৃত্রিম খাদ্যের নিত্য নূতন আবিকার দেখিয়া সহজেই অমুমিত হয় ষে, আধুনিক যুগের পক্ষিপালকগণের পালন-সাফল্য তাঁহাদিগের কৃত্রিম খাদ্যের প্রস্তুতকুশলতার উপর অধিক পরিমাণে প্রতিষ্ঠিত। একদিকে যেরূপ তত্ত্বজ্ঞিজ্ঞাস্থ বুধমগুলী মুক্ত আকাশতলে বিহঙ্গণের স্বাধান আহার-বিহার, হাবভাব-ভঙ্গী প্রভৃতি সূক্ষা জীবনরহস্তগুলির উদ্ঘাটনের প্রয়াস পাইতেছেন, ভদ্রুপ আবার আর এক সম্প্রদায় পাখীদিগের আবদ্ধ-জীবন স্থদীর্ঘ এবং স্থখ্যয়

<sup>(</sup>৪) সাধারণতঃ কাকনিদানা, Canary seed, পাটবীল্ল (hemp seed), সর্বপদানা (rape seed), পোস্তদানা, তিসি (linseed), এই জাতীল বিহসপকে খাইতে দেওয়া

করিবার নিমিত্ত তাহাদিগের উপযোগী আহার্য্য ও অপরাপর আবশ্যক উপাদান নিরূপণবিষয়ে অনন্যমনা হইয়াছেন। এইরূপে উভয় সম্প্র-দায়ের সমবেত চেষ্টা এবং অভিজ্ঞানের ফলে যে সকল পক্ষীকে ইতঃপূৰ্বেৰ আবদ্ধাবস্থায় জীবিত রাখা একান্ত অসম্ভব বলিয়া বিবেচিত হইড, ইদানীং তাহাদিগকে স্বাভাবিক খাছের অভাব সত্ত্বেও কৃত্রিম আহার্য্যের সাহায্যে অসঙ্কোচে পালন করা সম্ভবপর হইয়া উঠিতেছে। এই প্রসঙ্গে মিঃ আলফ্রেড এজ্রার (Mr. Alfred Ezra) নামো-ল্লেখ না করিয়া থাকিতে পারিলাম না। লগুনের প্রতিকূল জলবায়ু এবং আব-হাওয়ার মধ্যে তিনি বহুক্লেশ স্বীকারপূর্বক স্বভাব-চঞ্চল ও লঘু-কায় তুর্গাটুনটুনির রক্ষণোপযোগী এক স্থন্দর গৃহ আলফেড এজ্রার কৃতিত্ব নির্মাণ করিয়াছেন। নিরুপম সৌন্দর্য্যশালী এই জাতীয় পক্ষিগণের আহারবিধান এতদিন মানবের স্বপ্নাতীত ছিল। এজ্রা মহোদয় ইহাদিগের আহার্য্য এবং পালন-বিধির আবিজার ও নিরূপণ্যারা পালন-ইতিহাসের এক নৃতন অধ্যায় রচনা করিতে সমর্থ হইয়াছেন। তথ্য এবং মধু পিঞ্জর-টুনটুনির প্রধান খাছা। উষ্ণ ■ সহিত যৎসামান্ত ছাতু,মধু বা শর্করা,Mellius food, condensed milk প্রভৃতি যুরোপীয় কৃত্রিম তুগ্ধ একত্র উত্তমরূপে মিশাইয়া যে তরল আহার্য্য প্রস্তুত হইবে, তাহাই শীতল করিয়া তুর্গাটুনটুনির বিশিষ্ট খাছারপে ব্যবহার্য। পিঞ্জর-বিহঙ্গগণের নিমিত্ত কৃত্রিম আহার্য্য বিধান সম্বেও যে বিবিধ কীটপতক্ষের আবশ্যকতা আছে, তাহা স্বতন্ত্ররূপে উল্লেখ করা বাহুল্য মাত্র। জীবস্ত অবস্থায় প্রায় ব্যবহৃত হয় বলিয়া বিলাতে উহারা "live food" বা "জীবস্ত খাছ্য" নামে পরিচিত; কতিপয় কীট আবার মৃত এবং শুষ্ক অবস্থায় বিহগভোজ্যরূপে ব্যবহৃত হইয়া থাকে। অপেক্ষাকৃত বৃহৎকায় মাংসাশী পাখীদিগের জন্ম চড়াই প্রভৃতি ছোট ছোট পাখী অথবা মুষিক প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র প্রাণী খাদ্য-

রূপে গণ্য হয়: মাংসের টকরাও সচরাচর এই নিমিত ব্যবস্তুত হয়।

পথ্যহিসাবে খাদ্যবিশেষের ব্যবস্থা পীজ্ত পাখীদিগের নিমিন্ত আবশ্যক হয়। পূর্বের আমরা উল্লেখ করিয়াছি যে বীজাণুভোজী পক্ষিগণের পক্ষে বালুকা অতিশয় হিতকর, কারণ ইহা তাহা-দিগের পরিপাক-শক্তির বিশেষরূপে সহায়তা করে। তদ্রপ আবার কতিপয় শ্রেণীর কীট-পতঙ্গ, কীটভোজী পাখীদিগের স্বাস্থ্যের অমুকূল।

কপি, মূলা প্রভৃতি শাক-সব্জীর স্থকোমল পত্র

বীজভোজী পাখীদিগের কোষ্ঠ-পরিকারক: ছুগ্ধ-মিশ্রিত রুটিও য়ুরোপীয় পালকগণ কর্তৃক এই নিমিত্ত ব্যবহাত হয়। উদরাময় রোগ নিরাকরণের জন্ম তুর্গ্ধ-মিশ্রিত arrowroot বিস্কুটের সহিত গোটাকতক পোস্তদানা মিশাইয়া রুগ্ন পক্ষীকে খাওয়াইতে হয়। এতদ্ব্যতীত পালিত পক্ষিগণের নানাবিধ ব্যাধির প্রতীকারের নিমিত্ত বিবিধ ঔষধের প্রয়োগ সময়ে সময়ে আবশ্যক হইয়া থাকে। আবদ্ধতাই যে উহাদিগের এই সকল রোগের হেতু ভাহা নহে: পরস্তু আবদ্ধাবস্থায় পাখীদিগের ব্যাধির স্থৃচিকিৎসা হইবার সম্ভাবনা অধিক। বনে-জঙ্গলে যে উহাদিগের স্বাধীন জীবন রোগমুক্ত নহে,তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে। এমন কি মিঃ গ্যালোয়ে বলেন (৫)—মে জুন মাসেও (অর্থাৎ যে ঋতুতে বিহঙ্গগণের স্বাভাবিক খাছের অন্টন নাই') যখন তিনি জীর্ণ শীর্ণ অস্থিচর্শ্মসার রুগা পক্ষীকে ভূমি হইতে কুড়াইয়া পাইয়াছেন, তখন সহজেই বুঝা ষায় যে পাখীদিগের স্বাধীন জীবন যে সম্পূর্ণ নিরাময়, তাহা নহে। তিনি আরও বলেন যে, বনে জঙ্গলে তাহারা ব্যাধিনাশক কোনও ঔষধ পায় না বলিয়া অকালে মৃত্যুমুখে পতিত হয়।

বস্তুতঃ, মানবদিগের মধ্যে যে সকল ব্যাধি পরিদৃষ্ট হয়, বিহঙ্গগণের

<sup>(\*) &</sup>quot;Diseases of Birds, and their treatment and cure—I." by P. F.

মধ্যেও ঐরপ অধিকাংশ ব্যাধি লক্ষিত হইয়া থাকে। সাধারণতঃ পাখীদিগের নিম্নলিখিত ব্যাধিগুলি উল্লেখযোগ্য বাাধি 🔳 তাহার এতীকার বলিয়া মনে করি :--- মূচ্ছা, হাঁপানি, সর্দ্ধিকাসি, বিসূচিকা, বিকলাঙ্গ, উদরাময়, আমাশয়, যক্ষা, প্লীহারোগ, বাত, চক্ষু-রোগ, ক্ষত, ফোড়া ইত্যাদি। এই সকল রোগের উপশমনের নিমিত্ত উপ-যোগী ঔষধের মাত্রা স্বল্প পরিমাণে বিশেষ সতর্কতার সহিত ব্যবহার্য্য। এরপ অনেক দৃষ্টাস্ত ঘটিয়া গিয়াছে, যেখানে এক ফোঁটার স্থলে চুই কোটা ঔষধ-প্রয়োগের ফলে রুগ্ন পক্ষীগুলির রোগোপশ্যন পাকুক অবিলম্বে তাহাদিগের মৃত্যু সংঘটিত হইয়াছে। এই সকল ব্যাধির চিকিৎসার নিমিত্ত হোমিওপ্যাথি ঔষধের প্রয়োগই প্রশস্ত : কিন্তু আমরা সময়ে সময়ে এলোপ্যাথি ঔষধও ব্যবহার করিয়া থাকি---যেমন দাস্ত পরিকারের নিমিত্ত Epsom salt; হাঁপানি রোগের নিমিত্ত Glycerine এবং Grim arabic; যক্ষার নিমিত্ত Cod liver oil ব্যবহার করিতে হয়। পাখীগুলিকে সবল রাখিতে হইলে Parrish's Chemical food প্রভৃতি স্বাস্থ্যবর্দ্ধক ঔষধ-প্রয়োগ দরকার। যা এবং ফোড়ার নিমিত্ত Vaseline এবং আবশ্যক হইলে অন্ত্র-চালনাও বিধেয়। ঔষধের সাহায্যে পীড়িভ পক্ষিগণের রোগের উপশম করিতে সমর্থ না হইলেও, পালক চেষ্টা করিয়া তাহাদিগকে রোগের আক্রমণ হইতে রক্ষা করিতে পারেন। স্বাস্থ্যকর স্থানে উহাদিগকে রাখিয়া, স্বাস্থ্যবর্দ্ধক খাছ্য এবং পানীয়ের ব্যবস্থা করিয়া দিয়া, মাঝে মাঝে পথ্যের তারতম্য করিয়া এবং অস্তুস্থতার সূত্রপাত হইতে না হইতেই উপযুক্ত ঔষধ প্রয়োগ করিয়া তিনি পাখীগুলিকে রোগাক্রান্ত হইবার স্থযোগ দেন না। স্থপ্রশস্ত পক্ষিগৃহে যদি কোনও পক্ষীর অস্তস্থতার লক্ষণ প্রকাশ পায়, তৎক্ষণাৎ ভাহাকে ধরিয়া একটি স্বতন্ত্র পিঞ্জরমধ্যে রাখিতে হইবে। উপযোগী খান্ত এবং ঔষধ ইহার নিমিত্ত আবশ্যক; পিঞ্জরটী এরূপ স্থানে রাখিতে

ইইবে, যেখানে রুগ্র পক্ষীর আদে ঠাণ্ডা না লাগে; কারণ দেখা গিয়াছে উত্তাপের সাহায্যে পাখী শীদ্র শীদ্র ব্যাসমুক্ত ইইয়া থাকে। য়ুরোপীয় পক্ষিপালকগণ রোগ নিবারণের জন্ম এক প্রকার তাপযন্ত্র বাবহার করিয়া থাকেন, তাহার নাম Radiator য়ুরোপে এই যন্ত্রের ব্যবহার যত বেশী আবশ্যক, ভারতবর্ধের মত গ্রীক্ষপ্রধান দেশে অবশ্যই ঠিক তত বেশী নহে। এখানে আমরা অনেক সময়ে বুঝিতে পারি যে, অত্যধিক উত্তাপের মধ্যে পাখীগুলি আবজাবস্থায় হাঁপাইতে থাকে; গৃহমধ্যস্থ এবং গৃহের বাহিরের পারিণার্শ্বিক উত্তপ্ত বায়ু তাহাদিগকে ক্রিফ্ট করিয়া তোলে। তখন পাখীগুলিকে সেখান হইতে সরাইয়া ঠাণ্ডা জায়গায় রাখিয়া আসিলে তাহারা শাঁষ্টি লাভ করে।

এমনই করিয়া মানুষ সর্বান্তঃকরণে পক্ষিজাতির সেবা করিতেছেন।
প্রকৃতির ফ্রোড় হইতে ছলে বলে কৌশলে বিচ্যুত বিহক্ষগুলিকে
কৃত্রিম গৃহমধ্যে আবদ্ধ রাখিয়া তিনি হয়' ত কডকটা স্বার্থপর ও নিষ্ঠুর
বলিয়া পরিগণিত হইয়া খাকেন; হয়' ত তাঁহার নিজের আনন্দের
জয়্ম অথবা তাঁহার চারিদিকে সমাজবদ্ধ মানবঙ্গাতির আনন্দের
জয়্ম অথবা কেবলমাত্র আনন্দহীন বিজ্ঞান-রাজ্যে নৃতন তত্ত্ব আবিদ্ধার
করিবার জয়্ম তিনি এই কার্য্যে প্রথমে ব্রতী হইয়াছিলেন। কিস্কু
যে তাঁহাকে এত আনন্দ দেয়, তাঁহার বিজ্ঞান-চর্চায় এত সাহায়্য করে,
সেই মুক বন্দী বিহঙ্গকে যেমন তিনি তাঁহার নিজের জ্ঞানের ও
আনন্দের কাজে লাগাইয়াছেন, তেমনই তিনি আবার সেই একাস্কু
নির্তর পরায়ণ বন্দীটির সেবক হইয়া প্রাণপণে তদগতিত হইয়া
তাহাকে ফ্রন্থ ও আনন্দিত রাখিবার চেফা করেন। যখন তাহাদের
আনন্দোচ্ছুসিত কলকাকলীতে তাঁহার স্বজুর্টিত সামান্য পক্ষি-ভবনটী
মুখরিত হইয়া উঠে, তখন তাঁহার আনন্দের দীমা থাকে না।

# পাখী-পোষা

( 2 )

পক্ষিপালকের কৃত্রিম গৃহমধ্যে বিভিন্ন-জাতীয়, ভিন্নকৃচি, বছবিধ বিহঙ্গ স্থচারুরূপে একত্র সংরক্ষিত হইলেই যে তাঁহার কর্ত্তব্য নিঃশেষে সম্পন্ন হইল, এরূপ মনে করিলে চলিবে না। পিকিগুহে বিহলমিথুনের রক্ষিত পক্ষী বা পক্ষিমিথুনগুলিকে স্বত্ত্বে পালন দাম্পত্যলীলা করিয়া না হয় কিছু দিন বাঁচাইয়া রাখা গেল ; কিন্তু যাহাতে পক্ষিভবনে অসঙ্কোচে উহারা নীড়নির্ম্মাণ, অগুপ্রসব, শাবকোৎপাদন এবং সস্তান-প্রতিপালনরূপ গার্হস্থ্য ব্যাপারে লিপ্ত হইতে পারে পালক যদি তাহার বিধি ব্যবস্থা না করেন, তবে তাঁহার এত সাধের পালন-ক্রিয়া অসম্পূর্ণ থাকিয়া গেল। সমবেত পক্ষিগণ যদি কিয়ৎকাল জীবিত থাকিয়া জীবনাবসানকালে আপনাদিগের স্থান অধিকার করিবার জন্ম কতকগুলি শাবক রাখিয়া না যাইতে পারিল, তাহা হইলে পালকের এত যুত্ন, এত ক্লেশ-স্বীকার কি নিমিত্ত ? আবার কি তিনি নৃতন করিয়া পক্ষিমিথুন সংগ্রহ করিয়া নৃতন উন্তমে তাহাদিগের ঘরকন্না সাঞ্চাইতে থাকিবেন ? তাহাদিগের নয়নাভি-রাম লাস্যলীলা তাঁহার হৃদয়ের উপর রেখাপাত করিতে না করিতেই হয়'ত তাহাদেরও জীবনলীলা ফুরাইয়া আসিবে। এ'ত গেল এক-দিক্কার কথা। এত কণ্ট করিয়া যে পালক পক্ষী নির্বাচন করিলেন,

ভাহার স্কলনপ্রণালী পর্যাবেক্ষণ করিবার স্থবিধা যদি ভাঁহার না থাকে,

তবে পক্ষিজীবনের Scientific Study অসম্পূর্ণ রহিয়া যায়। অতএব

কি উপায়ে ক্লত্রিম পক্ষিগৃহমধ্যে পক্ষিমিথুনের শাবকোৎপাদন

সম্বাবিত হইতে পারে, এই নৃতন সমস্যার সমাধান করিতে পারিলে পালক প্রকৃতির যে গোপন রহস্য উদযাটিত করিতে সমর্থ হইবেন, তাহাতে তাঁহার আনন্দ ও বিশ্বরের অন্ত থাকিবে না। পক্ষিজাতির বিচিত্র যৌনসন্মিলন আলোচনা করিলে দেখা যায় যে, প্রকৃতির লীলাকুপ্লে পূংপক্ষী সঞ্জোণীন্ত পক্ষিণীকেই যে বাছিয়া লয় তাহা নহে; আনেক সময়ে সে আপন জাতির অন্তর্গত, কিন্তু ভিন্ন শ্রেণীর পক্ষিণীর সহিত স্বেচ্ছায় মিলিত হইয়া থাকে। বিহগ-দম্পতির পরস্পর শ্রেণীভেদ সন্বেও এই প্রকার মিলন উভয়ের আকারগত সৌসাদৃষ্ট থাকিলেই যে সঞ্জটিত হয় এরূপ নহে; আনেক সময়ে উভয়ের অবয়ব বা আয়তনের পার্থক্যে কিছুই আসে যায় না। একদিকে যেরূপ তুল্যাবয়ব এবং সমান-আয়তন বুলবুল জাতীয় বিহল্পগণের বিবিধ শ্রেণীর মধ্যে এরূপ অসবর্ণ বিবাহ প্রায়ই লক্ষিত হয়, তক্রপ আবার গ্রাউন্ (grouse) জাতীয় ভূচর বিহঙ্গের ভিন্ন ভিন্ন ভিন্ন শ্রেণীর মধ্যে পক্ষিমিপুনেম্ব আকার-বৈষম্য সন্বেও উভয়ের মিলন অবাধে নিম্পন্ন হইয়া থাকে।

এই বিধিই সচরাচর দৃষ্ট হয়। এই নিমিত্ত বোধ হয় যে, য়ুরোপীয় পক্ষিপালকগণ বর্ণসঙ্কর পক্ষীর উদ্ভাবনকল্পে ভাহাদিগের কৃত্রিম গৃহমধ্যে আবদ্ধাবস্থায় পক্ষিমিথুনের একত্র সংরক্ষণ কালে উভয়ের আকার, আয়তন বা বর্ণের সামগুস্যের প্রতি অল্পই দৃষ্টিপাত করেন। বাস্তবিক বনে জঙ্গলে বর্ণসঙ্কর পক্ষী অতিশয় বিরল হইলেও যে উহা সর্বদা উৎপন্ধ হইতেছে, সে বিষয়ে সন্দেহ নাই। মিঃ ফ্রাঙ্ক ফিন্ লিখিয়াছেন—"Wild hybrids are indeed rare; but they are of much more frequent occurrence than is generally supposed."

এই বর্ণসঙ্কর ভাহার পিতৃকুল ও মাতৃকুল হইতে কোন কোন বিষয়ে সম্পূর্ণ স্বতন্ত্র; অনেক স্থলে ইহা বন্ধ্যাত্বও প্রাপ্ত হইয়া থাকে। অতিশয় কুদ্রাবয়ব স্বাধীন বিহঙ্গগণের মধ্যে কিন্তু বর্ণসঙ্কর আদৌ দেখা বায় না বলিলেও চলে; বদিও ইহারা য়ুরোপীয় পালকগণের কৃত্রিম গৃহমধ্যে বিজাতীয় পক্ষিণীর সহবাস করিতে বাধ্য হইয়া অনেক সময়ে একটা নৃতন জাতির স্ঠি করে। যথাক্রমে আমরা পক্ষিজীবনের এই এই রহস্য-যবনিকা উদ্যাটিত করিতে প্রয়াস পাইব।

বিহঙ্গতত্ত্ববিদ্ মনীষিগণ আপনাদিগের পর্য্যবেক্ষণের ফলে সাব্যস্ত ক্রিয়াছেন যে, পক্ষিগণের প্রকৃতি ও জাতিগত পার্থক্য অনুসারে উহাদিগের জননকালের (Breeding time) বৈলক্ষণ্য লক্ষিত হয়; অর্থাৎ যদিও বসস্ত ঋতু কতকগুলি বিহঙ্গের নির্দ্দিষ্ট শাবকজননকাল, গ্রীম্ম এবং বর্ষাকালেও কতিপর পক্ষী নীড়-শাবকোৎপাদন ও শতুবিচার নির্মাণ ও সস্তানোৎপাদনাদি ব্যাপারে প্রবৃত্ত 🔲। হেমস্ত ও শীত ঋতুতে গৃধ্ৰ প্ৰভৃতি কতিপয় পাখী আবার ঐক্নপ কার্য্যে ব্রতী হইয়া থাকে। পালকগণের কৃত্রিম পক্ষিগৃহে এই নিয়মের ব্যতিক্রম মাঝে-মাঝে পরিলক্ষিত হয়। এমন কতক প্রকার বিহঙ্গ দেখা যায়, যাহাদের সস্তান-জননকালের কোনরূপ বাঁধাবাঁধি নাই: তাহারা ঋতুনির্বেবশেষে শাবকোৎপাদনাদি গাহ স্থ্য ব্যাপারের অনুষ্ঠান করিয়া থাকে। পক্ষিজাতির এই যৌনসন্মিলনকালে পুংপক্ষিগণের নৃত্যগীত,অঙ্গ-লাবণ্যভঙ্গিমা,তীত্র মধুর কণ্ঠস্বর প্রভৃতি গুণরাশির বিকাশ-প্রাচুর্য্য দেখিয়া সহজে অনুমান করা যায় যে, এই সকল বৈভব-বিস্তারের গৃঢ় অভিপ্রায় কেবলমাত্র মনোমত সঙ্গিণীর চিত্তাকর্ষণ করা; গৃহরক্ষিত আবদ্ধ পাখীগুলির মধ্যে কিন্তু উক্ত প্রকার বৈভববিস্তার সত্তেও "জোর যার মুলুক তার" এই প্রাচীন নীতি অনেক সময় বলবতী হইয়া থাকে। সম্ভবতঃ ইহার কারণ এই যে, অল্লপরিসর পক্ষিভবনে অবরুদ্ধ কোনও এক পুংপক্ষী স্বীয় বৈভব-বিস্তার সাহায্যে মনোমত পক্ষিণীর চিত্ত হরণ ক্রিতে সমর্থ হইলেও, স্বজাতীয় অপর এক অধিক বলশালী পক্ষী প্রতিদ্বন্দ্রিরপে উপস্থিত হইয়া উভয়ের মিলনস্থথে বাধা প্রদান করে।

নিরাপদ স্থানে উড়িয়া গিয়া স্বেচ্ছায় উভয়ের মিলিত হইবার স্থযোগ না থাকায় প্রতিদন্দী বলশালী পক্ষীটি পক্ষিণীকে স্বায়ত্ত করিয়া থাকে। সহজে উপলব্ধি করিতে পারা বায় যে, যদি পক্ষিত্রনে উক্ত পক্ষিণীর সঙ্গাভিলাষী পুংপক্ষিগণের সংখ্যা অধিক থাকে, তাহা হইলে উহা-দিগের মধ্যে প্রতিদ্বন্দিভাব জাগিয়া উঠিয়া তুমুল বিবাদ উপস্থিত 📉 ফলে হীনবল পক্ষিগণের মৃত্যু অবশাস্তাবী হইয়া উঠে; এবং কলহ অধিককাল স্থায়ী হইলে যে-পক্ষিণীকে লইয়া বিবাদের সূত্রপাত, ভাহার মনোমত পতিলাভ, উভয়ের মিলন এবং গার্হস্থ্য জীবনলীলার পরিদর্শন পক্ষিপালকের পক্ষে ত দূরের কথা, এমন কি অপর জাতীয় একত্র সংরক্ষিত বিহঙ্গদম্পতি গুলির স্থময় জীবনলীলা পর্য্যবেক্ষণের স্থযোগও তাঁহার ঘটিয়া উঠিবে না। এই নিমিত্ত যাহাতে পক্ষিগণের মধ্যে কোনরূপ বাদ বিসংবাদ না হয়, ভন্নিমিন্ত কোন এক বিশিষ্ট শ্রেণীর এক জোড়া পক্ষীকেই ( একটি পুং অপরটি স্ত্রী ) ভিন্ন-ভিন্ন শ্রেণীর এক এক জোড়া পাখীর সহিত গৃহমধ্যে একত্র রাখা সক্ষত ; নতুবা বদি একই শ্রেণীর পুংপক্ষী ছুইটি এবং স্ত্রীপক্ষী একটি একতা রক্ষিত হয়, তাহাদিগের মধ্যে উক্তরূপ কলহ নিশ্চয়ই ঘটিয়া উঠিবে। বস্তুতঃ একত্র সংরক্ষণের নিমিত্ত নির্বাচিত সকল পাখীগুলিই তুল্যাবয়ব এবং সম্-প্রকৃতি হওয়া আবশ্যক। প্রত্যেক পক্ষিমিপুন সুস্থ ও সবল হওয়া চাই। শুধু স্বাস্থ্যের প্রতি দৃষ্টিপাত করিলেই চলিবে না ; সঙ্গে-সঙ্গে বয়স, বংশানুক্রম, জ্ঞাতিত্ব, বর্ণ এবং কণ্ঠস্বরের প্রতি লক্ষ্য রাখিয়া উহাদিগকে নির্বাচন করিতে হইবে। জনক জননীর স্থানির্বাচনের উপরই শাবকগণের ভাবী শুভাশুভ অনেকটা নির্জর করে। উভয়ের বয়সের খুব বেশী পার্থক্য থাকা ভাল নহে (১)। একটা প্রোঢ়

<sup>)।</sup> ইঙ্গা টুইড ( Isa Tweed ) তাঁহার গ্রন্থে লিখিয়াছেন যে, কেনেরি (Canary ) পক্ষিমিথুন হইতে অসন্তানের আশা করিতে হইলে উভরের ব্যুসের প্রতি লক্ষ্য রাখিতে হইবে। পক্ষী-পক্ষিণীর মধ্যে এক বৎসরের তার্ত্যা থাকিলেই মুখেষ্ট হইলু;

অথবা বৃদ্ধ, অপরটা অপরিপক বয়সের হইলে, শুভ কল পাওয়া যাইবে না। ভাল রকম করিয়া জানা আবশ্যক যে, উভয়েই মুস্থ ও সদ্-গুণসম্পন্ন পিতৃপিতামহের কুলে উৎপন্ন; অত্যস্ত-নিকট জ্ঞাভি-সম্পর্কীয় দাম্পত্যে স্বসন্তানের আশা করা যায় না,—এই সাধারণ জৈব সত্য (biological fact) পক্ষিজগতেও সম্পূর্ণরূপে প্রকটিত ছইতে দেখা যায় (২)।

পৃংপক্ষীট ছই বা তিন বংসরের এবং পক্ষিটি এক বা ছই বংসরের, অথবা পক্ষিটি ছুই কিংবা তিন বংসর বয়সের এবং পক্ষীট এক বা ছুই বংসরের হুইলে সুসন্তানের সভাবনা অধিক। যদিও দশ বর্ণ বয়স পর্যান্ত কেনেরি (Canary) পক্ষীকে সন্তানোৎপাদন করিতে দেখা গিরাছে, কিন্ত প্রায়ই বুছ বংসরের পর আর হুসন্তানের কাশা করা বার না।—Canary স্থানিত in India. p. 53.

বা পিলিগণের মধ্যে জ্ঞাতি-সম্পর্কার দাম্পত্য ক্রমাগত এবং বংশপরম্পরার চলির।
আসিতে থাকিলে, সন্ধান ছর্পল, পর্বচাকৃতি এবং আনক সমরে বন্ধ্যাবদোব্যুক্ত হইর। পড়ে।
পিতৃপিতামহের দোবগুলি ইছারিগের মধ্যে অধিকতর প্রকট হইরা উঠে এবং দৌর্মলাপ্রযুক্ত
উহাদের সহস্কেই ব্যাধিগ্রুক্ত হইরা পড়িবার সন্ধাবনা থাকে। ইলা টুইড (las
Tweed) উহার গ্রন্থে লিবিরাছেন যে, কোনও এক কেনেরি (Canary) দম্পতির মধ্যে
কোন প্রকার জ্ঞাতি-সম্পর্ক ন। থাকিলেও, উহাদের সন্ধানসন্থতির মধ্যে অন্ধর্কননে বা
inbreeding বাধা দেওরা উচিত; তবে বংশমধ্যে অত্যন্ত ব্রমান্তার promiscuity
চলিতে পারে। কোন্ কোন্ ক্রেরে, কি পরিমাণে চলিতে পারে তাহার ভিনি এইরূপ
আভাস দিরাছেন:—"If the parent birds আন not in the least related, then
the father may be mated with the daughter and the son with the mother,
uncle with niece, and nephew with aunt and also cousin with cousin.
But this can be done only once. The progeny of such matings cannot
do m mated again. On no account should brother and sister be mated,"
—Canary Keeping in India, page 54.

Aviary-জাত খামা পক্ষীর মধ্যে ভাই ভগিনীর দাশ্পত্য-সম্বন্ধ স্থাপিত হইলে কি অনিষ্ট্র হইতে পারে,এই প্রশ্ন মিঃ লো (Mr. Geo. E. Low) বিগত ১৯১৮ সালের কেব্রুয়ারি মাসের Avicultural magazineএ উথাপিত করার পক্ষিতত্ত্বিদ ডাক্তার ব্যট্লার (A, G. Butler) উত্তর দেন যে, যতদূর সম্বন্ধ জ্ঞাতিসম্পর্কার যৌন-সম্বন্ধ বর্জনীয়, যেহেতু এরপস্থলে সম্ভতি- একলে প্রশ্ন উঠিতে পারে বে, উল্লিখিত বিষয়গুলির প্রতি
পৃথাসুপৃথারূপে লক্ষ্য রাখিয়া কিরূপে প্রত্যেক পক্ষিমপুন স্থানিবাচিত
হইতে পারে। কারণ, পক্ষী সংগ্রহ করিতে হইলে পালককে পক্ষি
ব্যবসায়িগণের নিকট হইতে পাখী ক্রয় করিতে হইবে; পক্ষিব্যবসায়িগণ
হয়'ত অনেক সময়ে নিজেরাই বনভূমি হইতে পক্ষী ধৃত করিয়া থাকে,
অথবা শিকারীদের নিকট হইতে ক্রয় করিয়া নিজ নিজ দোকানে
পাক্ষিমিখন নির্বাচনের উপার
রাখে। তাহারা পাখীগুলির ইতিবৃত্ত আদৌ
অবগত নহে; ইহারা যখন নিজেরাই অভ্তঃ, তখন ক্রেভাদিগকে
কেমন করিয়া পক্ষিমিথনের বয়স, বংশ, জ্ঞাতিছ প্রভৃতির
দোষগুণ জানাইয়া দিবে ? বাস্তবিক এরূপ স্থলে কোন ইতিহাস
পাওয়া না গেলেও পক্ষিমিথন নির্বাচনকালে পালক উভয়ের

বর্গের কর্ম ও মুর্বল হইবার সম্ভাবন। অধিক; কিন্তু তিলি বীকার করিলেন যে, বাধীন

বিহলগণের মধ্যে প্রায়ই জ্ঞাতিসম্পর্কীয় দাম্পত্য ছাপিত হইরা সন্তান উৎপর হইরা
ধাকে। উক্ত প্রথের হিতীর উদ্ভর উরিখিত magazineএর April সংখ্যার Tavistock এর
marquis মহোদয় কর্ত্ব প্রহন্ত হইল। তিলি বলিলেন বে, জ্ঞাতিসম্পর্কীর দাম্পত্য হেত্
বিপদের আশক্ষা অনেক সময়ে অতিরক্ষিত হইরা থাকে; বাস্থ্যের প্রতি লক্ষ্য রাধিরা
একধার পশ্চিমিপ্ন ছনির্ব্বাচিত হইলে উহাদিপের সন্তানসন্ততির মধ্যে পরম্পর জ্ঞাতিসম্পর্ক সম্বেপ্ত দাম্পত্য সক্ষা ছাপিত হইলে তিন চার প্রক ধরিরা বিপদের আশকা নাই
বলিলেও চলে। কিন্তু পশ্চিমিপ্নের মধ্যে কোন প্রকার দোব বর্ত্তমান থাকিলে, সন্তানে
উহা অধিকমাত্রার স্পন্তরূপে সঞ্চারিত হইবার সন্তাবনা। তিনি আরও বিধিরাছেন বে, এই
প্রকার অত্যন্ত নিকট জ্ঞাতি-সম্পর্কীয় দাম্পত্য সারস্বিহলগণের (cranes) মধ্যে এত
অধিক প্রচিত দেখা যায় যে, ইহা একরূপ উহাক্ষের অজ্ঞাসে পরিণত হইরাছে। সহজ্ঞাবর্যার এক জ্যোড়া সারস্ব পক্ষী প্রায় মুটি সন্তান উৎপাদন করিয়া থাকে—একটা পুং
অপরটি গ্রী; এই মুইটি পক্ষিশাবক বর্যপ্রাপ্ত ইইরা পরস্বার আজীবন সিলিত হইরা থাকে।
তবে উহাদের মধ্যে হঠাৎ যদি একটির মৃত্যু ঘটে, তাহা হইলে অপরটকে আর এক বিহলের
সহিত কলাচিৎ মিলিত হইতে দেখা যায়।

শারীরিক স্থস্তা, বর্ণ এবং কণ্ঠস্বরের প্রতি লক্ষ্য রাখিতে ভুলিবেন না। স্মারণ রাখিতে হইবে যে এই সদ্যোধত বন্য পাখীগুলি অত্যন্ত সজীব : ইহাদিগের সহিত খাঁচার পাখীর ধৌনসম্পর্ক স্থফলদায়ক হুইবারই কথা। পালকের অজ্ঞাতসারে জ্ঞাতিসম্পর্ক সম্বেও দাম্পত্য সম্বন্ধ স্থাপিত হইলে, এক্ষেত্রে কিছু আসে যায় না। যুরোপে কিন্তু সদ্যোধৃত বহা বিহঙ্গ ছাড়া পিঞ্চরজাত পক্ষী সর্ববত্র ক্রয় করিতে পারা যায়; বিক্রেভৃগণও উহাদিগের ধারাবাহিক ইতি-হাস গ্রাহকগণকে জানাইয়া থাকে। সেই ইতিহাস আদে উপে-ক্ষণীয় নছে। পক্ষিভবদের পরিসর বুঝিয়া কয় জোড়া পাখী স্বচ্ছন্দভাবে রাখা যায়, তাহার বিচার করিয়া দেখিতে হইবে;—কারণ মনে রাখা উচিত যে, এস্থলে পালকের উদ্দেশ্য শুধু দর্শকর্দের মনোরঞ্জনে পর্য্যবসিত নহে: তাহা ইইলে অনেক ঞাড়া পাথী হয়'ত সেই aviary মধ্যে রাখা চলিত, তাহাতে তাহাদিগের স্বাস্থ্যহানির সন্তাবনা না থাকিতেও পারিত। কিন্তু পালকের এখন প্রধান লক্ষ্য এই যে, কেমন করিয়া তিনি সর্বতোভাবে পক্ষিজননব্যাপারে অমুকূল ব্যবস্থা করিতে পারেন। এই নিমিত্ত নির্জ্জন স্থানের একাস্ত প্রয়োজন ; লোকচকুর অন্তরাল হওয়া আবশ্যক,:

ক্রিত পশীগুলির সংখ্যার পাখীগুলির সংখ্যা কমাইয়া না দিলে আশাসুরূপ ফল বৃদ্ধি করণ ফল পাওয়া অসম্ভব। অনেক পশিষিপুন

এরপ আছে, যাহাদিগকে সম্পূর্ণ স্বতন্ত্র স্থানে না রাখিলে উহাদিগের সন্তানজনন-প্রয়াস মোটেই দৃষ্ট হয় না। কতক পক্ষী আবার এরপ আছে, যাহারা মিথুনাবস্থায় উগ্রমূর্ত্তি ধারণ করে; এবং নায়ক-নায়িকার মধ্যে এরপ গোলযোগ উপস্থিত হয়, যাহার দ্বারা অপর মিথুনগণের সন্তানজনন-প্রয়াসে বাধা জন্মে। কিঞ্জাতীয় 'ক্রেস্বিল' (cross-bill) পক্ষী স্বভাবতঃ এই ধরণের। পক্ষিভবনে এক এক শ্রেণীর

এক এক জোড়া পাখী রাখিবার কথা আমরা বলিয়াছি. কিন্তু অনেক সময়ে এক শ্রেণীর ছুই কিংবা তিন জোড়া পাখী অবাধে একত্র রাখা যায়; তাহাতে তাহাদিগের নীড়-নির্ম্মাণের অসকোচ উগুমে কোন্ও বাধা উপস্থিত হয় না। কোন্ স্থলে এরপ রাখা নক্ষত, তাহা পাখী-গুলির প্রকৃতি এবং পালকের অভিজ্ঞতার উপর নির্ভর করে। কতিপয় পল্পী আছে, যাহারা স্বশ্রেণীর পক্ষিমিথুনের সহিত রক্ষিত হইলে কখনই শাবকজননে প্রয়াসী হয় না; কিন্তু বদি তাহাদিগকে অপর জাতীয় বিহগদম্পতির সহিত রাখা যায়, তাহা হইলে ভাহাদিগের শাবকজনন-প্রয়াসে কোনও বাধা লক্ষিত হয় না। পালকের পক্ষিত্রনম্ম "কঠিন চঞ্ছ" Zebra finch পক্ষী ছুই, তিন বা বহু জোড়া একত্র সংরক্ষিত হইলেও অবাধে সম্ভানজননাদি গার্হস্যক্রিয়া নিম্পান্ন করিয়া থাকে; কিন্তু জাড়া চড়াই বা রামগোরা পক্ষী ঐ প্রকারে রক্ষিত হইলে স্থফল লাভের আদো সম্ভাবনা নাই। এই জাতীর এক জোড়া পাখীই এই নিমিত্ত অপর জাতীয় পক্ষিমিথুনগুলির সহিত একত্র রাখা বিধেয়।

পৃক্ষিগৃহমধ্যে একত্র সংরক্ষিত বিহগমিথুনগুলির অবিষ্ণু নির্বাচনের ফলে উহাদিগের নীড়-নির্মাণাদি ব্যাপারে যে সকল অন্তরায় উপস্থিত হুইতে পারে; তাহার একরূপ আভাস দিলাম। এখন আর চুইটি কিনিসের উল্লেখ আবশ্যক, যেগুলির অভাবে পক্ষিদম্পতির আপন আপন ঘরকন্না সাজাইবার পক্ষে বিশেষ বিদ্ন ঘটিবে। প্রথমতঃ aviary মধ্যে প্রত্যেক পক্ষিমিথুনের নীড়-নির্মাণের প্রকৃত্ব স্থান থাকা চাই। দিতীয়তঃ বাসা-নির্মাণ ও উপকরণ সংগ্রহ

দিগের আয়ত্তের ভিতর রাখিতে হইবে। বাসা-প্রস্তুত-ব্যাপারে পাখী-দিগের প্রকৃতি বাস্তবিকই বিচিত্র; কারণ একই জাতির অন্তর্গত্ত বিহুলগণের মধ্যে শ্রেণীভেদে যেরূপ উহাদিগের নীড়-প্রস্তুত-প্রণালীর

পার্থক্য লক্ষিত হয়, ভজ্ঞপ নীড় রাখিবার অসুকূল স্থান নির্বাচনেও প্রত্যেক শ্রেণীর পতত্রিমিথুনের একটা বৈশিষ্ট্য দেখা যায়। মোটামুটি সকলেই প্রায় দেখিয়াছেন ষে, কোন কোন পাখী বৃক্ষণাখায় নীড় বিলম্বিত করিয়া দেয়, এমন কি অনেক সময়ে মনে হয় যেন পাতার গায়ে পিপীলিকার বাসা জমাট হইয়া ঝুলিতেছে । কেহ বা বৃক্ষশাখার ঘন পত্রাস্তরালে নীড়টি স্যত্নে রক্ষিত করে; কেহ বা ভরুকোটরে গৃহস্থালী করিতে ভালবাসে; আবার কেহ কেহ অসক্ষোচে মাতা বস্তক্ষরার অঙ্কে আশ্রয় লইয়া দাম্পত্য জীবন অতিবাহিত করিতে চেন্টা করে। পুরাতন অট্টালিকার ভগ্ন প্রাচীরের কোন কাঁকের মধ্যে পাখীর বাসা অনেকেই দেখিয়া থাকিবেন; কিন্তু খোলা মাঠের উপর অন্তুচ্চ মাটির চিবিতে পাখীর বাসা দেখিয়াছেন কি ? উজ্জ্বল দিবাকরো-ত্তাসিত তালগাছের শিরোদেশে দোতুল্যমান নীড়ের প্রতি পথিকের দৃষ্টি আকৃষ্ট হয় না কি ? পাখীর এই অত্যন্ত বিচিত্র স্বভাবের বিরুদ্ধা-চরণ না করিয়া মা**পুষকে** ভাহার বাসা-নির্ম্মাণের জক্ত অসুকৃত্য আশ্রয়ের ব্যবস্থা করিয়া দিতে হইবে। এই নিমিত্ত পক্ষি-গৃহমধ্যে শাখাপ্রশাখা-সমস্বিত বিটপীর, কুদ্র কুদ্র ঝোপের, স্থানে স্থানে অমুচ্চ মাটির চিবির এবং প্রাচীর-গাত্রে নাতিগভীর গর্ত্তসমূহের আবশ্যকতা সহজেই উপলব্ধি করা যাইবে। অনেক সময়ে দেখা গিয়াছে যে, যদি নানা রক্ষের ক্রত্রিম নীড়াধার গৃহের ভিন্ন-ভিন্ন স্থানে সন্নিবেশিত করিয়া দেওয়া হয়, তাহা হইলে অনেক পক্ষী উহাদিগকে আশ্রয় করিয়া আপন আপন বাসা তৈয়ার করিয়া থাকে। এই প্রকার যে সমস্ত নীড়াধার সচরাচর ব্যবহার করিয়া সহজেই স্থফল পাওয়া যায়, তাহাদিগের কয়েকটি চিত্র প্রদর্শিত হইল। ১নং চিত্রে পাঠক দেখিতে পাইবেন ষে,শুক্ষ ঝুনো নারিকেলে কেম্মন স্থন্দর নীড়াধার প্রস্তুত করা হইয়াছে। নারিকেলটিকে প্রথমতঃ চিরিয়া

দুইভাগে বিভক্ত করিতে হইবে ; তৎপরে অভ্যস্তরস্থ কঠিন মালা বাহির

করিয়া ফেলিয়া পুনরায় নারিকেল-ছোবড়ার ছুটি অংশ লোহের সূক্ষ

#### পাখীর কথা




১। नातिरकत्मत्र नौण्यात





#### পাখীর কথা



৩। গাছের গুঁড়ির নীড়াধার

২। বাজের নীড়াধার

िर्धः ६०

তারযোগে একত্র সংবদ্ধ করিয়া উহার একপ্রাস্থে একটি ছিন্র রাশিতে হইবে। এই প্রকার ছোব্ডায় বাসা রচনা করিতে রামগোরা ( জাভাচড়াই ) এবং টিয়া জাতীয় কভিপয় পক্ষী পছন্দ করে। অনেক সময়ে নারিকেলটি চিরিয়া আভ্যন্তরীণ মালাটি নিকাসিত করিবার প্রয়োজনও হয় না; কেবল নারিকেলের একপ্রাস্থে ছিন্র করিয়া মালার ভিতরের শাঁস বাহির করিয়া ফেলিয়া শুকাইয়া লইলেই, অনেক পক্ষিমিথুন অসজোচে উহাতে আত্রয় লইয়া থাকে। কথন কথন আবার সমস্ত ছোব্ডাটা বাদ দিয়া শুধু মালাটার উদ্ধ দেশে একটি ছিন্র করিয়া দিলেই, ইগা মুনিয়া এবং ফিঞ্চ জাতীয় কৃত্র পক্ষিসাণের নীড় রচনার পক্ষে বিশেষ উপযোগী হয়; অবশ্য মালার অভ্যন্তরত্ব শাঁস নিকাসিত করিয়া দিয়া মালাটিকে শুকাইয়া লওয়া কর্ত্রয়া। মালাটির অদ্ধাংশ আবার বাটিয় মত চিৎ করিয়া এক অপ্রশন্ত ভক্তায় উত্তমরূপে সংলগ্ন করিকেই Canary পক্ষীর নীড়-রচনার পক্ষে বড়ই অসুকূল হইয়া থাকে।

২ নম্বর চিত্রে নানাপ্রকার বাঙ্গের সাহাব্যে নীড়াধার-নির্মাণ-কৌশল প্রদর্শিত হইল। সাধারণতঃ চুরটের বাঙ্গে খুব জারা খরচে অতি সহজে এই নীড়াধারগুলি তৈয়ার করিতে পারা যায়। অপেক্ষা-কৃত গভীর কাঠের বাজে সালিক জাতীয় পক্ষী বাসা করিতে খুব পছন্দ করে। ছোট ছোট বাক্স মুনিয়াজাতীয় ক্ষুদ্রকায় পক্ষীদিগের কুলায়-সঙ্গলনের বড়ই অনুকূল।

■ নম্বর চিত্রে দেখিতে পাইবেন যে, গাছের শুঁড়ির সাহায্যে কিরূপ নীড়াধার প্রস্তুত হইতে পারে। যে সকল পক্ষী মুক্ত ও স্বাধীন অবস্থায় তরুকোটরে বাসা নির্মাণ করিতে জ্ঞালবাসে, তাহাদিগের ■ পক্ষিগৃহ-মধ্যে স্থাপিত ঈষত্বচ্চ গাছের শুঁড়ির গায়ে একটা নাতি-গভীর গহরর করিয়া দেওয়া হয়।

পাঠক-পাঠিকাদিগকে বিশেষ করিয়া বলিতে চাহি যে, উপরে বর্ণিত নারিকেলমালা অথবা কাঠের বাক্সগুলি পক্ষীর নীড়ের আধারমাত্র, উহাদিগের মধ্যে খড়কুটা প্রভৃতি উপকরণ সাহায্যে পাখীরা আপন-আপন বাসা তৈয়ার করিয়া থাকে। কোন কোন স্থানে নীড়াধারই নীড়রূপে ব্যবহৃত হয়। পায়রা জাতীয় অনেক পাখী নীড়াধারের মেজের উপরে স্ব স্ব ডিম্ব রক্ষা করিতে সক্ষোচ বোধ করে না।

অতঃপর নীড়-রচনার নিমিত্ত পাখীদিগের আবশ্যক্ষত উপকরণাদি ্যোগাইয়া দিয়া পক্ষিপালককে ইহাদিগের আপন আপন ঘরকর। সাজাইবার নিমিত্ত অনেক সময়ে সাহায্য করিতে হইবে। শুধু খড়-কুটা, শুষ্ক ঘাস, পাট বা পশমের টুক্রা, তুলা প্রভৃতি উপাদানগুলি গৃহমধ্যে ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া রাখিলেই চলিবে না; নীড়াধার-গুলির মধ্যে ইহাদিগের কিছু কিছু সজ্জিত করিয়া দিলে পাখীর বাসা করা সহজ হইয়া যায়। অনেক পক্ষী আছে যাহাদিগের বাসা-রচনায় এত ভুলভান্তি দেখা যায় যে, পালক যদি সেগুলি যতুসহকারে খড়কুটা সাজাইয়া পরিমার্জিত করিয়া না দেন, তাহা হইলে ডিম্বের অনিষ্ট বশতঃ শাবকোৎপত্তির ব্যাঘাত ঘটিতে পারে। এইখানে একটি ্কুট সমস্তা আসিয়া পড়ে। যদি নীড়-নির্মাণ সম্বেক্ষ বিহঙ্গজাতির প্রকৃতি-প্রদত্ত সহজ্ঞ-সংস্কার মানিয়া লইতে হয়, ভাহা হইলে নিজ নিজ উপযোগী বাসা-রচনায় কখনই তাহাদের ভুল-ভ্রাস্তির সম্ভাবনা হওয়া উচিত নহে। তবে কেন অনুকূল ব্যবস্থা সম্বেও কেনেরি (canary) পক্ষী বাসা করিতে বিষম ভুল করিয়া বসে ? এই ভুল-ভ্রান্তির জগ্য ভাহার আবদ্ধ অবস্থাই যে দায়ী, তাহা নহে। ভাহাদের অপটুতা স্বাধীন অবস্থাতেও বড় বেশী চোখে পড়ে। পাশীদিগের বিচার-বুদ্ধি (Reason) আছে কি না, অথবা কেবলমাত্র সহজসংস্কার ভাহাদিগকৈ প্রিচালিত করে, এই প্রশ্ন পাশ্চাত্য বিহঙ্গ-তত্ত্বিদ্ পণ্ডিত-মণ্ডলী বিশেষভাবে আলোচনা করিতেছেন। একদল বিচারবৃদ্ধি না সহজসংস্থার ? অবশাই Instinct ব্যতীত অন্য কিছুই মানেন

না এবং মানিতেও প্রস্তুত নহেন। ইহাদিগের বিশাস যে,

পশিশাবক নীড় নির্দ্ধাণ করিবার ক্ষমতা লইয়াই জন্মপ্রাহণ করে;
সময় আসিলে তাহারা তাহাদিগের সেই পুরুষ-পরম্পরাগত ক্ষমতার
পরিচয় দিয়া থাকে। পক্ষিতত্ত্বিদ্ চার্লাস ডিক্সন্ (Charles Dixon)
বলেন—একটু ভাবিয়া দেখিলেই বুঝা যাইবে এই মত সম্পূর্ণ আন্ত,
য়িও প্রায়় সমস্ত পক্ষিপালক এই মত পোষণ করেন। আল্ফেড রসেল্
ওয়ালেস্ (Alfred Russel Wallace) প্রমুখ একদল প্রাণিতত্ত্ববিদ্ প্রমাণ করিতে চেক্টা করিয়াছেন যে, Reason কে স্বীকার
করিয়া লইলে, পাখীর বাসা তৈয়ার করা ব্যাপারটা সন্তোষজনকক্ষপে
ব্যাখ্যাত হইতে পারে। ই হাদিগের আলোচনার ধারা এইরূপঃ—

- ক) পাথীর Instinct অর্থাৎ সহজসংক্ষার পুরুষপরস্পরাগত অভ্যাস মাত্র।
- (খ) এই Instinct কথনই পক্ষিশাবকের প্রথম কুলায়-রচনা-ক্রিয়ার একমাত্র কার্য্যকরী শক্তি বলিয়া মানিয়া লওয়া বায় না। (৩)

সহল-সংস্কার অথবা Instinct একেত্রে কিন্তু উহাদিগের স্বঞ্জাতিবর্গের অসুরূপ নীড়নির্মাণে সাহায্য প্রদান করিল না; New Zealand দেশীর পকীর বাসার অসুকরণ করিয়া
তাহারা যতটুকু অভিজ্ঞতা লাভ করিতে পারিয়াছিল, তাহাতেই তাহাদের নীড়রচনার কার্য্য

০। তরণবন্ধক পশ্চিমিথ্নের সর্বপ্রথম নীড়রচনার চেষ্টাবে অনেক সময়ে পড়ক্টার কদাকার তাপে পরিণত হর, তাহার বধেষ্ট প্রমাণ পাওর। গিরাছে; এমন কি ছুইবার, তিনবার চেষ্টা করিয়াও নীড়ওলি উহাদের মনোমত হর নাই বলিয়। অসম্পূর্ণ অবস্থার উহাদিগকে পরিত্যাগ করিয়া পশ্চিমিথ্নকে অগর স্থানে নৃত্ন উষ্যুমে নীড়রচনার ব্রতী হইতে দেখা যার। অনভিজ্ঞতাই যে একেত্রে নিক্ষলতার হেতু,তাহা নিয়লিখিত দৃষ্টাও হইতে জানালিয়া; --অতি নেশবে এক জোড়া chaffinch পক্ষীকে New Zealand অইয়া গিয়া মুক্ত করিয়া দেওয়া হইয়াছিল; তথার এই জাতীর পাখী আদৌ ছিল না। ইংলওই ইহাদিগের একমাত্র বাসস্থান। জ্ঞাতিবিহীন এই নৃত্ন দেশে নৃত্ন পরিবেইনীর মধ্যে পক্ষীমিথ্নকে জীবনবাত্রা নির্বাহ করিতে হইয়াছিল। ইংলওবাসী জ্ঞাতিবর্গের অমুকরণে নীড় রচনা করিবার অভিজ্ঞতা ইহাদের তথন জন্মার নাই। কাক্ষে-কাজেই ইহাদিগের নীড়-রচনার সময় আগত হইলে New Zealand দেশীর একপ্রকার পক্ষীর অমুকরণে বাসা করিয়া-ছিল মাত্র —Vide Seebohm's British Birds, Vol. II., p. 102.

- (গ) যদি তাহাই হইত, তাহা হইলে যে পক্ষিশাবক অপর পক্ষীর-বাসায় রক্ষিত ডিম্ব হইতে নিজ্ঞান্ত হইয়া ক্রমশঃ বাড়িয়া উঠে, সেও কালক্রেমে স্বজাতীয় পক্ষিগণের বাসার অনুরূপ নীড় ( অর্থাৎ তাহারা যে সকল উপকরণের সাহায্যে যে প্রকার বাসা তৈয়ারি করিয়া থাকে, সেই সকল মালমস্লা লইয়া ঠিক সেইরকম বাসা ) অনায়াসে রচনা করিতে পারিত।
- (ঘ) পূর্ববপুরুষার্জ্জিত ক্ষমতার উত্তরাধিকারসূত্রে পক্ষিক্ষান্তি যদি এত বড় একটা জটিল কার্য্য করিতে সমর্থ হয়, তাহা হইলে স্বীকার করিতে হইবে যে, তাহারা স্বশ্রেণীর উপযোগী বাসা-নির্মাণ-ব্যাপারে মানবজাতি অপেক্ষা অনেক অংশে শ্রেষ্ঠ; কারণ মানুষকে যদি নিজের tribe অথবা raceএর অনুরূপ গৃহ নির্মাণ করিতে হয়, তাহা হইলে সে না দেখিয়া, শুনিয়া বা শিখিয়া কখনই তাহা করিতে পারিবে না!
- (ড) সহজসংস্কারজাত পাখীর বাসা চিরকালই এবং সর্বত্রই সম্পূর্ণভাবে এক ধরণের হইত।
  - (চ) কিন্তু তাহা হয় না ; সাধারণতঃ বাসা রচনার দ্বারা পাথীরা

সম্পাদিত হইল। Instinct যদি একমাত্র কার্যকরী শক্তি হইত, ভাহা হইলে অন্ভিজ্ঞ বিহণদশ্পতির সর্কাপ্রথম নীড় ভাহার পরবর্জী নীড়গুলির ন্যায় নিপৃণ ■ নিপুঁভভাবে রচিভ হইভ; নীড়গুলিও সর্কাতই বজাতির অমূরপ মামুলী উপকরণ সাহায্যে বেশ গোছাল মামুলী ধালের হইত, বিদেশীয় পাথীর বাস। অমূকরণ করিবার কোন প্রয়োজনই থাকিও না।

মিঃ চার্গন্ ডিক্সন লিখিয়ছেন যে, ১৯০০ খৃষ্টাব্দে তিনি তাঁহার আপন উদ্যানে এক কোড়া তরুণ অনভিজ্ঞ পুনান্ (Thrush) পক্ষীর নীড়রচনার নিক্ষল উদ্যাম তিনবার লক্ষ্য করিয়াছিলেন; তৎকালে কিন্তু তাঁহার উদ্যানে আর এক জোড়া পরিণত বয়য় ঐ জাতীর পক্ষী সামান্য চেষ্টার প্রথম উদ্যামেই তাহার নীড় পরিপাটিভাবে রচনা করিয়া গার্হয় জীবনের স্থাস্তব করিতেছিল। তরুণবয়য় অনভিজ্ঞ পক্ষিদম্পতির দেব উদ্যম গুরু ঘাসের এক কদাকার ভূপে পর্যাবসিত হইয়া তিনটি ভিবের আগ্রহল হইলেও পক্ষিমিপুন সম্ভান উৎপাদনে বিক্লপ্রস্থ হইয়া তথা হইতে যে অবশেষে পলারন করিয়াছিল, তাহা ডিক্সন্ (Dixon) মহোদয় বিশেবরূপে লক্ষ্য করিয়াছিলেন। Vide Bird's Nests by Charles

নীড় রচনার স্থান নির্বাচন-নিপুণভার যে পরিচয় দিয়া থাকে, অনেক সময়ে তাহার ব্যতিক্রম ঘটিতে দেখা যার। কালপরিবর্তনের আদ সঙ্গে নৃতন জায়গায় নৃতন পরিবেষ্টনীর মধ্যে রচিত নীড় পক্ষিজীবনের পক্ষে কোন বিষয়েই হানিকর হয় না। (8)

(ছ) অনেক পক্ষীর নীড়রচনার অভ্যাস'ত পরিবর্ত্তিত হয়ই, কোন কোন স্থলে আবার বাসার আকৃতি ও ধাঁজ সম্পূর্ণ বদলাইয়া যায়। (৫)

<sup>া।</sup> অতি প্রাচীন কালে বধন নামূব ইউকপ্রেরাধির সাহাব্যে বৃহৎ অট্রালিকা নির্দাণ করিতে শিথে নাই, তথন হইতে মার্টিন (Martin) বা তালচঞ্ছ পক্ষী অনপদ অথবা সম্প্র-তারবর্ত্তা পর্যতগাত্রে আপন নাড় সংলগ্ন করিয়। আসিতেছিল। মানবিপিরের উত্তাবনা এবং বিদাশের সঙ্গে সলে উহারা ইউক-প্রেরাঘিবিনির্দ্ধিত অট্রালিকাগাত্রে নাড় রচনার ক্ষিয়া বোধে আপনাদের চিরন্তন অভ্যাস পরিবর্ত্তন করিয়া কেলিল। আবাবিল্ পদ্মী (swift)ও এই দৃট্টান্তের অসুসরণ করিল। ভারতবর্ত্তের জার, ইংলওেও শালিক এবং অভান্ত করেকটা পাখা প্রাসাদপজনের স্থবিধানত নাড়রচনার এতা হইল। পৃথিবীর আর সকল স্থানে চড়াই পদ্মী দলে দলে মানব আবানে আগ্রর লইল। ইহা বে ভার্যদের নিক্ট বিশেষ নির্দাণ স্থান এবং ব লাড্রচনার এবং সন্তান-প্রতিপালনের পক্ষে স্থবিধান্তনক, তাহা আসমা বেশ বৃথিতে পারি; লতুবা পাথী কি সহজে তাহার চিরন্তন অভ্যান পরিত্যাগ করিতে অভিলাবী হয় প্রনানব-আবাসে। আগ্রর লইয়া চড়াই পাখী বে দিনে দিনে সংখ্যার বিশ্বিত হইতেছে, তাহা সকলেই প্রার বিরন্তির সহিত কক্ষ্য করিয়। থাকিবেন।

<sup>া</sup> প্রাপেন হইলে পাখা বে অনেক সমরে তাহার নীড়রচনার মামুলী খাঁল বদলাইরা বর্তমান অবস্থার সহিত মিলাইরা বাসা প্রস্তুত করিতে বাধ্য হর, তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া গিরাছে। জলমোরগ বা বিলমোরগ (Moorhen) ভূমিতে বাসা নির্দাণ করিতে অভ্যন্ত; কিছ অবহাবিশেবে ইহাকে বৃক্ষশাখার নীড়রচনা করিতে দেখা গিরাছে। বে সকল প্রদেশে বস্তার সন্তাবনা অধিক, সেখানে অগত্যা তাহারা আগনাদিগের চিরস্তন অভ্যাস পরিত্যাপ করিতে বাধ্য ইইরা থাকে; এইরগ হলে বৃক্ষশাখাই তাহাদের নীড়নির্মাণের অমৃক্র আগ্রমহল। Tristan d'Acunha দ্বীপপৃঞ্জে বহুকাল ইইতে Penguin পক্ষী অমীতে অনাচ্ছাদিত বাসা করিয়া আসিতেছিল, কিন্তু বেদিন হইতে তথার শৃকরের আমদানি আরম্ভ হইরাছে, সেইদিন হইতে তাহারা আবৃত্ত বাসা রচনা করিতে শিধিয়াছে। -- C. Dixon's

(জ), সঙ্গে সঙ্গোয়-রচনার মামুলী উপকরণগুলির পরি-বর্ত্তনও সময়ে সময়ে লক্ষিত হয়; অর্থাৎ সচরাচর ভিন্ন ভিন্ন শ্রেণীর প্রাখীদিগের নাড় প্রস্তুতের নিমিত্ত আবহমান কাল হইতে ধে সমস্ত মালমদলা নিদ্দিন্টরূপে ব্যবহৃত হইতে দেখা গিয়াছে, দেই মামুলী মালমসলার পরিবর্ত্তে নূতন উপকরণের সাহায্যে রচিত পাখীর বাসা অনেক সময়ে দৃষ্ট হয়। এই সমস্ত পরিবর্ত্তন পরস্পারাগত অভ্যাদের সম্পূর্ণ বিরোধী। বেশ বুঝিতে পার। যায় যে, পরিবর্ত্তনশীল পারি-পার্শ্বিক অবস্থার সহিত মিলাইয়া জীবনযাত্র। নির্ববাহ করিবার নিমিত্ত পাখীকে বুদ্ধিবৃত্তি পরিচালনা করিতে হয়। অতএব কেমন করিয়া পাথী তাহার প্রথম বাসা রচনা করে, এই প্রশ্নের সত্তর Instinct ্বা সহজ-সংস্কারের নিকট হইতে পাওয়া যাইবে না। এই শ্রেণীর পক্ষিতত্তবিদ্ বলেন যে, পাখীর প্রবল অমুকরণ-প্রিয়তা, তাহার স্তিশক্তি, বিচারশক্তি এবং বংশপরম্পরাগত অভ্যাস, এই সমস্ত মিলিয়া তাহাকে নাড়-রচনায় প্রণোদিত করে। মানুষের মত পাখীরও rea-on অথবা বিচারশক্তি আছে, যদিও অপেকাক্ত নান পরিমাণে। আবন্ধ অবস্থায় সকল পক্ষী স্বশ্রেণীর উপযোগী নীড় প্রস্তুত করিতে পারে না। অনেক সময়ে দেখা যায় ধে, কেনেরি ( canary ) পক্ষী বাসা রচনা করিতে গিয়া সমস্ত উপকরণগুলিকে নাড়িয়া চাড়িয়া এলোমেলোভাবে স্থূপীকৃত করিয়া রাখে মাত্র; অবশ্য ভাহার উপর ডিম্বগুলি রাখা যাইতে পারে, কিন্তু মোটের উপর সেটাকে কিছুতেই পাখীর বাসা বলা যায় না অধিক স্থলে ডিম্বের অনিষ্টও ঘটিতে দেখা যায়; হয় ইহা বাসা হইতে পড়িয়া যায়, অথবা উপযুক্ত আশ্র অভাবে ক্রমাগত নড়িয়া চড়িয়া ইহাতে আঘাত লাগিয়া থাকে। এই জন্মই পক্ষিপালক পক্ষিগৃহমধ্যে শুধু যে উপকরণগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া নিশ্চিন্ত থাকিবেন তাহা নহে; অনেক সমধে তাঁহাকে সহস্তে সেই খড়কুটাগুলি সেই শ্রেণীর পক্ষিকুলায়ের

অতুকরণে সাজাইয়া দিতে ইইবে। তথন সামান্ত চেফার আবদ্ধা পিক্ষিমিথুন উপযুক্ত বাসা প্রস্তুত করিয়া ফেলিবে। পাশ্চাত্য পিক্ষিমিথুন উপযুক্ত বাসা প্রস্তুত করিয়া ফেলিবে। পাশ্চাত্য পিক্ষিপালক কেনেরি পক্ষীর বাসা তৈরার করিবার আ এক প্রকার কাঠের ছাঁচ (mould) প্রস্তুত করিয়াছেন। উহাকে উত্তপ্ত করিয়া খড়ুহ ক্টাগুলি উহার গাত্রে চারিপার্ছে কিছুক্ষণ চাপিয়া ধরিলেই কেনেরি পক্ষীর বাসা সহজেই নির্মিত্ত ইইরা যায়; তথন তপ্ত কাঠখ ওটাকে বাহির করিয়া লইতে হইবে। এছলে মানুষের সাহায্য ব্যতীত পাঝীযে তাহার বাসা রচনা করিতে পারিল না, তাহার সমস্ত চেফা যে কেবলমাত্র খড়কুটার স্কৃপে পরিণত ইইল, ইহার প্রধান কারণ এই কেবলমাত্র খড়কুটার স্কৃপে পরিণত ইইল, ইহার প্রধান কারণ এই যে, এই কৃত্রিম গৃহমধ্যে সে অতুকরণ করিবার কিছুই পাইল না। শুধু Instinct বা সহজসংক্ষারের বশবর্তী হইয়া যদি সে নীড়নির্মাণে সমাক্রপ সফলপ্রত্বত্ব হইত, তাহা ইইলে এই ঘনবিক্তপ্ত উপকরণ-স্কৃপের উপর অযতুরক্ষিত ডিম্বগুলি পালকের দৃষ্টিপথে পত্তিত ইইত না; পালককে সেই ডিম্ব-রক্ষার জন্ম সমতুবিক্তন্তে খড়কুটাম্ব বাসা

স্বাধীন অবস্থায় পাধীরা অমুকরণ করিবার অনেক স্থবিধা পায়।
অতি শৈশবে পক্ষিশাবক তাহার বাসাটিকে ভাল করিয়া দেখিবার
যথেষ্ট অবসর পায়;—আবার এক বৎসর দেড়বৎসর পরে যখন সে
নিজের বাসা নির্মাণ করিতে যায়, তখন প্রায়ই সে তাহার জন্মস্থানে (৬)

৬। এই যে জন্মহানে কিরিয়া আদা,—পাখীর বল্পরিসর জীবনকাহিনীর মধ্যে ইহা একটি অত্যন্ত ক্ষার ব্যাপার। শুধ্ যে পক্ষিণাবকের জন্মহানের দিকে একটা টান আছে তাহা নহে; প্রৌচবর্গনেও পক্ষিদশাতি তাহাদিগের প্রথম-রচিত নীড়ের সন্ধানে খুরিয়া ফিরিয়া প্রত্যাবর্ত্তন করে। যে ঋতুতে তাহারা সাধারণতঃ বাসা তৈরার করে ঠিক সেই ঋতুতেই এই যে যৌবনের অবসানেও তাহাদের প্রথম যৌবনের প্রথম রচিত প্রমোদভবনের শৃতিকে জাগাইয়া রাধিবার চেটা,—এমন বিশ্বয়কর ব্যাপার মানবজীবনেও বিরল। মিঃ চার্লস ডিক্সন্ তাহার Bird's Nests নামক গ্রন্থে পক্ষীর জন্মস্থানপ্রিয়তার উল্লেখ করিতে ভূলেন নাই; এমন কি কয়েকটি পক্ষী যে বাসা করিবার সমন্ত আসিলে, ঠিক যে স্থানে

প্রত্যাবর্ত্তন করে এবং তথার হয়'ত সে পরিত্যক্ত নীড়গুলি দেখিবার স্থানা পাইয়া অন্দুকুল পরিবেইটনীর মধ্যে ঐ সমস্ত নীড়ের অন্দুকরণে বাসা প্রস্তুত্ত করে। প্রায়ই সে স্বশ্রেণীর অধিক-বয়স্ক পাখীকে বাসা নির্মাণ করিতে দেখে এবং তাহার অভিজ্ঞতা হইতে অবশ্যই কিছু জ্ঞানলাভ করে। কোন কোন পাখীর এমন অভ্যাস যে, তাহারা দল বাঁধিয়া বাসা তৈয়ার করে; এ অবস্থায় অবশ্যই ক্র ও অভিজ্ঞতার ভারত্তম্য সত্ত্বেও সকলেই প্রয়োজনোপবোগী বাসা স্থচারুরুপে নির্মাণ করিতে সমর্থ হয়। পিক্ষমিথুনের মধ্যে বয়সের খুব তারতম্য থাকিলে অপেক্ষাকৃত অধিক-বয়্বস্ক অভিজ্ঞ পক্ষীটি তাহার স্বল্পবস্ক্ত সনভিজ্ঞ সঙ্গীটির বত কিছু ক্রটি পরিমার্জ্জিত করিয়া লইতে পারে।

তাহাদের প্রথম ন'ড় রচিত হইরাছিল, সেই ছানে নিশ্চরই প্রত্যাবর্ত্তন করিবে, মি: পাইফ্রেন্ট (W. P. Pycraft) তাহার Bird-Life নামক গ্রন্থে ইহার জনেদ্ কটান্ত বিরাহেন।
Puffin, Swift এবং Swallow পকী ঘড়ির কাটার মত বধাসময়ে বড়বৃট্ট উপেকা করিয়া
আপনাদের প্রতিন পরিত্যক্ত বাসায় কিরিয়া আইনে।

## পাখী-পোষা

( 0)

অনেক যত্ন করিয়া পাখীর ঘরকল্লা সাজাইয়া দেওয়া হইয়াছে; কিন্তু তাহাদের মিলনের কথা আলোচনা করিতে বসিলে যে সকল সমস্তা আসিয়া পড়ে, তাহাদিগের সমাধান কেহই সমাক্রপে এখন পর্যান্ত করিতে পারেন নাই। এই মিলনকালকে যদি তিন ভাগে বিভক্ত করা যায়, ভাহা হইলে দেখিতে পাওয়া যাইবে বে, প্রথম অঙ্কে—প্রান্ত্মিথুন-লীলায় (period of court-প্ৰাঙ্মিপুন-লীলা ship)—পক্ষিণীর মনোরঞ্জন করিবার জভ পুংপক্ষিগণের কত ভাবভঙ্গী, কত বিচিত্রবর্ণচ্ছটাপ্রচার, কত রেষারেষি দ্বেষাদ্বেষি, কত সঙ্গীতোচ্ছাস পক্ষিগৃহমধ্যে মর্ম্মরিত, হিলোলিত, তরঙ্গায়িত হইয়া উঠে। বিশ্মিত ও পুলকিত পালক অনেক সময়ে বুঝিয়া উঠিতে পারেন না যে, পক্ষিণী কিসে মুগ্ধ হয়—পৌরুষে, না সৌন্দর্য্যে ? প্রকৃতির অমুকরণে নির্শ্মিত ও সজ্জিত নিকুঞ্জে মামুষ দেখিতেছেন যে—নেয়ম্ পক্ষিণী বলহীনেন লভ্যা, এই পক্ষিণীটিকে বলহীন পক্ষী লাভ করিতে সমর্থ হয় না। আবার তিনি দেখিতে পান যে, পাখীর বিচিত্র বর্ণচ্ছটায় মুগ্ধ হইয়া পক্ষিণী পুংপক্ষীর নিকট আত্মসমর্পণ করিবার জন্ম ব্যগ্র হইয়া উঠে। রূপের মোহ পিঞ্জরাবন্ধ পক্ষিণীকে কত চঞ্চল করিয়া তোলে তাহা পরীক্ষা করিবার জন্য পাশ্চাত্য কোনও কোনও বিহঙ্গতম্ববিৎ একপ্রকার বৃহৎ পাঁচার মধ্যে পাশাপাশি তিনটি কামরার চুইটীতে এক একটি করিয়া পুংপক্ষী এবং অবশিষ্ট কামরায় সেই জাতীয় একটি পক্ষিণীকে রাখিয়া উহাকে স্বয়ম্বরা হইবার স্থােগ দিয়া এই সমস্তার চূড়ান্ত মীমাংসা করিবার প্রয়াস পাইয়াছেন। তাঁহারা খাঁচাটি এরূপভাবে বিভক্ত করিলেন

যে, অভ্যন্তরস্থ চুইটি প্রাচীর ছাদ পর্য্যস্ত না পঁত্তছাইয়া মধ্যপথে শেষ হইয়া গেল। ছাদের নিম্নে সমস্ত থাঁচাটার মধ্যে একটা পাখীর চলাফেরার স্থবিধামত অবারিত মুক্ত পথ থাকিয়া গেল। তুই পার্শ্বের কামরা তু'টিতে একজাতীয় চুইটি পুংপক্ষীকে রাখা হইল। যাহাতে তাহারা সমস্ত খাঁচার মধ্যে ইচ্ছামত উড়িতে না পারে, এবং তাহাদের কামরার প্রাচীর উল্লজ্জন করিয়া কোটর হইতে কোটরাস্তরে যাতায়াত করিতে না পারে, সেইজগ্য তাহাদিগের পক্ষচ্ছেদন করা হয়;—এক পার্শ্বের ডানার কতকগুলি পতত্র ছেদন করিলেই উদ্দেশ্য সিদ্ধ হয়। সাধারণতঃ মাঝের কামরায় স্বচ্ছন্দবিচরণণীল পক্ষিণী রক্ষিত হয় ৷ এস্থলে লক্ষ্য করিতে হইবে ষে, তিনটি পাখীই একজাতীয়। পুরুষ তুইটির বর্ণের অল্লবিস্তর ভারতম্য আছে। কিয়ৎকাল অবস্থানের পর প্রায়ই দেখা যায় যে, পক্ষিণী নিজের কামরা পরিত্যাগ করিয়া অপেকাকৃত অধিক রূপবান পক্ষীটির সহিত মিলিত হইবার স্বেচ্ছায় তাহার কামরায় প্রবেশ করে। এক্ষেত্রে অবশ্যই পক্ষিণীকে পাইবার জন্ম পুংপক্ষিদ্বয়ের মধ্যে দ্বন্দ্ব ও জয়-পরাজ্ঞয়ের কোনও অবকাশ দেওয়া হয় নাই। এইরূপে একশ্রেণীর পক্ষিপালক ornithologyর দিক্ হইতে ডারউইনীয় নৈসর্গিক নির্বাচন-তত্ত্বের যাথার্থ্য প্রতিপন্ন করিতে চেফা করেন; কিন্তু এখনকার পক্ষিবিজ্ঞানে নিঃসংশয়রূপে কেহই জোর করিয়া বলিতে পারেন না ষে, পুংপক্ষীর শারীরিক সৌন্দর্য্য ও যৌননির্বাচনের মধ্যে এতটা ঘনিষ্ট সম্পর্ক আছে। পক্ষিণীর এমন সূক্ষা সৌন্দর্য্যবোধ থাকিতে পারে কি না সে সম্বন্ধে যথেষ্ট মতদৈধ রহিয়াছে (১)। পক্ষিণীকে পাইবার জন্ম

<sup>&</sup>quot;Many writers seem to find difficulty in imagining that the female sex among birds is sufficiently endowed mentally to possess the requisite æsthetic sense, and, indeed, evidence that

পুংপক্ষিবয়ের মধ্যে দ্বন্ধ ও জয়-পরাজ্ঞারের অবকাশ দেওয়া হইলে সাধারণতঃ কি ফল পাওয়া যায় তাহা পূর্বের কিঞ্চিৎ আলোচনা করিয়াছি। বিজেতার সহিত পক্ষিণী গুরুবক্সা পাতিয়া বসে। সে যে বিজেতাকে স্বেচ্ছায় বরণ করিয়া লইয়াছে এমন কথা বলা যায় না। আশা করা যায় ভবিষ্যতে আরও অধিক পর্য্যবেক্ষণের ফলে এই biological বা জীবতবসম্বন্ধীয় এবং psychological বা মন-স্তবসম্বন্ধীয় কূট সমস্তার সমাক্ সমাধান হইবে।

প্রাঙ্মিথুনলীলা সমাপ্ত হইতে না হইতেই পক্ষিদম্পতির বাসা-নির্মাণের ধূম পড়িয়া যায়। পুংপক্ষী এত উন্তম সহকারে এই কার্য্যে

ব্রতী হয় যে, অনেক সময়ে খড়কুটা সংগ্রহের নীড়-রচনা আতিশয়ে নীড়টি পক্ষিণীর মনোমত হয় নাঃ—

পক্ষিণী হয় নীড়টি নফ করিয়া কেলে, না হয় অপর নীড়নির্মাণে ব্যাপৃত হয়। এমনও প্রায় দেখা যায় যে, নীড় রচনা অনেকদুর অগ্রসর হইয়াছে, কিন্তু যে কোনও কারণে হউক উহা পক্ষিণীর ভাল লাগিতেছে না; উহাদিগের ব্যর্থ পরিশ্রামের নিদর্শনস্বরূপ অর্দ্ধরিত নীড়টি অসম্পূর্ণ অবস্থায় ফেলিয়া রাখিয়া বিহুগমিথুন অপর স্থানে অন্থ মাল-মস্লার সাহায্যে আবার নৃতন করিয়া বাসা প্রস্তুত করিতে আরম্ভ করে। এই রহস্থময় ও কোতৃহলোদ্দীপক ব্যাপার প্রায়ই আমাদের কৃত্রিম পক্ষিগৃহ-মধ্যে দেখিতে পাওয়া যায়; বনে

female birds do consistently prefer the more beautiful males, or even that they are pleased by the display of the latter, is not very abundant."

<sup>--</sup>Ornithological and other Oddities,

by F. Finn, p. 7.

<sup>&</sup>quot;We are not justified in saying positively that the raison d' etre of these decorations is the attraction of a wife, though priori reaso-

এই প্রকার অসম্পূর্ণ পরিত্যক্ত নীড় ইতন্ততঃ দৃষ্ট হইরা এরপ অবস্থায় পক্ষিপালককে নিশ্চেষ্ট থাকিলে চলিবে না ; পক্ষিপ্রকৃতির ভ্রমসংশোধনের ও ক্রটিপরিমার্জ্জনের ভার কভকটা ভাঁহাকে লইতে হইবে। কৃত্রিম গৃহমধ্যে খড়কুটা যোগাইয়া দিয়া বাসা-নির্মাণের উপযোগী আধার যথাস্থানে সন্নিবেশিত করিয়া, এমন কি সময়ে সময়ে পক্ষিদম্পতির কুলায়-নির্ম্মাণের অপটুত্বের সংশোধন করিয়া দিয়া অর্থাৎ অনভিজ্ঞ পক্ষিযুগলের বাসা-রচনার ক্রটি মার্জ্ঞিত করিয়া, তাঁহাকে সদাই সচেট্ট থাকিতে হইবে, যেন অভ্যাবশ্যক উপকরণগুলির অভাবে অথবা পক্ষিদ্বয়ের নিবুদ্ধিতাবশতঃ উপকরণ-দ্রব্যাদির অযথা-বিন্যাসে ভবিষ্যতে নীড়মধ্যে ডিম্ব-সংরক্ষণের ব্যাঘাতের আশকা না খাকে: পক্ষিগৃহে রোপিত বৃক্ষগুলির শাখান্তরালে পাথীরা বাসা প্রস্তুত করিবার উপযুক্ত স্থান পায়। যে সকল পক্ষী গর্ত্ত মধ্যে অণ্ড প্রদাব করে, তাহাদিগের নিমিত্ত তরুকোটরই উপযুক্ত স্থান ; ইহার অভাবে প্রাচীরগাত্রে গর্ত্ত করিয়া দিতে হইবে অথবা গর্ত্তের অনুরূপ কার্ছের বা নারিকেলের মালার আধার প্রাচীরগাত্তে সংলগ্ন রাখা আবশ্যক। শ্যামল তৃণাচ্ছাদিত মেজের একপার্ষে কৃত্রিম ঝোপের মধ্যে ভূমিতে বিচরণশীল পাখীরা বাসা-নির্মাণে তৎপর হইবে।

এইরপে বিভিন্ন প্রকৃতির পাখী ভিন্ন ভিন্ন প্রকার কুলার নির্দ্মাণ করিতে আরম্ভ করিল; ক্রনশঃ ভাহাদের নীড় রচনা প্রায় সম্পূর্ণ হইয়া আসিল; আমি পূর্বের পক্ষিজীবনের নীড়-রচনারূপ যে বিভীন্ন পর্বের উল্লেখ করিয়াছিলাম সেই পর্বের প্রায় সমাপ্ত হইয়া আসিল; এখন বিহগমিথুনলীলার তৃতীয় পর্বের আমরা উপনীত হইলাম। পক্ষি-জীবনের এই পর্বেটি অত্যস্ত বিচিত্র ■ রহস্তময়। যথেষ্ট শ্রেমস্বীকার করিয়া এতদিন পরে ভাহাদের নীড়রচনা-কার্য্য শেষ হইল বটে, কিষ্কু এখনও তাহাদের পরিশ্রমের লাঘ্য হইতেছে মনে করিলে চলিবে না। যথাকালে ডিম্বগুলি প্রস্ব করিয়াও পক্ষিণী নিষ্কৃতি লাভ করে না,

প্রসবের পর হইতেই একাপ্রমনে দিবারাত্র সেই ডিম্বগুলির উপরি ভাহাকে সম্বর্গনে বসিয়া থাকিতে ইইবে। বছদিন না ডিম ফুটিরা শাবক বাহির হয়, তভদিন দে কোনও দিকে দৃক্পাত না করিয়া আপন মনে উহাতে তা দিতে থাকিবে। দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাই অভিবাহিত হইয়া যায়, তথাপি সে অবিচলিত চিত্তে ভাহার ব্রস্থ উদ্যাপন না হওয়া পর্যন্ত একভাবে বসিয়া থাকে। এ'ত মন্দ রহস্ত নয়। যে পক্ষিণী চিরদিন অভ্যন্ত চঞ্চল প্রকৃতি বলিয়া আমাদের নিকট পরিচিত; সারাদিন পক্ষ-বিস্তার করিয়া আকাশমার্গে উন্ডীয়ানান হইতে ভালবাসিত; আজ কোন্ মায়ামন্তবলে ভাহার স্বভাবের এত পরিবর্ত্তন সংঘটিত হইল ? হঠাৎ সে কেমন করিয়া এমন স্থাপুর প্রাপ্ত ইল। একেবারে নিশ্চল ইইয়া এতক্ষণ একই ভাবে ভাহার বাসাটির উপরে সে বসিয়া রহিল! হয় ত সে হিংপ্রস্থভাব; অসহায় কীটপতঙ্গকে ও বিজ্ঞাতীয় পক্ষিণাবককে সে চিরদিন নিক্ষ ভক্ষাবস্তুতে পরিণত করিয়া আপনার উদ্বর্গুর্জি করিতে ভালবাসিত; আজ সে

**ডিবঞ্চসব ও** পাথীর চলিত্র-পরিবর্ত্তন অত্যস্ত স্থেত্রপরবশ হইয়া তাহার গলাধ:কৃত আহার্য্য স্বেচ্ছায় উদগীরণ করিয়া শাবকের মুখে তুলিয়া দিতেছে! হয় ত সে ভীরুসভাবা:

সাধারণতঃ আত্মরক্ষার ■ সভয়ে মানুষের নিকট হইতে বহুদূরে বিচরণ করে; আজ সে একেবারে নির্ত্তীক ! তাহার আচরণ দেখিয়া কিছুতেই মনে করা যায় না যে, সে স্বভাবতঃ মানবভয়ভীতা; এখন মানুষ তাহার কাছে আসিতেছে; তাহার গায়ে হাত দিতেছে, হয় ■ তাহাকে তাহার বাসা হইতে উর্জে উত্তোলিত করিতেছে (২); কিন্তু

২। আমাদের পশ্চিগ্রমধ্যে পাথীর ডিম লইয়া এই অবস্থার আনেক একার মাড়াচাড়া করা হইরাছে। আমি নিজে লক্ষ্য করিয়াছি বে, কেনেরি (Canary) পাথী বধন ডাছার ডিমে তা দিতে থাকে, তখন ডাহার গাত্র শর্প করিলেও দে সমুচিত হর না; এমন কি তাহাকে হাতে করিয়া ধরিয়া তুলিয়া লইবার উপক্রম করিলেও দে সেই ডিক পরিত্যাধ্

ক্রিছতেই তাহাকে বিচলিত করিতে পারিতেছে না। পুংপক্ষী স্থাধ্যত জাহাকে চঞ্পুটের সাহায্যে আহার যোগাইতেছে; সর্বদাই গান গাহিয়া তাহার মনোরঞ্জন করিতে প্রয়াসী রহিয়াছে। উভয়ের এই যে সাধনা, ইহাতে বিশ্বপ্রকৃতির উদ্দেশ্য সাধিত হইয়া থাকে বটে ; ইহার পশ্চাতে যে নিগুড় শক্তি যবনিকার অন্তরালে প্রচ্ছন্ন থাকিয়া বিহগ্যুগলের দাম্পত্যলীলায় এইভাবে ক্রিয়া করিতে থাকে, তাহাকে Instinct বলিতে হয় বলুন;—হয় ত Instinct বলিয়া তাহার পরিচয় দিবার যথেন্ট কারণ এক্ষেত্রে বিভামান রহিয়াছে। বোধ হয় ুএই Instinct তত্ত্ব কৃতক্ট। মানিয়া লইলে পক্ষিক্সীবনের এই ডিম্ব-ঘটিত আর একটি কৃট সমস্তার সমাধানের কিছু বিচারশান্তি ও পরভূথ-রহস্ত স্থবিধা হইতে পারে ;—সেই parasitism বা পরভূৎ-রহস্তের কথা এইখানে স্বতঃই আসিয়া পড়িতেছে। পাঠকের ম্মরণ থাকিতে পারে যে আমি পাষীর এই তথাকথিত Instinct সম্বন্ধে পূর্বের কিঞ্জিং আলোচন। করিয়াছি। নূতন করিয়া সে বিষয়ে ্রথন বিশেষ কিছু বলিবার পূর্বেব নূতন পরিবেইটনীর মধ্যে পক্ষি-জীবনের এই অভিনব রহস্ত সম্বন্ধে সাধারণতঃ যে সকল ঘটনা অবলম্বন করিয়া পক্ষিভত্তবিদ্গণ কার্য্যকারণ-নির্ণয়ে প্রায় একমত হইয়াছেন, সেইগুলির কিঞ্ছিৎ আলোচনা আবশ্যক।

আলোচনার বিষয় এই যে, ডিম্ব প্রসবের পর পক্ষিণী বিচারশক্তি-হীন কলের পুতৃলের মত, ইচ্ছাশক্তিবিরহিত automaton এর মত কাজ করে কি না ? এ সম্বন্ধে পক্ষিত্তস্ববিদ্গণের মধ্যে যথেষ্ট মত-জেদ আছে। তাঁহারা সকলেই হয় ত পাখীর instinct গোড়া

করিয়া,পলায়নের চেষ্টা করে না। এতঘাতীত তাহার আসল ডিষটি সরাইয়া লইবার তাহাকে, উঠাইয়া একটা নকল ডিম্ম তথার স্থাপিত করিয়া পানীটাকে, ছাড়িয়া দিয়া দেখিয়াছি যে, সে সেই জাল ডিম্মটিকে সবলে আকিড়াইয়া ধরিয়া-তত্পরি উপবেশন পূর্বক ছাড়াতে তা দিতে থাকে।

হইতেই স্বীকার করিয়া লইতে প্রস্তুত আছেন; কিন্তু স্বব্দা-বিশোষে পার্থী যে মাত্র একটা যন্ত্র-বিশেষে পর্যাবসিত হইয়া শুধু automaton এর মত ক্রিয়া করিয়া থাকে, ইহা ভারতীর সিভিল সার্বিসের স্থনাম-খাত ডগ্লাস্ ডেওয়ার (Douglas Dewar) প্রমুখ বিহঙ্গতন্ত্রেরা করেরা প্রচার করিলেও, ভাহার বিচারলক্তি অথবা Reasonএর একান্ত অভাব সন্থাকে সন্দেহ করিবার প্রচুর কারণ বিভ্যমান আছে। সকলেই জানেন যে, কাকের বাসায় কোকিল ডিম রাখিয়া বায়; কোকিলের ডিমটি আয়তনে এত ছোট যে ভাহা কর্বনই কাকের ডিম বিলিয়া ভ্রম জন্মাইতে পারে না। উভয়ের বর্ণ-বৈষ্মাও (৩) অত্যান্ত প্রকট। ভূমিতলে অগু প্রসেব করিয়া সেই সন্তঃপ্রস্তুত্র ক্রম অগ্রিটিকে চঞ্চপুটে (৪) ধারণপূর্বক পক্ষিণী বায়সকুলার সমীপে উপিছিত হয়; প্রাক্ষীটিও ভাহার সহগামী ইইয়া থাকে। উভয়েই জানে যে, কাকের বাসায় কোকিলের ডিম রাখা সন্থকে বায়সপ্রবিহরর ছোরভর

<sup>া</sup> কাক এবং কোকিল উভরেরই ডিলে পিকলবর্ণের আভা বিহার। ব পাকিলেও, দেখিতে বারসভিষ্ট ঈবং নীলবর্ণ এবং কোকিলের ডিল সব্দ বর্ণ। কাকের ডিল অপেন্দা কোকিলের ডিল আরতনে যথেই ছোট। সাধারণতঃ উভরের ডিলে এই বর্ণবৈশ্বর পাকিলেও প্রথম পাকিলেও প্রথম পাকিলেও প্রথম পাকিলেও প্রথম পাকিলেও প্রথম পাকিলেও প্রথম পাকিলেও করিরাছিলেন বে, বে পক্ষীর কুলারকে কোকিল্ল আপনার ডিল সংস্থাপনের উপযোগী মনে করে, সেই পক্ষীর ডিমের বর্ণের অনুন্তন ডিল প্রমান্ত প্রথম পার্কির ক্রার্ড । এই ধারণা যে একেবারে আন্ত এবং সন্পূর্ণ অনুন্তন, তাহা আধুনিই যুগের বৈজ্ঞানিকপণকর্ত্ক স্থিরীকৃত হইরাছে। কোকিল পাণী কাক অংগকা অধিকতর ক্রাব্যর পক্ষীর নীজেও ক্রিথানত ডিম রাখির। আনে; বর্ণ বা আকার বৈব্যো কিছু অংশে বার না, তাহা সে বেশ স্থানে।

It is now proved up to the hi!t that the female Cuckoo first lave her egg upon the ground, and carries it in her bill (not in her zygodactyle foot, as was for so long supposed) to the selected nest. • \* Cuckoos have been shot carrying their own eggs in their bills.

<sup>-</sup>W. Percival Westell's The Young Ornithologist, p. 185.

সাপত্তি আছে; কাক কখনও সজ্ঞানে কোকিলকে ভাহার নীড়ের শধ্যে ডিম্বটিকে রাখিতে দিবে না। কোকিল তাহার বাসার সম্মুখে আসিয়াছে দেখিলেই সে ভাড়া করিয়া যায়। পুরুষ কোকিল অগ্রসর হেইয়া নীড়রক্ষক বায়সের সম্মুখীন হয় ; ক্রুদ্ধ কাক ভাহার পশ্চাদ্ধাবন করে; এই অবসরে স্ত্রী কোকিল সেই নীড়ের মধ্যে কাকের ডিমের शांट्य निटकत फिमछी अयटक त्राथिया निया हिल्या गांत्र। थानिक शद्म কাক কিরিয়া আসিয়া নীড়স্থ সমস্ত ডিমগুলিতেই তা দিতে থাকে,---একটা ডিম যে বাড়িয়া গেল এবং সেটা যে সম্পূর্ণ ভিন্ন জাতীয়, 📖 সম্বন্ধে তাহার মনে কোনও ধোঁকা লাগেনা। প্রকৃতির লীলাকুঞ এই य পাধীর লুকোচুরি খেলা, বংশ্রকার জন্ম বৈরীর আলয়ে কোকিল-দম্পতির কাককে ফাঁকি দিয়া এই যে ডিমটি রাখিয়া আসা. এই প্রকাপ্ত রহস্থময় ব্যাপারটি পর্য্যালোচনা করিলে কি কেবলমাত্র অন্ধ instinct এর ক্রিয়া-প্রতিক্রিয়া ব্যতীত আর কিছুই আমরা উপলব্ধি করি না ? শুধু অর্কস্থা অর্ক-জাগ্রত অন্ধ instinct বহুমুগ ধরিয়া একটা বিহঙ্গ জাতিকে রক্ষা করিয়া আসিতেছে ? অনেক গবেষণার পর instinct-পক্ষপাতী ডেওয়ারকেও স্বীকার করিতে বাধ্য হইডে হইয়াছে যে, পাধীর এই সহজ-বৃদ্ধিও সীমাবদ্ধ; তাহাকে অতিক্রম করিয়া তাহার বিচারশক্তি (intelligence) অনেক সময়ে কাজ করিয়া থাকে ;—there is apparently ■ limit to the extent to which intelligence is subservient to blind instinct (a)

পরভূৎ-রহস্তের প্রথম ঘটনার উল্লেখ করিয়াছি,—ফাঁকি দিয়া পরের বাসায়, শত্রুর বাসায় ডিমটিকে রাখিয়া জাসা। মাঝে মাঝে কোকিল আসিয়া কাকের ডিমগুলিকে নীড় হইতে ফেলিয়া দেয়, হয়'ত সেইস্থানে আরও চুটো একটা নিজের ডিম রাখিয়া যায় ( তাহার

e | Birds of the Plains by Douglas Dewar, p. 116.

পূর্বের রক্ষিত ডিমটিকে অবশুই সে স্থানচ্যুত করে না); অনেক সমরে মাসুবেও কাকের ও কোকিলের ডিম লইয়া অদল বদল করিয়া কাকের স্থভাব-বৈচিত্র্য পরীক্ষা করিয়া থাকে; এমন কি ডিমের পরিবর্তে golf ball রাখিয়া আসে (৬); পাখী নির্বিকার চিতে কোনও সক্ষেহ না করিয়া সেই কন্দুকের উপর উপবেশন করিয়া ভা দিতে থাকে। ডগ্লাস্ ডেওয়ার এই সমস্ত ঘটনা স্বচক্ষে দেখিয়া পাখীর বিচার-বিমৃত্তা সম্বন্ধে স্থির-নিশ্চয় করিয়া বসিয়া আহেন বটে; কিন্তু তিনি ইহাও লক্ষ্য করিয়াছেন যে, পাখীকে ঘতটা মৃত্ বলিয়া মনে হয় ঠিক সে ভতটা নহে;—অনেক সময়ে সে অ্য়াচুরি ধরিয়া ফেলে;

৬। ডিব্রসংব্র পরকণ হইতে পাণী বিচারশক্তিহীদ কলের পুতুলের 💵 কার্য্য ৰৱে, এই ৰভেন্ন পোৰ্কতার প্ৰমাণ্লকণ D. Dewar কেন্দ্ৰার কাক্ষে সহিত্ত কোকিলের ধেলা ধেলিয়াছেন ৷ বিহল্পলাতির মধ্যে কাক যে অত্যন্ত বৃদ্ধিশালী, ভাহা বৈজ্ঞানিকগণ যাধ্যত করিলাছেন। এই তীক্ষবৃদ্ধি কাকের বৃদ্ধির দৌড় কতদুর, তাহা পরধ করিবার নিমিত্ত কাক্ষের বাসায় ডিব্সদুশ নামা তথ্য ছাপুন করিয়া, তাহার পরীকার 🚃 এইরুপে णिशियक कत्रिवाद्धन, "In all, I have placed six Koel's eggs in four different crow's nests and... .....in no single instance did the trick appear to be detected." আর একটি কটিন পরীকার কল তিনি এইরপ প্রাপ্ত হইরাছিলেন। একট বৃহৎ মুরগীর ডিম্ব তিনি বারসনীড়ে সংস্থাপন করিলেন। বারসক্ষে সর্ক্রমেন্ড এই বৃহৎ ডিম্বট লইয়া ছন্ট ডিছের উপর তা দিতে হইয়াছিল। নিরুবিগুচিত্তে বারসপদ্ধী তা দিতে কাগিল। বৃহৎ ডিখ হইতে বধন বাচহাটি বাহির হইল, তথন বারসদম্পতির কোথের সীমা রহিল না। Dewar লিখিভেছেন, "With angry squawks, the scandalised birds attacked the unfortunate chick, and so viciously mill they peck at it that it was in a dying state by the time my climber reached the nest." অতঃপর তিনি একটা golf-ball লইরা অপর একট নীড়ে স্থাপনপূর্বক পর্যাবেক্ষণ করিতে লাগিলেন বে বারসন্ত্রী তাহার অপর ডিখগুলির সহিও golf-ballbe ত। দিতে লাগিল। কিন্ত আর এক ছলে তাঁহার উক্তরণ কলা পাধিটি ধরিয়া কেলিল এবং উহাতে 💻 দিকে द्राञ्जो २३० न।।

<sup>-</sup>Playing Cuckoo by D. Dewar,
(Birds of the Plains, pp. 111-115).

আল-ডিমের উপর হয় ত বসিতে রাজি হয় না, নয় ত ডিস ফুটাইয়া বিজাতীয় পক্ষিপাবককে সংহার করিয়া কেলে। এই সমস্ত রহস্তময় ঘটনার সমাবেশ দেখিয়া ঠিক করিয়া বলা কঠিন যে, পাখীর সহজ্ বুন্ধির দৌড় কভদূর; আর কোগায় এবং কখন ভাহার বিচারশক্তি জাগ্রভাবে ক্রিয়া করিতে আরম্ভ করিল, ইহাও নির্ণয় করা ব

কোন্দূর অতীতে কোন্ এক অখ্যাত দিবসে বিহল্পীবনে এই পরভূৎ-রহস্থের প্রথম সূচনা হইয়াছিল, প্রকৃতির রঙ্গমঞ্চে সেই বিচিত্র রহস্ত-যবনিকা আজও পর্যান্ত উত্তোলিত হয় নাই। একটা পাখীকে বাঁচাইবার জন্য লীলাময়ী প্রকৃতি কেন যে এই খেলা খেলিলেন, এবং কবে ইহার আরম্ভ, ইহার তম্ব এখনও—'নিহিতং গুহায়াম্'। নিশ্চয়ই वर्ष यूग धरिया वर्भशिवन्शिय काकिल এইक्रांश जाशनारक वाँ। इया আসি।তছে; এই অভ্যাসটা যে ইহাদের মজ্জাগত, ইহা স্বীকার করিয়া লইলেও, ঠিক করিয়া বলা কঠিন, কি অবস্থায় এই অভাাসের সূত্রপাত হইল। অনেক সময়ে দেখা গিয়াছে যে, এক জোড়া পাখী তরুকেটেরে অথকা বৃক্ষ-শাখার পক্রান্তরালে বধারীতি নীড় নির্মাণ করিয়া ত্মধ্যে সম্তর্পণে নিজেদের সদ্যঃপ্রসূত ডিমগুলি রকা করিছেছে; এমন সময়ে আর এক জোড়া অপর জাতীয় অধিক বলশালী পাখী আপনাদিগের নীড়োপথেয়ারী স্থানের: অস্বেগণে তথায় উপস্থিত হইয়া নীড়স্থ বিহঙ্গযুগলকে তাড়াইয়া দিয়া সডিম্ব সেই নীড়টি অধিকার করিয়া বসে। আমার পক্ষিগৃহ মধ্যে পক্ষিজীবনের এই বিচিত্রলীলা অনেকবার দেখিয়াছি। এক জোড়া (Ribbon Finch) একটা নারিকেল মালার মধ্যে বাসা ভৈয়ার করিয়া ঘরকন্না করিতে লাগিল, যথা সময়ে স্ত্রী-পক্ষীটি ডিস্ক প্রাসবঞ্জ করিল। এমন সময়ে সেই পক্ষিগৃহের অভ্যস্তরস্থ একতা সংরক্ষিত নানা পক্ষীর মধ্যে এক কোড়া সাদা রামগোরা (Java sparrow)

जरूजा (जरे नाबिक्त मानाधित প্রতি কাক্ষ হইয়া किश्व-मिश्नरक ্নীড়চাত ক্রিল। সেই মালাটির সম্ধ্য এখন তাগারা গৃহস্থানী , আরম্ভ করিয়া দিল। প্রত্যুহই আমি তাহাদের জীবন-রীতি লক্ষ্য क्रिडिक्शिम ; দেখিলাম ভাহার। যথাসময়ে ডিম পাড়িল। কিছুদিন পরে দেখা গেল যে, তৃটি ডিম ফুটিয়া তুটি বিভিন্ন জাতীয় পকিশাবক বাহির হইয়াছে,—একটি লাদা রামগোরার বাচ্ছা, অপরটি ধৃদর কিঞ্চ-শাবক। মজা এই বে, ধাড়ি রামগোরা পকিণীটি অগভ্য-'নির্বিশেষে উভয়কেই লালন করিতে লাগিল। এইরূপ ঘটনা বিরল নতে। আবদ্ধাবস্থায় পক্ষিগৃহমধ্যে পিদ্ডি মুনিয়া (Indian silverbill ) জাপানী মুনিয়া কর্তৃক আক্রাস্ত হইয়া নীড় ছাড়িয়া পলাইতে ৰাধ্য হয়। নীড়চুত মুনিয়ার পরিত্যক্ত ডিশ্বগুলিকে তাহার জাপানী জ্ঞাতি স্যত্নে ফুটাইয়া ভোলে। শুধু কৃত্রিম পক্ষিণ্ড মধ্যে আবদ্ধা-বস্থায় যে এইরূপ ঘটিয়া থাকে ভাহা নয়; মুক্ত প্রকৃতির লালাকুঞে একের নাসা অভ্যে ক।ড়িয়া লয়,—কাঠ্ঠোক্রার নাসা সালিকের অধিকারে আসে, pheasant ও তিতির পরস্পরের বাসা অধিকার করিয়া পরস্পারের ডিম্বে ত। দেয়, তালচপুর বাসায় চড়াইয়ের আবির্ভাব হয়। এই বিরোধকে আমরা স্বীকার করিয়া লইতে প্রস্তুত আছি; অতি প্রাচীন যুগ হইতে এই দ্বন্দ-কলহ পক্ষিজগতে চলিয়া আসিতেছে, অথচ ইহারই ভিতর দিয়া পাশীকে আত্মরক। করিবার উপায় আবিফার করিতে হইয়াছে; যে পাখী সতুপায় অবলম্বন করিতে পারে নাই, সে লুপ্ত হইয়াছে। যে দিন পক্ষিপস্পতী প্রথম ্দেখিল ধ্য, অপরে ভাহার পরিত্যক্ত ডিমটিকে স্বত্নে রক্ষা করে, ্ষেই দিন হইতে তাহার। পরের উপর নির্ভর করিতে শিথিল। কালক্রমে ডিম্ব-প্রসবের পর তাহা ফুটাইয়া তোলার অভ্যাসটুকু পর্যাস্ত তাহাদের নষ্ট হইয়া গেল;—পক্ষিজীবনের এই বিচিত্র biologic processএর মধ্যে পরভূৎ-রহস্ত বংশ-পরস্পরায়

(वन कित बहुरा बाजाहरू। दिखानिक उद्यक्तिकाञ्चत निक्टी रग = । रहारे लिय कथा नरह; रेहा এकটा theory মাত্র; কিন্তু অস্থাস্থ বৈজ্ঞানিক ব্যাপারের মত 🕮 একটা theoryর আশ্রয় না লইলে আপাতত: এই জটিল ব্যাপারের ব্যাখ্যা সম্ভবপর 💶 না। একজন পক্ষিতস্থবিদ্ লিখিতেছেন (৭)---We not course presume that parasitism may be the retained habit of some ancestral form of the species practising it at the present time, and acquired during conditions of existence of which we can have no possible conception now a days. We also suggest in its explanae tion that the habit may have prevailed more widely during earlier epochs of avine existence. The fact that every detail and condition of the habit is marvellously perfect to suggest its long-continued duration. শার একজন লিখিডেছেন (৮)—Just ■ it is conceivable that in the course of ages that which - driven from its home might thrive through the fostering of its young by the invader, and thus the abandonment of domestic duties would become a direct gain to the evicted house-holder; so the bird which through inadvertence or through any other adopted the habit of casually dropping her eggs in a neighbour's nest, might thereby a profitable inheritance for endless generations of her off-spring. এম্বলে বলা আবশ্যক যে, ধাড়িরা কর্ত্তব্য-পালনে পরামুখ হইরা এই পরভূৎ-জাতির স্বস্থি করিল কিনা সে । যথেষ্ট মতভেদ আছে। কেছ কেছ বলেন যে, এ বিষয়ে সর্ব্বপ্রথমে বোধ হয় পক্ষিশাবকই

<sup>91</sup> Charles Dixon in Bird's nests, p.

Alfred Newton in his Dictionary of Birds, p. 634 ( Nidifiction ).

দায়ী। একদিন সে অসহায় অবস্থায় কোন গহন কাননে অথবা মরু-প্রাস্তবে তাহার নিষ্ঠুর মাতা কর্তৃক পরিত্যক্ত হইয়াছিল; সেই অসহায় অবস্থায় আর একটা ভিল্লকাতীয় পাধী দ্যাপরবশ হইয়া ভাহাকে অপভ্যনির্বিশেষে লালন করিতে লাগিল। কিছুকাল পরে সে তাহার ধাত্রীর আবাস হইতে উড়িয়া চলিয়া গেল। সে যখন আবার কালক্ৰমে জনক অথব। জননী হইয়। কোনও কারণে নিজ নীড়ে ডিম ফুটাইবার স্থবিধা পাইল না, তখন হয় 'ত নিজের শৈশব-কথা স্মরণ করিয়া যে-পাখীর কাছে আদর যত্ন পাইয়া অভ্যস্ত নিরুপায় অবস্থায় লালিত ও বর্দ্ধিত হইয়াছিল, সেই জাতীয় পাখীর কুলায়ে ডিস্বটি রাখিয়া আদিলে তাহা সযত্নে রক্ষিত হইবে এই স্থির করিয়া হয় 'ত সে স্বেচ্ছায় পরের বাসায় নিজের শাবক ফুটাইয়া লইতে আরস্ত করিল। ইহাঁরা বলেন যে, সম্ভবতঃ parasitismএর ইভিহাসের গোড়ার সঙ্গে বোধ হয় এমনই করিয়া পাখীর শৈশব-স্মৃতি জড়িত হইয়া আছে। ইহাও একটা theory মাত্র। এখানেও দেখা যাইতেছে যে, একটা বড় 'হয় ড' রহিয়া গেল। উপায় নাই; কারণ এ সম্বন্ধে বৈজ্ঞানিক হিসাবে শেষ পাকা কথা এখনও বলা যায় না।

### পাখী-পোষা

(8)

পাখীর নীড়-রচনার কথা অলোচনা করিতে করিতে আমরা পরভূৎ-রহস্তের অবভারণা করিতে বাধ্য হইয়াছিলাম; কিন্তু এখনও পাখীর বাসা সম্বন্ধে আমাদের বক্তব্য শেষ হয় নাই। পক্ষিপালক বাসার আধারের ব্যবস্থা করিয়া খড়কুটা প্রভৃতি উপাদান যোগাইয়া দিয়া, এমন কি সময়ে সময়ে নাড়-নির্ম্মাণে পক্ষিদম্পতির ভ্রমসংশোধন করিয়া কেমন করিয়া উহাদের ডিম্বরক্ষার সহায়ভা করেন ভাহার নীড় পরিদার রাধার জন্ম কিঞ্চিৎ আভাস আমরা পূর্বের দিয়াছি। কিন্তু পক্ষিণালকের চেটা গাখীর অনেকে হয়ত' মনে করিতে পারেন যে নিস্ক্রি বভাবের বিরোধী কি নাং

মানুষ কিছু বাড়াবাড়ি করে। প্রভাহ যত্নসহকারে সে যেমন করিয়া বাদাটি পরিপাটিরূপে গুছাইয়া পরিক্ত রাখিতে চেষ্টা করে, বাস্তবিক স্বাধীন অবস্থায় বস্থা বিহঙ্গ কি তার স্বর্গতিত নীড় তেমন করিয়া গুছাইয়া পরিক্ত রাখিতে পারে ? যাঁহারা বিশেষ-ভাবে পাখীর কার্য্যকলাপ স্থত্নে নিরীক্ষণ করিয়াছেন তাঁহারা অতি সহজে ইহার সভ্তর দিতে পারিবেন। হয়ত' সে উত্তর শুনিয়া সাধারণ লোকে বিশ্বিত হইবে; এবং পাখীর বিচার-শক্তি আছে কি না সেই প্রশ্ন যুরিয়া ফিরিয়া আবার এক্ষেত্রে আসিয়া পড়িবে। পাখীর বাসা স্থানর কি অস্থানর, সেইটাই স্বচেয়ে বড় কথা নয়; বৈজ্ঞানিক তত্ত্বজ্ঞান্থ প্রধানতঃ লক্ষ্য করিবেন যে নীড় স্থানর হউক বা না হউক, উহা যে উদ্দেশ্যে রচিত হইয়াছে সেই উদ্দেশ্যসিদ্ধির জন্য সেটা সম্পূর্ণ উপযোগী কি না। এই উপযোগিতা বা utilityর

দিক হইতে বিচার করিতে বসিলে বিহক্ষজাতি সম্বন্ধে একটি নূতন শাস্ত্র গঠিত হইয়া উঠে; পশুত সমাজে তাহা caliology নামে পরিচিত। এস্থলে আমরা এই শাস্ত্রের বিশেষ বিবরণ বা ব্যাখ্যা দিবার প্রয়োজন দেখি না; শুধু এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে যে উপায়ে নীড় রচনা করিলে পক্ষিদম্পতির ও শাবকের জীবনরক্ষার অমুকৃল হইতে পারে, সাধারণতঃ দেখা যায় যে ঠিক সেই উপায় অবল্যিত হইয়া থাকে।

আমরা যে ছুইটি নূতন কথার অবতারণা করিলাম,—পাশ্বী নিজের বাসা পরিফার করে কি না এবং নিজের ও শাবকের জীবন

পাধীর সীয় বাদা রচনা প্রণালী কতদ্র উদ্দেশু-মূলক; পরিচছরতা এই উদ্দেশ্যের অ্তুক্ল কি না? রক্ষার উপযোগী করিয়া নীড় নির্মাণ করে কি না,—এই ছুইটি বিষয় স্বতন্ত্র ও বিচ্ছিন্নভাবে অলোচনা করিবার দরকার হয় না। দেখিবা-মাত্রই বুঝিতে পারা যায় যে পারিপার্শ্বিক অব-

স্থার সহিত মিলাইয়া উপযুক্ত উপকরণের সাহায্যে পাথী যে বাদাটি বচনা কবিয়াছে তাহা স্থান্দর অথবা কুৎসিত হউক তাহাতে কিছু আসিয়া যায় না; কিন্তু সেই বাসাটি যে তাহাকে এবং তাহার শাবককে নানা প্রতিকৃল শক্তি ও নিপদ আপদ হইতে রক্ষা করিবার উপযোগী সে বিষয়ে কোনও সন্দেহ থাকে না। শক্রার কবল হইতে আগ্রেক্ষা করিবার জন্ম যে বৃক্ষপত্রান্তরালে গোপনে নীড়টি প্রস্তুত করা হয়, সেই পাতার রংএর সঙ্গে নব-রচিত নীড়ের এমন আশ্চর্য্য বর্ণ সাদৃষ্য দেখা যায় যে ভাল করিয়া লক্ষ্য না করিলে মানবেতর জাতির 'ত কথাই নাই, মানুষই অনেক সময়ে বুঝিতে পারে না যে ওখানে একটা বাসা আছে। রূপের দিক দিয়া যে ক্রব্য ইক্রিয়গ্রাহ্য না হইয়া থাকে, গন্ধের সাহায্যে হয়ত' তাহাকে ধরা যায়, কিন্তু নৈস্বর্গিক রহস্য এই যে পাছে পক্ষিপুরীষের গন্ধ গাছের পাতার মধ্যে অথবা ভন্মিন্দ্র মাঠের হাদের উপরে গোপন নীড়টির সন্ধান প্রকাশ করিয়া

দেয়, সেই জন্ম বোধ হয় প্রকৃতির বিচিত্র বিধি-বিধানে পাখী নিজেদের পরিত্যক্ত পুরীষ বাসা হইতে সষত্বে এমন করিয়া সরাইয়া ফেলে যে ভাষা সমীপস্থ তৃণগুলোর উপরেও পতিত হয় না; স্থতরাং হিংশ্র শত্রু যে গন্ধের সাহায্যে কোনও প্রকারে ভাহার অনিষ্ট করিবে সে সম্ভাবনা বড় থাকে না। একটা বিশিষ্ট জাতিকে রক্ষা করিবার জন্ম বর্ণের ও গক্ষের এমন বিস্ময়কর সামপ্রস্ত বিহঙ্গতস্তবিৎ পণ্ডিতেরা অনেক দিন ধরিতে পারেন নাই। অনেকেই শুধু প্রশ্ন করিয়াই ক্ষান্ত হইয়াছেন যে রচিভ নীড়ের মধ্য হইতে পক্ষিপুরীষ কোথায় এবং কেমন করিয়া অন্তর্হিত হয় ? এইখানে অবশ্যুই পাঠককে একটু সতর্ক ইইতে ইইবে;—সব পাখীই বে নিজের বাসা ময়লা হইতে দেয় না বা বৃক্ষতলে পুরীষ নিক্ষেপ করে না এমন কথা আমি বলিতেছিনা। যে যে পাখী নিজেদের বাসা পরিকার রাখে ভাহারা অধিকাংশই passeres ও pici (১) শ্রেণীভুক্ত। ইহা সহজে অনুমান করা যাইতে পারে যে, যে সকল পাখার ছানা অন্মিবামাত্রই চলিয়া ফিরিয়া বেড়াইতে পারে অথবা যাহারা স্বভাবতঃ হিংস্র তাহাদের এমন করিয়া আত্মগোপন করিবার আবশ্যকতা নাই বলিয়া ভাহাদের এই রকম লুকোচুরি প্রায় দেখা য়ায় না। দেখা না ষাউক, কিন্তু হিংস্রে পাখীগুলা সাধারণতঃ নিজেদের বাসা পরিকার পরিচছন রাখে; ভাহাদের পরিত্যক্ত পুরীধ বাসার বাহিরে ভূমিতলে নিক্ষিপ্ত হয়। এক্ষেত্রে এমন কোনও আশকা থাকে না যে পুরীষগন্ধ অনুসরণ করিয়া কোনও আততায়ী তাহাদিগকে ধ্বংসের ভয় দেখাইতে পারে। পূর্বোক্ত passeres জাতীয় পক্ষী ষে চঞ্চপুট সাহায্যে ময়লা স্থানা-

১। পশিকাভির মধ্যে বেশী ভাগই passeres সংজ্ঞাভুক ; নানা বৈচিত্রা ও বৈষ্যা সত্তে সং passeres পানীর পারের অঙ্গুল-পরিচালক পেশীগুলির লক্ষ্ণ একই রক্ষের ; মূর্দ্ধণা অধিব লক্ষণেও বৈশিষ্টা দ্বা বার কাক, মরনা, সালিক, কৃষ্ণগোর্ল টুন্টুনি প্রভৃত্তি প্রার হাজার রক্ম ভারতীয় পক্ষী এই বিহাগে আসিরা পড়েও চালা বর্গীর অভ্যু পক্ষি বভাগের মধ্যে সকলের অবরবৈও একটা বিশিষ্ট লক্ষণ দৃষ্ট হয়। আসাদের পরিচিত কটিঠোক্রা আতীয় পানী চাটো সংজ্ঞাভুক।

ন্তরিত করে ইহা মার্কিন প্রাণিতত্ত্বিৎ এফ্ হেরিক্প্রমুখ পণ্ডিতগণ লক্ষ্য করিয়াছেন। শাবককে খাবার খাওয়াইবার পরেই ঘড়ির কাঁটার ন্যায় নিয়মিতরূপে প্রত্যেকবারই ধাড়ি পাখীগুলি কর্তৃক এই কার্য্য স্থাসপন্ন হইয়া থাকে। যাহারা নিজের বাসা ময়লা করিয়া থাকে সেই সমস্ত পাখীর মধ্যে কাহারও কাহারও পুরীষ আবার তাহাদেরই কাজে লাগিয়া যায়; পারাবতপুরীষ তাহার কাঠিকুটি-নির্মিত বাসাটিকে শিথিল হইতে দেয় না, গাঁথুনিটাকে যেন শক্ত করিয়া রাখে।

এই প্রসঙ্গে কেনেরি পাখীর উল্লেখ করা বাইতে পারে। পক্ষি-পালকমাত্রেই অবস্থাবিশেষে এই passeres জাতীয় পাখীটিকে লইয়া কিছু বিব্ৰত হইয়া পড়েন। সাধারণতঃ আমাদের পক্ষিগৃহ মধ্যে (aviary) তাহার 📉 যে নীড় রচিত হইয়া থাকে তন্মধ্যে অসকোচে সে ডিম্ব প্রাসব করে। এসম্বন্ধে এম্বলে অস্ত **কি**ছু আলোচনা আবশ্যক নয়, কেবল এইটুকু জানা দরকার যে ধাড়ি পাখীটা ডিমের উপর বসিয়া প্রায় এক পক্ষ তা দিতে থাকে। এই অপেকাকৃত দীর্ঘকালের মধ্যে তাহাকে প্রায় স্থানচ্যুত হইতে দ্বো যায় না; ভজ্জ্ম বাসাটা ষে কিছু ময়লা হয় না বা ভাহাতে কুদ্ৰ क्ष की वे कित्र आविकीय इस ना अभन वला यास ना। फिन्न श्रमत्वन्न দশ বার দিন পরে, যখন আমরা বুঝিতে পারি যে ডিম ফুটিয়া শাবক বাহির হইবার বড় বেশী দেরি নাই, তখন অতি সাবধানে সেই aviaryর মধ্যে অপর একটি নবরচিত বাসায় সেই ডিমগুলিকে স্থানান্তরিত করা হয়। এই নুতন বাসাটি অবশ্যই আমরা ইতিমধ্যে উপযুক্ত উপকরণ সাহায্যে প্রস্তুত করিয়া রাখি এবং পুরাতন ময়লা বাসাটা সরাইয়া ফেলিয়া সেইখানে ইহাকে স্থাপিত করি। এইরূপ করার অভিপ্রায় এই যে ষথাসম্ভব পরিষ্কার পরিচ্ছন্ন নীড়ে পক্ষি-শাবক জন্ম গ্রহণ করিছে পারে। এই নৃতন পরিবেম্টনীর মধ্যে

তাহার জীবনরক্ষার অনুসূল সমস্ত ব্যবস্থাই থাকে; যাহাতে তাহার প্রাণসংশয় হইতে পারে,—কীটাদি অথবা তুর্গন্ধ পুরীষাদি—ভাহা আদে সেখানে থাকে না। এই খানেই কিন্তু আমাদের রক্ষণাবেক্ষণ শেষ হইল না। প্রথম প্রথম কয়েক দিন অন্তরে এই নবপ্রসূত শাবকগুলিকে আবার নূতন নূতন বাসায় রাখিয়া দিতে হয়। শুধু य आमत्रारे छारापित वामा পরিকার রাখিবার জন্ম চেষ্টা করি, ধাড়িগুলা কিছু করে না, এরূপ মনে করিলে ভুল হইবে। কারণ দেখা যায় নীড়াভ্যস্তরে যদি একটি শাবক কোনও কারণে মরিয়া যায়, তাহা হইলে দেই ধাড়ি পাখাটা আপনার চঞ্জ-সাহায্যে সেই শবদেহটাকে নীড় হইতে বাহিরে ফেলিয়া দেয়; একটুও কাল-বিলম্ব করে না, কারণ তাহা হইলে হয় 'ত বাসাটি দূষিত হইয়া উঠিতে পারে। ইহাকে instinct বলিতে হয় বলুন; reason বলিয়া স্বীকার না করেন ক্ষতি নাই। কিন্তু ইহা স্বীকার করিতেই হইবে যে পাক্ষজাতি স্বভাবতঃ পরিকার পরিচছন্ন হইয়া থাকিন্ডে ভালবাসে; এত ভালবাদে যে শুধু বাসাটি পরিশার থাকিলেই ষে চলিবে ভাহা নহে; তাহাদের নিজের সমস্ত অঙ্গপ্রভ্যঙ্গ পরিপাটিরূপে পরিষ্কৃত রাখিবার চেফী তাহাদের মধ্যে লক্ষিত হয়। প্লিতভ্বিৎ ফান্ক ক্ষিন্ অনেক প্রশাবেক্ষণ করিয়া এমন কভকগুলি বিষয় জানিতে পারিয়াছেন ধাহা আমাদের বিশ্বায় উৎপাদন করিতে পারে।

পাখীর যে বিলাস-বিভামের দিকে বোঁক আছে, সে যে গাত্র
মার্জনা করিয়া প্রসাধনের চেন্টা করে, জলাশয়ে সন্তরণ করিয়া কিন্তা
ভুব দিয়া অথবা জলবিন্দুসম্পাতে আপাদগাধীর প্রসাধন প্রবৃত্তি
ভাগার উপকরণাদি
ফারক সিক্তা করিয়া গায়ের ময়লা দূরীকংণের বাবায়া করে, ইহা হয়'ত সাধারণতঃ
আমাদের নয়নগোচর হইয়া থাকে। বালুকাসংঘর্ষে কোনও কোনও
পাথীর গাত্র উজ্জল ভাব ধারণ করে; ইহাও আমাদের অজ্ঞাত নহে।

কিন্তু সে যে নিজ দেহের প্রসাধনকল্পে একটা গোপন পেটিকাভ্যস্তর হইতে মস্ণ তৈলের মত পদার্থ বাহির করিয়া চঞ্চপুট সাহায্যে প্রত্যেক পতত্রের উপর দিয়া বুলাইয়া যায়, পালকগুলিকে অঙ্গবিস্তর টানিয়া ভাহাতে অতি যত্ন সহকারে ঐ স্নিশ্ব প্রলেপ লাগাইয়া দেয় এ তত্ত্ব কয়জনে অবগত আছেন ? কোনও কোনও বিহঙ্গের অস-মার্জ্জনার জন্ম আবার প্রকৃতিদত্ত "টয়লেট পাউডার" ও চিরুণীর ব্যবহার দেখিতে পাওয়া যায়। Powder-puff পালকের মধ্যেই স্বতঃ প্রস্তুত হইয়া থাকে, আর ঐ চিরুণীটি পদনখসালিখ্যে গুপ্ত থাকে: আর ঐ স্নেহ-পদার্থটি পুচ্ছমূলসমীপস্থ একটি glandমধ্যে সঞ্চিত থাকে। ফ্রান্ক্ ফিন্ বলেন যে এক হিসাবে পাখী পশুর চেয়ে শ্রেষ্ঠ ;—সে গাত্রমার্জ্জনা করিবার অভিপ্রায়ে স্থান করিবার আব-শ্যকতা অমুভব করে, কোনও পশু তাহা করে না (They are the only creatures which bathe for cleanliness' sake; beasts may lick themselves or wallow luxuriously for pleasure-in mud as readily as in water, or often more so-but deliberate washing in water is purely a bird custom.)। মানবেতর বিহঙ্গজাতি যে এমন করিয়া সর্বতোভাবে নির্মাল থাকিতে ভালবাসে এবং তজ্জন্য উপযোগী উপকরণ সকল প্রকৃতির নিকট হইতে আদায় করিয়া লইয়া প্রফুল্ল-চিত্তে জীবন যাপন করিতে পারে, এ তত্তুকু না জানিয়াও মামুষের সঙ্গে পাখীর ঘনিষ্ঠ সম্বন্ধ অনেক দিন হইতে দাঁড়াইয়া গিয়াছে।

এখন আবার সেই নীড় ও নীড়স্থ পক্ষিমিথুনের ইতিহাস-সূত্র অবলম্বন করিয়া আরও কয়েকটি জ্ঞাতব্য বিষয় পাঠকের সমা উপস্থাপিত করিব। প্রাঙ্মিথুন লীলা ও পক্ষিমিথুনের গার্হস্থা-জীবনের প্রথম পর্বব সম্বন্ধে অনেক কথা বলা হইল। যথা সময়ে ডিম্ব প্রসূত হইলে বিহল্পীবনের আর একটি রহস্তময় তথ্য আলোচনার বিষয়ীভূত হইয়া পড়ে। এমন অনেক পাখী আছে বাহারা ক্রমে ক্রমে দিনের পর দিন একটি একটি করিয়া ডিম পাড়িয়া থাকে; মনে করন একটি, তুইটি, ভিনটি, চারিটি ডিম পরে পরে পাওয়া গেল;—একই দিনে নয়; প্রথমটি ও শেষটির মধ্যে ৮-১০ দিনের অতিরিক্ত কালের ব্যবধান থাকিতে পারে। এমন অবস্থায় সকল দিক বিবেচনা করিয়া পক্ষিগৃহস্বামীর কর্ত্তব্য কি ? বদি পর্য্যায়ক্রমে ডিম্ব প্রসূত হইমামাত্র প্রত্যেকটি তা দিয়া ফুটাইয়া তুলিবার ব্যবস্থা করা হয়, তাহা হইলে ক্রকটা স্থবিধার এবং অনেকটা অপ্রবিধার সন্তাবনা থাকিতে পারে। হংস্ক্রাতীয় পক্ষীর কিন্তু স্থবিধাই বেশী; এক একটি ডিম হইতে পক্ষিশাবক নির্গত হইয়া অপেক্ষাকৃত স্বাধীনভাবে গোড়া হইতেই থাত্যের সহিত পরিচরসম্বন্ধ স্থাপিত করিতে পারে, জনক কননীকে সকলে মিলিয়া খাভ্যের জন্ম বিপন্ন করিয়া ভূলে না, বন্ধিও ধাড়ি পাথীগুলা এই অসহায় শাবকগুলির সকল পাধী আমাদের ক্রত্তিম পক্ষিগৃহহের মধ্যে তিন চার দিনে সর্ব্ব সমেত তিন চারটি ডিম পাড়িয়া

পাধীয় সৰ ডিসঞ্জী হুইডেএকই আনহাহাতে শাৰক বাহির হন সেজভ প্ৰিপালক কি উপার থাকে, ভাহাদিগকে আসরা পূর্বাপর অও-গুলির উপর দিনের পর দিন বসিভে দেওয়া সমীচীন বোধ করি না, কারণ ভাহা হইলে একই দিনে সব কয়টা ডিম হইতে শাবক নির্গত

ইইবার কোনও সন্তাবনা থাকে না; এবং সেরপ ব্যবস্থা না করিতে পারিলে যে শাবকটি অণ্ড ইইতে প্রথম বাহির ইইবে সে আহার্যা লাইয়া এমন গোল বাধাইতে পারে যে পরবর্ত্তী সন্তঃপ্রসূত শাবকগুলিকে বলপ্রয়োগে পিতৃমাতৃপ্রদত্ত খাত্ত ইইতে বঞ্চিত করিয়া তাহাদিগের প্রাণসংশয় ঘটাইতে পারে। জীবভদ্ব হিসাবে এই খাত্ত লাইয়া কাড়া কাড়ি ব্যাপার অভ্যন্ত সাধারণ biological সভ্য। জাতিবর্ণ- নির্বিশেষে পশুপক্ষী কীটপতকাদির মধ্যে প্রকৃতির রহস্তব্যনিকার

অম্ভরালে এই যে ভুমুল সংগ্রাম চলিতেছে ইহার সংবাদ আমরা না রাখিতে পারি, কিন্তু ইহাতে জয়-পরাজয়ের উপর বিশিষ্ট জাতির রক্ষা কিংবা বিনাশ নির্ভর করে। তাই মানুষ চেষ্টা করিয়া বুদ্ধি খাটাইয়া প্রকৃতির নিয়মকে অমান্য না করিয়া স্বরচিত পক্ষিগৃই-মধ্যে এমন ব্যবস্থা করেন যে নবপ্রসূত শাবকগুলির মধ্যে খাল্য লইয়া দ্বন্দ্বের সস্তাবনা সত্ত্বেও বয়সের ভারতম্য বশতঃ কেহ কাহাকেও বলপ্রয়োগে বঞ্চিত করিতে না পারে। তাহা না করিতে পারিলে জ্যেষ্ঠ শাবকটি খাদ্য বিতরণের সময় আগে হইতে মুখ বাড়াইয়া অপেকাকত হীনবল কনিষ্ঠের প্রাপ্য অংশটুকু বারে বারে আত্মসাৎ করিয়া কনিষ্ঠের ক্ষুধা মিটাইবার বিষম অন্তরায় হইয়া দাঁড়ায়; ফলে আহার্য্যের অভাবে তাহার। মৃত্যুমুখে পতিত হয়। অভএব পক্ষিপালক ফাঁকি দিয়া পাখীকে ভুলাইয়া একটি একটি করিয়া সন্তপ্রসূত ডিম্বগুলিকে যথাক্রমে স্বত্নে সরাইয়া ফেলিয়া তৎপরিবর্ত্তে একটি একটি করিয়া নকল ডিম্ব(২) নীড়মধ্যে সন্নিবেশিত করিয়া দেন; ধাড়ি পাখী বুঝিতে পারে না যে আসল জিনিষ অন্তর্হিত হইয়াছে। বখন সব ডিমগুলি পাড়া হয়, আর ডিম্ব-প্রসবের সম্ভাবনা থাকে না, তখন পক্ষিগৃহস্বামী নকল জিনিষ উঠাইয়া লইয়া আসল ডিস্বগুলি নীড়াভ্যস্তরে সাবধানে রাখিয়া দেন। এই dummyগুলি রাখিবার তাৎপর্য্য এই যে ডিম্বাকৃতি কোনও কিছু নীড়াভ্যস্তবে না থাকিলে খাড়ি পাখীর ডিমে তা দেওয়ার অভ্যাস নষ্ট হইয়া যায়; সে কিছুতেই আর সেই বাসান্ন মধ্যে বসিতে চাহিবে না: ডিমগুলি পরে আনিয়া দিলেও আর সে ডা দিবে না। এখন এক সময়ে একত্র সব ডিমগুলিতে তা দেওয়ায়

২। সাধারণতঃ যুরোগে বে পকী aviary মধ্যে পোরা হর সেই সকল পাধীর ডিখের বর্ণ ও আকৃতি অসুযারী অবিকল অসুকরণ চিনামাট দারা নির্দ্ধিত এবং তথার অতি , অল মুলো এই নকল ডিখন্ডলি পিঞ্জুরাব্যাধিগণ বিক্রর করে।

শাবকগুলির মধ্যে কেহ কাহারও অপেক্ষা এমন ভাবে বয়োজ্যেষ্ঠ হইতে পারে না যে অন্থের চেয়ে সে অধিকতর বলশালী হইয়া অনুর্থ ঘটাইতে পারে। বয়সের তারতম্য না পাকায়, খাদ্য লইয়া পরস্পারের প্তব্দ প্রায়ই হইতে পারে না; সকলেই ষ্থোপযুক্ত আহার পাইয়া যুগপৎ সমান ভাবে বর্দ্ধিত হইবার অবসর পায়। ভাহাদের সম্বন্ধে বিশেষ কোনও আশক্ষার কারণ আর পক্ষিপালকের থাকে না। ভবে শাবকদিগের আহারের ব্যবস্থা এই সময়ে পুব সাবধানের সহিত করিতে হয়। পক্ষিগৃহমধ্যে প্রসূত সকল পাখীর ছানা সম্বন্ধেই এই সভর্কতা আবশ্যক। আহারসামগ্রী অপ্রচুর হইবে না; পরস্তু খান্তের প্রকারভেদের প্রতি লক্ষ্য রাখিতে হইবে। অবশ্যই সমস্ত খাদ্যদ্রব্য ষ্থাসম্ভব টাট্কা হওয়া চাই। আবার সেই টাট্কা খাবার অনেক আধারের মধ্যে রক্ষা করিয়া নিশ্চিন্ত থাকিতে পারা যায় না। কারণ উহা অল্লবিস্তর খারাপ হইয়া যাইতে পারে: শাবকের আহার-ব্যবস্থা তুৰ্গন্ধ ও বিস্থাদ হইলে পাখীর পক্ষে কল্যাণকর হইবে না। অতএব মাঝে মাঝে উহার পরিবর্ত্তন ও খাদ্যাধারের পরিমার্জ্জন আবশ্যক। আরও একটু কথা আছে। যে সকল পাখী সাধারণতঃ নিরামিষভোজী ভাহাদের শাবক-গণের জন্ম এই সময়ে কীটপতঙ্গ ভক্ষারূপে ব্যবস্থত না হইলে তাহাদের প্রায়ই প্রাণ্সংশয় হইয়া থাকে। কেই যেন মনে না করেন যে আবদ্ধ অবস্থায় পাখীর প্রকৃতির বিরুদ্ধে একটা অস্বাভাবিক অভ্যাসের প্রশ্রয় দেওয়া হইয়াছে। স্বাধীন অবস্থায় নিরামিধাশী পক্ষিদম্পতি স্বীয় শাবকের জন্ম কীট পত্ত সংগ্রহ করে এরূপ ব্যাপার প্রায়ই দৃষ্টিগোচর হইয়া থাকে।

এতক্ষণ বিহঙ্গজাতির যৌনসম্মিলন 
দাম্পত্যলীলার আলোচনা
একই শ্রেণীর পক্ষিমিথুনের জীবনলীলা অবলম্বন করিয়া কভকটা
বিশদ করিতে চেফা করিলাম। বিভিন্ন শ্রেণীর ভিতর হইতে স্ত্রীপুং

পক্ষীর অবাধ সন্মিলন ঘটিত বর্ণসান্ধর্য্যের প্রদক্ষ একলে বৈজ্ঞানিকের আলোচ্য। পাখীদের বর্ণসান্ধর্য বিশেষভাবে শাধীর বর্ণসান্ধ্য খাঁচার মধ্যে আবদ্ধ অবস্থায় সঞ্জটিত হইয়া

থাকে বটে ; কিন্তু ৰনে জঙ্গলে যখন ভোহারা স্বাধীন ভাবে বিচরণ করে, তখনও বিভিন্ন শ্রোণীর স্ত্রী-পুং পক্ষী পরস্পারের প্রতি আকৃষ্ট হইয়া সঙ্গত হইয়া থাকে এরপ দুষ্টান্ত অন্ততঃ পাশ্চাত্য ভূখণ্ডে বিরল নহে। কোনও কোনও পক্ষিপালক লক্ষ্য করিয়াছেন যে স্বভাবতঃ প্রস্পর বিরোধী পাখীরা কিছুতেই স্বাধীন অবস্থায় যৌনসন্মিলনের প্রশ্রেয় দেয় না; কিন্তু পক্ষিগৃহ-মধ্যে আবন্ধ অবস্থায় ভাহারা আপনা আপনি মিলিভ হইয়া নুভন বর্ণসঙ্কর উৎপন্ন করে। এই নূতন বর্ণসক্ষরের বন্ধ্যাত্ব-দোষ অনেক ক্ষেত্রে থাকে না; — যদিও ভাহাদের শাবক বর্ণে আ আকারে প্রকৃতির খেয়াল বশতঃ অনেক সময়ে তাহাদের জনকজননী অথবা আরও উর্জতন পূর্বব পুরুষ হইতে পৃথক হইয়া থাকে অথবা কখনও কখনও কোন পূর্বব পুরুষের সহিত তাহার সম্পূর্ণ সাদৃশ্য পুনরায় প্রতিষ্ঠিত হয়। প্রায়ই বর্ণসঙ্কর যেখানে খুব বেশী পৃথক পৃথক শ্রেণীর জনক জননী হইতে উৎপন্ন, সেখানে ভাহাকে বন্ধ্যাত্ত্বট দেখা যায়। অভএব এই প্রকার বর্ণসঙ্করের ইতিহাস ইহাদের জীবন-লীলার সঙ্গে সঙ্গে পর্যাবসিত হইয়া যায়। একই পরিবারভুক্ত বিভিন্ন শ্রেণীর মিশ্রণে 'যে সস্তান উৎপন্ন হয় তাহা অনেক সময়ে পক্ষিপালকের আনন্দৰ্ভ্তক হইয়া থাকে। Passeres পরিবারভুক্ত কেনেরি (canary) ও ফিঞ্চ জাতীয় নানা স্থকণ্ঠ বিহঙ্গের যৌনসন্মিলনে পাশ্চাত্য পক্ষিগৃহমধ্যে উৎপ্র সমস্ত বর্ণসঙ্কর ভাহাদের জনক জননী অপেকা অধিকতর সুমধুরকণ্ঠ হইয়া থাকে; কিন্তু তাহাদের বন্ধ্যাত্ব দোষ জ্বন্মে।

পাখীর বর্ণসাক্ষর্য্য লইয়া আমরা এক নিঃশ্বাসে এত কথা বলিয়া গোলাম, বোধ হয় তাহাতে পাঠকেয় বুঝিবার পক্ষে কিছু বাধা জনাইতেছে, অতএব বিষয়টা আরও পরিষ্কার করা আবশ্যক। প্রধানতঃ আমরা খাঁচার পাখী লইয়া যদিও আলোচনা করিতে বসিয়াছি,

শকীগৃহে এসম্বন্ধে পালকের চেক্টা তথাপি বিজ্ঞানসম্মত পন্থা অবলম্বন করিতে হ হইলে স্বাধীন পাশীর তত্বালোচনা না করিলে

চলে না। এই জন্ম গোড়াতেই আমরা স্বাধীন বন্ত অবস্থায় বিভিন্ন শ্রেণীর পাখীর যৌনসন্মিলন হয় কি না সেই কথা পাড়িয়াছি। পূর্কেও প্রস**ক্ষক্রে পাখীর অসবর্ণ** বিবাহের কথার ইঙ্গিত আমরা করিয়াছি, বোধ হয় পাঠকের স্মরণ থাকিতে পারে। তবে ইহা স্বীকার করিতে হইবে ধে মুক্ত অবস্থায় এইরূপ যৌনসন্দিলন প্রায়ই সঞ্চটিত হইতে পায় না, কারণ একই পরিবার-ভুক্ত বিভিন্ন শ্রেণীর পক্ষীদের মধ্যে এমন একটা বিরোধের ভাব थारक रय रकर कारारक अन्द्रक कार्ष्ट व्यामिएक रमग्न ना ;--- এইখানে । পক্ষিপালকের ক্তিত্ব দেখিতে পাওয়া ষাইবে। কেমন করিয়া সে পক্ষিভবনে সেই সকল বিভিন্ন শ্রেণীর সাবদ্ধ পাখীর সন্মিলন সঞ্চটিত করায়, কেমন করিয়া ভাহাদের প্রসূত ডিম্ব হুইতে শাবক ফুটাইয়া তুলিতে ক্বতকার্য্য হয়, এই সকল বিষয় নিবিষ্টচিত্তে পর্য্যালোচনা করিলে আমাদের বিশ্বয়ের সীমা থাকিবে না। অথচ পাখীদের প্রকৃতিগত বৈষম্য সত্ত্বেও মানুষের চেফা আশ্চর্যক্রপে ফলবতী হইয়া বিহঙ্গজগতে বর্ণের ও সঙ্গীতের, আকারের ও প্রকৃতির নব নব উদ্মেযে বিজ্ঞানের পথ আলোকিত করিয়াছে;—দেই আলোকে ভবিষ্যতে আরও অভিনব বৈচিত্র্য পরিলক্ষিত হইবে আশা করা যায়। ভারতবর্ষে বহুশতবর্ষ পূর্বের অস্ততঃ সম্রাট আক্বরের সময়ে এইরূপ বর্ণসঙ্কর স্প্তির চেফা হইয়াছিল; তিনি বিভিন্ন শ্রেণীর পারাবতের সংমিশ্রণে যে সমস্ত নূতন পায়রার উদ্ভাবনা করিলেন তাহার উল্লেখ আমরা পূর্বের করিয়াছি। জাপানে মোরগ জাতীয় বিভিন্ন শ্রেণীর পাখী লইয়া এইরূপ পরীক্ষার ফলে যে bantam

এবং লম্বপুচ্ছ মোরগের উত্তব হইরাছে তাহারও আভাস আমরা পূর্বের দিয়াছি। আধুনিক যুগে এই বিষয়টি পক্ষিপালকের কেবলমাত্র খেয়ালের জিনিস নহে; পক্ষিবিজ্ঞানের চেফা এখর্ন এইরপ অবাধ সন্মিলনে পাখীর আকার ও প্রকৃতির তারতম্য হইল কিনা এবং তাহাকে কোনও নিয়মে বিধিবদ্ধ করা যায় কিনা তাহাই দ্বির করা। তাই পাশ্চাত্য ভূখণ্ডে, অনেক জায়গায় বৎসরে বৎসরে এমন কি নাসে মাসে যে সব পক্ষিপ্রদর্শনীর ব্যবস্থা আছে ভাহাতে বর্ণসঙ্কর উৎপাদনে কে কভ কৃতিত্ব দেখাইয়াছে তাহা লইয়া স্কুক্ষর প্রতিদ্বন্দিতা হইয়া থাকে। বিচারকেরা পুত্মামুপুক্ষরূপে বর্ণসঙ্কর-গুলির আকারগত বৈচিত্র্য নিরীক্ষণ করিয়া থাকেন;—বেরূপ লক্ষণাক্রান্ত হইলে থাঁটি বর্ণসঙ্কর বলা যাইতে পারে সেই সব লক্ষণ কে কতটা ফুটাইয়া তুলিতে পারিয়াছে প্রদর্শনীক্ষেত্রে ভাহাই বিচার্ম্য। যে কারণেই হউক, এমনই করিয়া পক্ষিজাতি সম্বন্ধে ক্রমণঃ নৃতন নৃতন তর আবিকারের সম্ভাবনা হইতেছে।

খাঁচার মধ্যে বর্ণসক্ষর পাখী উৎপন্ন করা যে খুব সহজ ব্যাপার তাহা কেহ যেন মনে না করেন; যতটা আয়াস স্থীকার করিতে হয়, তদকুরূপ ফলপ্রাপ্তি হইলে পক্ষিপালকের আনন্দর্বর্ধনের ও পক্ষি-বিজ্ঞানের নূতন তথ্য আবিদ্ধারের স্থবিধা হইতে পারে। বড় পক্ষিগৃহ না হইলে যে চলিবে না এমন নহে; তবে বিভিন্নজাতীয় বিহল্প সংমিশ্রণের যতটা স্থযোগ রহৎ aviaryতে হইতে পারে, ততটা অপেকাকৃত অল্পরিসর পিঞ্জরে সম্ভবপর নহে। একেত্রেও যে যে পাখীকে সঙ্গত করান হইবে তাহাদের বাছাই আবশ্যক; বিশেষতঃ পক্ষিণী ও পক্ষীর বর্ণ, আকার, প্রকৃতি ও কণ্ঠম্বরের প্রতি কক্ষ্যা নির্বাচন করিতে হইবে। যে পক্ষিগৃহে নির্বাচিত পক্ষিণীকে রাখা হইল, তথায় স্বশাই সেই জাতীয় পুংপক্ষীর প্রবেশ নির্বিদ্ধ, কারণ তাহা না হইলে, উক্ত ক্রীপক্ষা স্বজ্ঞাতীয় পুংপক্ষীর

সহিত মিলিত হইবে, অন্য কাহারও সহিত নহে। আকার ও বর্ণ প্রভৃতির বৈষম্য সত্তেও বিভিন্ন শ্রেণীর একাধিক পুংপক্ষীকে ঐ পক্ষিগৃহ মধ্যে ছাড়িয়া দিতে হয়। অনেক সময়ে ভাল ফল পাইবার আশায় আমাদের পক্ষিভবনে অনেকগুলি বিভিন্ন জাতীয় পক্ষী ও পক্ষিণী বর্ণসঙ্কর উৎপাদনের উদ্দেশ্যে রক্ষিত হয়। যে ঋতুতে সাধারণতঃ পাখীরা শাবকোৎপাদন করে, সেই breeding seasonএ এইরূপ ব্যবস্থা করা আবেশ্যক, কারণ অস্তা সময়ে কোন কল পাইবার আশা নাই; তবে কিছু আগে হইতে নির্বাচিত বিভিন্নজাতীয় পকী পক্ষিণীকে একত্র রাখিলে ভাহাদের পরস্পর কাভিগত বিরোধের ভাব তিরোহিত হইয়া মিলনের স্থবিধা ঘটাইয়া দেয়;—সদ্যধৃত বস্তু বিহঙ্গ সম্বন্ধে এইরূপ পূর্ববাহে চেফা বিশেষ ফলবভী হয়। পক্ষি-পালক লক্ষ্য রাখিবেন যেন রক্ষিত পাখীগুলির মধ্যে কেহ হিংত্র-স্বভাব বা দ্বন্দকলহপটু না হয়। একত্র বিভিন্নজাতীয় অনেকগুলি পাখীকে রক্ষা করা সন্থদ্ধে যে যে সতুপায় অবলম্বন করা আবশ্যক ভাহা পূৰ্বেৰ বৰ্ণিত হইয়াছে; এক্ষেত্ৰেও সেই সত্নপায়গুলি অব-লম্বন করিতে হইবে। নীড় রচনার উপযুক্ত উপকরণ সংগৃহীত হওয়া চাই; প্রচুর খাদ্য সামগ্রার আয়োজন করিতে হইবে; পক্ষি-গৃহ লতায় পাতায় বৃক্ষণাথায় সুসঞ্জিত হইলে, সেই কুঞ্জতানে বিহুগ বিহুগীর সঙ্কোচ ক্রেমশঃ তিরোহিত হুইয়া মিলুনের বাধা সম্পূর্ণরূপে অপসারিত হয়। কেনেরি (canary) ও ফিঞ্চ (finch) জাতীয় নানা পাখী লইয়া বিলাতে অনেক দিন হইতে বৰ্ণসঙ্কৰ উৎপাদনের যে চেন্টা হইতেছে তাহাতে পালকগণ যথেষ্ট সফলপ্রায়ত্ত্ব হইয়াছেন;—স্থিকস্ত অনেকগুলি নূত্ৰ তথা আবিষ্কৃত হইয়াছে। ন্ত্রী পক্ষীটির অবয়ব, রূপের ভঙ্গি প্রভৃতির উপর শাবকের আকৃতি ও সৌন্দর্য্য অধিক পরিমাণে নির্ভর করে; কিন্তু ফিঞ্চজাতীয় খাঁটি ব্রিটিশ পাখী লইয়া সুফল পাইতে হইলে, শাবকের জনক জননী

উভয়ের অঙ্গসেতিবের প্রতি বিশেষ লক্ষ্য রাখিতে হইবে। আধুনিক বৈজ্ঞানিক অনুসন্ধিৎসার ফলে শাবকের বর্ণের ভারতম্য কতকটা মানুষের ইচ্ছাধীন হইয়াছে। কুত্রিম খাদ্যসাহায্যে কেমন করিয়া বিহঙ্গের বর্ণের উজ্জ্বলতা বর্দ্ধিত করিতে পারা যায়, ভাহার উল্লেখ পূর্বের করিয়াছি। বর্ণসঙ্করের দেহের এই উজ্জ্বলা দর্শকের চক্ষে বড়ই মনোরম; তাই পাশ্চাত্য প্রশর্শনীতে কুত্রিম উপায়ে পাখীর কে কেমন রং ফুটাইতে পারিয়াছে ভাহা লইয়া পরস্পর প্রভিদ্বন্দিতা হইয়া থাকে। পক্ষান্তরে কখনও কখনও বিহগ বিহগী এমন সভর্কতার সহিত নিৰ্বাচিত হয় যে তাহাদের সন্তান সন্ততির বর্ণ উক্ত জনক জননীর বর্ণ হইতে পৃথক হইয়া দাঁড়ায়। কুত্রিম খাদ্য-সাহায্যে এই সমস্ত নবজাত শাব্দের রং অধিকতর চিত্তাকর্ষক হইয়া থাকে। টিয়া-জাতীয় নীল বজ রিগার্ (Blue Budgerigar) এইরূপ পঞ্জি গৃহে পরীক্ষার আধুনিক উৎপত্তি। মিঃ জন্ মারস্ডেন (John W. Marsden) উপযুগিরি তিন বংসর বন্ধ রিগার পক্ষীর শাবকোৎপাদন বিষয়ে মনোনিবেশ করিয়াছিলেন। সাধারণতঃ উক্ত পক্ষীর দেহের বর্ণ সবুজ; আন্তজাতিক মিশ্রানের ফলে আমাদের দেহশর টিয়া পাধীর স্থায় ইহাদের বর্ণ কখনও কখনও পীত্রেশা সম্বিত, কখন বা সম্পূর্ণ পীতবর্ণ হইয়া যায়। এই পীতবর্ণের শাবককে কৃত্রিম বর্ণোৎপাদক আহার যোগাইয়া যুরোপীয় পক্ষিব্যবসায়িগণ নৃতন বর্ণ-বৈচিত্র্য সজ্বটিত করায়। লণ্ডন জুয়োলজিক্যাল সোসাইটির স্থনামখ্যাত ফেলোমিঃ মারস্ডেন কিন্তু পীতবর্ণকে উড়াইয়া দিয়া নীলবর্ণের স্প্তি করিবার প্রয়াস পাইয়াছেন। একাগ্রভাবে পুনঃপুনঃ চেফার ফলে তিনি যে অভিজ্ঞতা লাভ করিয়াছেন তাহা সম্প্রতি লিপিবদ্ধ কৰিয়াছেন (৩)। তিনি বলেন যে নীল রং ফুটাইতে হইলে ঈষৎ

Avicultural Magazine, 3rd Series Vol. IX., p. 262,

পীতাত পক্ষিমিথুন বাছিয়া লইতে হইবে। ইহার কারণ এই যে যখন পীতের সহিত নীলের সমাবেশে সবুজের উৎপত্তি, তখন সহজেই অনুমান করা যায় যে সবুজ হইতে পীতকে বাদ দিতে পারিলেই নীলবর্গকে জাগাইয়া তুলিতে পারা যাইবে। অতএব গোড়াতেই যদি এমন এক জোড়া পাখী বাছা যায়, যাহাদের গায়ের রংএ হরিষর্গের প্রাধান্য এবং হরিদ্রাবর্ণের ঈষৎ আভাসমাত্র বিদ্যমান তাহা হইলে নীলবর্ণের শাবক পাইবার সন্তাবনা সহজ হয়;—উক্ত মিথুনের সন্তাবন সন্ততি একেবারেই নীলবর্ণ না হইতে পারে, কিন্তু পুনরায় উক্ত শাবক-শুলির মধ্য হইতে পূর্ববর্ণিত উপায়ে নির্বাচিত নবীন পক্ষিমিথুন লইয়া যথা সময়ে যৌনসন্মিলনে বাঞ্জিত ফল নিশ্চয়ই পাওয়া যায়।

উপরে যে বং ফলান বা বংবদ্লান ব্যাপার বর্ণিত হইল তাহা পাঠ করিলে বুঝিতে পারা যাইবে যে, একই জাতীয় সম-শ্রেণীর মধ্য হইতে সাবধানে নির্ব্রাচিত বিহঙ্গমিথুনের মিশ্রাণে বে বর্ণবিপর্যায় পাওয়া গেল তাহার সহিত বর্ণসকর-সমস্তার বিশেষ বনিষ্ঠ সম্পর্ক না থাকিজেও ইহার দ্বারা সপ্রমাণিত করা যায় বে বিভিন্ন-জাতীয় অথবা একই জাতির অন্তর্গত বিভিন্ন শ্রেণীর দ্রীপুং পক্ষীর সন্মিলনজান্ত বর্ণসক্ষরের আকার, প্রকার ও বর্ণ নূতনতর ও অধিকতর বৈচিত্র্যায় হইবে। পাশ্চাত্য পণ্ডিতের হাতে কেনেরি (Canary) পাশীর বে নব রূপান্তর সন্তাবিত হইয়াছে তাহাও এইরূপ জাতি ও শ্রেণীগভ আকার ও বর্ণের সাম্য ও বৈষ্যায়ের প্রতি লক্ষ্য রাখিয়া স্থানিপূর্ণ পক্ষিপালকের নির্ব্রাচনের ফল।

অসীম ধৈষ্য ও বৈজ্ঞানিক পর্য্যবেক্ষণের ফলে পক্ষিপালক বে অভিজ্ঞতা লাভ করিয়াছেন ভাহাতে তিনি অনেক সময়ে যদি দৃঢ়স্বকে কোনও থিওরি (theory) প্রচার করিতে চেফা করেন ভাহা পণ্ডিত সমাজে অবজ্ঞার বিষয় হইতে পারে না। ভুলভ্রান্তি, ক্রটিবিচ্যুতি হয় 'ত ভবিষ্যতে ধরা পড়িতে পারে; কিন্তু যত দিন না বৈজ্ঞানিক আলোক-রশ্মি পক্ষিতত্ত্বের কোনও নুজন তথ্যের উপর নিপতিত হইতেছে ওত দিন ঐ সমস্ত । । কল্লনা বাস্তব সত্যপ্রসূত বলিয়া मानिया महेर्ड जाशिख करा हरम कि ? शिक्कोवरन स्मर्खनीय-भूज Mendelism) কতটা পরিস্ফুট হইয়াছে, অর্থাৎ দেই সূত্র অবলম্বন করিয়া পাখীর পুরুষপরস্পরাগত বংশ-পরিচয় ঠিক দিতে পারা খায় কিনা; আকৃতি প্রকৃতি 🛢 বর্ণ বছ পূর্বের সম্ভবতঃ কি ছিল 🔳 ভবিষ্যতে কি হইবে তাহা নিশ্চিতক্সপে বলা বার কিনা এই সমস্ত বিষয় লইয়া কেহ কেহ স্থির সিদ্ধান্তে উপনীত হইয়াছেন; আবার অনেকে নির্বিবাদে এখনও সেই সকল সিদ্ধান্ত সম্পূর্ণরূপে অনুমোদন করিতে পারিতেছেন না। কিন্তু সমবেত চেফার পকি-বিজ্ঞান ক্রমশঃই অধিকতর উন্নত হইতেছে। এই উন্নত পশ্চিবিজ্ঞানের (ornithology) সহিত আধুনিক পক্ষিপালন-প্ৰথার (aviculture) ধে নিবিড় সম্পর্ক রহিয়াছে, একের উন্নতির সহিত লপরের উন্নতির বে নিগুঢ় সম্বন্ধ দাঁড়াইয়াছে ভাহা বোধ 💶 পাঠকবৰ্গ কভকটা উপলব্ধি করিতে পারিয়াছেন। বিশ্বপ্রকৃতির তুলিকার উপর মাসুষের কারিকুরি, সাধারণ পাশীর নৈস্থিক শীবনলীলাকে কুত্রিম উপায়ে পরিবর্ত্তিত করা, অর্থাৎ পাধীর অসবর্ণ বিবাহে পৌরহিত্য করিয়া বর্ণসক্ষর উৎপাদনের সফল চেকী সাধারণ জীববিভার (Biology) অঙ্গীভূত হইয়াছে।

## দ্বিতীয় ভাগ

## রাষ্ট্রসমস্যা ও পাক্ষতত্ত্ব

সমস্ত জগৎ জুড়িয়া একটা মহাকুরুকেত্রের অভিনয় হইতেছে। সভ্য জগতের সমগ্র রাষ্ট্রীয় শক্তি কার্মনোবাক্যে এই সমরানলে আছতি দিতেছে। রাষ্ট্রনীতি ও সমাজনীতি-তত্ত্বিদের মুখর কোলা-হলে আমানের সকলের কর্ণ প্রায় বধির হইবার উপক্রম হইয়া উঠিয়াছে,—এ সময়ে পক্ষিতত্ত্বিৎ সংসারের সমস্ত কথা ক্ষণেকের বিশ্যৃত হইয়া জগং ভুলিয়া, জয়পরাজয় ভুলিয়া, ধদি তাঁহার স্বরচিত বিহঙ্গনিকুঞ্জে স্বং৷ ও বাস্তবের মধ্যে আপনাকে নিমজ্জিত ক্রিয়া রাখেন, তাহা হইলে অনেকে হয় 'ত মনে ক্রিবেন, এমন খাপছাড়া স্প্তিছাড়া ব্যাপার শুধু ভারতবর্ষেই সম্ভব—শুধু ভারতবর্ষে কেন-শুধু বাঙ্লা দেশেই সম্ভব। হয় 'ত যে বাঙ্লার বুধমগুলী, রাষ্ট্রনীতি-সাগর মন্থন করিয়া অমৃত ও গরল তুলিতে ভালবাসেন, ভাঁহারা সেই নিরীহ পক্ষিপালকের ব্যুহ্মধ্যে প্রবেশ করিয়া বলিবেন, ''তুমি কি চিরকালই স্থা দেখিবে, বাস্তব জগতের প্রচণ্ড মানবসমস্তা হইতে নিজেকে দূরে রাখিয়া পাখী লইয়া জীবন কাটাইবে ?'' বিস্মিত পক্ষিপালক হয়'ত বলিবেন, "কেন, আমার কি করা উচিত?" রাষ্ট্রনীতিজ্ঞ হয়'ত উত্তর দিবেন—''কি করা উচিত! দেখিতেছ না, এই মহাকুরুক্ষেত্র ব্যাপারের শেষ অঙ্কের যবনিকা উত্তোলিত হইয়াছে। সকলেরই মুখে মানবসমাজের, য়ুরোপীয় বিধ্বস্ত রাষ্ট্রের ও মগরীর পুনর্গঠনের আলোচনা শুনা যাইভেছে। রাজনীতি, সমাজনীতি, ধর্মনীতি, অর্থনীতি—সমস্ত শাস্ত্র লইয়া নৃতন করিয়া নাড়াচাড়া পড়িয়াছে। হায় পক্ষিতত্ববিৎ, তোমারই কিছু বলিবার নাই! মুটে, মজুর, চাষা, নাবিক, অঝারোহী, পদাতিক, সেনা, সুলমান্টার, উকীল, ডাক্টার, সকলেরই মুথে ঐ একই শব্দ শুনা যাইতেছে—"Reconstruction"। ইংরাজ সাহিত্যিকদিগের মুখপত্র 'এথিনিয়ন্' মাসে মাঙ্গে Reconstruction প্রবন্ধে নিজের কলেবর পূর্ণ করিতেছে। মার্কিন যুক্ত রাজ্যের প্রেসিডেণ্ট উইলসন্ সাহেব, যুদ্ধাবসানে মানব-সমাজের পুনর্গঠন কেমন করিয়া ছায় য় ধর্ম্মের উপর প্রতিষ্ঠিত হইবে, সে সম্বন্ধে সে দিন মার্কিন ধনকুবেরদিগের নিকট যে মন্তব্য প্রকাশ করিয়াছেন সে রকম স্থান্দর কথা এই বিংশ শতাব্দীর প্রারম্ভে কোন বলদৃপ্ত খেতাক্ষজাতির মুখ হইতে নির্গত হইতে পারে, এমন কল্পনা বোধ হয় কোন ভারতবাদী কথন করেন নাই। এ সকল খবর বোধ হয় তুমি রাখ না। যে বেলজিয়মকে লইয়া প্রধানতঃ জন্মানের সহিত ইংরাজের বিরোধ বাধিয়া গেল, সেই বিধ্বস্ত দেশটার কেমন করিয়া পুনর্গঠন হইতে পারে, তাহার সত্তর কি তুমি দিতে পার ?"

পক্ষিতত্ববিৎ---রাজনীতির দিক্ হইতে তোমাদের কি বলিবার আছে ?

রাষ্ট্রনীতিজ্ঞ — আমাদের 'ত অনেক বলিশার আছে। কৃট রাজনীতি-চক্রপেষণে যে দেশ নষ্ট হইয়াছে, সে দেশ 'ত আবার রাজনীতিজ্ঞই গড়িয়া তুলিবেন।

পক্ষিতত্ত্ববিং—কেমন করিয়া গড়িয়া তুলিবেন ?

রাষ্ট্রনীতিজ্ঞ-দেশের রাষ্ট্রীয় সীমারেখা টানিয়া, শত্রুর নিকট হইতে indemnity শইয়া, আবার গ্রাম, নগর, ঘর, বাড়ী, বাগান, পার্ক, রেল, টেলিগ্রাফ ইত্যাদি নির্মিত হইবে।

পক্ষিতত্ত্ববিৎ—পুনর্গঠন প্রসঙ্গে ভোমাদের মত রাষ্ট্রনীতিজ্ঞের 'ত এ পর্যান্ত দৌড় 🕈 ভোমরা Physics, Chemistry, অর্থনীতি, Town Planning ইত্যাদির সাহায্যে বেলজিয়মের পুনর্গঠন ও পুনঃ প্রতিষ্ঠার প্রয়াস পাইতেছ। ঐ ধে Indemnity কথাটীর উল্লেখ করিলে, ইহার ভিতর হইতে আমাকে কিছু তোমাদের দিতে হইবে। আমিও তোমাদের সঙ্গে ঐ রসায়নতত্ত্বিৎ ও অর্থনীতিজ্ঞের পশ্চাতে বেলজিয়মে প্রবেশ করিব।

রাষ্ট্রনীতিজ্ঞ--ঠাট্রা রাখ। বাস্তবিক বিষয়টা পুব গুরুতর।

পক্ষিতত্ববিৎ---আমি কি ঠাট্টা করিতেছি ? তোমরা Libraryর পুস্তক-কীট। কেমন করিয়া বুঝিবে যে, বেলজিয়মের মত একটা দেশের পুনঃ-প্রতিষ্ঠায় পক্ষিতত্তবিৎ ও পক্ষিপালকের সাহায্য একাস্ত আবশ্যক ? ভাবিতেছ, এই নিষ্কৃত পক্ষিগৃহে আমার আলস্যমন্থর দিনগুলি বিচিত্র বর্ণচ্ছটাসম্থিত পতত্তের উপর লঘুভর দিয়া, এক প্রকার জাগ্রত স্বপ্নাবস্থায় চলিয়া যাইতেছে। ভোমাদের বেমন স্বভার वाक्रमी जि वल, भर्षा-मी जि वल, नमाक्रमी जिरे वल--- नकल विश्वास्त्र स কেবলমাত্র উপরকার ভাসা-ভাসা খবরটুকু রাখিয়া নিজেকে ও অপরকে অস্থির করিয়া তোল; ভিতরকার গুরু ভর্টুকু লইয়া দেখিবার অবসর ভোমাদের হয় না—ভোমরা যে আমাদের জীবনের উপরকার খোলসটুকু দেখিয়া আমাদিগকে মানব-সমাজ-বিচ্ছিন্ন বিলাসী বলিয়া মনে করিবে, ইহা বিচিত্র নহে। মানবের সামাজিক জীবনের সহিত পাখীর যে কত দূর খনিষ্ঠ দক্ষর, তাহার খবর 'ত ভোমরা রাখ না। এই দেবাস্থরের সমুদ্রমন্থন হইতে ধে দিন বেলজিয়মের ারাজলক্ষী সমুখিতা হইবেন, সে দিন হয় 'ত সমগ্র সভ্য জগৎ সসন্ত্রেম ও নতমস্তকে তাঁহার ঐশ্বর্য্যে ও দীপ্তিতে বিমোহিত হইবেন। কিন্তু যে পক্ষীটী তাঁহার বাহন, তাহার প্রতি কাহারও দৃষ্টি আকৃষ্ট হইবে কি ? আমি সেই দেশলক্ষীর বাহনটীকে অত্যস্ত বাস্তব symbol বলিয়া মনে করি। বাণিজ্যে লক্ষী বাস করেন সভ্য, কিন্তু দেশের সৌভাগ্য-শ্রীর অর্দ্ধেকটা 'ত কৃষিকর্শ্বে নিহিত রহিয়াছে। সেই কৃষি-

কর্ম্মে পেচক প্রভৃতি পক্ষীর সাহায্য যে কতটুকু আবশ্যক, সেই জ্ঞানটুকু লাভ করিবার 🔳 ঐ indemnityর কিয়দংশ আমার মভ পক্ষিতব্বিদের অথবা পক্ষিপালকের পাওয়া উচিত। আচ্ছা, indemnityর কথা না হয় আর নাই তুলিলাম, ও সব তোমাদের politicaএর বুলি। ভোমরা হয় 'ত শুনিলে বিশ্নিত হইবে যে, বিধ্বস্ত বেলজিয়মের পক্ষ হইতে কি প্রকার আবেদন-পত্র ইংরাজ পক্ষিতত্ত্বিদের নিকট উপস্থিত হ**ইয়াছে। সম্প্রতি বেলজিয়মের** জনৈক রাজকর্মচারী Conseil Economique Du Gouvernement Belge ম্যানচেন্টারের Avicultural Magazineএর সম্পা-দককে লিখিয়াছেন যে, ভাঁহার মাসিক পত্র বেলজিয়মের পুনর্গঠনে (industrial reconstruction) যথেক সাহায্য করিবে--"With view to making a thorough investigation of the possibilities regarding the industrial reconstruction of Belgium, we solicit the regular service of your Periodical''(১)। পত্রাস্তরে তিনি সম্পাদককে পুনরায় লিখিয়া-ছেন,—"Allow me to point out to you that a special agricultural and avicultural section has been formed. among the Belgians temporarily living in England. for the sake of investigating the problems relating to the relief of these industries"(২)। সম্পাদকের সম্মতি পত্ৰিকায় এই মৰ্ম্বে প্ৰকাশিত হইল---"Poultry, pigeons, and canaries being outside the scope of the society, the assistance we can render the Belgian Committees will

Avicultural Magazine (June 1918) p. 238.

ξ 1 Ibid., p. 239.

obviously lie in the study of the food of birds, in relation to their harmfulness or otherwise to crops"(0)1

এখন কেন একটা দেশের পুনর্গঠনে পাখী এতটা আবশ্যক বলিয়া বিবেচিত হইতেছে, সে সম্বন্ধে যদি তোমার কৌতুহল জন্মিয়া থাকে, তবে অল্ল কথায় সমস্ত বিষয়ের কতকটা বুঝাইতে চেষ্টা করিতে পারি।

কথায় কথায় যে প্রাসকে আমরা উপনীত হইলাম, তাহাকে পাশ্চাত্য বুধমণ্ডলী Economic Ornithology আখ্যা প্রদান করিয়াছেন। বিশ্বপ্রকৃতির বিধিব্যবস্থায় পাখা যে কত কাজে লাগে, তাহার খোঁজ আমরা সচরাচর রাখি না। আদিম মানব যে দিন মাতা বস্তন্ধরাকে ধনধাশ্য-পুপ্রভরা করিতে চেষ্টা করিয়াছিল, যে দিন হইতে নবাবিক্ত লোহযন্তের সাহাষ্যে বস্করায় বুক চিরিয়া কৃষিকার্য্যে সাফল্য লাভ করিবার প্রয়াস পাইল, সেই দূর অভীতে তামসখন দিনে পাখী তাহাকে অ্যাচিতভাবে কতটা সাহায্য করিয়া আসিয়াছে, মাঝে মাঝে এক একবার স্থিরচিত্তে তাহার হিসাব নিকাশ লইতে পারিলে, তোমার মত রাষ্ট্রনীতিজ্ঞেরও মনে একটা নূতন আনন্দ সঞ্চারিত হইতে পারে। পাখী যে শুধু আমাদের বিলাসের সামগ্রী নয়, তাহাকে যে শুধু স্বরচিত পিগুরে আবদ্ধ করিয়া, নীলাভ মণিমণ্ডিত দণ্ডে বসাইয়া, তাহার রূপে ও সঙ্গীতে মুগ্ধ হইয়া মানুষ দিন কাটাইবে, মানবের দৈনন্দিন জীবনে আর তাহার কোন আবশ্যকতা নাই, সে যে অনেকগুলি অনাবশ্যক দ্রব্যের মধ্যে একটা অকেজো জিনিষ মাত্র, ইহা মনে করিলে তাহার প্রতি, অথবা যদি কোন বিশ্বনিয়ন্তা থাকেন, তাঁহার প্রতি মূঢভাবে অত্যন্ত অবিচার করা হয়। কৃষিকর্ম্মে পাখীর উপযোগীতার কথা অবভারণা

<sup>• |</sup> Ibid., pp. 239-240.

করিবার পূর্বেন প্রাগৈতিহাসিক যুগে যাযাবর মানব যখন গোধন লইয়া দলে দলে দেশ-দেশান্তরে বিচরণ করিত, আদিম মানব যখন কৃষি-বিছার রহস্থ উদ্যাটিত করিতে সমর্থ হয় নাই, যখন তাহাদের কেবল-মাত্র সম্পত্তি ছিল—কয়েকটি পালিভ পশু, সেই pastoral যুগে উত্তরকুর-প্রদেশস্থ আমু নদীর তীর হইতে আরম্ভ করিয়া সমস্ত মধ্য-এসিম্বার মধ্য দিয়া বিচরণ করিয়া ঋতু-পরিবর্তনের সঙ্গে সঙ্গে উত্তর হইতে দক্ষিণে এবং দক্ষিণ হইতে উত্তর-দিকে গমনাগমনে কেমন করিয়া ভাহারা ভাহাদিগের পালিভ পশুগুলিকে রক্ষা করিতে সমর্থ হইত তাহার সম্ভোষজনক উত্তর যদি চাও, তাহা হইলে শুধু Meteorologistএর কাছে গেলে চলিবে না, ভোমাকে Ornithologistএর শরণাপন্ন হইতে হইবে। দেখিতে পাইবে যে, যুগযুগান্তর ধরিয়া সমস্ত মানবের ইতিহাস সাক্ষ্য দিতেছে যে, মানব-সমাজের প্রতিষ্ঠা ্রক্ষাকার্য্যে বিহঙ্গজাতি তাহার প্রাধান সহায়। কয়েক বৎসর পূর্বের দক্ষিণ আফ্রিকার স্থনামধন্ত Imperialist সার্ হারি জনষ্টন্ এই পশুরক্ষা-প্রসঙ্গে লিখিয়াছেন,—"Birds are the greatest allies that man has possessed in his agelong warfare against insects and the more harmful forms of ticks. fresh-water crustacean, centipede, trematode, worm, and leech (৪)"। মানবপালিত পশুজীবনের সহিত এই চিরস্তন কীট-বিহঙ্গ-বিরোধের সম্পর্ক কি তাহা বোধ হয় আরও একটু খোলসা করিয়া বলা আবশ্যক।

\* \* \* \* \*

সমাজবদ্ধ মানবের অর্থনীতি বা বার্তাশান্ত্রের সহিত বিহঙ্গজীননের একটা নিগৃত্ ঘনিষ্ঠ সমন্ধ আছে, এ বিষয়ে পক্ষিতত্ত্বিদ্গণের মধ্যে

<sup>8 |</sup> The Asiatic Quarterly Review, April, 1913.

মত देवथ नाई। সর্বব্রই কৃষিজীবিগণের ভূয়োদর্শন বৈজ্ঞানিক বিশেষজ্ঞের অনেক সাহায্য করিতেছে। ভাহার ফলে Economic Ornithology নামে একটা নূতন শাস্ত্র গড়িয়া উঠিয়াছে। সর্বত্ত প্রকৃতির সহিত দ্বন্দ্ব করিয়া মানুষকে জীবিকা অর্জ্জন করিতে হয়। যুগযুগান্তর ধরিয়া এই দক্ষ চলিয়া আসিতেছে; প্রকৃতির অন্তগৃঢ় অন্ধ-শক্তির নিকটে পরাভব স্বীকার করিতে সে কখনই রাজী হয় নাই। প্রতিরন্ধী কখনও কটি, কখনও পতঙ্গ, কখনও সঙ্গীস্প আকারে দেখা দেয়: মাসুষ অধাচিতভাবে পাখীর সাভাষ্য পাইয়া ভাহাদিগের উপর জয়ী হয়। সর্প ও মুষিক পরস্পর <del>জাতশ</del>ক্ত, আবার উভয়েই কৃষিজীবী মানুষের পরম শত্রু; উহাদিগকেও নফ্ট করিতে পাথীর সাহাধ্য আবশ্যক হয়। অনেক সময়ে বনজ উন্তিদ চাধের বিষম অন্তরায় হইবার উপক্রম করে; চেন্টা করিয়াও সেগুলির সম্পূর্ণ উচ্ছেদ্যাধন করা অনেক সময়ে সম্ভবপর হয় না; সহসা ক্ষেক্টি পাখী আসিয়া সে কার্য্য স্থ্<mark>সম্পন্ন করিয়া দেয়। ক্ষক্তের</mark> পালিত পশুকে কীটাদির আক্রমণ জনিত অনিষ্ট হইতে পাখী ষে কভটা রক্ষা করে, তাহা বোধ হয় অনেকে অবগত নহেন। পুস্পের পরাগ লইয়া পুপ্পান্তরে সঞ্চারিত করিয়া, ফলের বীজ দেশ হইতে দেশাস্তরে ছড়াইয়া দিয়া, অনুর্ববরা ভূমিকে উর্ববরা করিয়া, পাধীরা আমাদের অজ্ঞাতদারে মানবসমাজের কত উপকার করে, তাহা চিন্তা করিলে বিশ্বিত হইতে হয়।

অত এব দেখা যাইতেছে যে, পশ্চিবিজ্ঞানের এমন একটা দিক্
আছে,যেখানে পাখী মানুষের কেবলমাত্র নয়নরঞ্জনের বা চিত্তবিনোদনের
সামগ্রী নহে; আমাদের দৈনন্দিন জীবনযাত্রায় সে অনেক সময়ে
আমাদের উপকারী বন্ধুর কাজ করে। যদি তাহার সেই উপকারের
কথা স্মরণ করিয়া আমরা তাহার যথাযোগ্য পরিচর্যার ব্যবস্থা করিতে
না পারি, ভাহা হইলে আমাদিগকে বিষম ক্ষতিগ্রন্থ হুইতে ইইবে।

ইদানীং সমস্ত সভ্য দেশের পণ্ডিভমণ্ডলীর মধ্যে এ সম্বন্ধে মতের ঐক্য দৃষ্ট হয়। বিশেষতঃ আজকাল যদিও পৃথিবীতে মহাকুরু-ক্ষেত্রাগ্রি নির্ব্বাপিত হইয়াছে, তথাপি জম্মস্ত পের মধ্য হইতে বিশ্বস্ত দেশগুলিকে পুনর্গঠিত করিয়া তুলিবার জস্ত এখনও সভ্য জগতে সমবেত মানবসমাজের সচেষ্ট উদ্যম দেখিতে পাইতেছি না; সকলেই কেবল মাত্র বড় বড় রাষ্ট্রীয় প্রশ্ন লইয়া ব্যস্ত। কোন্দেশের সীমান্ত-রেখা প্রদারিত বা সঙ্গুচিত হইবে, কাহার কতগুলা জাহাজ বা সৈয় থাকি,বে, কাহার সঙ্গে বাণিজ্যব্যবসায়ে অবাধ আদানপ্রদান চলিতে দেওয়া যাইতে পারে—এই সকল বিষয় লইয়া এক দিন ধরিয়া নানা তর্ক বিতর্ক চলিতেছে। বেল্জিয়মের পুনর্গঠন ও তাহার লুপ্ত শ্রীর উদ্ধার একান্ত আবশ্যক—এ কথা সকলেই বলিতেছেন বটে; কিন্তু সকলেরই মনে মনে এই প্রকার একটা বিশাস আছে, যেন পরাজিত শত্রুর নিকট হইতে কিছু বেশী টাকা খেসারত-স্বরূপ আদায় করিয়া লইতে পারিলেই মজুর ও মিস্ত্রী লাগাইয়া আবার যেমনটি ছিল, সেইরূপ গড়িয়া তুলিতে পারা যাইবে। যেন শুধু মানুষ, টাকা ও কতকগুলা মামুষের আবিষ্ত কল হইলেই, সর্বতোভাবে দেশ-লক্ষীকে ফিরাইয়া আনিতে পারা যায়। এই প্রকার স্বদেশহিত-চেষ্টার পশ্চাতে আমাদের প্রচণ্ড আত্মাভিমান প্রকাশ পাইতে পারে. িকিন্তু বুদ্দির প্রথরতা সম্বন্ধে বোধ হয় কিঞ্চিৎ সন্দেহ থাকিয়া যায়।

কৃষির উন্নতি করিতে ২ইবে ? রসায়ন-বিভার সাহায্য লইলেই
বোধ হয় কার্যাটি স্থসম্পন্ন করা যাইতে পারে—এই ধারণার বলবর্ত্তী
হইয়া নানা উপায়ে Intensive Cultivation এর ব্যবস্থা করিবার
জন্ম Nitrogen প্রভৃতি রাসায়নিক পদার্থ য়োগাইতে পারিলেই
আমরা সাধারণতঃ মনে করি যে, বৈজ্ঞানিক উপায়ে যত দূর
কার্যানিবর্বাহের চেফা করা গেল। কিন্তু রসায়নবিদ্যার পার্থে যে

এ জেন্তে বিহন্তভক্তি হাসন দিলে ইইবে জাহা মনে কাঞ্জিয়া

কার্যারম্ভ করিলে অপেক্ষাকৃত অল্ল সময়ে অধিকতর স্থফল পাওয়া যাইতে পারে। জমিতে সার দিতে হইলে রাসায়নিক পণ্ডিতের সাহায্য যদি সকল সময়ে লইতে হয়, তাহা হইলে পয়স: খরচের অস্ত থাকে না। Economic হিসাবে অন্য ভাল উপায় থাকিলে, যদি তাহাতে বাস্তবিক অপেকাকৃত কম খরচে ভাল ফল পাওয়া যায়, তবে কোনও কৃষিজীবী সেই অল্লব্যয়সাপেক উপায়টিকে উপেকা করিয়া বহু ব্যয়সাধ্য রাসায়নিক প্রক্রিয়ার পন্থা অবলম্বন করিবে কেন গু কি উপায়ে সহজে জমিতে সার দেওয়া বায়, কেমন করিয়া উপ্ত বীজকে রক্ষা করিতে পারা যায়, অঙ্কুরোদগমের পরেও কেমন করিয়া নানা নৈস্গিক শত্রুর কবল হইতে উদ্ধার ক্রিয়া কৃষক ভাহাকে বর্দ্ধিত করিয়া তুলে, এই সমস্ত বিষয়ের পর্য্যালোচনা করিতে গেলে পক্ষীকে বাদ দেওয়া চলে না। যদি রাজপুরুষেরা বৈজ্ঞানিক হিসাবে পাখী লইয়া কুষককে কর্মাকেত্রে নামাইয়া দেন, তাহা হইলে অপেকা কৃত সহজ উপায়ে ও অল্ল সময়ের মধ্যে একটা বড় রাষ্ট্রীয় সমস্থার-সমাধান হইয়া যায়। মাটির মধ্যে কটিপতক্ষ শক্তের বীক্ষ নষ্ট করিতে প্রবৃত্ত হইলে বাছিয়া বাছিয়া এমন কতকগুলি পাখীকে সেই খানে ছাড়িয়া দিতে হইবে, যাহারা স্বভাবতঃ সেই সমস্ত কীটপতক্ষের জাতশক্র। বাছিয়া বাছিয়া পাখী ছাড়িয়া দেওয়ার কথায় কেহ যেন না মনে করেন যে, যেখানে কীটের উৎপাত অত্যন্ত অধিক, সেখানে খাঁচা ইইতে পাখী বাহির করিয়া দিয়া সেগুলিকে নষ্ট করার পর আবার তাহাকে খাঁচায় পুরিয়া কেলিতে হইবে। এ প্রকার ছেলেমানুষী ব্যবস্থা নিতাস্তই হাস্তজনক। কথাটা এই থে, কতকটা প্রাকৃতিক নিয়মের বশে কতকটা বা মানুষের নিষ্ঠুরতার ফলে স্থানবিশেষে কোনও কোনও পাখী ধ্বংস প্রাপ্ত হয়, তখন কৃষিকার্য্যের বাধা জন্মাইবার জন্য যে সকল কীটের প্রাত্তাব হয়, ভাহাদিগকে সহজে নফ করা এক প্রকার ছঃসাধ্য

হইয়া উঠে। পাশ্চত্য সমাজ অনেক স্থলে ঠেকিয়া শিখিয়াছে যে, পততের লোভে অথবা খেলার ছলে অথবা আহার্য্যে পরিণত করিবার জন্ম পাখীর প্রাণসংহার করিয়া মানুষকে economic হিসাবে এড ঠকিতে হইয়াছে যে, রাষ্ট্রীয় বিধিব্যবস্থা ব্যতীত তাহা সাম্লাইবার উপায় থাকে না। নিউ সাউথ্ওয়েল্স্এর ভূতপূর্ব প্রোধান সচিব স্যর যোসেক্ ক্যারুথস্ পাখীর উপকারিতা সম্বন্ধে অষ্ট্রেলিয়ার একখানি পত্রিকায় (৫) (১৯১৭ খৃঃ অব্দের অক্টোবর মাসে) মার্কিণ দেশের অভিজ্ঞতার বিষয় এইরূপে লিপিবদ্ধ করিয়া-(छन, — मार्किएनর यুक्त রাট্রে সরকারি বিশেষভেরা হিসাব করিয়া দেখিয়াছেন যে, কীট এবং মুষিকের উৎপাতে বৎসরে তিন শত কোটি টাকার লোকসান হয়; সেই সকল কাট ও মুষিক কিন্তু পাখীর কাছে সাধারণতঃ জব্দ থাকে। কোনও কারণে একবার মার্কিণের ই धियाना ७ ७ राहेर्या अपिट्न की देवती कर्यकि भाशीत উচ্ছেদ-্সাধন করা হয়; সেই বৎসরেই প্রায় বাট লক্ষ বিঘা জ্ঞমির সমস্ত গম কীটেরা নষ্ট করিয়া ফেলে। অবশ্যই ইহার ফল দাঁড়াইল এই যে, লক্ষ লক্ষ মণ্গম নষ্ট হইল এবং সঙ্গে সঙ্গে আটা ময়দারও দাম চড়িয়া পেন্সিল্ভ্যানিয়া (Pennsylvania) প্রদেশে আইনের ঘারা পেচক ও শ্যেনের প্রাণসংহারের ব্যবস্থা করা হইল । কয়েক বৎসরের মধ্যে প্রায় তুই লক্ষ প্রাচা ও বাজ মারা হইল; এ দিকে ই জুরের সংখ্যা এত বাড়িয়া গেল যে, বহু লক্ষ টাকার শস্ত ভাহারা নষ্ট করিয়া ফেলিল। তখন নূতন আইন করিয়া ঐ সকল পাখী মারা বন্ধ করিতে হইল। পানামা খালের কাছে এত বিষাক্ত কীট আছে যে, প্রেসিডেণ্ট উইল্সন্ ত্কুম জারি করিয়াছেন, সেখানে কোনও বস্থা বিহঙ্গের প্রাণসংহার করা ধেন না হয়। লর্ড কিচ্নার যখন মিশরদেশ শাসন করিভেছিলেন, তখন খেদিভ কে দিয়া একটা

<sup>👣</sup> Sydney Daily Telegraph, 12th October, 1917.

আদেশ প্রচার করান যে, কোনও কাইভুক্ পাখীকে ধরিলে বা মারিলে কিম্বা ভাহার ডিম্ব নফ্ট করিলে, শান্তি পাইতে হইবে। এইখানে বলা আবশ্যক যে, বকজাভীয় পক্ষী ভুলার পোকা (cotton worm) খাইয়া ফেলে; অপচ এই বকের পভত্রের লোভে মিশরের লোকে ইহার প্রাণসংহার করিত। আমাদের দেশে বড় বড় নদীর বাঁধ অনেক সময়ে শঙাশম্কাদির ঘারা জখন হইবার সম্ভাবনা থাকে। এম্বলেও ঐ বকজাভীয় পাখী সেই সকল বাঁধগুলিকে শসূকাদির কবল হইতে রক্ষা করিয়া থাকে।

কৃষিবিভাগের কিন্তা পূর্ত্তবিভাগের দিক্ দিয়া দেখিলে, পাখীর আৰশ্যকতা যে কত বেশী, তাহা বোধ হয় কতকটা বুঝাইতে চেষ্টা করিয়াছি। কিন্তু পক্ষী সম্বন্ধে ফেটের দায়িত্ব যে এইখানেই পর্য্যাসিত হইল, তাহা মনে করিলে ভুল হইবে। বন ভাল করিয়া রক্ষা করা ঠেটের প্রধান কর্ত্তব্যের মধ্যে গণ্য। নানা কারণে বৈজ্ঞানিকগণ স্থির করিয়াছেন যে, দেশের শুভাশুভ অনেকটা বনস্পতির উপর নির্ভর করে। অতএব ফেটের দেখা উচিত যে, কোন রকমে দেশের বড় বড় বনগুলির অনিষ্ট না হয়। সেই জন্ম ্বন জঙ্গলের রক্ষণাবেক্ষণের ভার সরকারি কর্তৃপক্ষকে লইতে হইয়াছে ; দেশের শাসনতন্ত্রের মধ্যে Forestry নিতাস্ত নগণ্য বিভাগ নহে। ভূয়োদর্শনের ফলে ইহা প্রতিপন্ন হইয়াছে যে, অযাচিতভাবে পাখীর সাহাযা পাইয়া বনগুলিকে বিলাশের হাত হইতে রক্ষা করা হইয়াছে। যখনই কোনও কারণে বিশেষ বিশেষ উপকারী পাখীর অভাব ঘটে, তখনই দেখা গিয়াছে যে, অস্থান্ত অনর্থের মধ্যে বনস্পতির ক্ষয় বিষম মারাত্মক হইয়া উঠে। পাখীর সহিত বনস্পতির এই সম্পর্কের মূলে কতকগুলা দুষ্ট কীট রহিয়!ছে; সেই কীটগুলাই অলক্ষ্যে গাছপালার শনি হইয়া দাঁড়ায়। এমন কি, গাছের গুঁড়ি ফুটা করিয়া বৃহৎ কাণ্ডটাকে ফেঁপিরা করিয়া ফেলে। আমাদের কথাসাহিত্যে সেই

সমস্ত তরুকোটরে বিচিত্র কাহিনী লিপিবদ্ধ আছে। কেমন করিয়া কখন এই তরুকোটর দেখা দিল, ভাহার কোনও ইতিহাস সেই সাহিত্যের মধ্যে খুঁজিয়া পাওয়া যায় না। সে যাহা হউক, প্রকাণ্ড গাছের গুঁড়ে ফাঁপা হইয়া গেলে, গাছটাই অসার হইয়া পড়েল; ভাহার বার্ত্তাশাস্তের ভাষায় বলিতে গেলে economic utility অনেক কমিয়া গেল। প্রকৃতির বিচিত্র বিধানে কীটভুক্ কাঠঠোক্রা পাখী গাছের গুঁড়ি হইতে চঞ্পুট সাহায্যে তুই্ট কীটগুলিকে নইট করিয়া দিয়া গাছটিকে রক্ষা করে। যে পেচককে লোকে সাধারণতঃ এত ল্লগা করে, সেই নিশাচর পাখীটি মৃষিকাদির প্রাণসংহার করিয়া দেশের প্রভুত কল্যাণ সাধন করে। ক্রমিবিভাগে এবং জঙ্গল-বিভাগে এই মৃষিকের উৎপাত এত বেশী যে, সংস্কৃতশাস্ত্রে ইহাকে ছয়টা প্রধান উৎপাতের মধ্যে অক্সতম বলিয়া পরিগণিত করা হইয়াছে,—

অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ মুষিকাঃ শলভাঃ শুকাঃ। অত্যাসক্ষাশ্চ রাজানঃ ষড়েভা ঈতয়ঃ স্মৃতাঃ॥

এই মুঘিকধ্বংসকারী পেচক অন্ধকার জ্ঞ্গলের মধ্যে থাকিয়া
মানুবের অজ্ঞাতসারে মানবসমাজের উপকার সাধন করে বটে, কিন্তু
আমরা নূঢ়তাবশতঃ আমাদের উপকারী বন্ধুগুলিকেই অনেক সময়ে
বিনষ্ট করিয়া ফেলি। আর যে শুক পাখীকে আমাদের দেশে একটা
ভয়ন্তর ঈতি বলিয়া বিশেষিত করা হইয়াছে, যাহাকে বিদেশীয় পিক্ষতথ্যবিদ্গণ 'the greatest bird-pest we have in India'
বলিয়া অভিহিত করিয়া থাকেন, সে আমাদের অভান্ত প্রিয় হইয়া
দাঁড়াইয়াছে। সকল প্রকার শস্য ও ফলমূল নফ করিতে শুকের
সমকক্ষ কেহ নাই। অথচ সেই শুক আমাদের গানে ■ গল্পে, ঘরে
ও বাহিরে, সমাজের সহিত প্রীতিবন্ধনে গ্রথিত হইয়া আছে।

দেশের আপামর সাধারণের থাজের ব্যবস্থা করা ফেটের প্রধান
কর্ত্তর । একটু ভাবিয়া দেখিলেই বৃঝিতে পারা যাইবে যে, খাদ্য
হিসাবে পক্ষিপালন করা ফেটের কর্ত্তর । অন্ততঃ পাশ্চাত্য ভূখণ্ডে

চীন, জাপান, মিশর প্রভৃতি দেশে মানুষের খাজের জন্ত পক্ষিপালনের ব্যবস্থা আছে; ফেট বে সর্বত্তই প্রত্যক্ষভাবে পাখী লইয়া
farming আরম্ভ করিয়া দেয়, এমন কথা আমি বলিভেছি না; তবে
জনেক প্রকারে ইহার সাহাব্য করিয়া থাকে।

এ পর্যান্ত যতটুকু আলোচনা করিলাম, ভাষাতে সহজেই অপুমান করা যাইতে পারিবে যে, কোনও বিধ্বস্ত দেশের পুনরুদ্ধারকল্পে সেই मिश्रामीत नग अ शक्ति नियां कि कतिए इंडेटन, यपि नेल्श्र्नित्रां স্থালনাডের প্রত্যাশা করিতে হয়, ভাহা হইলে মানবেডর বিহলকে बार मिरन ठिनिट्य मा। यनि अरमर्भन्न माहि, अरमर्भन्न कन, अरमर्भन्न কুল, ক্ষমেশের ফলকে ধন্য করিতে চান, ভাহা হইলে মানুষকে নিঞ্জের সমাজবন্ধ সঙ্কীৰ্ণ গণ্ডীৰ বাহিৰে আসিয়া পাখীৰ সহিত অনেক স্থান মিত্রভাসুত্রে আবদ্ধ হইডে হইবে, আবার কোনও কোনও স্থলে বৈরি-ভাব স্থাপন করিতে হইবে। বেল্জিরমের মত দলিত ভূথওকে মুদ্দল, মুফল, শৃস্যামল করিতে হইলে, কেমন করিয়া লেই কার্যো ত্রতী হইতে হইতে, ভাহার সমাক্ আলোচনার স্থান 🔳 💴 আমাদের ্রেখন নাই ; ডবে পক্ষিতধের দিক্ হইতে কতকটা পথনির্দেশের চেষ্টা ক্রিলে, তাহা বোধ হয়, ধৃষ্টতার পরিচায়ক হইবে না। তাই আজ ৰখন চারিদিকে Reconstruction ও Reparation এর কথা শুনিডে পাই, তথন স্বতঃই এই প্রেশ্ন আমার মনের মধ্যে জাগিয়া উঠে ধে, সাড়ে চার বৎসর ধরিয়া 🚃 লক্ষ গুলি-গোলা ও বোমায় বে সকল মানবসহায় পাখী বিনষ্ট 🎟 দেশ হইতে বিভাজিত হইয়া গেল, ভীৰাৰ কোনও reparation হইবে कি 🕈

## भाशोत याँ हा ना भाशोत बाह्य ?

विश्वस्य (वल् जिय़रमत शूनर्गर्जन श्रमण्ड रा मकल मानद-मश्र বিহুক্তের আভাস আমরা পূর্বেব দিয়াছি, তাহাদের সহিত বাস্তব জীবনের ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপন করা যে শুধু বিলাসবিভ্রমের অঙ্গ বলিয়া মনে করা উচিত, তাহ। নহে। আমাদের স্থের সমর হয় 'ত ভাহারা ভোগের নানা বিচিত্র সামগ্রীর মধ্যে অধিকাংশ ক্ষেত্রে মাত্র একটা উপকরণরূপে পরিগণিত হয়;—মানবাবাসে পিঞ্জরম্থ বিহজে অভ্যস্ত ছইয়া আমাদের চিত্তবৃত্তি হয় 'ত কতকটা বিকৃত হইয়া গিয়াছে, কিন্তু ভাহাদিগকে যদি আমরা ভাল করিয়া জানিতে ও চিনিতে চেষ্টা করি. তাহা ইইলে অনেক সময়ে আমাদের দেশের ও মানবসভাতার ইতিহাসের ধারা বিপথগামী হইতে পারে না। এত বড় কথা যদি কোনও Ornithologist জোর করিয়া বলেন, তাহা হইলে ইতিহাসজ পণ্ডিভমণ্ডলী বিদ্রোহী হইয়া মাথা নাড়িতে পারিবেন না। পক্ষী সম্বন্ধে আমি কোনও প্রাচ্য কথবা পাশ্চাত্য পৌরাণিক কাহিনীর উল্লেখ করিভেছি না। সুদুর অভীতে কেমন করিয়া হটি ভাই তুইটি গিরিশকে উপবেশন করিয়া, উড্ডীয়মান পাখীর গভি দেখিরা একটা ক্ষুদ্র নদীর তীরে রোম নগরীর প্রতিষ্ঠা করিয়াছিল; কেমন করিয়া পরে রোমের পুরোহিতমগুলী বিহঙ্গদেহের অংশ বিশেষ পরীকা ক্রিয়া স্থদেশের ভাবী শুভাশুভ গণনা করিয়া বলিয়া দিভেন (১);

১। প্রীযুক্ত মরেন্দ্র নাথ লাহা, পি, আরে, এস, মহাশরের The Religious Aspects of Ancient Hindu Polity নামক অলিখিত প্রবেদ ইহা বিশেষরূপে আলোচিত হইরাছে। (Modern Review, January 1918).

এই সমস্ত পৌরাণিক তথ্য আমাদের বৈজ্ঞানিক আলোচনার বিষয়ীভূত
নহে; অথচ এই সমস্ত পৌরাণিক কাহিনী হইতে ইহা স্পাষ্টই
প্রতীয়মান হয় যে, অতি প্রাচীন কালে রোমক সভ্যতার অভ্যুদয়ের
পূর্বের পাশ্চাভ্য ভূথতে মানুষের সঙ্গে পাখীর নিবিড় সম্পর্ক দাড়াইয়া
গিয়াছিল। পাখী যে মানবের সখা হইতে পারে তাহা ধরিয়া লওয়া
হইয়াছিল। যে পাখীকে বলি দেওয়া হইত, তাহার পরীকা
করিয়া পুরোহিত stateকে কোনও কার্য্যে ত্রতী হওয়া উচিত কি
না—বলিয়া দিতে পারিতেন; অথবা আকাশমার্গে বাধীন পাখীর
বিচরণ ও গতিভঙ্গি লক্ষ্য করিয়া মানুষের ভবিষ্যুৎ ভালমন্দ বিচার
করিতে বিসভেন। সমগ্র কোমক সমাজ বহু দিন ইহা মানিয়া
চলিয়াছিল; কিন্তু ইহার পশ্চাতে কোনও নিগ্রু রহস্ত আছে কি
না—বিহস্কতত্বের দিক্ হইতে তাহার আলোচনা আপাততঃ
নিপ্রা্রাজন।

সে কথা যা'ক। যুরোপে মধ্যমুগে অভিজাত-সমাজের যুবকগণ অধপৃঠে শিকার করিবার জন্ম বাদ বাহু-প্রকোঠের উপরে বে শ্রেক পক্ষী লইয়া বাহির হইত, তাহা তৎকালীন পাশ্চাত্য অভিজাত-সমাজের ইতিহাসের সামগ্রী ইইয়া গিয়াছে; সে প্রসঙ্গেরও উত্থাপন করিতে চাহিনা।

কিন্তু উনবিংশ শতাবার প্রথম ভাগে বাহার প্রতিভায় ও সমর-নৈপুণ্যে লগৎ চমকিত হইয়া গিয়াছিল, সেই বীরশ্রেষ্ঠ নেপোলিয়ানের লাখনের ইতিহাস বিবৃত করিতে বসিয়া করাসী ইতিহাস-রচয়িত। আক্লেপ করিয়া বলিয়াছেন,—হায়! যদি ১৮১১ খৃঃ অব্দের সেপ্টেম্বর মাসে নেপোলিয়ন বোনাপার্ট পাখীর গতিবিধি লক্ষ্য করিতেন। সারস জাতীয় পাখীগুলি দলে দলে যুরোপ-ভূখণ্ডে উত্তর হইতে দক্ষিণ দিকে প্রয়াণ করিতেছিল; তবুও তাঁহার চোধ ফুটিল না; তাহারা যে দারুণ শীতের আগমন বার্হা ঘোষণা করিল—তাহা তিনি কুনিতে পারিকোদ না; সমাটের নিকটে এই ধাধাবর খেচরের দৌত্য ব্যথ হইয়া গোলা তাহারা অপেক্ষাকৃত উষ্ণ দক্ষিণে আশ্রয়লাত করিয়া বাঁচিল;—আর নেপোলিয়ন রহিলেন—মস্ফো নগরীতে! \* \* \* নেপোলিয়নের জীবনের করুণতম tragedy সম্ভাবিত হইত না, ধদি তিনি একবার চোখ মেলিয়া পাখার গতিবিধি পর্য্যবেক্ষণ করিতেন!

ब्लिट्रिशालिय्यम्क क्लिया जिल्ला हिलाद्य मा। शाबीत शिक्तिविध **काल** করিয়া প্রত্বৈক্ষণ কর। আবশ্যক এ কথা মানব-সমাজে কয়জন স্থীকার করিয়া পাকেন ? এই বিংশ শভাকীর বিজ্ঞানগোরবের দিনে যাঁহারা এ কথা স্বীকার করেন, ভাঁহাদের মধ্যে কয়জন পর্যাবেশগের উৎকৃষ্ট রীতি অবগত আছেন ? তবে একটু স্থলকণ এই যে, নানা कांद्ररण कार्शभद्र माभवनमाद्रजत महन् व्यक्तिक श्रकाहन भारीत जीतम-भीमा यथामञ्चत जागाशाए। (मधितात (छस्ट) कतिएए(इन) প্রধানতঃ আমরা এ ছলে তুই শ্রেণীর পর্যাবেকক দেখিতে পাই;---একদল লোক আছেন বাঁছারা বাড়াতে পাবী পুষিয়া পিঞ্জবদ্ধ্য অথ্য কৃত্রিম পক্ষিভবনে পক্ষিত্রীবনের ইতিহাস আলোচনা করিবার সুযোগ পাইতে চেক্টা করেন। আর এক শ্রেণীর ভক্জভাত্ নিজের গৃঁহে বনবিহঙ্গকে না আনিয়া নিজ গৃহ ছান্ট্রিয়া বনে জগলে মুক্ত আকাশভলে স্বাধীন বিহঙ্গজীবন নিরীক্ষণ করিবার উপায় উপ্তাৰণ कंत्रिटण्डम । नामाद्यत्र मर्था नात्मके रागाए। क्ट्रेड द्यायम स्थाने-कु छ रहेया भिष्। व्यानक्ति मध्या धहेक्त भारता माष्ट्राहिया शियादि (यं, এই প্রকারে পাখীকে আমাদের জত্যন্ত নিকটে টানিয়া আনিতে শারিলে এবং যথারীতি পরিচর্য্যা করিয়া তাহাকে কিছুদিন বাঁচাইয়া রাখিতে পারিলে তাহার সম্বন্ধে সমস্ত জ্ঞাতব্য বিষয় স্মাক্রপে জানিবার ষত স্থাবিধঃ হয়, তত লার কিছুতেই হয় না া- এই শ্রেণীয় शिष्ठित्रीत्व महस्र माहादा क्षण्यी है। होहाद्वत अस्तवा अस्तव व्यानक्री আটল বহিয়াছে :

কিন্তু ইহাকে টলাইবার চেক্টা তুক হইয়াছে। পুরাতন সংস্থারের ভিত্তি পাকা নহে, এই কথাই নব্যভদ্ৰের পর্য্যবেক্ষসপ্রাদার কোর ক্রিয়া খোষণা ক্রিভেছেন। এমন ভাবে ক্রিভেছেন যে, ভাঁছারা যেন বলিতে চাহেন যে, প্রাচীন মতাবলমী কুসংস্কারাপর aviculturist তাঁহাদের করুণার পাত্র; অনেক খরচ পত্র করিয়াও তাঁহারা এতদিন বিহঙ্গ-তন্ত্র-জিজ্ঞাসায় অধিক দূর অগ্রসর হইতে পারেন নাই; ভাঁহাদের অবলন্ধিত উপায় ভাঁহাদিগকে অধিক দূর লইয়া যাইতে পারে ন। তাঁহার। নিজেদের কিংবা পালিত পাখীদের ইন্টসাধন করিতে কভদূর সমর্থ হইয়াছেন, তাহা বিচার করিতে বসিলে ভাঁহাদের বিচক্ষণভার বেশী প্রশংসা কর। যায় কি না সন্দেহ। তাঁহারা কি অস্বীকার করিতে পারেন বে, অসুকৃল পরিবেউনীর মধ্যেও ভাঁছাদের সাধের থাঁচার পাথী অনেকাকৃত অলায়ু ইইয়া বায়? ক্যা হইয়া পড়ে ? বিবর্ণ অথব। হীনবর্ণ হইবার সম্ভাবন। ভাহাদের প্লকে ? ভবে কেন আমরা সেই পাধীকে উড়াইয়া দিয়া কাননে-কান্তারে ভাহার অনুসরণ করিয়া, আসল পাখীটির বিরূপ পরিচয় পাইবার চেষ্টা করি না 🤊 তবে অবশ্যই স্বাকার করিতেই হইবে যে, এনে জঙ্গুলে স্বাধীন পাখীর গতিবিধি, উড়িবার স্তঙ্গী ও নীড়রচনার পক্ষতি ভान कतिया नित्रीक्रण कतिवात वावशा ना कतिया, क्वेंबन शांशीष्टिक জলল হইতে ধরাইয়া আনিয়া মানবাবাদে নানা উপায়ে পোৰ মানাইবার চেক্টা করিয়া, ভাহার গতিবিধি ও উড়িবার ভঙ্গী পর্য্যবেক্ষণ করিবার চেফা করায়, বৈজ্ঞানিক হিসাবে স্থকল লাভের প্রভ্যাশা থাকিতে পারে না। নীড়রচনার কথা'ত আমাদের পক্ষিগৃহমধ্যে ত্ত্বজিজ্ঞাত্ত্ব পক্ষে না তুলিলেই ভাল: কারণ, মানইরচিত নীড়গুলি ্যে সকল রক্ষে কৃত্রিম দাঁড়াইয়া যায়—ইহা মীনিয়া লইভেই হইবে। यथामञ्जद हिमान कतिया आयत् (य नामाष्टि भागीत जेशदाशी विद्वहमा করিয়া স্থাট্ডু নির্মাণ করিলাম ( এবং তাহা না করিলে নয় ) তাহা

যে ঠিক বনে-জঙ্গলে গাছের পাভার স্বস্তরালে স্থবা ঝোপের সধ্যে, তরুকোটরে, গুহাভাষ্করে অথবা গৃহবলভিতে বিভিন্ন ভোণীস্থ পদ্দীর শ্বরিত কুলায়ের অসুরূপ সর্বতোভাবে হয়, এরূপ মনে ক্রিয়া চলে না। তবে যে আমাদের রচিত বাসাগুলির ভিতর পারীয়া অঙ্গ সময়ের মধ্যে জীবন বাপন করিতে অভ্যন্ত হইরা বার, adaptability অর্থাৎ পারিপার্ষিক অনুকূল অবস্থার সন্ধিত অনায়ালী অথবা অল্ল আয়াদে মিলাইয়া চলিবার ক্ষমতা না থাকিলে ভাহারী ধ্বংসপ্রাপ্ত হইত। কিন্তু ভাই বলিয়া বিহঙ্গভন্ধজ্ঞাত্ব, এই প্রেকার পশিপালন-প্রথার ভিতর দিয়া বিহঙ্গতত্ত্বের অনুশীলন করা যে একমার থক্ষ উপায়—তাহা কেমৰ করিয়া বলিবেন ? অভএব কি উপায়ে পাথীকে স্বাধীন অবস্থায় সমাক্ভাবে পুৰাকুপুৰক্ষপে আমাদের আলোচনার বিষয়ীভুত করা যাইতে পারে, ভাহার উস্তাবন করা व्यक्तिक । नवा मन्द्रामारमम विक्किविद वर्तमभ (य, तम खेलान खेखाविक হইয়াছে ;—aviary পরিভ্যাগ করিয়া sauctuaryর প্রভিষ্ঠা করিতে হইবে। এই sanctuary শক্ষে সহজেই অসুমিত হইবে, পাধীর জম্ম যে স্থানটি বিশেষভাবে রক্ষিত হইবে, ভাহা অভ্যস্ত পবিত্র বলিয়া মনে করা চাই। প্রাচীন গ্রীস্ দেশে ধেমন কোনও ব্যক্তি শব্দির-মধ্যে আত্রায় লইলে কেহ ভাহার উপর বলপ্রয়োগ করিছে পারিত না, সেই sanctuary তাহাকে রকা করিত: সেইরূপ এই শঙ্যস্ত আধুনিক bird-sanctuaryর মধ্যে যে কোনও পাখী আনে, কেহ তাহার হিংসা করিতে পাইবে না। একটা প্রকাণ্ড বাগান, নানা বৃক্ষলতাসমাচ্ছল; বাগানের অধিকাংশ পাছের ফল পাধীর আহারের উপযোগী; সবুজ বৃক্ষপত্রাস্তরালে ভাহারা যথেচ্ছ বিচরণ অথবা বিশ্রাম লাভ করিতে পারে; যেখানে স্থবিধা হয় সেখানে निक निक छेशरयां शे वामा निर्माण करत । (महे वामानिक मर्भा जम्म ए खिपरणा छित्र महत्वेदत जनाइत व्यथत। छे छहत भाशीत अध विद्यास

করে। পাখীকে সাট্কাইয়া রাখিবার জন্য কোনও ব্যবস্থা করা শা না; সে সামে, যায়, থাকে, গৃহস্থালী করে;—কোনও বাধঃ দেওয়া হয় না, কিন্তু ভাহার আসা যাওয়া, থাকা ও ঘরকলা করা, শাগাগোড়া ভাল করিয়া দেখিবার স্থান আয়োজন করা হইয়া থাকে। পাখী যে বে খাদ্য খাইতে ভালস্কানে তাহা বাগানের এমন স্থানে এমন ভাবে রাখা হয় যে তাহা অনুস্বতী বাতায়ন হইতে সহজেই মানুষের চোখে পড়িতে পারে। দুর<del>বীক্ষণযন্ত-সাহা</del>ষ্ট্রো নমস্ত খু'টিনাটি লক্ষ্য করিয়া প্রত্যহ বিহঙ্গ-জীবনের ইতিহাস কিনিলৈ অনেক রহক্তের সভ্তর পাওয়া বায়। দুরদেশ হইতে পাখী আসিয়া ইচ্ছামত যাহাতে বাসা করিতে পারে, তজ্জন্ত ঝোপের মধ্যে অথবা বৃক্ষপাধায় ক্লুত্রিম মানবরচিত নীড়াধার বিলম্বিত অথবা সংলগ্ন করিয়া রাখা হয়। কোন্ যাবাবর পাধী বংসরের কোন্ ঋতুতে বাগানে আসে, কিরূপে কডদিন সেখানে জীবন যাপন করিয়া কবে সেখান হইতে চলিয়া যায়; পরবৎসরে আবার সেই ঋতুতে সেই সময়ে ৰাগানে সে ফিরিয়া আসে কি না; পুরাতন অভ্যস্ত নীড়াধারের মধ্যে আবার নূতন করিয়া গৃহস্থালী পাতে কি না এবং ঋতুপরিবর্তনের সঙ্গে সঙ্গে পুনরায় সে দেখান্তরিত হয় कি না;—পক্ষিকীবনের এই ন্দক্ত ছোট ছোট রহস্তময় ঘটনা এ ক্ষেত্রে এমন ভাবে দেখিবার বড় সুযোগ হয়, ডড আর কিছুতেই হয় না। প্রতিবৎসর এই স্ব বাগানে উড়িয়া আসিবার ও কিছুদিন অবস্থান করিবার অভ্যাস জ্মাইয়া গেলে কোনও কোনও বাবাবর পাধী হয় 'ভ ঋতুপরিবর্তনের সঙ্গে সঙ্গে আর ভাষার পুরাভন বাসস্থানে প্রভ্যাকর্ত্রন করে না, কালক্রমে ভাহার যায়াবরত্ব অনেকটা কমিয়া যায় এবং স্বেচ্ছাল এই সব নৃত্ৰ জায়গায় শাবক উৎপাদনে সে সক্ষোচ বোধ করে না। অব্যক্তমদিগের এই বিহঙ্গাঞাম ব্যাপীরটি ভুচ্ছ মনে করিলে তাহাদের সমস্ত উদামের উপর অবিচার করা হইবে। বিশেষভঃ

আমি পূর্বের বলিয়াছি যে, এখন জগতের মধ্যে সর্বত্রই মানবজীবনকে न्डन कित्रा गिष्या कृतिवात क्रमा श्रीत (हमें। इहेर्डएह। এ অবস্থায় মানবসহায় বিহস্ককে যে-উপায়ে ভাল করিয়া চিনিতে পারা যায় এবং আমাদের উপকারে লাগাইবার অশ্ব তাহাকে আপদ্ বিপদ্ হইডে রক্ষা করিতে পারা যায়, ভাহা সহকারে আলোচিত হওয়া উচিত। এই যে আশ্রামের কথা উঠিয়াছে, ইহা বিশেষভাবে মার্কিন দেশে সুন্দররূপে সুপ্রতিষ্ঠিত হইরাছে। পাথীকে মুক্ত করিয়া দেওয়া হউক, বিহসজাতি সম্বদ্ধে এই Declaration of Independence মার্কিন দেশেই শোভা পায়। মার্কিন দেশের ভূতপূর্ব েপ্রসিডেন্ট্রনিঃ রুজ্ভেন্ট হিংত্র জন্তু শিকার করিতে ভালবাসিতেন; ভাঁছার মৃত্যুর কিছুদিন পূর্বেও তিনি আজিকার মৃগ্রা করিতে গিয়াছিলেন। কিন্তু তিনি আজীবন পাখীর পরিচর্যা ধে ভাবে ক্রিয়াছিলেন এবং ভাঁহার দৃষ্টাস্ত অনুসরণ করিয়া ভাঁহার স্থাদশবাসী <del>অ</del>নেক বালক ও প্রোঢ় ধেমন করিয়া পক্ষিরকার চেফা করিয়া. আসিতেছে, ভাহা ভাবিয়া দেখিলে অবাক্ হইতে হয়। মার্কিন দেশ 'জ যুরোপের মত এই মহাসমরে বিধবস্ত হয় নাই; ভাহার Reconstruction সমস্তা উৎকটভাবে রাষ্ট্রনীভিজের সমক্ষে উপ-স্থাপিত করা হয় নাই ; কিন্তু তবুও তথায় স্বদেশের কল্যাণের পাথীর সেবায় মাসুষকে । থাকিতে দেখিয়া বিশ্বিত হইবার কিছুই নাই। যে দেশ এই মহাসমরান্তে কুধিত মধ্য-য়ুন্নোপকে প্রায় শত-কোটি মণ আহাষ্য সামগ্রী যোগাইয়াছে, তাহাকে উপযুক্ত পরিমাণে শক্তাদি উৎপন্ন করিবার সমস্ত প্রকৃষ্ট উপায় অবলম্বন করিতে হুইরাছে; এবং সেই শস্তাদিকে রক্ষা করিবার জন্য বিশেষভাবে যে পাৰীর সাহাধ্য লইতে হইয়াছে ভাহার সহিত নানা প্রকারে যদিও সম্বন্ধ রাখিতে হইয়াছে। তাই দেখিতে পাইতেছি যে, রুজুভেণ্টের মৃত্যুর পরে যখন তাঁহার স্তিরক্ষার আয়োজন করিবার চেষ্টা হইল,

তখন অন্যান্ত কথার মধ্যে ভাঁহার এই পক্ষিপরিচর্য্যার কথাটার উল্লেখ করা হইয়াছে। ভাঁহার সম্বন্ধে স্পষ্ট করিয়া বলা হইয়াছে ধে, তিনি যৌবনে বৈজ্ঞানিকের মত পক্ষিসংগ্রহে ব্যাপুত ছিলেন ; প্রেসিডেণ্ট-পদ প্রাপ্ত হইয়া তিনি প্রতিপন্ন করিয়াছিলেন যে, প্রিক্সিকা করা রাষ্ট্রীয় কর্ত্বা; এবং স্বাধীন বন্য বিহলের জক্ত একালটি বিহঙ্গাশ্রম রচনা করিয়াছিলেন (২)। যে দেশের কর্ত্-পক্ষেরা পক্ষিপরিচর্ষ্যাকে এরূপভাবে রাষ্ট্রীয় কর্ত্তব্য বলিয়া মনে करत्रन, (म (म्हाभंत (ছ्लाम्स्यादिक अग्र विमानद्य अथवा विभिक्ते সমিতিতে যে, পাধীর সহিত মানবশিশুর প্রীতির সম্বর্জাপনের চেক্টা করা হইবে ভাহা বিচিত্র নহে! এক একটা ক্লবে সভাসংখ্যা ২০া২২ হাজার। ওহিয়ো (Ohio) প্রদেশের অন্তর্যনী একস্থানের কর্তুপক্ষেরা সম্প্রতি এই আদেশ প্রচার করিয়াছেন বে, সে স্থানের সমস্ত কোম্পানীর বাগান চিরকালের স্থানীর আশ্রম বলিয়া বিবেচিত হইবে; এবং পাখীদের রক্ষণাবেক্ষণের ভার পদীবাসী বালক-বালিকার উপর করা হইল (৩-)। শুধু যে ছোটখাট विमानिय (छाउँ (छाउँ (छाल स्वार्याम न जरेश शार्थीत ठर्का स्त्र ভাহা নছে: কোনও কোনও Universityতে বিহলত সংগ্ৰাপনাক ৰিশেষজ্ঞ নিযুক্ত করা হইয়াছে। আমাদের বিশ্ববিদ্যালয়ের

sought the fiercest animals of the jungle and brought his troplies to museums where the public might look upon them and learn. As President he established the principle of Government bird-reservation and created lifty-one of those national bird-life sanctuaries.—

<sup>-</sup>Bird-Lore, march-April 1919, p. 139.

nent bird sanctuaries...... I hereby appoint the boys and girls of Toledo as guardians of the birds, to work with the city adminstration for their protection"—Extract from the Mayor of Toledo (Ohio)'s proclamation on April 2. 1919.

পুনর্গঠনের দিনে একথা বিশেষভাবে উল্লেখযোগ্য যে, যদিও আমাদের দেশ কৃষিজীবীর উপর সম্পূর্ণ নির্ভর করে, তথাপি কৃষকের সঙ্গে পাখীর সম্বন্ধ কত ঘনিষ্ঠ তাহা আমাদের কোনও রাষ্ট্রীয় অমাত্য অথবা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বুঝিবার অথবা বুঝাইবার চেষ্টা করেন নাই। মার্কিনদেশে এই যে বালকবালিকাগণকে লইয়া পাখীর আলোচনা করা হয়, ইহা কেবল museumরক্ষিত পাখীর শ্ব লইয়া মাড়াচাড়া করা নহে ;—খাঁচার পাখীকে লইয়াও তাঁহাদের कांक চলে नाः একেবারে স্বাধীন মুক্ত বিহঙ্গকে বৈজ্ঞানিকভাবে দেখিতে ও দেখাইতে হইবে—এই উদ্দেশ্যে শিক্ষাব্যাপারে দেশের রাষ্ট্রীয় শক্তি নিয়োজিত হইয়াছে। কিন্তু আমাদের সৌভাগ্যই বলুন আর তুর্ভাগ্যই বলুন, সে দিন শিমলা শৈলে, বড়লাট বাহাত্র স্থামাদের University Commission Report আলোচনা করিয়া বলিলেন যে, বিশ্ববিদ্যালয়ের উন্নতির সঙ্গে শিল্লের উন্নতি ঘনিষ্ঠভাবে জড়িত, অভএব নবীন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে দেশের ভাবী industryর উন্নতির কথা চিন্তা করিতে হইবে, কারণ এ যুগ industryর যুগ। তিনি বিশ্ববিদ্যালয়ের উন্নতির সঙ্গে মুখ্যভাবে কৃষিবিদ্যার সক্ষ স্পাষ্টতঃ উল্লেখ করেন নাই : স্কুতরাং কৃষিবিদ্যার উন্নতিকল্পে যে বে উপায় অবলম্বিত হওয়া উচিত, অন্ততঃ আধুনিক পাশ্চাত্য জগতে ঐ উদ্দেশ্যে যে যে উপায় অবলন্ধিত ইইয়াছে ও ইইভেছে, সে সমস্ত প্রসঙ্গ আদে উত্থাপিত হইল না। শিল্পজীবী মার্কিন যখন কৃষি-বিদ্যার উন্নতির কথা ভাবিতেছে, কৃষিজীবী ভারতবর্ষ কৃষিবিদ্যায় কোনও প্রকার উন্নতি সাধনের চেফা না করিয়া শিল্লোন্নতির স্বগ দেখিতেছে।

কিন্তু আমরা বিহঙ্গাশ্রমের কথা বলিতেছিলাম। State পাথীর জন্ম স্বতন্ত্র বাগানের ব্যবস্থা করিয়া দিলেন; দেশের লোক নানা-জাতীয় পাথীর জানাগোনা, চলাকেরা, স্নান, আহার, নিদ্রা প্রভৃতি নিরীক্ষণ করিবার স্থানে করিয়া লইল; দেশের ছেলেমেয়েরা পাশীদের জন্ম নীড়াধার রচনা করিয়া গাছের ডালে অথবা ঝোপের মধ্যে উহা রাখিয়া আদে; পাখীর আহারসামগ্রী রাখিবার স্ব সহস্তে টেবিল তৈয়ারি করিয়া বাগানের মধ্যে লইয়া গিয়া ভাহার উপরে বন্ম ফল ও শস্তাদি ছড়াইয়া দিয়া এমন স্থানে রাখিয়া আদে যে, অতি সহক্ষেই এই খাদ্য-ব্যাপারের আগাগোড়া ভাহাদের চোধে পড়ে।

নব্যতন্ত্রের অনুষ্ঠিত এই সকল ব্যাপারের উপকারিত।
যথোচিত স্বীকার করিয়াও পুরাতন পক্ষিপালকগণ যে যে বিষয়ে
তাঁহাদের চেফার সার্থকতা এবং ইহাদের ক্রাটি ও বিচ্যুতি দেখা
যায় তাহা খুব স্পাইতাবে প্রচার করিতে এখনও কুঠিত বোধ
করেন না।

\* \* \* \*

পাথীর আশ্রমের উপকারিত। সম্বন্ধে সাধারণতঃ যে সরুল কথা বলা হয়, তাহা অবশ্যই এখনও বিচার করিয়া দেখা হয় নাই, কেবল সেই কথাগুলিই পাঠকবর্গকে সজ্জেপে শুনাইবার চেষ্টা করিয়াছি। কেহ যেন মনে না করেন হে, আশ্রম কিংবা খাঁচার দলের মধ্যে একটা বিরোধ অথবা প্রতিদ্বন্দিত। আছে। উভয়েরই লক্ষ্য এক,—পাথীর সম্বন্ধে মানবের জ্ঞান যথাসাধ্য প্রসারিত করা। আদিন যুগে মানবসভ্যতার ক্রমবিকাশের প্রথম অবস্থায়, বনে, অপ্রলে, মাঠে, যাটে পাথীর সঙ্গে মানুষের কি সম্বন্ধ ছিল, তাহা আমাদের এখন আলোচ্য বিষয় নহে। তবে সমাজবন্ধ মানবের পৌর ভবনে সেই সকল পূর্ববিপরিচিত বন্ধ বিহঙ্গের অনেকগুলি আশ্রয়লাভ করিয়া নানাপ্রকারে জীবনধাত্রা নির্বাহ করিতে লাগিল। তথন হইতে মানবাবাসে পাথীর জন্ম খাঁচা ও বাস্বন্ধির আবশ্যকতা অমুভূত হইয়াছিল। যে বন্য বিহঙ্গের সহিত মামুষ ক্রম্বির সম্যন্ধ্রপূপে পরিচিত

হইতে পারে নাই, থাঁচায় রাখিয়া তাহার রীতিনীতি, গতিবিধি, আহাঁর, উৎপতনভদী প্রভৃতি দেখিবার যথেষ্ট সুযোগ করিয়া লইয়াছে। তাহারই ফলে এতদিনে খাঁচার পাখী লইয়া aviculture বিজ্ঞানশাস্ত্রের অঙ্গীভূত হইয়া মানবের আনন্দ ও জ্ঞানর্দ্ধির সহায়তা করিতে পারিয়াছে। ইহা অস্বীকার করিবার উপায় নাই। নবীন আশ্রমপন্থীরা ঠিক যে অস্বীকার করেন ভাহা নছে; তাঁহারা বলিতে চাহেন বে, আবার থাঁচার পাখীকে শনের পাখী করিয়া দিলে, আমাদের অধিকতর জ্ঞানলাভ হইতে পারে এবং পাখীদেরও পক্ষে অধিকতর হিতকর হইতে পারে।

এখন বিবেচনা করিয়া দেখিতে হইবে যে, বহু যুগ ধরিয়া মানবাবাদে পিঞ্রস্থ বিহঙ্গকে চিনিয়া লইবার স্থযোগ যদি আমাদের না হইত, তাহা হইলে আজু সেই বনের পাখীকে বনে উড়াইয়া দিয়া তাহার সম্বন্ধে কি বিষয়ে Scientific observation হওয়া উচিত (খাহা আৰক্ষ অবস্থায় হয়'ত ঠিক হইতে পারিত না ) তাহা কি কেছ হিসাব করিয়া বলিতে পারিতেন 🤊 পিঞ্জর-মধ্যে কৃত্রিম পরিবেষ্টনীর ভিত্রে পাখীর বর্ণ, কণ্ঠমর ও সাধারণতঃ জীবনের ইতিহাস---পুরুষাসুক্রমে পর্যবেক্ষণ করিয়া আমাদের মনের মধ্যে হয়'ত এ প্রশ্ন উঠিতে পারে, —স্বাধীন বস্তা অবস্থায় প্রকৃতির ক্লোড়ে লালিত হইয়া ইহার বর্ণ, কণ্ঠস্বর প্রভৃতির কোনও ভারতম্য হয় কি না ? কোনও পক্ষিত মবিং এই প্রশা এড়াইয়া ষাইতে চেফা করেন না। ভাহা যদি করিতেন, তাহা হইলে তাঁহাদিগের উপর অবৈজ্ঞানিকতার দোষারোপ করা হইত। তাঁহারা বলেন যে, তাঁহাদের বহুষুগব্যাপী সাধনার কলে পক্ষী সম্বন্ধে যে জ্ঞান সঞ্চিত হইয়াছে, তাহারই উপর নির্ভর করিয়া যদি কেহ কিছু নুত্ৰ কথা বলেন, তাহা বৈজ্ঞানিকভাবে ষাচাই ক্রিয়া লওয়া আৰশ্যক ; দেখিতে হউবে যে নৃতন কিছু জোর করিয়া বঙ্গিল টিকিবে कि न। এই শে একটা রব উঠিয়াছে,—शंहांत भाशीएक

শাধীনতা দেওয়া হউক, তাহা হইলেই তাহার যথার্থ স্বরূপ জানিতে পারা যাইবে,—ইহার মূলে কতটা সত্য নিহিত আছে ভাবিয়া দেখিলে এমন অনেক কথা আসিয়া পড়ে, যে সম্বন্ধে পাকাপাকি কোনও মস্তব্য করা কঠিন। কয়েকটি প্রশ্ন তুলিয়া যদি পাঠকের উপরে বিচারের ভার দেওয়া যায়, ভাহা হইলে বিষয়টির গুরুত্ব সহজেই উপলব্ধি করা যাইবে:---(১) মানবাবাদে খাঁচার মধ্যে আবদ্ধ অবস্থায় থাকিয়া কোনও কোনও পাখী কি প্রকৃতিদত্ত স্বীয় বর্ণ হারাইয়া একটা সম্পূর্ণ নূতন বা নূতনে পুরাতনে মিশ্রিত কোনও বিচিত্র বর্ণ প্রাপ্ত হয় ? (২) যদি কোনও কোনও ক্লেত্রে অনুকূল অবস্থা বশতঃ এইরূপ হইতে দেখা গিয়া থাকে, ভাহা হইলে বিশেষ অনুসন্ধানের বিষয় এই যে প্রকৃতির মুক্ত প্রাঙ্গণে এরূপ বর্ণবিপর্য্যয় সঙ্ঘটিত হয় কিনা 🕈 (৩) Molanism অথবা অসিত-বরণ-প্রাপ্তিপ্রবণতা এবং albinism অথবা সিত্তবরণ-প্রাপ্তিপ্রাবণতা যে বহা 🖣 বস্থায় পক্ষিক্তাতির সংখ্য আদৌ অপ্রভুল নহে, একথা কেহ অস্বীকার করিতে পারেন কি ? (৪) Hybridism বা বর্ণসান্ধর্য যে খাঁচার পাখীর একচেটিয়া নছে, তাহা পক্ষিতৰ্ভ মাত্ৰেই অবগ্ৰ আছেন কি ? (৫) খাঁচার পাখী অনেক সময়ে মাসুষের গাঁতবাদ্য অথবা অন্য পক্ষীর কণ্ঠস্বর যেম্ম অসুকরণ করিয়া থাকে, স্বাধীন অবস্থায়ত সেইরূপ করিতে দেখা যায় না কি 🤊

এখন যদি বিচার করিয়া দেখা যায় তাহা হইলে ইহা সহজেই
বুঝিতে পারা যায় যে, খাঁচার সাহায়ে মানবালয়ে পফিপালন-প্রথা
যুগ-যুগান্তর ধরিয়া চলিয়া আসিতেছে বলিয়া তাহার বর্ণ, শ্বর,
বর্ণসাক্ষর্য প্রভৃতি সন্ধর্মে আমাদের যে জ্ঞান সঞ্চিত হইয়াছে, তাহারই
সাহায্যে আমরা অবস্থান্তরে স্বাধীন বস্তু বিহঙ্কের বর্ণ, শ্বর ও বর্ণসান্ধর্যের
বিষয়ে সমাক্ আলোচনা করিতে সমর্থ হইয়াছি। শক্ষিবিজ্ঞান-শাস্ত্রে
এইরূপ স্থানার ফলে তুরীয়ণ অনেকগুলি data লইয়া নানা দিক্

হইতে পাখার জাবনরহস্য-যবনিকা উদ্যাটিত করিবার প্রায়াস পাইতেছেন। সেই সমস্ত dataর যাথার্থ্য বৈজ্ঞানিক কণ্টিপাথরে পরীকা করিবার জন্ম যদি একদল নবীন ভত্তজিজ্ঞাস্থ "আশ্রমের" কথা ভুলিয়া থাকেন, ভাহাতে aviculture এর—পিঞ্চরস্থ-পক্ষিপালনের— লগৌরব কিছুই নাই। কারণ, পিঞ্জরে পাখী পোষার ব্যবস্থানা থাকিলে মাসুযের পক্ষে পাধীকে ভাল করিয়া পর্য্যবেক্ষণ করা সম্ভবপর হইত না। পাথীকে মানুষের আলয়ে রাখায় শুধু যে সে একটা আনন্দের উপাদান হইয়া আছে তাহা নহে; সে আমাদের অনেক অজ্ঞতা ও ভ্রান্ত বিশাস দূর করিয়া আমাদের জ্ঞানের পথ এমন ভাবে প্রসারিত করিয়া দিয়াছে যে, মানব-সভ্যতা-বিস্তারের সঙ্গে সঙ্গে পক্ষিপালন-প্রথা অথবা avicultureএর ক্রমোন্নতি হইরা আসিতেছে। এখন যদি এমন অবস্থা দাঁড়াইয়া থাকে যে পিঞ্চরের মধ্যে অথবা গৃহবলভিতে আশ্রিত পক্ষী সম্বন্ধে যত কিছু জানা সম্ভবপর তাহা জানা इहेग्राष्ट्र, यूग-यूगान्द्रत धतिया (य अदि aviculture कतिया आमा হইতেছে তাহার চরম পরিণতিতে আর কিছু নৃত্ম তত্ত আবিষ্কৃত হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে তত্বজিজ্ঞাসা অবশ্যই একেবারে প্রতিহত হইয়া যে স্তব্ধ হইয়া পড়িবে এমন নহে ;—নিশ্চয়ই কোনও শুত্র পথ অবলম্বনে পক্ষিকাবনের বিচিত্র ইতিহাস অভিনব উপায়ে পর্য্যালোচনা করিবার চেন্টা হওয়া বিশ্বয়ের বিষয় নহে। এরূপ না হইলেই অন্যায় হইত ; বিজ্ঞান-শাস্ত্রের ইতিহাসে সর্বব্যই এই ভাবে ধারাবাহিকতা রক্ষিত হইয়া আসিতেছে; কেহ কোথাও কখনও নিশ্চল হইয়া দাঁড়ায় না : সমস্থা যতই জটিল হউক না কেন, নানা দিক হইতে তাহার উপর রশ্মিপাত করিতে পারিলে থাঁটি সত্য পাওয়া যাইতে পারে। এখন দেখিতে হইবে যে, বিহঙ্গতত্ত্ব-জিজ্ঞাসা যে রেখা ধরিয়া এতদিন চলিয়া আসিয়াছে, আজ কি তাহার এমন চরম সফলত হইয়াছে, অথবা অত্যন্ত করুণ নিফালতা প্রকাশ পাইয়াছে

যে, সেই সফলতা অথবা ব্যর্গতার জন্য মানুষের চিন্তার ধারা অথবা পর্যাবেক্ষণের রীতি রেখান্তরে বিত্যস্ত হইবে ? এক কথায় ইহার সম্ভর দেওয়া কঠিন ৷ অবশ্যই গোঁড়ামীর পক্ষে আদৌ কঠিন নছে, কারণ তখন জোর করিয়া হাঁ অখবা না বলা ফাইতে পারে। কিন্তু বাস্তবিক এখন পট্যান্ত সকলতা ও ব্যৰ্থতা সন্ধৰে খোলসা ভাবে শুধু হাঁ কিস্বানাবলা চলিবেনা। কে বলিবে যে, অভীতের সমস্ত চেম্টার পরিপূর্ণ পরিণতি হইয়াছে অথবা সবটাই ব্যর্পতায় প্র্যান্সিত হইয়াছে ? হয়'ত পক্ষী সম্বন্ধে আমাদের জ্ঞান অসম্পূর্ণ আছি, ভাই বলিয়া তাহার ষতটা পরিচয় আমরা পাইয়াছি তাহাতে aviculturist-এর চেফা ব্যর্থ হয় নাই--ইহা নিশ্চয়। ভাহার অঙ্গপ্রভাবের গঠন, তাহার বর্ণ, তাহার কণ্ঠস্বর, নীড়নির্মাণে নিপুণতা অথবা অক্ষমতা, ঋতুবিশেষে পক্ষিদম্পতির গৃহস্থালী, বাসাটি পরিকার পরিচছন রাখিবার চেষ্টা, আহার, নিদ্রা প্রস্তৃতি যত কিছু খুঁটিনাটি সমস্তই পুজামুপুম্বরূপে দেখিবার স্থোগ খাঁচার ব্যবস্থা না থাকিলে কি পাওয়া যাইত ? তাই অনেকের কাছে পাখীর জীবন-কাহিনীতে অনাবিশ্বত বিশেষ কোনও রহস্ত নাই বলিয়া প্রতীয়মান হইতে পারে। তবে এই যে "আশ্রামের" কথা উঠিয়াছে, ইহার বিরুদ্ধে আমাদের বিশেষ কিছু বলিবার আৰশ্যকতা নাই বটে, কিন্তু খাঁচায় পোষা পাখী সম্বন্ধে অভিজ্ঞতা না থাকিলে বনের পাখীকে আবার বনে ছাড়িয়া দেওয়া হউক একথা উঠিতে পারিত না ; অর্থাৎ তাহার সম্বন্ধে আবন্ধাবস্থায় আমাদের সঞ্চিত জ্ঞান অভ্ৰাপ্ত সভ্য কি না—ভাহা পরীক্ষা করিতে হইলে ভাহাকে মৃক্তি দিয়া ভাহার অবয়ব, বর্ণ-বৈচিত্র্য, ক্রপ্রুর, নীড্রচনা, গৃহস্থালী প্রভৃতি বৈজ্ঞানিকভাবে দেখিবার চেফ্টা করা উচিত।

বেশ কথা। ইহাতে আপত্তি করিবার কিছুই নাই। সুব্যবস্থা করিতে পারিলে ইহাতে স্থফলের প্রত্যাশা করা যাইতে পারে। কিন্তু এতদিনকার aviculture এর কাছে শুধু এই নবীন সম্প্রদায় কেন,

সমস্ত মানবসভ্যতা কি অত্য কোনও প্রকারে ধণী নহে? যে পাখী লইয়া এতদিন আমরা নাড়াচাড়া করিয়া আসিতেছি, তাহা সাধারণ Biology অথবা জীবতত্ত বিষয়ে আমাদের জ্ঞান কতটা প্রস্ফুট করিয়া সভ্যজগতের চিন্তার ধারাকে বছুধা প্রসারিত করিয়া দিয়াছে, সে কথা না হয় এখন নাই তুলিলাম ; কিন্তু মানব-সভ্যতার ইতিহাস হইতে ভাহা যদি বাদ পড়িয়া যায়, ভাহা হইলে সে কাহিনী অসম্পূর্ণ থাকিয়া বাইবে। আর এক কথা এই যে, বিজ্ঞানের অস্তাস্ত শাখা-প্রশাধার সঙ্গে বিহঙ্গতত্ত ধনিষ্টভাবে সম্বদ্ধ। সম্প্রতি এক জন পাশ্চাত্য লেখক একখানি পক্ষিতত্ত্বিষয়ক পত্ৰিকায় (৪) এইরূপ মস্তব্য প্রকাশ করিয়াছেন :---Our science is capable of indefinite expansion, and by no means limited to the mere keeping of live birds. The study of living creatures is of the greatest service not only to the arts ancillary to zoology. (such as taxidermy) but also to remoter pursuits, such as agriculture and medicine.—পাঠক लका করিয়া দেখিবেন বে, এই সম্পাদকীয় মস্তব্যে Science শব্দটী পরিষ্ঠার ব্যবহাত হইয়াছে; এবং লেখক মহাশয় বলিতে চাহেন যে, অ্যাস্ত exact science এর সহিত aviculture সম্পর্ক পাতাইয়া বসিয়াছে: এমন ভাবে বসিয়াছে যে, পাখীকে ভাল করিয়া না জানিলে আরও करग्रकि विमा अनुष्पूर्ण थाकिया याय। कथांन थ्र वजु, किन्न বৈজ্ঞানিক পক্ষিতস্থবিৎ অকুষ্ঠিতভাবে ইহা প্রচার করিতেছেন। মনে রাখিতে হইবে যে রীতিমত থাঁচায় পুরিয়া পক্ষিপালন প্রশা ধারাবাহিকভাবে এতদিন ধরিয়া উন্নতির সোপান হইতে সোপানাস্তরে অগ্রসর হইয়া না চলিলে তিনি এত জোর করিয়া এ কথা বলিতে

<sup>81</sup> Dr. Graham Renshaw in Avicultural Magazine vol. ix. No. 4 (Feb. 1918), p. 136.

পারিতেন না। বর্ণসাক্ষর্যোর ভিতর দিয়া পক্ষিপালক যে নূতন নূতন তথ্যে উপনীত হইতেছেন, তাহা দেখিলে ধারণা করিতে পারা যায় কেমন করিয়া art সময়ে সময়ে natureকৈ ছাড়াইয়া নব নব সৌন্দর্য্যে প্রকটিত হইতে পারে। কতকটা কৃত্রিম বলিয়া ইহাকে উড়াইয়া দিলে চলিবে না। ভাবিয়া দেখিতে হইবে যে, মুক্ত প্রকৃতির মধ্যে তাহার জীবনের বহুযুগব্যাপী ইতিহাসে এইরূপ কত পরিবর্তনের মধ্য দিয়া পাথীকে চলিয়া আসিতে হইয়াছে: পক্ষিজাতির উন্তবের প্রথম অবস্থায় যথন সবে মাত্র ভাষার অবয়বে পভত্তার সূচনা হইয়াছিল, তখন হইতে সেই পভত্তার ■ ভাহার বর্ণের নব নব উদ্মেষ যে হইয়া আসিয়াছে সে সম্বন্ধে কোনও সন্দেহ হইতে পারে না ; এমন কি কোনও কোনও পণ্ডিত এ বিষয়ে স্থির নিশ্চয় করিয়া বসিয়াছেন যে, পভত্তের গঠন ও বর্ণের বৈচিত্র্য ও পরিবর্তন পরে পরে যুগমুগান্তরব্যাপী বিবর্ত্তনের কলে কি ভাবে হইয়া আসিয়াছে, তাহা অনেকটা ঠিক বলা যাইতে পারে। তাঁহাদের সেই সকল উক্তির মধ্যে ধাহা কিছু ইতর্বিশেষ মাছে, ভাহা লইয়া তাঁহায়া বাগ্বিভণ্ডা করুন; যতদিন না পণ্ডিত-সমাজ এ বিষয়ে সম্পূর্ণরূপে একমত হইতে পারেন, ভতদিন এই কূট ভর্ক চলিতে থাকুক; একদিন আমরা অবশ্যই অবিসংবাদী সত্যে উপনীত হইব। তবে এক বিষয়ে সকলেই একটি সিদ্ধান্তে উপনীত হইয়াছেন ;—সেটি এই যে, যে কোনও কারণেই হউক বিহঙ্গজাতির ক্রমবিকাশে বহুল পরিমাণে বর্ণের ও অবয়বের variation হইয়া আসিয়াছে। আপাতভঃ এইটুকু মাত্র স্বীকার করিয়া লইলে আমরা এই নবীন আশ্রমবাদীদিগের একটা সন্দেহ নিরাকরণ করিতে পারি। ইহাঁদের অনেকের বিশাস যে, কেবল আবদ্ধ অবস্থায় পাখীর বর্ণবিপর্য্যা ঘটিয়া থাকে; প্রকৃতির মুক্তপ্রাঙ্গণে বনে জঙ্গলে, স্বাধীন অবস্থায় এরপ হওয়া সম্ভবপর নহে। আধুনিক-

ত্তম পক্ষিবিজ্ঞান ভারস্বরে ইহার প্রতিবাদ করিয়া বলিতেছে যে. এরপ মস্তব্য প্রকাশ করিয়া ভাঁহারা সংক্ষীর্ণভার ও একদেশদর্শিভার পরিচয় দিতেছেন। এ'ত গেল একটা কথা। আবার কখনও বঙ্গা হয় যে, সামুষ জবরদন্তি করিয়া খাঁচার মধ্যে বিভিন্নজাতীয় পোষা পাখীর যৌনসন্মিলন ঘটাইয়া যে বর্ণসাক্ষর্য্যের প্রশ্রয় দেয়, ভাহা অপ্লাকৃত, অস্বাভাবিক এবং সত্যস্ত কৃত্রিম। কিন্তু যে পক্ষিপালক-দিগের বিরুদ্ধে এই অভিযোগ আনয়ন করা হয়, তাঁহারই এই নবান আশ্রমপশ্বীদিগের বহু পূর্বের মুক্ত অবস্থায় স্বাধীন পাশীর আহার বিহার ইত্যাদি লক্ষ্য করিয়া দেখিয়াছেন যে, সেখানেও বিভিন্নভাতীয় পাখীদের মধ্যে অবাধ যৌনসন্মিলনের ফলে বর্ণসঙ্করের উদ্ভব হইতেছে। বরং একেত্রে পক্ষিপালক স্পর্জ। করিয়া বলিতে পারেন যে, ডিনি সাবধান হইয়া যে যে উপায় অবলম্বন করিয়া থাঁচার মধ্যে বর্ণসক্ষর স্প্তির সহায়তা করেন, ভাহা অনেক সময়ে অন্ধ instinct-প্রণোদিভ হইয়া বনে জঙ্গলে যে সকল বর্ণসকর প্রসৃত হয়, তাহাদের অপেকা অনেকাংশে অধিকতর উন্নত। শুধু তাহাই নহে, এই প্রকার খাঁচার সাহায়ে hybrid culture বা বর্ণশার্ষ্যাসুশীলন করিলে আমরা পাখীর আদিম প্রকৃতিগত দেহাবয়ব সম্বন্ধে অনেক বিবয় জানিছে পারি; প্রথমে তাহার কি প্রকার রং ছিল ? সে রংটা একেরারে বিলুপ্ত হইল অথবা রূপান্তরিত হইল গুনানা প্রকার পরীক্ষা করিয়া আবার কোনরূপে পুংস্ত্রী পক্ষিযুগলকে অনুকূল অবস্থার মধ্যে সংস্থাপিত করিয়া আমরা সেই সমস্ত অভীত ইতিহাসের লুপ্ত কাহিনী পুনকন্ধার করিয়া দিতে পারি, এ কথায় পণ্ডিতগণ দ্বিধা করিতেছেন না। অতএব এই hybrid culture লইয়া কেহ যদি তাঁহাদিগকে দোষ দিতে চেফ্টা করেন, তাহাতে পাণ্ডিত্যের অথবা সূক্ষদর্শিতার পরিচয় পাওয়া যায় না।

থাঁচায় পুষিয়া পক্ষিপালন করার বিরুদ্ধে আর একটা অভিযোগ

আনা হয়;—কৃত্রিম পিঞ্জর মধ্যে আবদ্ধ অবস্থায় না কি পাশীর পরমায়ু কমিয়া যায়। এরূপ মন্তব্য যে অনেকটা ভ্রমান্সক—'সে বিষয়ে পক্ষিপালকদিগের কিছু মাত্র সন্দেহ নাই। সাধারণতঃ পারীর স্বস্থতা ও অস্তস্থতার পরিমাপ করা সহজ নহে; তবে অক্সাক্ত জীক জন্তুর মত অপেকাক্ষত তুর্বল বিহঙ্গ প্রতিকূল পরিবেন্টনীর মধ্যে রোগে ভুগিয়া থাকে; শুধু আবদ্ধ অবস্থায় নহে অবাধ স্বাধীনভার মধ্যেও তাহারা রোগের হাত হইতে নিষ্কৃতি লাভ করে না। अञ्चरनिর মধ্যে যক্ষারোগগ্রস্ত মুনুর্ পাখী দেখা যায়। একজন বিশেষজ্ঞ বলেন (৫) যে পাখীর ব্যায়রামের বিষয় আলোচনা করিতে বসিয়া शंहात छेशत (हाय दिल हिलात ना ; नतः शेंहात मर्था मानवातारनं পাখার রোগ হইলে নানা উপায়ে তাহাকে রোগমুক্ত করিবার চেষ্টা করা হইয়া থাকে, অনেক সময়ে সে চেষ্টা সকল হয়। কিন্তু বনের মধ্যে রুগ্ন পাখীর মৃত্যু অবশ্যস্তাবী। খাঁচায় পুরিবার চেক্টায় প্রথম প্রথম যে পার্থীর প্রাণসংশয় হয় না---এ কথা বলিভেছি না। গ্রীশ্ব-श्रधान एएटबर शाक्षीरक हिमश्रधान एएटबर मध्या प्राथ मानहिबाद (हर्स्ट) युद्रबाद्ध किन्नुमिन इरेटि छ्विएउट्ड । अञ्चर्यस्य আফ্রিকার ছুগা-টুনটুনি (Sunbird) কয়েক বৎসবের চেষ্টার স্বাম্প্রাত মিঃ আলটেড এজ্রার বুদ্ধিকৌশলে ইংলতে নিরাম্র হইয়া পিঞ্চরমধ্যে বাস করিতেছে। অম্যান্ত পাখীর সম্বন্ধেও এই প্রকার ভূরি ভূরি দৃষ্টান্ত দিতে পারা যায়।

et "It must not be imagined that because birds are kept in cages or aviaries that that is the cause of disease attacking them at times. Oh dear no! Birds in their wild state are also attacked. I have picked up occasionally birds suffering from "going light" too weak to fly off the ground \* \* \* and the in the months of May and June, when their natural food was abundant. P. F. M. Galloway • the Avicultural Magazine vol. 12. No. 5, p. 125

সার একটা বড় কণা এই ষে, পক্ষিপালক আছেন বলিয়া এমন কোনও কোনও পাথী রক্ষা পাইয়াছে, ষাহা নানা নৈসর্গিক কারণে হয়' ত লুপ্ত হইয়া যাইত। দৃষ্টান্ত স্বরূপ আমরা ()strichএর উল্লেখ করিলেই বোধ হয় যথেষ্ট হইবে।

এখন আমাদের গোড়ার প্রশ্নে আসিয়া বদি সত্তরের জন্ম
অপেকা করিতে হয়—পাখীর খাঁচা না পাখীর আশ্রম ?—ভাহা
ইইলে আমরা এইটুকু বলিয়াই ক্ষান্ত হইব যে, পাখীর খাঁচা'ত বটেই
আশ্রমের পত্ন অবলন্দন করিলেও ক্ষতি নাই;—কারণ খাঁচায় বে
বিদ্যালাভ করিয়াছি, আশ্রমে ভাহার পরিণতি পাওয়া যাইবে কি
না—কে বলিতে পারে ?

# তৃতীয় ভাগ

|   | - |  |  |
|---|---|--|--|
| • |   |  |  |
|   | - |  |  |

# কালিদাস-সাহিত্যে বিহঙ্গপরিচয়

## মেঘদূতের পক্তিত্ব

কালিদাসের যে কাব্যের রুসে বিজ্ঞার হইরা রবীক্সনাথ উচ্চুসিত-কঠে প্রশ্ন করিয়াছেন—

> "কবিবর, কবে কোন্ বিশ্বত বরষে কোন্ সিথ আবাঢ়ের প্রথম দিবসে লিখেছিলে মেঘদৃত ? মেঘমন্ত শ্লোক বিশ্বের বিরহী যত সকলের পোক রাথিরাছে আপনার অন্ধকার স্তরে সমন সঙ্গীত-মাঝে পুঞ্জীত্ত করে'।"

সেই বিখের বিরহীর পুঞ্জীভূত বিরহব্যথার মধ্যে যদি কোন তব্জিজ্ঞান্থ মান্দুবের জীবনরহক্ত ছাড়িয়া পাবী প্রভৃতি ইতর জন্তুর
জীবনরভান্ত সম্বন্ধে কোন তথ্য জবগত হইবার প্রায়ানী হন,
তাহা হইলে তাঁহাকে "জরসিকেনু জিলা নিবেদনম্" প্রভৃতি কথা
পারণ করাইয়া দিয়া সাহিত্যরসিক সমালোচকবর্গ হয়ত কৃপার চলে
দেখিবেন। আমি কিন্তু সেই ছুঃসাহসিক কার্য্যে ব্রতী হইয়াছি।
গারটে হইতে রবীক্রমাথ পর্যান্ত বিশ্বসাহিত্যের মহারথগণ বে রসসাগরে
ভূব দিয়া অমূল্য রক্তরাজিতে মানবসাহিত্য অলঙ্কত করিয়াছেন, আমি
দেখানে তাঁহাদের পশ্চাতে সন্তর্গ করিবার স্পর্জা করি না; রসসমৃদ্রের উপকৃলে উপবেশন করিয়া পারাবত, রাজহংস, চক্রনাকের
আনক্ষমুখর জীবনলীলা উপভোগ করিবার চেইটা করিব।

মেঘদূত কবে বচিত হইয়াছিল, সে গবেষণায় প্রবৃত্ত হইবার আবশ্যকতা নাই,—খৃষ্টপূর্বন স্থাজনী স্থাবা খৃষ্টের জন্মের চার পাঁচশত বংসর পরে মহাকবি উজ্জ্ঞারনী অলঙ্কত করিয়াছিলেন, সে প্রসঙ্গ এখানে তুলিতে চাই না। বে বিস্মৃত বরষে মেঘদূত রচিত হইয়া থাকুক, সে সময়ে মহাকবির তুলিকায় পাখীর ছবি কেমন ফুটিয়া উঠিয়াছিল, সেই কথাই বিশেষভাবে আলোচনা করিতে চেষ্টা করিব। যাক্ষেখরের বাফোদ্যানন্থিত হরশিরশ্চন্দ্রকাথেতিহর্ম্মা আলকায় গৃহীভালকান্তা পথিকবনিতার প্রতি দৃষ্টিপাত না করিয়া আমি বৃষিতে চেষ্টা করিব কেমন করিয়া

মঞ্চ মঞ্চ সুদতি প্রনশ্চাসুক্লো যথা আং, বাসশ্চায়ং নদতি মধুরং চাভকভে স্গর্ব ।

দিবসগণনতৎপরা একপত্নী মেঘ্লাতৃজায়াকে সসম্রমে দূর হইতে নমস্বার করিয়া আমি দেখিব, কিরুপে বিস্কিসলয়চ্ছেদপাথেয়বান্ রাজহংস মানসসরোবরে যাইবার জন্ম উৎস্ক হইয়া, কৈলাস পর্যাস্ত আকাশপথে মেঘের সহযাত্রী হইতেছে।

আকৈলাসাদিস্কিসলম্ভেদপাবেয়বন্তঃ
সম্প্রধ্যাক্তে নভসি ভবতো রাজহংসাঃ সহায়াঃ।

হরিতকপিশ নীপকুষ্ণ ও আবিভূতপ্রথমমুকুল কললী দর্শন করিয়া দানন্দরবে চাতকপক্ষী মেঘদূতের পথনির্দেশ করিয়া দিতেছে; অস্তোবিন্দুগ্রহণচতুর চাতককে সিদ্ধপুরুষগণ দেখিতেছেন এবং শ্রেণীবন্ধ বলাকাপঙ্ক্তি অবলোকন করিয়া অঙ্গুলিসক্ষেতে পরিগণনা করিতেছেন; ককুভসৌরভে আমোদিত পর্বতে পর্বতে সক্ষল-নয়ন, শুক্লাপাঙ্গ ময়বের কেকাগ্বনি মেঘসম্বর্দনায় তৎপর

শীত রচনা করিতে থাকিবে এবং কতিপয়দিনস্থায়ী হংস উপস্থিত শীত রচনা করিতে থাকিবে এবং কতিপয়দিনস্থায়ী হংস উপস্থিত শইয়া দশার্ণভূমি অলক্ষত করিবে;—মহাকবির অতুল তুলিকার এই সমস্ত চিত্র প্রকৃতির রহস্য যবনিকার অন্তরাল হইতে রূপে ■ রসে, শক্ষে ও শক্ষে সভ্য হইতে ভিলমাত্র বিচ্যুত না হইয়া কাব্যমধ্যে প্রতিফলিত হইয়াছে।

"কতিপয়দিনস্থায়িছংসাঃ", "মানসোঁৎকা রাজহংসাঃ" প্রভৃতি
শব্দগুলি পক্ষিজীবনের এক নিগৃত তথাকে নির্দেশ করিয়া দেয়।
বাষাবরতা বা migration পাশীর জীবনকাহিনীর মধ্যে একটি
লতান্ত বিচিত্র বাাপার। প্রব্রেজনশীল পাশীগুলি এক অব্যক্ত নিয়নের
বশবন্তী ইইয়া এক ঋতুতে বেমন এক দেশ হইতে
সপর দেশে গমন করিয়া থাকে, তক্রপ আবারনিয়মিত শুতুতে ঘড়ির কাঁটার ন্থার পুরাতন স্থানে প্রত্যাবর্তন করে।
বর্ষার প্রাক্তানে দশার্শপ্রামসমূহে যে সকল হংস দৃষ্ট হইভেছে, তাহারা
বাষাবর; শীঘ্রই তাহালিগকে এই সকল গ্রাম প্রিত্যাগ করিতে
হইবে; ইহাই স্মরণ করিয়া কবি বলিতেছেন—

স্থানরে পরিণ্ডফ**ল**শ্যামঞ্জুব্নাস্তাঃ সম্প্রসাস্তে কভিপয়দিনস্থায়িহংসা দ্বার্থাঃ।

বক্ষের রারাবাসভূমিতে অথবা তাহার নিকটবর্তী জনপদসমূহে বে সকল রাজহংস লক্ষিত হইতেছে, বর্ষাগমে তাহার। সকলেই মানসসরোকরে ঘাইবার নিমিত্ত উৎকণ্ডিত হইয়া উঠিয়াছে। আনক্ষেত্র বাঁধিয়া তাহারা পাথেয়স্থরূপ বিসকিসলয় আহরণে তৎপর বহিয়াছে। অলকামধ্যবর্তী যক্ষের সকীয় উদ্যানে কিন্তু হংসগণের কিছু বিপরীত ভাব দৃষ্ট হয়—

বাপী চান্দিন্ মন্বকতশিলা-বদ্ধ-সোপানমার্গ। হৈমৈশ্ছরা বিকচকসলৈঃ নিশ্বইবদুর্য্যনালৈঃ।

#### বসাজো**রে কৃতবস**তারো মানসং স্রিক্টাইং নাগাসান্তি ব্যপগতশুচস্বামপি প্রেক্ষ্য হংসাঃ॥

মরকতশিলাবদ্ধ-সোপানমার্গ বাপীসমূহে অপর্যাপ্ত আহার পাইতেছে বলিয়া স্বচ্ছন্দবিচরণশীল হংসগণের মানসসরোবরে প্রস্থান করিবার বাসনা ক্ষীণ হইলেও একেবারে যে নাই, ভাহা বলা যায় না। তবে গ্রীম্মাভিশয়ে শুক্ষপ্রায় বাপীগুলি বর্ষারস্তে বন্ধিতভার হইলে মানসসরোবরে যাইবার ভঙ্ক আবশ্যকতা নাই। এই নিমিত্ত বোধ হয় কবিবর লিথিয়াছেন—"হংসগণ আনন্দিত চিন্তে অবস্থান করিতেছে; মানসসরোবর সন্মিকৃষ্ট হইলেও তথার যাইতে ভাহারা প্রয়াসীনহে।"

বৎসরের যে পাতৃতে আহার্য্যের অভাব হইবার সম্ভাবনা থাকে, সেই পাতৃর প্রাক্তালেই যায়াবর বিহঙ্গণ বে স্থলে আপনাদিগের প্রজ্যান্ত উপাদের খাদ্যের স্বচ্ছলতা বর্ত্তমান আছে, তথার প্রয়াণ করিরা। পাকে। পক্ষিতত্ত্বিদ্ মিঃ ফুাঙ্গ ফিন্ লিথিরাছেন—

"Want of food is obviously the chief reason why birds of high elevations or high latitudes have to leave their haunts" (3)

আরও একটা বড় কথা আছে। বৎসরের মধ্যে ঋতৃবিশেষে বিদ কোনও স্থানের জলবায় জাহার্য্য প্রভৃতি সমগ্র পারিপার্শিক অবস্থা কোনও পাখীর শাবকোৎপাদনের পক্ষে সম্পূর্ণভাবে জমুকূল হয়, তাহা হইলে সেই পাখীর লহজ সংস্কারলক জ্ঞান তাহাকে সেই স্থানে উপনীত করাইবে। আধুনিক পক্ষিতত্ত্বিদ্গণ ইহা সবিশেষ লক্ষ্য করিয়াছেন। তাঁহারা আরও দেখিয়াছেন যে বদি কোনও উপায়ে পাখীর আহার বিহার প্রভৃতির প্রকৃষ্ট ব্যবস্থা কোথাও করা বায়, তাহা হইলে কভিপরদিনস্থায়ী যাবাবর পাখীও হয়ত তথায় দীর্ঘকালস্থায়ী হইয়া যায়;—অর্থাৎ migratory পাখীর কালক্রেম

<sup>3 |</sup> Bird Behaviour by Frank Finn, p. 208.

resident হইয়া যাইৰার প্রবণতা দৃষ্ট হয়। মিঃ ফুাঙ্ক ফিন্ স্পাষ্ট্ই বলিয়াছেন (২)—

"There is strong tendency for migrants to settle down and form non-migratory local races."

এই জাহার্য্য ও শাবকোৎপাদন-সমস্থা তাহাকে চঞ্চল করিলেও পরিচিত জনপদস্থ সাবাসভূমি পরিত্যাগ করিয়া, গিরিদরী লঙ্ঘন করিয়া, অপরিচিত স্থদূর প্রান্তর, সরোবর অথবা জলাভূমিসমূহ আহার্য্যবহুল হইলেও তথার যাত্রা করিবার আয়াস স্বীকার করিতে পাখীকে কখন কখন পরাব্যুখ হইতে দেখা যায়। (৩)

বিসকিসলয় পাথেয়য়য়য়প করিয়া রাজহংসগণ কি নিমিত কৈলাস
পর্যান্ত সানন্দে মেঘদূতের সহযাত্রী হইবে, ভাহা পাঠকবর্গ সহজ্ঞে
উপলব্ধি করিতে পারিবেন। বর্ষার বারিধারায় যখন আর্ষ্যাবর্ত্তের
সমস্ত নদনদী উভয় কূল প্লাবিত করিয়া এই সমস্ত পক্ষীর আহার্য্য নয়্ট
করিয়া ফেলিবার উপক্রেম করে, ভখন মানসসরোবরে ও ভব্নিকটস্থ
কৈলাস ও অত্যাদ্য পর্বতেমালায় ভাহারা উড়িয়া গিয়া নিরাপদ আশ্রায়
লাভ করে। হিমালয়ের উত্তরে এই কৈলাসপর্বত অবস্থিত; আর
কৈলাসের পাদদেশে অমিকোণে মানসসরোবর বিদ্যমান। এই
কৈলাস ও ভৎসন্নিকটবর্ত্তী স্থানসমূহ যে হংসজাতীয় পক্ষীর পক্ষে
অন্ততঃ বৎসরের কয়ের মাস সর্বাপেক্ষা উপয়্রক্ত আবাসস্থান, ভাহা
হিমালয়পর্যান্টনকারিগণের অনেকেই লক্ষ্য করিয়াছেন। এখানে
ভাহারা স্বচ্ছেন্দে নীড় নির্মাণ করিয়া অমুকুল পারিপার্শ্বিক অবস্থার

<sup>81</sup> Ibid, p. 219.

০। স্থাস্থাত বৈজ্ঞানিক F. W. Headley পক্ষীর যাবাব্যত্ প্রসক্ষে ভাঁহার Structure and Life of Birds নামক প্রকের এক হলে লিখিয়াছেন যে, প্রতিকৃত্ন পারিপার্থিক অবস্থার ভিতর হইছে পাণীগুলি বংগরে বংগরে স্থানান্তরে উড়িয়া বার, শুরু যেগুলি সামুব্যেনা হইয়া পড়ে, ভাহারা স্থান পরিস্থাপ করিছে চায় না—"Only those that are feel by their bounce friends remain." Chapter XIV. p. 366.

মধ্যে নিরুপদ্রবে শাবকোৎপাদন করিয়া থাকে। বাস্তবিক বর্ষাগমে মানসসরোবর যে বস্থা শেত হংসগণের বিশিষ্ট আবাসভূমি, তাহা মিঃ মুর্ক্রফট্ ( শি: William Moorcroft ) মানসপর্যাটনকালে শ্বয়ং অবলোকন করিয়া এইরূপ লিপিবন্ধ করিয়াছেন,—

That the water's edge was bordered by mine of wrack grass, mixed with the quills and feathers of the large grey wild goose which in large flocks of old ones with young broods hastened into the lake at my approach. \*\* These birds from the numbers I saw and the quantity of their dung appear to frequent this lake in vast bodies, breed in the surrounding rocks, and find an agreeable and safe asylum when the swell of the rivers of Hindustan in the rains, and the inqudation of the plains conceal their usual food."(8.

যে স্থের রজনী মানসবক্ষে তর্ণী বাহিয়া, ডাব্রণার স্বেদ্ হৈডিন্ (Sven Hedin) অতিবাহিত করিয়াছিলেন, সে রজনীর প্রভারোত্মণ ক্ষণেও হংসকাকলী ভাঁহার শ্রুতিপথস্তী হওয়ায় তিনি লিখিয়াছেন—

"The wild geese have wakened up, and they are heard eackling on their joyous Hights."(\*)

হংসজীবনের এই বিচিত্র কাহিনীর স্পান্ট উল্লেখ মিঃ শ্রামিল্টন-প্রণীত তিমহা India Gazetteer নামক প্রস্থে মানসস্রোবর বর্ণনপ্রসঙ্গে আমরা এইরূপ দেখিতে পাই,—

"Wild geese are observed to quit the plains of India on the approach of the rainy season, during which Lake Manasarovara is covered with them. \* \* \* \* Grey goose, which breed in vast

<sup>8 |</sup> A journey to Lake Manasarovara in Un-des by William Moorcroft, Asiatic Researches, Vol. XII (1816), p. 456

C | Trans-Himalaya by Sven Hedin, Vol. II, chapter XLIV, p. 119.

numbers among the surrounding rocks, and here find food when Bengal is concealed by the inundation."(\*)

হতভাগ্য যক্ষের কারাবাসভূমি হইতে আরম্ভ করিয়া বিভিন্ন গিরি,
উপত্যকা, সরোবর, নদ, নদী অতিক্রম পূর্বক
প্রেজনশীল হংসগণকে মানসসরোবরে প্রয়াণ
করিতে হইলে ক্রোঞ্চরক্ষের ভিতর দিয়া যাইতে হয়। কবিবর ইহাকে
হংসন্বার বলিয়া জানাইয়াছেন,—

## व्यारमञ्जासक्त निक्रमिकिक्या जाः लाम् विरम्यान् दरम्यातः ज्ञानिक्यान्य वर्षाः वर्षाः

তিনটি স্বতন্ত্র গিরিবজা দিয়া ভারতবর্ব হইতে সাধারণতঃ হিমালয় অতিক্রম করিয়া মানসসরোবর এবং কৈলাসপর্বত্তে বাওয়া বায়,—লিপুলেখ (Lipu Lekh) বল্লা, উন্তধুর (Untadhura) বল্লা, এবং নিতি (Niti) বল্লা। কেহ কেহ অনুমান করেন যে, এই শেবোক্ত নিতিবল্লাই ভারতবর্ষের প্রাচীন কবিগণের নিকটে ক্রোঞ্চরস্থান নামে পরিচিত (৭)। এই ক্রোঞ্চরস্থা, বা হংসন্থার কেবলমাত্র কবিক্রিত নহে; বিহলতন্ত্রিক মিঃ ডেওয়ার লিখিতেছেন (৮),—

"Migratory birds that pass the winter in India have to fly over the Himalaya Mountains to their breeding grounds in Tibet, China and Russia. They do not fly over the highest mountains, but cross them by what are known m passes in the mountains, that is to say, spaces between the higher hills."

উপরে উদ্ভ শ্লোকগুলি হইতে আমরা হংসগণের যাহা কিছু

<sup>61</sup> Hamilton's East India Gazetteer (Second Edition), Vol. II. pp. 202, 203...

<sup>&</sup>quot;Krauncha-Randhra—The Niti pass in the district of Kumaun which affords a passage to Tibet from India."—Mr. Nanda Lali Dey's Geographical Dictionary of Ancient and Mediaeval India.

<sup>🚱</sup> Firds of an Indian Village by D. Dewar, p. 56. 🥏

বিবরণ পাইলাম, তাহা হইতে বুঝিতে পারি যে, আসন্ন বর্ষায় ঐ সকল যাযাবর পাশী ভারতবর্ষের উত্তরপশ্চিমাংশে রাজপুতানার এবং ভন্নিকটবর্ত্তী স্থানসমূহে কেবলমাত্র কভিপয় দিনের নিমিত্ত অবস্থান করিবে, শীঘ্রই ভাহাদিগকে কৈলাস এবং মানসরোবরাভিমুখে ক্রোঞ্চন রঙ্গের মধ্য দিয়া প্রস্থান করিতে হইবে। বিস্কিসলয় ভাহাদিগের একটি প্রধান ও প্রিয় খাতা।

বিহসতত্ত্বিদ্ পণ্ডিভমণ্ডলীর নিকটে এই হংসগুলি, বিশেষতঃ রাজহংসগুলি, ঠিক কোন জাতীয় বিহস বলিয়া পরিচিত, এইখানে ভাহার একটু আলোচনা আবশ্যক। মিঃ মুর্ক্রফট্

মানসপর্য্য টনকালে সরোবরমধ্যে স্বচক্ষে যে সমস্ত হংস অবলোকন করিয়াছিলেন, ভাহাদের ভিনি বৃহৎ বস্তু grey goose বলিয়া পরিচয় দিয়াছেন। মিঃ বান্ফোর্ডের (W. T. Blandford) প্রসিদ্ধ পুস্তকে (৯) Grey goose বা Grey Lag (loose সন্থাকে যে বিবরণ নিপিবন্ধ আছে, ভাহা হইতে জানিতে পারা যায় যে, ভাহারা যাযাবর Anserinae জাতির অন্তর্ভুক্তি; অক্টোবর মাসের শেষ হইতে মার্চে মাস পর্যান্ত পাঞ্জান, দিলু এবং ভারতের উত্তরপশ্চিম প্রদেশে তাহারা প্রচুর পরিমাণে দৃষ্ট হয়; চিল্ফান্থদে এবং নর্ম্মানালালে ক্রণড়া করিতে ইভাদিগকে প্রায় দেখা যায়। ইহাদিগের পুচ্ছ শুল্র; পৃষ্ঠদেশে শেতবর্ণের সহিত ভস্মবর্ণের সহিত শেতবর্ণের মিশ্রণাধিক্য আছে। চঞ্জু ও পা সিত, কচিৎ মাংসবর্ণ বা লাল। ইহাদের দেহে সামান্ত শুলু বা ধুসরবর্ণের ছায়া বিভ্যমান থাকিলেও দূর হইতে ভাহাদিগকে শুলুকায় দেখায়। ইহারা হিন্দুস্থানে রাঞ্জহংস নামে পরিচিত; তুণ

<sup>\$1</sup> Fauna of British India, Birds, Vol. 4V, pp. 416-417.

এবং সবুজ শস্ত ইহাদিগের প্রিয় খাত। জলাভূমি, সরোবর এবং বড় বড় নদীর থারে ইহারা দলবদ্ধ হইয়া কালাভিপাত করে। ভারতবর্ষের বহিদেশৈ, হিমালয়ের পরপারে, মধ্য এসিয়ার এবং দক্ষিণ সাইবিরিয়ায় ইহাদিগকে সন্তানোৎপাদন করিতে দেখা যায়। মিঃ মুর্ক্রফ্ট স্বচক্ষে দেখিয়াছেন যে, হিমাচলস্থ পার্বভ্য প্রদেশের জলাভূমিতে ইহারা ডিম পাড়িয়া থাকে।

আর এক জাতীয় হংসের বিবরণ আমরা মিঃ ব্লান্ফোর্ডের উক্ত গ্রন্থ হইতে উদ্ধৃত করিলাম ১০)। ইহারাও রাজহংস নামে পরিচিত : Flamingo ইহাদিগের ইংরেজি নাম। দলবন্ধ হইয়া জলাভূমি এবং সরোবরতটে ইহারা অবস্থান করে; উদ্ভিজ্জ পদার্থ ইহাদিগের অপরাপর খাদ্যের মধ্যে অগুতম। মিঃ ব্রান্ফোর্ড লিখিয়াছেন খে, ভারতবর্ষের উত্তরপশ্চিমাঞ্চলে এই সকল যাযাবর পক্ষী বৈশাপ জৈছি মাসাবধি অবস্থান করিয়া পরে উড়িয়া যার। পাঞ্চাব, সিষ্ণু, গুজরাট ■ রাজপুতানার স্থানে স্থানে, উত্তরপশ্চিম প্রদেশের জলাভূমি এবং স্বোবরভটে ইহাদিগকে সচরাচর দেখিতে পাওয়া যায়। ইহাদিগের বর্ণ মস্তক হইতে পুচ্ছ পর্যান্ত শুভা, ঈষৎ গোলাপী আভার সমন্বয়ও লক্ষিত হয়: কিন্তু শাবকগণের বর্ণে গোলাপী আভার পরিবর্ত্তে ঈষৎ ধূম-মালিফা দৃষ্ট হয়। পদন্বয় লাল ; চপু আরক্তবর্ণ (fleshcoloured)। মোটের উপর, ইহাদিগের দেহও Grey gooseএর ক্যায় দূর হইতে সাদা দেখায় ; কিন্তু Grey goose অপেকা আরও অধিক কাল ইহারা ভারতবর্ষে অবস্থান করে, কারণ, ইহাদিগের প্রেঞ্জন বা migration প্রায় জুন মাস হইতেই আরম্ভ হয়।

অমরকোষে রাজহংসের পরিচয় এইরূপ,—"রাজহংসাস্ত তে চঞ্চরণৈর্লোহিতৈঃ সিতাঃ," অর্থাৎ যাহাদিগের দেহ শুক্ল, কিন্তু চঞ্

<sup>50</sup> F Fanna of British India, Birds, Vol. IV, pp. 408-409.

এবং চরণ লোহিতবর্ণ তাহারা রাজহংস। উক্ত গ্রন্থে আমরা আরও দেখিতে পাই যে, হংসগণকে 'মানসৌকস' আখ্যা দেওয়া হইয়াছে,— "হংসাস্ত খেতগক্তঃ চক্রাক্সা মানসৌকসঃ", অর্থাৎ হংসগণ শেতপক্ষ, চক্রাঞ্জ ও মানসসরোবরবাসী। পূর্বের বলা ইইয়াছে বে, মিঃ মুর্ক্ত-क है गानम-পर्गाहेन-ममर्ग्न grey goose भक्कीरक मरतावत्र उटि গার্হস্যাপারে লিপ্ত পাকিতে দেখিয়াছেন; এমন কি, নিকটবন্তী রাবণহ্রদেও (১১) তিনি স্বচক্ষে ঐ জাতীয় পক্ষিগণকে অগুপ্রসব এবং শাবক প্রতিপালনে ব্যাপৃত থাকিতে দেখিয়াছেন। বাস্তবিকই সহজে वूब। योग (य, रूपगापत किलामभर्गतिक वा भागमगानिक्षा वाहेवांत প্রাক্ষেন মুখ্যতঃ খাদ্যাভাবের আশকার হইরা থাকে বটে; সস্থান-জনন ব্যাপারটিও ইহার অহাতম কারণ। অমরকোষবর্ণিত রাজহং-সের সহিত Grey goose এবং Flamingo এই উভয়জাতীয় হংসের বর্ণসাদৃশ্য রহিয়াছে। কালিদাসবর্ণিত হংসগুলির সহিতও ইহাদিগের थीना এवः गानम-श्रामं वाभात सहस्रा कुलना कतित्व याथके मामा লক্ষিত হয়। তবে যখন কবিবর্ণিত প্রদেশসমূহে Grey goose পাখীগুলি কেবলমাত্র বসস্ত পর্যান্ত অবস্থান করে, গ্রীসাগনে উভিয়া যায়, তখন কেমন করিয়া আষাঢ় মাসে তাহারা মেঘদুতের সহধারী হইতে পারে ? এই সময় তাহারা মানসসরোদ্রে গার্হ্যজীবন অভি- : বাহিত করিতেছে, ইহাই মিঃ মুরক্রফ্ট্ স্থচকে দর্শন করিয়া লিপি-বন্ধ করিয়াছেন। Flamingo জাতীয় হংসগুলিকে কিন্তু ভারতবর্ষে, বিশেষতঃ কবিবর্ণিত স্থানসমূহে জ্যৈষ্ঠমাসাবধি অবস্থান করিতে দেখা যায় বলিয়া মিঃ বুানফোর্ড লিখিয়া গিয়াছেন। আষাঢ় মাসেও ইহা-দিগকে স্বপ্ন সংখ্যায় দেখিতে পাওয়া সম্ভব, কারণ, কোন এক বিশিষ্ট শ্রেণীর সকল যাযাবর পাধীই যে এক সময়ে প্রস্থান করে, ভাহা

Asiatick Researches Vol. XII (1816), p. 473.

নহে। সচরাচর উহাদিগের প্রস্থানের রীতি এই যে, বাহাদিগের শাবকোৎপাদনাদি ব্যাপার সাইবিরিয়া প্রভৃতি স্থানুর দেশে সম্পাদিত হয়, তাহাদিগকে সর্বাগ্রে ভারতবর্ষ পরিত্যাগ করিতে হয়; কিন্তু যাহ রা হিমাচলত্ব সরোবর-সামিধ্যে এই সমস্ত ব্যাপার স্থাসম্পন্ন করিয়া থাকে, ভাহাদিগের অত শীঘ্র বাইবার প্রয়োজন নাই বলিয়া তাহারা বিলম্বে প্রস্থান করে। Anserinae জাতীয় হংসগণের প্রভ্রজন (migration) রীতির বর্ণনপ্রসঙ্গে Raoul তাঁহার গ্রন্থে (১২) এইরপে লিখিয়াছেন,—

"By the end of February a good many of them have left India, probably those that have their homes in the Tian Shan and other Trans-Himalayan resorts. Those that still remain, do so till the end of the following month, and these are probably birds that nest among the Thibetan lakes."

অস্থাস্থ হংসভোণীমধ্যেও এই পদ্ধতি আদৌ অপরিচিত নতে।
কালিদাসের 'মানসোৎক রাজহংসগণ' যে উল্লিখিত Flamingo শ্রেণীর পক্ষী, এই সিন্ধান্তে আমরা উপনীত হইতে পারি।
ইহারা যে তিববতের জলাশয়ে এবং মধ্যএসিয়ায় ভারতবর্ষ হইতে
উড়িয়া গিয়া কিছুকাল অবস্থান করে, তাহা পক্ষিতত্ত্ববিদ্গণের নিকট
স্থারিচিত। হংসজাতীয় বিভিন্ন পক্ষিশ্রেণীগুলির সন্ধন্ধে মিঃ ম্যাকিন্টশ্ (L. J. Mackintosh) তাঁহার Birds of Darjeeling and India নামক পুস্তকে লিখিয়াছেন—

"Most of the species belonging to this tribe migrate to Central Asia and lakes in Thibet."

উল্লিখিত species গুলি সংখ্যায় পাঁচটি, ষথা—(১) Flamingoes, (২) Swans, (৩) Geese, (৪) Ducks, (৫) Mergansers i

Small Game Shooting in Bengal by "Raoul," p. 77.

তবে যে মিঃ ম্রক্রফট্ এবং অন্যান্ত বিমালয়পর্যাটক মানসসরোবরে কেবলমাত্র Grey goose অথবা wild gooseএর উল্লেখ করিয়া-ছেন, বিশেষভাবে Flamingoর নির্দেশ করেন নাই, তাহার কারণ এই হইতে পারে বে, তাহারা পক্ষিতত্ববিদের মত স্ক্রমভাবে পাধী-গুলির শারীরিক বৈষম্য এবং অবয়বের তারতম্য বোধ আ লক্ষ্য করিবার অবসর পান নাই। এই Grey goose বা wild goose শক্ষ তাহারা সাধারণভাবে ব্যবহার করিয়াছেন মাত্র। দশার্প জনপদে "কতিপয়দিনস্থায়ী" হংস বলিয়া কবিবর বে পাধীঞ্জলির বর্ণনা করি-য়াছেন, তাহাদের অধিকাংশই বে এই Flamingo জাতীয়, তাহাতে আর সন্দেহ কি ?

অনেকে রাজহংসকে Swan বলিয়া নির্দেশ করেন; কিন্তু তাহা ঠিক নহে। কারণ, প্রথমতঃ বে তুই শ্রেণীর Swan ভারতবর্ষে দৃষ্ট হয় বলিয়া মিঃ বুানফোর্ড তাঁহার পুস্তকে (১৩) লিপিবজ্ব করিয়াছেন, তাহাদের উভয়েরই পদ্বয় কৃষ্ণবর্গ, এমন কি, এক-শ্রেণীর চঞ্জ কৃষ্ণবর্গ; দ্বিতীয়তঃ কবি-বর্ণিভ রামগিরি এবং তাহার নিকটবর্তী স্থানসমূহে উহারা কখনও দৃষ্ট হইয়াছে, এ কথা আধুনিক প্রক্রিবন্দ পণ্ডিভগণের বিদিভ নাই। কেবলমাত্র পেশোয়ারের সমীপত্ব উত্তরপশ্চিম পাঞ্জাবে, নেপাল উপভাকায়, কদাচিৎ বা সিক্ষুদেশে তাহাদের বিরলদর্শন পাওয়া বায়।

শব্দার্থ প্রত্থে আমরা দেখিতে পাই বে, হংস অর্থে সারসপক্ষীও ব্রায়,—"চক্রাঙ্গঃ সারসো হংসঃ"। ভারতবর্ষে বে সমস্ত যায়াবর সারস দৃষ্ট হয়, ভাহারা তথায় শীভঋতৃতে অবস্থান করিয়া বসন্তাবসানে অর্থাৎ মার্চ্চ মাসের প্রারত্তে উড়িয়া যায়। আযাঢ় মাসে ভাহাদিগকে কথনই দেখিতে পাওয়া

yo | Fanna of British India, Birds. Vol. IV. pp. 414-415.

সম্ভবপর নহে। কেবল এক শ্রেণীর সারস পক্ষীকে সকল ঋতুতে পশ্চিমভারতে অবস্থান করিতে দেখা যায়; তাহারা যায়াবর নহে। অতএব কখনই তাহাদিগকে "কতিপরদিনস্থায়ী হংস" বলা যায় না।

সারসের অপর অভিধানার্থ এইরপ,—"সারসো নৈথুনী কামী গোনর্দ্দো পুক্ষরাহ্বয়ঃ" (১৪) "পুক্ষরাহ্বয় সারসঃ" (১৫)। ইহারা বথার্থ সারসপদবাচা, Grus পরিবারভুক্ত; হংস নহে। ইহাদিগের অব্যব বৃহৎ, চঞ্ অভিশার দীর্ঘ। উল্লিখিত অভিধানার্থ হইতে ইহাদিগের প্রকৃতি বেশ বৃকা বার। আধুনিক যুগের বিহল্পতত্ববিদ্গণের পরিদর্শন এবং পর্যাবেক্ষণের ফলে এই আভিধানিক অর্থ বে সারসজাতির বৈজ্ঞানিক পরিচয়, ভাহা সমাক্রপে প্রমাণিত হইয়া গিয়াছে। পক্ষিদম্পতি সর্ববদা একত্রে থাকে বলিয়া ইহাদিগকে মৈপুনা আখ্যা দেওয়া ইইয়াছে। উল্পের মধ্যে অনুরাগাধিক্যবশতঃ উহারা কামী। উহাদিগের কণ্ঠশ্বর ব্যবৎ কর্কশ বলিয়া ভাহা গোনর্দ্দ। সর্বোব্রের সহিত্ত উহারা এত খনিষ্ঠভাবে সংশ্লিক্ট দে, উহাদিগকে অভিধানকার পন্মের সহিত এক পর্যায়ভুক্ত করিয়া ধেন আখ্যা দিয়াছেন, পুক্রাহ্বয়ঃ বা পুক্রাহ্বঃ। মিঃ বুান্কোর্ড লিখিয়াছেন,—

"The Sarus is usually men in pairs, each pair often accompanied by a young bird or occasionally by two, in open marshy ground or the borders of swamps or large tanks. \* \* \* \* They have a loud trumpet-like call. \* \* \* \* The Sarus pairs for life, and if one of a pair is killed, the survivor is said not unfrequently to pine and die" (:e).

সচরাচর যুগ্যাবস্থায় ইহাদিগকে বিচরণ করিতে দেখা যায়, কিন্তু সময়ে সময়ে ইহারা দল বাঁধিয়াও থাকে। সরোবরতটে বা জলাভূমির

**১৪। ই**क्टि वानवः।

১৫। ইড়াস্মঃ ।

<sup>56</sup> j. Fanna of British India, Birds, Völ. IV, p. 188,

সামিধ্যে থোলা জায়গা ইহাদিগের বিহারভূমি। বর্ষাঝারুই ইহাদিগের গর্ভাধানকাল। বাস্তবিক ইহাদিগের দাম্পত্য প্রেম পক্ষিজগতে অতুলনীয়; পক্ষিদম্পতির মধ্যে হঠাৎ একটির মৃত্যু হইলে অপরটিকে বিরহজর্জনিত হইয়া প্রায়ই প্রাণ্ড্যাগ করিতে দেখা যায় (১৭)।

কালিদাস মেঘদুতে এই সারসগণের বংসামাক্ত পরিচয় দিয়াছেন, তাহা নিম্নে উক্ত করিলাম—

> দীবীকুর্মন্ পটু নদকলং কৃত্তিতং সারসামাং প্রত্যুক্ষেত্র কৃতিতক্মলামোদবৈত্রীক্ষায়ঃ।

শিপ্রাবাত: প্রিয়ত্য ইব প্রার্থনাচাটুকার:।

সারসদিগের কঠম্বর স্বভাবতঃ তীত্র এবং স্থানুরপ্রসারী। অবস্তীজনপদস্থ বিশালা-পুরীমধাে প্রভাত সময়ে শিপ্রাতটে ফিচরণশীল
সারসগণের ঘদকলকুজিত যে সমীরণ কর্তৃক বহুদূরে নীত হইবে,
ভাহাতে আর বিচিত্রতা কি ? মিঃ বুান্ফোর্ড লিখিয়াছেন যে, জুলাই,
আগস্ট এবং সেপ্টেম্বর মাসে ইহারা অগুপ্রসব এবং শাবকোৎপাদন
করিয়া থাকে। মেঘাগমে সারসগণের মদকলকৃজ্বিত যে গর্ভাধানসময়োপযোগী, ভাহাতে সংশয় নাই।

১৭। বিশপ, টান্লি তাহার 'Familiar History of Birds'' নামক পূলকে নিম্লিখিত ঘটনাটি লিপিবজ করিয়াছেন — একটি ভারলোক দালাক্রমে পক্ষিণীর মৃত্যু হইল। পক্ষিপালক দেখিলেন ধে, জীবিত পক্ষীটি ভারলের হইয়া খেন মৃত্যুম্পে গভিত হউবার উপক্রম করিতেছে। তিনি একটি বড় জারনা পক্ষিগৃহমধ্যে হাসিও করিলেন। আরনার নিজের প্রতিবিদ্ধ নেধির' বিরহী পক্ষী ভার্যর সন্মিনীকে কিরাইরা পাইল মনে করিয়া, আরনার সন্মুখে নিজের পক্ষবিস্তার পূর্বক হর্মারণা করিল। মারনার নিজের পক্ষবিস্তার পূর্বক হর্মারণা করিল। মারনার নিজের পক্ষবিস্তার স্থাক হর্মারণা করিল। মারনার সন্মুখে নিজের পক্ষবিস্তার স্থাক হর্মারণা করিল। মারনার সামুখে নিজের পক্ষবিস্তার স্থাক হর্মারণা করিল। মারনার সামুখে নিজের পক্ষবিস্তার স্থাক হর্মারণা করিল। মারনার সামুখির নিজের সামুখে অভিনা হিলা করিল। এমনি করিয়া সেই সারস অনেক বংসর বার্চিলা ছিলা। পৃত্যু ০১২।

মেঘদুতে যে চক্রবাকের উল্লেখ দেখিতে পাই তাহা যে হংসপ্রোণী-ভুক্ত, এ কথা বোধ হয় অনেকেই জানেন না। 5 কুবা ক সাধারণতঃ সামাদের দেশে ইহারা "চকাচকী" নামে খ্যাত ৷ ইহাদের বৈজ্ঞানিক নাম casarca rutila; ইংলতে Brahminy Duck বা Ruddy Goose নামে ইহারা পরিচিত। চক্রবাকের অপর ভিনটি প্র্যায় আমরা অমরকোষে পাই,— "কোক্শ্চক্রশ্যকো রথাক্সাহ্বয়নামকঃ"। প্রবাদ আছে যে, চক্রবাক মিথুন সারাদিন একতা অবস্থান করিয়া দিবাবসানে পৃথক্ হইয়া যায়। পক্ষী রহিল নদীর এপারে, পক্ষিণী পরপারে; এই অবস্থায় পরস্পর পরস্পরকে ডাকাডাকি করিতে থাকে। বিদেশী পক্ষিতত্ত্বিদ্ভানেকে স্বকর্ণে নদীর উভন্ন পার্স হইতে নিশাথে এই প্রকার অবিরাম পক্ষিকঠধ্বনি শুনিয়া ব্যাপারটি লিপিবন্ধ করিয়া রাখিয়াছেন (১৮)। কিন্তু বৈজ্ঞানিক হিসাবে এবং বাস্তব পক্ষিজীবনের দিক্ হইতে দেখিলে এই চকাচকীর বিরহপ্রসঙ্গ কতদূর সভা, ভাহা আত্র পর্যান্ত কেছ যে ভাল করিয়া পরীক্ষা করিয়া দেখিয়াছেন. এমন মনে হয় না। দিবাভাগে উহার। যে যুগাবস্থায় নদীতটে একতা অবস্থান করে, তাহা মিঃ বুান্ফোর্ড লক্ষ্য করিয়াছেন ;—

"In India this species is very common on all rivers of any size, generally sitting in pairs on the land by the riverside during the day."

কিন্তু দিবাবসানে ভাহারা একত্র বাস করে কি না, ভাহার কোন স্পাষ্ট উল্লেখ কোথাও দেখিতে পাই না (১৯)।

has not heard at night the warning call of *Kwanko*, *Kwanko*, repeated at intervals?—this call seeming often to come and being answered from opposite banks."—Small Game Shooting in Bengal by "Raoul," p. 93.

১৯ ৷ হিউন্ ও মার্গালে স্টিভ Game Birds of India, Burmah and Ceylon

সন্ধাগিমে অমাথ: চক্রবাকীর প্রতি বিরহাতুর: কামিনীর সমবেদনা আবোপ করিতে এতদ্দেশীয় কবিগণ কুপ্তিত হন নাই। কালিদাদও এই চিরন্তন পদ্ধতির ব্যতিক্রম না করিয়া ধক্ষপত্নীকে বিরহ্ত জর্জারিত। অসহায়। চক্রবাকীর সহিত তুলনা করিয়াছেন,—

তাং জানীবা: পরিমিতকধাং জাবিতং মে বিতীয়ং পুরাভূতে ময়ি সহচয়ে চক্রবাকীমিবৈকাম্।

বাজহংসের স্থায় চক্রানাকও "কতিপায়দিনস্থায়ী"; কিন্তু আসন্ন বর্ষায় তাহাদিগকে দেখিতে পাওয়া সম্ভবপর নহে। কারণ, সমগ্র শীতকাল ভারতবর্ষে যাপন করিয়া বসস্তসময়ে উহারা হিমালারের পরপারে, তিব্বত প্রভৃতি স্থানসমূহে প্রয়াণ করিয়া থাকে।

বর্ষাঞ্জ কতিপয় বিহঙ্গের গর্ভাধানকাল বলিয়া যে কেবলমাত্র বিহলতত্ত্বিদ পণ্ডিভগণের নিকটে পরিচিত ছিল, তাহা নহে। ইহা মহাকবি কাণিদাসেরও সূক্ষ্ম দৃষ্টি অভিক্রম করিতে পারে নাই; সর্বদা ভাবরাজ্যে বিচরণ করিলেও তিনি ছন্দোব্যের মধ্য দিয়া পশ্লিলীবনের এই বাস্তব ঘটনার কিছু পরিচয় মেবদুতে দিয়াছেন।

> গভাধানকণপরিচয়ার ন্মাবদ্ধমালাঃ, সেবিবাত্তে নয়নসূত্রগং থে ভবস্তং বলাকাঃ।

মেঘাগমে আপনাদিগের গর্ভাধানকাল উপস্থিত হইতেছে মনে করিয়া বলাকাগণ উৎফুল্লচিত্তে আকাশমার্গে শ্রেণীবদ্ধভাবে উড্ডীয়মান হইয়া যেন মেঘের অভিনন্দন করিতে থাকিবে।

<sup>(</sup> Vol. III ) প্তকে বহা উণ্টা রক্ষ বৰ্ণনা দেখিতে পাই। তাছারা বলেন যে, চকাচখী দিনবাত নদীব একট পারে ভারতান করে; নদী যদি পূব দক্ষ হয় তাছা হইলে ভাহারা বিচ্ছিল্ল ছইরা উভয় পারে কাজিয়ান করে (except in the case of very narrow rivers like the Hindon in Meernt, siike by day and night, clarkwa and chakwi are to be from the same sale of the mater—p. 199)

## পাখীর কথা



চক্রবাক, কাদস্ব

[ খু: ১৩৮

U. RAY & SONS, DALOUTTA.



.

ভোমার (মেষের) আগমনে দশার্গজনপদের জস্কাননপ্রদেশ পরিপক ফল দারা শ্যামবর্ণ হইবে, উপবনবৃতিসকল প্রস্ফুটিভ কেতকপুল্পের দারা পাণ্ড্বর্গ হইবে; গৃহবলিভুক্ পক্ষিগণের নীড়নির্দ্মাণ-ব্যাপারে গ্রামের রখ্যাবৃক্ষগুলি আকুলিভ হইবে।

উল্লিখিত বলাকাপঙ্ক্তি এবং গৃহবলিভুক্ পক্ষিণণ কোন্ জাতীয় বিহন্ন, উহাদিগের প্রকৃতি এবং সন্তানজননকাল প্রভৃতি বিষয়গুলি আলোচনা করিবার পূর্বের আমরা কবিবরের তুলিকায় পাখীর উৎপতন এবং অবস্থানভঙ্গী কিরুপে চিত্রিত হইয়াছে, তাহার দিকে তাকাইবার লোভ সম্বরণ করিতে পারিলাম না। বলাকা-পঙ্ক্তির গ্রেণীবন্ধ অবস্থান এমন স্থাসমন্ধ যে কবি দেখাইতেছেন—অনায়াসে ভাহাদিগকে গণনা দারা নির্দেশ করিতে পারা বাইতেছে,—

শ্রেক্টভূতাঃ পরিগণনয়। নির্দ্দিশন্তে। বলাকাঃ

মেষদূতকে নির্কিন্ধ্যা নদীর বিহগরচিত কাঞ্চীদান অবলোকন করাইয়া কবি যে বিহঙ্গণের সুশৃত্যল অবস্থানভঙ্গীর নির্দেশ করিতেছেন, সে বিষয়ে সন্দেহ কি ?

বীচিক্ষোভন্তনিতবিহগশোণিকাকী ওণায়াঃ
সংস্পিন্তাঃ অলিতসূতগং দশিতাবর্তনাতে:।
নিবিস্কায়াঃ....

আবার সলকায় দেখিতে পাই ---

হংস্প্রেণীর্চিতরশনা নিভ্যপদ্মা নলিখা: । মেঘালোকে 'আবদ্ধমালা' হইয়া বলাকাগণের উড্ডীনগভি যে বাস্ত- বিকই 'নয়নস্থভগ', ভাষাতে আর সংশয় কি ? বিশেষতঃ এখন ইহাদিগের গর্ভাধানকাল উপস্থিত এবং এই সময়ে উহাদিগের অঙ্গ-ভঙ্গীর বিকাশপ্রাচুর্য্য বিশেষরূপে প্রদর্শিত হওয়া কিছুই আশ্চর্য্যের বিষয় নহে।

এখন যে সমস্ত 'গৃহদলিভুক্' পক্ষী দশার্গজনপদের রখ্যাবৃক্ষ মধ্যে নীড়নির্মাণে রত হইয়াছে, তাহাদের কিঞ্চিং পরিচয় আবশ্যক। মলিনাথ তাঁহার টীকায় "গৃহবলিভূজাং" অর্থে গৃহব্**লিডু**ক্ 'কাকাদিগ্রামপক্ষিণাং' এইরূপ লিখিয়াছেন: অমর-কোষে কাকপক্ষীকে বলিপুষ্ট এবং বলিভুক্ সাখ্যা দেওয়া হইয়াছে। গৃহস্থপ্রত বলি ভোঞ্জন করে বলিয়া কাকাদি কতিপয় গ্রাম্যপক্ষী গৃহবলিভুক্ পদবাচ্য হইয়া থাকে। অভিধানচিস্তামণিতে উক্ত পদটিভে চটকপক্ষীকে বৃঝায় ৷ বাচস্পত্য অভিধানে বলিভুজ্ অর্থে "বলিং বৈশদেবদ্রবাং গৃহস্থাত্ত লিং ভুঙ্জে; কাকে অমরঃ" এইরূপ লিখিত আছে। কোন কোন অভিধানকার লিখিয়া গিয়াছেন যে, ইহা বক পক্ষীকেও বুঝায়: আমরা কিন্তু বেশ বুঝিতে পারি যে, কাক এবং চ্টকপক্ষী মানবাবাদে অথবা তৎসান্নিধ্যে আশ্রয় লইয়া জীবনযাপন করে, মানব-প্রদত্ত বলি বকপক্ষী অপেকা ভাহাদিগের অধিকভর স্তলভা জনপল্লী মধ্যে প্ৰের ধারে বৃক্ষশাখায় ভাইাদের নীভারভ-কার্য্য সহকেই পথিকের নয়নগোচর হয় ৷ মিঃ উইল্সন্ মেঘদুতের টীকায় গৃহবলিভুক্ পদের এইরূপ অর্থ করেন,--

"গৃহ অর্থে গৃহিণী, তৎপ্রদত্ত বলি ভোজন করে এই নিমিত্ত গৃহ-বলিজুক্। কথিত আছে, ডিম্ব প্রসবের পর স্ত্রীপক্ষী পুং পক্ষীকে ভোজনে সহায়তা করে; কাক, চটক এবং বক পক্ষিগণের মধ্যে এইরূপ ঘটনার উল্লেখ দেখিতে পাওয়া যায়।" (২০)

<sup>30! &</sup>quot;The term signifies 'who eats the food of his female'; \$₹ cemmonly a house, meaning in this compound, wife. At the season of

বিহলতে হ হিসাবে এই ঘটনার যাথার্থা আদৌ আছে বলিয়া মনে হয় না; পরস্ত পুংপক্ষটিই অনেক স্থলে দ্রীপক্ষীকে সন্তানজননকালে আহার যোগাইয়া থাকে। পাছে আহার অন্বেষণের নিমিত্ত ঘূরিয়া বেড়াইতে হইলে ডিম্বর অনিষ্ট হয়, এই জন্ম বিশ্ব-প্রকৃতির বিধিব্যবস্থায় পুংপক্ষীই সাধারণতঃ পক্ষিণীকে চঞ্পুটের সাহায্যে আহার যোগাইয়া দিয়া তাহাকে খাছাহরণ-চেন্টা হইতে কিছু দিনের নিমিত্ত অবসর প্রদান করিয়া থাকে।

এইবার দেখা যাক্, বলাকা কোন্ জাতীয় পক্ষী! মলিনাথ মেঘদুভের টীকার বলাকার্থে একস্থলে "বক-বলাকা পঙ্ক্তি" এবং অপরস্থলে "বলাকাক্সনা" লিখিয়া-ভেন। অমরকোষে বলাক। পর্য্যায়ে লিখিত আছে,—"বলাকা বিসক্ষ্টিক।" অর্থাৎ মৃণালের স্থায় কণ্ঠ যাহার। ডাক্তার আর, জি, ভাগুরিকর মহাশয়ের তত্ত্বাবধানে প্রকাশিত উক্ত অভিধানের টীকায় টীকাকার বলাকার এইরূপ অর্থ করিয়াছেন,—"বলাকা বিসক্ষিকা দ্বে বালটোক্ষ বগচ্চ। ইতি খাতিস্থ বকভেদস্থা। বিসমিব দীর্ঘঃ কণ্ঠোহস্ত বিসক্ষ্টিকা।" এই টাকাকারগণের মতে বলাকা শব্দ বকের ভেদ বা পর্যায়সূচক এবং দ্রীপক্ষীটীকেও বুঝায়। মিঃ মনিয়ার উইলিয়মস্কৃত সংস্কৃত-ইংরেজি অভিধানে বলাকা শব্দের অর্থ দেওয়া আছে —a crane; এবং বক অর্থে—a kind of heron or erane, Ardea Nivea। মিঃ কোলক্রকপ্রাদত্ত অমরকোষের ইংরেজি টীকায় বককে crane এবং বলাকাকে ক্ষুদ্র বা small crane বলা হইয়াছে। এখন, crane এবং

pairing, it is said that the female of this bird assists in feeding the male; and the same circumstance is stated with respect to the crow and the sparrow, whence the same epithet is applied to them also,"—Megha Duta by H. H. Wilson, p. 24.

heron একই পক্ষী কি না, সগৰা ভিন্নজাতীয় স্বতন্ত্ৰ পক্ষী, তাহার নির্দ্ধারণ আবশ্যক। বিহঙ্গতত্ত্বিদ্ মিঃ মণ্টেগিউর অভিধানে (২১) স্পায়ই লেখা আছে যে, চলিত ভাষার heron পক্ষীকে crane বলা হইয়া থাকে; ভজাপ আরও কয়েকটি গ্রাম্য শব্দ ব্যবহাত হয়, যথা—heron, heronshaw, hegrie, heronswegh প্রভৃতি। বিহঙ্গতত্ত্বহিসাবে কিন্তু crane এবং heron সম্পূর্ণ স্বতন্ত্র শ্রেণীর পক্ষী ;—crane বা সারস পক্ষী (trus পরিবারভুক্ত এবং heron পক্ষী Ardea পরিবারভুক্ত। সারসের সবিশেষ পরিচয় আমরা পূর্বের প্রদান করিয়াছি। অমরকোষে ইহাকে বলাকাপর্যায়-ভুক্ত না করিয়া অভিধানকার লিখিয়াছেন—"পুক্ষরাহ্বস্ত সারসঃ।" অপর অভিধানে ইহাকে "মৈথুনী", "কামী", "গোনর্দ্দ" ইভ্যাদি বলিয়া পরিচয় দেওয়া হইয়াছে। বলাকা বা বিসক্ষিকা হইতে ইহা যে সভন্ন, তাহাতে সংশয় নাই। বক অর্থে heron বা crane এই শব্দ চুইটির প্রয়োগ করিলেও মিঃ মনিয়ার উইলিয়ম্স্ যে কেবল একই জাতীয় ( অর্থাৎ heron জাতীয়, যাহা গ্রাম্যভাষায় crane নামে পরিচিত ) বিহঙ্গকে নির্দেশ করিতেছেন, তাহা আমরা Latin প্রতিশব্দ Ardea Nivea দারা বেশ বুঝিতে পারি, কাবণ বৈজ্ঞানিকের নিকটে heron বা বকপক্ষী Airdea ভাতির অন্তর্গত বলিয়া স্থিরীকৃত হইয়াছে। ইহারা আদৌ যায়াবর নহে; সকল ঋতুতে ইহারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে স্থবিধামত অবস্থান করে। সারস বা crane জাতীয় পক্ষিগণের অধিকাংশই কিন্তু যাযাবর; সারা শীতকাল ভারতবর্ষে যাপন করিয়া বসস্তাগমে উহারা উড়িয়া যায়। Milton রচিত Paradise Lost গ্রস্থ হইতে যায়াবর crane পক্ষীর বাৎসরিক প্রয়াণ-বর্ণনার পদ উদ্ধৃত করিয়া মেঘদূতের টিগ্লনী-প্রসঙ্গে যখন মিঃ উইলুসন বলাকা-

<sup>31</sup> Ornithological Dictionary of British Birds by Colonel G. Montague (second edition).

গণের উৎপতনভঙ্গীর তুলনা করিয়াছেন তখন যে তিনি বলাকার যথার্থ পরিচয় পাইয়াছেন, এ বিষয়ে আমরা সন্দিহান হই। অনেকেই এইরূপ ভ্রমে পতিত হইয়াছেন বলিয়া মিঃ নিউটন তাঁহার Dictionary of Birds নামক পুস্তকে পাঠককৈ সতর্ক করিয়া দিয়াছেন—

"Heron, a long-necked, long winged, and long-legged bird, the representative of wery natural group, the Ardeidae which through the neglect or ignorance of ornithologists has been for many years encumbered by a considerable number of alien forms belonging truly to the Gruidae (crane) and Ciconiidae (stork), whose structure and characteristics are wholly distinct, however much external resemblance some of them may possess to the Herons."

পদকে সারণ করাইয়া দেয়; বিস বা মূণালের স্থায় দীর্ঘ কণ্ঠ আছে বলিয়া ইহারা বিসক্ষিকা। মূণালের সহিত তুলনা করার বক্ষঠের যে কেবল দীর্ঘত্ব সূচিত হয়, তাহা নহে, নমনীয়তাও (flexibility) সূচিত হয়া থাকে। The World's Birds নামক গ্রন্থে পক্ষিত্র হরিদ্ Frank Finn সাহেব heron বা বক্ষঠের এইরূপ বর্ণনা দিরাছেন — "Neck long with an S-like curvature in repose" সর্থাৎ ইহার কণ্ঠ দীর্ঘ; পাখীটি ষধন চুপ করিয়া বসিয়া থাকে, তখন গতিবিহীন অবস্থায় ইহার গলদেশ ইংরেজি S অক্রের তায়ে বক্তভাবে থাকে। তখন অনেক সময়ে ইহাকে সর্প বলিয়া ভ্রম হওয়াও সন্তব। ডাক্তার বাট্লার তাহার British Birds নামক পুস্তকে Purple Heronএর বর্ণনপ্রসক্ষে লিখিয়াছেন—

"In India the brown head of a closely allied species has been taken for a snake. The bird will trust greatly to this deception to escape notice." (>>)

<sup>88.)</sup> British Birds with their Nests and Eggs, Vol. IV. p. 11.

বলাকা বা বকজাতীয় পক্ষীর কণ্ঠশ্বর কর্কশ। সাধারণতঃ আকাশমার্গে উড়্ডীয়মান বকের কণ্ঠশ্বরই শ্রুত হয়; জলাভূমিতেও বিচরণকালে ইহাদের কণ্ঠশ্বনি প্রায়ই প্রদোষে ও প্রাতে শ্রুত হইয়া থাকে। এই জলচর বিহঙ্গের কণ্ঠশ্বরের প্রতি লক্ষ্য রাখিয়াই বােধ হয়, অভিধানকার বকপর্যায়ে ইহার "কহ্ব" আখ্যা দিয়াছেন (কে অর্থাৎ জলে হবয়তে শব্দং কুরুতে ইভি)। মজা এই যে, পাশ্চাত্য ভূথণ্ডেও সাধারণতঃ ইহার উক্তপ্রকার নামকরণ পাওয়া যায়;—ওয়েল সের লোকে ইহাকে Boom of the marsh বলে; ইংলণ্ডের নানান্থানে ইহা Bog-Bumper নামে পরিচিত। মার্কিনদেশে অনেকে ইহাকে Bog-Bull বলিয়া অভিহিত করে। এই মার্কিন Bittern এর শ্বর শুনিলে মনে হয় যেন ইহার গলা জলে ভরা: সেই জলের ভিতর দিয়া ইহার শ্বর নির্গত হইতেছে।

বর্ণাঞ্জু বলাকাগণের গর্ভাধানের প্রানন্ত সময়। এই সময়ে বকজাতীয় নানা পালী নানা স্থান হইতে একত্র সমবেত হইয়া সাধারগতঃ একই বুক্লের নানা শাখাপ্রাশাখায় নীড় রচনা করে। Egret, bittern, night heron, common heron, purple heron প্রভৃতি Ardea বা heron জাতীয় নানা পালী স্বভাবতঃ বৎসরের অধিকাংশ সময় ভারতের নানা স্থানে সঙ্গিহীন অবস্থায় বিচরণ করে; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে বর্ষাগমে কোথা হইতে যে হাহারা উড়িয়া আসিয়া এক বা ততোধিক গাছের সমস্ত শাখাপ্রশাখা জুড়িয়া বঙ্গে, এমন কি, অচিরে একটি পক্ষিপল্লী স্কলন করিয়া কেলে, তাহা বলা যায় না। ইহারাই দলবদ্ধ ইইয়া আকাশমার্গে উড়্টীয়মান হয়। মেখৈমে তুরাম্বরাভিমুখে ইহাদিগের নয়নস্কৃত্য উদ্দামগতি এখনও পাশ্চাত্য পণিকের মোহ উৎপাদন করিয়া পাকে। মিঃ সিভুমের (II. Seebohm) গ্রন্থে common heronএর উড্ডীনগতির যে চিত্র লিপিবদ্ধ আছে, তাহা মিঃ বাটুলারসম্পাদিত British

Birds with their nests and eggs নামক পুস্তকে এইরূপ উদ্ধৃত হইয়াছে—

"The flight of the Heron is slow and steady with deliberate and regular beats of the long wings. \* \* \* \* Although the flight appears to be laboured it is really very rapid. \* \* \* \* When flying, its long legs are carried straight out behind, and serve to balance and guide it in its course, whilst the head is drawn up almost to the shoulders."

বৃহৎ শুল্র বক বা Large Egretএর উৎপতনভঙ্গী সম্বন্ধে উক্ত গ্রন্থে লিখিত আছে—

"Its flight is moderately slow, performed by series of regular flappings of the wings. It seems more buoyant in the air than the common Heron and looks more graceful—due to its standing erect and drawing in its neck less."

মেঘদূতের বিহঙ্গপরিচয় এখনও সম্পূর্ণ হইল না। সজলনয়ন, শুক্লাপাঙ্গ, নীলকণ্ঠ ময়ুর, অস্ত্রোবিন্দুগ্রহণচতুর চাতক, পিঞ্জরস্থা মধুরবচনা শারিকা, আর "নিশিদ্বিপ্রহরে স্থা" পারাবাত লইয়া কতকটা বৈজ্ঞানিকভাবে Ornithologyর দিক্ হইতে আলোচনা করিতে হইবে।

# মেঘদুতের পক্ষিতত্ত্ব

...

( १ )

হংস-সারস-বলাকা-চক্রবার্কের কথা কভকটা বলা হইয়াছে, কিন্তু মেঘদৃতের কবি ময়ুরকে উপেক্ষার চক্ষে দেখিতে পারেন নাই। অন্য পাথীর বিলাসস্থভগ লাস্থলীলা মনোহারিণী বটে, কিন্তু শুক্রাপাঙ্গ শিখীর জ্বলভরা আঁখি ছটি ও বিচিত্র কেকাধ্বনি হয়'ত দৌত্যকার্য্যান্ত পরাইয়া অভিশপ্ত প্রবাসী ধক্ষের বিরহ্বেদনার কিছুমাত্র উপশম না করিয়া বিরহিণী যক্ষপত্মীর নিকটে পঁজুছাইতে বিলম্ব ঘটাইতে পারে; এই তুশ্চিন্তা রামগিরি পর্বতের যক্ষটিকে পীড়িত করিতেছে। অন্য বিহঙ্গ'ত আকাশপথে মেঘদৃতের সহষাত্রী হইতে পারে, কিন্তু ককুভ-সৌরভামোদিত পর্বতে পর্বতে ময়ুরগণ তাহাদিগের সজল আঁখি তুলিয়া জ্বলভরা মেঘকে যদি কিছুক্ষণের নিমিত্ত আট্রকাইয়া ফেলে, সেই ভয়ে যক্ষ তাহার দৃত্টিকে আগে হইতেই সাবধান করিয়া দিতেছেন—

উৎপশ্যামি দ্রতমপি সথে। মংপ্রিয়ার্থং বিয়াসোঃ, কালকেপং কক্ভস্বতৌ পরতে পরতে তে। জ্ঞাপাকৈঃ সজলনয়নৈঃ স্বাগতীকতা কেকাঃ, প্রের্থাতঃ কথমপি ভ্রান্ গ্রহাশু বাবস্থেৎ॥

যে পাখীর অপাঙ্গ শুক্ল, নয়ন সজল, বর্চ স্ফ্রিভরুচি ও উজ্জ্বল রেখাবলয়সমন্ত্রি, কণ্ঠ নীল এবং কেকারবচেন্টায় উন্নমিভ; সেই মেঘসুহাৎকে কেমন করিয়া বিরহী যক্ষের দূত এড়াইয়া যাইতে পারে ? অলকায় গিয়াও মেঘদুত নীলকণ্ঠ ভবনশিখার দর্শনলাভ করিতে পারে! দিবসাপগমে যিনি কাঞ্চনবাস্যপ্তির উপরে সেই ময়ূরকে নাচাইয়া একদিন আনন্দ উপভোগ করিতেন, তাঁহার কাছেই যাইবার জন্ম'ত মেঘকে দৌত্যকার্ম্যে ব্রতী করা হইয়াছে। তাই দেখিতে পাই, কালিদাসের মেঘদূতে ময়ূর কতখানি স্থান অধিকার করিয়াছে।

কিন্তু তাই বলিয়া কি কবিবরের বর্ণনায় কেবলমাত্র বর্ণ ও শব্দ-প্রাচুর্য্যে পাখীটিকে তাহার বাস্তব জীবন হইতে বিচ্যুত করিয়া কবির খোল-প্রসূত একটা অবাস্তব জিনিষে পরিণত করা হইয়াছে ? রোমান্সের কুহেলিকায় আমরা কি আসল পাখীটির খাঁটি পরিচয় পাইব না ? তাহার নয়ন কি সজল নয়, অপাঙ্গ শুক্র নয় ? আসয় বর্ষায় উত্তরপশ্চিম ভারতের পর্বতে ভাহার কেকাধ্বনি কি শ্রুত হয় না ? মেঘের সহিত তাহার সম্বন্ধ দেখিয়া সাধারণ লোকে কি তাহাকে মেঘম্মত্বৎ বলিতে পারে না ? পুত্রবৎসলা ভবানী ইন্দীবরদলশোভিতকর্ণে যে বহুটি স্থাপিত করেন, যে ময়ুরপুচ্ছ গোপবেশধারী বিষ্ণুর শিরোভূষণ, তাহা কি উজ্জ্বলরেখাবলিয় নহে ? আবার কবি যে তাহাকে গলিত অর্থাৎ স্বয়ংছিয় বহু বিলিয়া বর্ণনা করিয়াছেন, তাহাও কি বৈজ্ঞানিক হিসাবে সত্য নহে ? এই সমস্ত বিষয়ের আলোচনা করিবার পূর্বের মেঘদ্ত হইতে ময়ুরের রূপ ও শ্বর-বর্ণনাসূচক কয়েকটি শ্লোকাংশ উদ্ধৃত করিবার লোভ সম্বরণ করিতে পারিলাম না—

জ্যোতিলে থাবলয়ি গলিতং যুক্ত বৰ্ছং ভবানী,
পুত্রপ্রেয়া কুবন্যুদলপ্রাপি কর্ণে করোতি।
ধৌতাপাঙ্গং হরশশিক্ষচা পাবকেন্তং মহুরং
পশ্চাদক্ষিগ্রহণগুরুভির্গজ্জিতৈর্নজ্যেখাঃ ॥

যাহার উজ্জ্বল রেখাবলয়সমন্বিত বহ টি স্বতঃ স্বলিত হইলে পর যাহাকে পুত্রবৎসলা ভবানী ইন্দীবরদল-শোভিত কর্ণে ভূষণার্থ স্থাপিত করেন, হরশশিকিরণ কর্তৃক ধোতাপাঙ্গ সেই ময়ূরকে মেঘ অন্তিগ্রহণ-গর্জন দারা সহজে নৃত্য করাইতে সমর্থ হইবে। **:**k

রক্সচারাব্যতিকর ইব প্রেক্ষ্যথেতং পুরস্তাদ্ বিল্লীকাঞাৎ প্রস্তবতি ধুমুঃশুগুমাখগুলুক্ত। ধেন শ্রামং বপুরতিতরাং কাজিমাপংস্যুতে তে, বর্হেণেব ক্ষুরিতক্রচিনা সোপবেশস্য বিষ্ণোঃ ॥

গোপবেশধারী বিফুর তকু ফুরিতকটি ময়ূরপুচেছর ঘারা মণ্ডিত হইলে যেমন অপরপ শোভা হয়, হে মেঘ! ভোমার শ্যামবর্ণ দেহ রক্তছায়াব্যতিকরের ভার দর্শনীয় বক্ষীকস্তৃপাগ্র হইতে উদীর্মান ইস্রধ্যুংখণ্ডের সংসর্গে অত্যস্ত শোভা ধারণ করিবে।

কেকোৎকণ্ঠা ভবনশিখিনো নিত্যভাস্বৎকলাপাঃ

অলকায় ভবনশিখিগণ নিভাই সমুজ্জ্বল কলাপ বিস্তার করিয়া কেকারবে উদ্গ্রীব হইয়া থাকে।

> শ্রামারসং চকিতহরিণীপ্রেক্ষণে দৃষ্টিপাতং । বজ্ঞায়াং শশিনি শিশিনাং বহ্ছারেষু কেশান্। উৎপশ্রামি • \* \*

প্রিয়ঙ্গুলতায় তোমার গাত্রসৌকুমার্য্য, চকিত হরিণীনয়নে তোমার দৃষ্টিপাত, চন্দ্রে আননশোভা, ময়ুরপুচ্ছে তোমার কেশভার অবলোকন করিতেছি।

জালোকী বৈরূপচিত্বপুঃ কেশসংস্থারগ্লৈ-ব কুপ্রীত্যা তবনশি**ধিভিদ অন্**ত্যোপহারঃ।

গবাক্ষবিনির্গত নারীগণের কেশসংস্কারধূপের থারা বন্ধিতাবয়ব হইলে হে মেঘ! তোমাকে গৃহপালিত ময়ূরগণ স্বকীয় বন্ধু প্রীতিবশতঃ নৃত্যোপহার প্রদান করিবে। তালৈঃ শিঞ্জাবলয়স্ত্রেগনর্ত্তিঃ কাস্তুয়া মে যামধ্যাতে দিবসবিগমে নীলকঠঃ সুক্রঃ।

ি দিবসাপগমে যখন ভোমাদের (মেঘের) স্থত্ত্ত্ত্ত্ব্র নীলকণ্ঠ ময়ূর বাস্যপ্তির উপর উপবেশন করে, তখন যক্ষপ্রিয়া বলয়াদিশিঞ্জনের তালে তালে তাহাকে নাচাইয়া থাকেন।

শেলকৈ নীলকণ্ঠ, শুক্লাপাঙ্গ, ধোতাপাঙ্গ, সজলনয়ন প্রভৃতি
শব্দগুলি বৈজ্ঞানিকের নিকটে মেঘস্থাং ময়ুরগণের স্বিশ্রেষ পরিচর
করাইয়া দেয়। কেবলমাত্র হুই শ্রেণীর ময়র ভারতবর্ষে দৃষ্ট হয় বলিয়া
আধুনিক য়ুগের পক্ষিতত্ত্ববিদ্গণ স্থিরীকৃত করিয়াছেন, তন্মধ্যে Pavo
cristatus পক্ষী যে কবিবর্ণিত ময়র, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই।
ইহার গলদেশ নীলবর্ণ, মস্তকে শিখা, অপাঞ্চ শুক্র, পুচ্ছ ক্যোতিলেনি
খাবলয়ি। মিঃ বুলানফোর্ডের গ্রন্থ (১) হইতে আমরা ইহার কিছু
বিবরণ উদ্ধৃত করিলাম।

"Neck all round rich blue (নীলক), crest (বিশা) of long almost naked shafts terminated by fanshaped tips that are black at the base, bluish green at the ends; \* \* the longest plumes (পুছ) ending in an 'eye' or ocellus consisting of a purplish black heartshaped nucleus surrounded by blue within a coppery disk, with an outer rim of alternating green and bronze (কোডি-লেখাবলয়)"।

ময়ুরের অপাঙ্গবর্ণনা আমরা ডাক্তার ব্রেমের (Dr. Brehm)
পুস্তকে (২) এইরূপ দেখিতে পাই—'The eye is dark brown,
and the bare ring that surrounds it whitish." গুজরাট,
কচ্, রাজপুতনা, সিকু প্রভৃতি ভারতের উত্তরপশ্চিম প্রদেশে এই
জাতীয় ময়ুর অধিক সংখ্যায় দৃষ্ট হয়। বর্ষাঋতু ইহাদের গর্ভাধান-

<sup>5 ;</sup> Fanna of British India, Birds, Vol. IV, 1p. 68.

<sup>3 1</sup> Book of Birds from the text of Dr. Brehm by Thomas Rymer Jones. Vol. III, p. 254.

কাল। মেঘদর্শনে পর্বতে পর্বতে ইহাদিগের নৃত্য এবং স্বাগত কোপনি শিখিদম্পতির কেবলমাত্র অহেতুক আনন্দের পরিচায়ক নহে; ইহা ভাহাদিগের পরস্পরের প্রতির উচ্ছাসসূচকও বটে। যখন গোন গরজে মেঘ ঘন বরষা' তখন প্রাকৃতিক নিয়মানুসারে ময়ূর ময়ূরীর দাম্পত্যলীলার প্রশস্ত সময়;—মেঘের সহিত ময়ূরের এই নিরিড় সম্পর্ক কোনও পক্ষিত্ত্ববিৎ অস্বীকার করিতে পারেন না। মিঃ বুানফোর্ড এই প্রসঙ্গে লিখিয়াছেন,—

"Several males with their tails and trains raised vertically and expanded, may be seen strutting about and showing off before the hens. The latter lay.....for the most part in the rainy season from June to September." (5)

এই জুন হইতে সেপ্টেম্বর মাস পর্যান্ত মোটামুটি আমাদের দেশের বর্মাকাল। তাই যদি বিরহা যক্ষ মেষস্থলদের প্রতি মেষের বন্ধুপ্রীতির কথা তুলিয়া তাঁহার দৃতটিকে সাবধান করিয়া দিয়া থাকেন, তাঁহার আশক্ষা যে কেবলমাত্র বিরহীর বৃভুক্ষু হৃদয়ের অমূলক তুল্চিন্তাপ্রসূত তাহা নহে; তাহার পশ্চাতে একটা বাস্তব বৈজ্ঞানিক সত্য প্রচহন্ন বহিয়াছে।

এখন দেখা যাক্, গলিত বহের তাৎপর্য্য কি ? মল্লিনাথ ইহার টীকা করিয়াছেন—"গলিতং ভ্রম্টং, ন তু লোল্যাৎ, স্বয়ং ছিন্নমিতি ভাবঃ" অর্থাৎ যে পালক আপনা আপনি খলিয়া পড়িয়া যায়। বাস্তবিক বর্ষাঋতুর শেষে এই পতত্রশ্বলন ব্যাপার দৃষ্ট হয়; এই সময়ে পুংপ-ক্ষিগণের পুরাতন স্থদীর্ঘ পুচ্ছ খলিয়া যায়। তৎপরির্ভ্তে যে নৃতন পুচেছর আবির্ভাব হয়, তাহা সম্পূর্ণরূপে গজাইয়া উঠিতে প্রায় পাঁচ ছয় মাস সময় লাগে (৪)। মেঘদূতে দেবদেবীর মস্তক বা কর্ণাভ্রবণ

Fauna of British India, Birds, Vol. IV, p. 70.

<sup>81 &</sup>quot;The males moult their long trains after the breeding season with

রূপে ময়ুরের গলিতবর্হের ব্যবহারের উল্লেখ আছে বটে, কিন্তু
মনুষ্যসমাজে অতি প্রাচীনকাল হইতে ইহার ব্যবহার বড় কম দেখা
যায় না। ভারতবর্ষে ময়ুরপুচেছর আদর এখনও যথেষ্ট আছে; কিন্তু
এই পুচছ আহরণের নিমিত্ত জীবহিংসা না করিয়া কেবলমাত্র স্বয়ং
খলিত বহের ব্যবহারই অনুমোদিত হয়। এখনও আর্য্যাবর্তে ময়ুর
পবিত্র জীব বলিয়া পরিগণিত। জ্যুর্ডন (Jerdon) তাঁহার Birds of
India নামক গ্রন্থে লিখিতেছেন (৫)—

"It is venerated in many districts. Many Hindoo temples have large flocks of them; indeed, shooting it is forbidden in some Hindoo States."

কচ্, রাজপুতনা প্রভৃতি ভারতের উত্তর-পশ্চিমাচঞ্চলন্থ প্রদেশ সমূহে বহু ময়ুর অধিক সংখ্যায় দেখা যায় বটে; কিন্তু গৃহপালিত ভবন-শিখীর সংখ্যাও বড় কম নয় । এমন কি, বেখানে স্বাধীন আ সাবস্থায় ইহাদিগকে দেখিতে পাওয়া সম্ভবপর নহে, সেখানেও গৃহত্বেরা তাহাদিগকে পোষ মানাইয়া রাখে; কখনও কখনও বা তাহারা কোন বিশিন্ট গৃহস্থ কর্তৃক পালিত না ইইয়া দলে দলে নগর মধ্যে স্বচ্ছন্দ জীবন যাপন করিতে পায়। এই গৃহপালিত ময়ুরগণ প্রায়ই মেঘদূতের নেত্রপথবর্তী হইতেছে। অলকায় অশোকবকুল-তলে ভবনশিখীর জন্ম বাস্বস্থি রচিত বহিয়াছে—

> তৃন্মধ্যে চ ক্ষটিকফলকা কাঞ্চনী বাস্যষ্টি মূলে ব্ৰদ্ধা মণিভিৱনভিঞ্জোচ্বংশ-প্ৰকাশেঃ॥

অশোক ও বকুল বৃক্ষের মধ্যে এক স্থবর্ণনির্ম্মিত বাসষ্টি আছে, যাহার তলদেশ তরুণ বংশের স্থায় প্রভাবিশিষ্ট মণিদ্বারা বন্ধ এবং যাহার উপরিভাগে একটি ফুটিক-ফলক স্থাপিত আছে।

the other feathers about September in Northern India, and the new train is not fully grown up till March or April."—Blanford.

<sup>@</sup> t Vol. III., p 507.

কৃত্রিমতার মধ্যে প্রাকৃতির অনুকরণ করিয়া বাস্যপ্তিটি নির্ম্মাণ করিবার উদ্দেশ্য যে শুধু নীলকণ্ঠ ময়ূরকে আকৃষ্ট করিবার নিমিন্ত, তাহা বেশ বুঝা ধায়। তরুণ বংশের নীল আভাবিশিষ্ট মরক্তমণি দারা রচিত হইলেও বাসযপ্তিটি প্রাকৃত বংশথণ্ডের সবুজ শোভা ধারণ कत्रियारक। मक्तागरम वःশञ्जरम नोलक्छ ইकात উপরে উপবেশন করিয়া রাত্রিয়াপন করে। ময়ুরের স্বভাব (৬) এই যে, সে রাত্রি যাপনের নিমিত্ত একটি উপযোগী বাসযপ্তি বাছিয়া লয় : প্রতি সন্ধ্যায় সেই নিদ্দিষ্টস্থানে আশ্রয় লইবার নিমিত্ত উপস্থিত হয়;—বিহঙ্গতম্ব-বিদ্গণ ইহা বিশেষরূপে লক্ষ্য করিয়াছেন। গৃহপালিভ ময়ুরগণের বাস্যপ্তির ব্যবস্থা নির্দ্দেশ করিয়া কবি ভাৎকালিক পক্ষিপালন-প্রথার স্থাপায় আভাস দিয়াছেন। আয়্যাবর্ত্তে গৃহপালিত ময়ুরটিকে গৃহত্ত কুলবধু কেমন করিয়া বলয়শিঞ্জিতে নাচাইয়া থাকেন, ভাহার সাক্ষ্য লইতে আমাদের পাঠকপাঠিকাকে পাশ্চাত্য ornithologist এর নিকটে যাইতে হইবে না, কিন্তু গৃহের বাহিরে ময়ুরীর সম্মুখে ময়্র কলাপবিস্তার করিয়া কেমন নৃত্য করে, তাহা দেখিয়া অনেক বিদেশী পক্ষিতত্তবিৎ মুগ্ধ হইয়ছেন। Living animals of the world নামক পুস্তকের দ্বিতীয় ভাগে (৭) মিঃ পাইক্রাফট রচিত পক্ষিপ্রসঙ্গে এইরূপ বর্ণনা আছে---

"Watch the bird trying to do his best to persuade his chosen what a handsome fellow he is. He first places himself more or less in front of her, but at some little distance off; and then watching his opportunity walks rapidly backwards, going faster and faster till arrived within a foot, he suddenly, like a flash, turns round and displays to the full his truly gorgeous vestments.

Pleasants, of returning to the same perch night after night"—Blanford.

৭। পৃষ্ঠা—৪০৯।

This turning movement is accompanied by a violent shaking of the train, the quills of which rattle like the pattering of rain upon leaves. Often this movement is followed by loud scream."

এইরপে ভবনশিখীকে নাচাইয়া বক্ষপত্নী বেমন কতকটা সময়
কাতিবাহিত করিতেন, তেমনই আবার আর একটি
সারিকা
পোষা পাখী তাঁহাকে তাঁহার নির্বাসিত স্বামীর
কথা স্মরণ করাইয়া দিত। সেটি একটি সারিকা। এই সারিকা
যক্ষের অতিশয় প্রিয় ছিল। দূতকে বিদায় দিবার সময় বক্ষ এই
সারিকার উল্লেখ করিয়া বলিতেছেন,—

আংলোকে তে নিপততি পুর। সা বলিব্যাকুলা বা,
মৎসাদৃশুং বিরহতকু বা ভাবপন্যং লিশ্জী।
পৃচ্জী বা মধুরবচনাং সারিকাং শঙ্করন্থাং
কচিচদ্ভর্জুঃ শর সি রসিকে! যং হি ভক্ত প্রিয়েতি॥

আর্য্যাবর্ত্তে প্রতি প্রাচীনকাল হইতে গৃহস্ব সারিকা পালন করিতে ভালবাসিতেন, ভাহার ভূরি ভূরি নিদর্শন প্রাচীন সংস্কৃত সাহিত্যে দেখিতে পাওয়া যায়। তৈতিরীয় সংহিতাকার লিখিতেছেন,—

সরস্বাক ।— ৫.৫ ১২

মহাভারতে অমুশাসন পর্বের লিখিত আছে —

গৃহে পারাবতা ধন্য। শুকাশ্চ সহ সারিকাঃ গৃহেধেতে ন পাপায়।—অধ্যায় ১০৪, শ্লোক ১১৪।

শীমন্তাগনতের চতুর্থ স্কন্ধে সারিকাকে স্রক্, চন্দনমালা, দর্পণ প্রভৃতির স্থায় নারীদিগের অত্যাবশ্যক বিলাসের সামগ্রী বলিয়া বর্ণনা করা হইয়াছে। সতী দক্ষযজ্ঞ-সভায় যাইতেছেন,— তাং সারিকা-কন্দুকদর্পণায়ুজৈঃ শেতাতপত্ত-ব্যজন-শ্রগাদিভিঃ

\*

রুষেজ্রমারোপ্য বিটক্ষিত। ষ্যুঃ।--- এর্থ অধ্যায়, এম প্লোক।

এখন প্রশ্ন এই যে, এই সারিকা কোন্ জাতীয় পক্ষী ? উপরে উদ্বত তৈত্তিরীয় সংহিতার শারিঃ শ্যেতা শব্দঘয়ের সায়নাচার্য্য এইরূপ ব্যাখ্যা করিয়াছেন,—শারিঃ শুকন্ত্রী, কীদৃশী ? শ্যেতা অরক্তবর্ণা। আমাদের মনে হয় যে, সায়ন এস্থলে একটা বিষম ভুল করিয়াছেন। সারিকা এবং শুক চুইটি সম্পূর্ণ স্বভন্তজাতীয় পক্ষী;—একটি ময়না জাতীয়,অপরটি আমাদের সর্বজন পরিচিত টিয়া পাধী: উভয়ের মধ্যে স্বামী স্ত্রী সম্পর্ক প্রাকৃতির বিধিবিরুদ্ধ, অথচ সাধারণতঃ আমরা শুক সারি শব্দ হুইটি যেরূপে ব্যবহার করিষা থাকি; তাহাতে বোধ হয়, যেন উভয়ের মধ্যে স্বামী স্ত্রী সম্বন্ধ আছে এবং উভয়েই এক জাতীয় বিলিয়া ধরিয়া লওয়া হয়। হিন্দুস্থানে সালিক পাখীকে ময়না নামে। অভিহিত করা হয়। অধিকাংশ বিদেশী পক্ষিত্ত্ববিদ্যুণের রচিত প্রবন্ধে ও পুস্তকে এই নাম বজায় রাখা হইয়াছে। কিন্তু বাস্তবিক যে শ্রেণীর পক্ষী পার্ববত্য ময়না বলিয়া পরিচিত, তাহা যে সালিক জাতীয় পক্ষী নহে এবং বৈদেশিক প্রস্থাদিতে বর্ণিত ময়না হইতে সম্পূর্ণ স্বতন্ত, তাহা সম্প্রতি মিঃ ওটস্-প্রমুখ বৈজ্ঞানিকগণ স্থির করিয়াছেন (৮)। তাঁহারা এই পার্বেভ্য ময়নাকে Eulabes পরি-বারভুক্ত করিয়াছেন। ইহার ইংরাজি নাম Grackle। মানুষের বুলি অসুকরণ করিতে ইহারা বড় পটু; এই নিমিত্ত ইহারা গৃহস্থের

<sup>\* 1 6</sup> f exclude from this (Sturnidae) family the Grackles (Eulabes) and the Glossy starlings (Calornis) which have hitherto been associated with the true starlings by nearly all writers. These two genera differ in so many important matters..... that I cannot look upon them as in any way closely allied to the Sturnidae " -Outes, Fauna of British India, Vol. I, p. 517

নিকটে অক্ত পোষাপাপী অপেক্ষা অধিক আদর পায়। সালিক পাথীকে এখনকার বৈজ্ঞানিকগণ Sturnidae পরিবারভুক্ত করিয়া পার্বভা ময়না হইতে সম্পূর্ণ পৃথক জাতীয় মনে করেন। ইহারাও কিছু কিছু মানুষের বুলি বলিতে শিখে (৯) এবং সাধারণ গৃহস্থের বাড়ীতে পালিত হইয়া থাকে। আমাদের মনে হয় বে, গৃহস্থপালিত এই ছই পাথীই সংস্কৃত সাহিত্যে সারিকা নামে পরিচিত (১০)। এতদিন পর্যান্ত সালিক এবং পার্বভা ময়না উভয়েই বিহন্তভ্ববিদের নিকটে একই জাতির অন্তভুক্ত বলিয়া গণ্য হইতেছিল। সাধারণ লোকের নিকটে ও ভারতবর্ষের অধিকাংশস্থলে উহারা উভয়েই ময়না নামে চলিয়া আসিতেছে।

একটা কথা বোধ হয় এখানে বলা আবশুক বে, তৈত্তিরীয় সংহিতার শারি শ্রেতা ও উপরে উদ্ধৃত মহাভারত এবং ভাগবতের সারিকা আভিধানিক হিসাবে একই পক্ষীকে বুঝার। সারি শব্দের বানানে "দ" কিম্বা "শ" চুইই ব্যবহৃত হয়। আর একটি প্রশ্ন এই, তৈত্তিরীয় সংহিতায় যে শ্রেতা শারির উল্লেখ আছে, তাহা বৈজ্ঞানিক হিসাবে যথার্থ কি না ? অর্থাৎ সারিকার বর্ণ শুল্র হয় কি না ? আমারা কিন্তু সাধারণতঃ সারিকার অক্টে কৃষ্ণধূসর বর্ণের

<sup>\$1 &</sup>quot;Like the European starling, it (the House-Mynah of India—Acridotheres tristis) will learn to talk, but the true talking mynahs (Eulabes) are very different birds."—Frank Finn, The World's Birds, p. 114.

২০। মিঃ উইলসন্ মেন্তুত্ব দীকায় সালিক পাৰীকে Graenla religiosa বলিয়া নির্দেশ করিয়াছেন। এই Graenla শব্দটি এখনকার Graekle শব্দের ঝুলান্তর মাত্রন মনিয়ার উইলিয়ামন্ কিন্তু সারিকার্থে মন্ত্রনা ও সালিক (Graenla religiosa e Turdus Salica) এই এই গার মধ্যে যেটা হউক একটাকে নির্দেশ করিয়াছেন। পার্মত্য মন্ত্রনা বৃষাইতে ওট্ন প্রমুখ বৈজ্ঞানিকগণ Graenla religiosaর পরিবর্গে Eulabes religiosa শব্দেশ বাবহার প্রশ্বন্থ মনে করেন এবং সালিক পদ্দী বৃষাইতে তাহারা Turdus Salicaর পরিবর্গে Acridotheres গোডার শব্দেশ প্রমাণ করেন। Acridotheres শ্রেকার প্রিকাশ Sturnidae পরিবার ভূকে। এখনকার বৈজ্ঞানিকগণ Thrush ভাতীর পদ্দী বৃষাইতে Turdus শব্দের প্রয়োগ করিয়া থাকেন।

প্রাধান্তই লক্ষ্য করিয়া থাকি। শুক্ততা বা albinism যে অনেক সময়ে সালিক জাতীয় পক্ষীর বর্ণে প্রতিফলিত হয়, তৎসম্বন্ধে বিহঙ্গ-তত্ত্বিৎ মিঃ জ্বাঙ্ক ফিন্ লিখিয়াছেন—"Albinism is not very uncommon in this (House or common) Mynah (>>)। এই House-Mynah বা Common mynah পার্বত্য ময়নাকে বুঝাইতেছে না; ইহা সালিক পাখী।

এইবার পণিমধ্যে গৃহবলজিতে ফুপ্ত পারাবত ও অস্তোবিন্দুগ্রহণ-চতুর চাতকের উপর কিঞ্চিৎ বৈজ্ঞানিক আলোকরশ্মি নিপাতিত করিয়া সঞ্চরমাণ মেঘদূতকে অলকার পথে বিদায় দিয়া, আমরা আমাদের বক্তব্য শেষ করিব। মেঘকে সম্বোধন করিয়া বক্ষ বলিতেছেন—

তাং কন্তাঞ্চিত্তখনবলতো সুপ্রপারাবতায়াং,
নীছা রাজিং চিরবিলসনাৎ খিরবিত্যৎকলতঃ।
দৃত্তে স্থো পুনরপি ভবান্ বাহয়েদধ্যশেষং,
মন্দায়ন্তে ন খলু সুহাদামভ্যুপেভার্থকৃত্যাঃ॥

যে গৃহবলভিতে পারাবত স্থাখে নিজিত, সেই স্থানে চিরবিলসনক্লান্ত বিহাৎপত্নীর সহিত রাত্রিযাণন করিয়া সূর্য্য উদিত হইলে তুমি অবশিষ্ট পথ অতিক্রম করিবার চেষ্টা করিবে। বন্ধুগণের কার্য্যসম্পাদন করিতে অঙ্গীকার করিয়া কেহ বিলম্ব করে না।

এই যে পারাবত গৃহবলভিতে আঞার লইরা রাত্রিতে নিদ্রা যার,
ইহার সন্থকে বৈজ্ঞানিক প্রশ্ন করিতে পারেন,—এই পাখী সাধারণ
গৃহকপোত, না খুছু ? মলিনাধ অমরকোষ হইতে উদ্ভ করির
লিখিয়াছেন "পারাবতঃ কলরবঃ কপোতঃ"; কপোত কিন্তু পাররা
এবং অন্য বিহগকেও বুঝার—'পারাবতঃ কপোতঃ কপোতঃ স্থাৎ কপোতো

<sup>551</sup> Garden and Aviary Birds of India, page 47.

বিহগান্তরে' ইতি বিশঃ। এই বিহগান্তর অবশ্যই ঘৃঘুপাখীকে নির্দেশ করিতেছে। এখন মেঘদূতের পারাবত ইহাদের মধ্যে কোন্টি। বৈজ্ঞানিকের নিকটে পাররা এবং ঘুঘু একই জাতীয় পাখী। মিঃ বুানফোর্ড লিখিয়াছেন (১২)—

"There is no doubt that Pigeons and Doves must be regarded as forming an Order by themselves."

মানবাবাসে আশ্রার লইয়া রাত্রি যাপন করা উভয়েরই অভ্যাস। গোলা-পায়রার (Rock Pigeon) এবস্থিধ অভ্যাস সম্বন্ধে উক্ত গ্রন্থকার লিখিতেছেন (১৩)—

A bird haunting rocky cliffs, old buildings, walls, and when encouraged, human habitations generally, nesting in all the places named."

মক্ষ থে শুভকার্য্যসাধনতৎপর মেঘদূতকে পারাবতের পরিবর্তে
গুলুপক্ষীর সহিত এক ত্র রাত্রিয়াপন করিতে উপদেশ দিবেন, ইহা
বিশ্বাসযোগ্য নহে। কারণ, খুখু অশুভশংসী;—ইহা 'গৃহনাশন,'
'ভীযণ', 'অগ্নিসহায়', 'দহন,' ইত্যাদি নামে আখ্যাত। মেঘদূতের
পারাবত যে খুখুকে না বুঝাইয়া 'বাগ্বিলাসী,' 'ঘরত্রিয়',
'মদন', 'মদনমোহন,' 'গৃহকপোত' বা পায়রাকে বুঝাইতেছে
তাহা নিঃসন্দেহ। এই ভারতীয় Rock-Pigeonকে (Columba intermedia) সমগ্র ভারতবর্ষে দেখিতে পাওয়া যায়। এইবার
চাতকের কথা। মেঘদূতের কবি পাখীটির উল্লেখ চারবার
করিয়াছেন; প্রতিবারেই ইহার সহিত মেঘের
চাতকে

St. Fauna of Bridsh India, Birds, Vol. IV, p. I.

<sup>56</sup> t Ibid, p. 30.

কার্য্যে ব্রতী হইতে না হইতেই মেথের বাসভাগে মধুরভাষী চাতক কূজন করিতেছে—

বামশ্চারং নদভি মধুরং চাতক**ন্তে সগর্বঃ।** 

পুনশ্চ, সিদ্ধপুরুষগণ অস্থোবিন্দুগ্রহণচতুর চাতককে নিরীক্ষণ করিতেছেন, এমন সময়ে আসন্ন মেধের গর্জ্জন শুনা গেল—

অভোবিদ্রহণচতুরাংশ্চাতকান্ বীক্সমাণাঃ,

\* \* \* \*

কামাসাদ্য স্থানিতসমঙ্গে মান্যিষ্যস্থি সিঙ্কাঃ, সোৎকম্পানি প্রিয়সহচরীসম্বমালিকিতানি।

সাস্ত্র দ্রটির বদাস্তার উল্লেখ করিয়া বলিতেছেন—
নিঃশদোহপি প্রদিশসি জলং যাচিতশ্চাতকেত্যঃ

শুধু মেঘদূতে নয়, সমগ্র সংস্কৃত সাহিত্যে মেঘের সহিত এই পাখীটির ঘনিষ্ঠ সম্বন্ধের কথা আমরা দেখিতে পাই। অভিধানকার-গণও চাতকের পরিচয় দিতে গিয়া মেঘের আকর্ষণী শক্তির কথাটাই বড় করিয়া বলিয়াচেন :—"চততি বাচতে সততন্তোমেখং" ইতি শব্দস্তোমমহানিধিঃ। বাচস্পত্য অভিধানে চাতকার্থে এইরূপ লিখিত আছে—''যাচনে কর্তুরি খুল্। সারক্ষে স্বনামধ্যাতে খগভেদে''। অভিধানোক্ত সারক্ষ শব্দটি চাতকের নামান্তর মাত্র; তক্রপ স্তোকক ইহার আর একটি নাম। "সারক্ষন্তোককশ্চাতকঃ স্মাঃ ইত্যমরঃ।" মেঘদূতে এই সারক্ষের উল্লেখ আছে—

#### मात्रकार उ अननवगृहः ऋहिश्वास गार्शम्।

যদিও সারঙ্গ শব্দটি বিভিন্ন অর্থে স্থানবিশেষে ব্যবহৃত হয় (সারঙ্গ-শ্চাতকে ভূঞ্চে কুরঙ্গে চ মতঙ্গজে ইতি বিশ্বঃ), তথাপি আমরা বেশ বুঝিতে পারি যে, এস্থলে ইহা চাতকপক্ষীকেই বুঝাইতেছে। এই সারঙ্গ স্থানা চাতক জললবমুচের অর্থাৎ মেঘের মার্গ সূচনা করিয়া দেয়। মেঘ ভিন্ন চাতকের গত্যস্তর নাই। চাতকাফক কাব্যের কবি নেখকে সম্বোধন করিয়া বলিভেছেনঃ—

ৰাতৈ বিধূনয় বিভীষয় ভীমনাদৈঃ
সঞ্গ্য অমথৰা করকাভিঘাতেঃ।
অধ্বারিবিন্দু-পরিপালিতজীবিতস্য
নাভাগতিভ'বতি বারিদ! চাতক্সা ॥

এই সারক্ষ অথবা চাতক পাখীটির বৈজ্ঞানিক পরিচয় কি ? এই যে "মেঘলরশনে হায় চাতকিনী ধায় রে." ইহা কি বৈজ্ঞানিক হিসাবে সত্য ? জ্যর্ডনপ্রমুখ বিহস্কতত্ববিদ্দাণ চাতককে Cuckoo বা কোকিল-পরিবারভুক্ত বলিয়া মনে করেন। তাঁহাদের মতে ইহার বৈজ্ঞানিক নাম Coccystes melanoioucus (১৪)। বর্ধাগমে জারতের উত্তর-পশ্চিমাঞ্চলে এই পাখী অধিক সংখ্যায় দৃষ্ট হয়; ইহার কাকলী পথিকের শ্রুতিপথবর্তী হইয়া খাকে। কিন্তু পাখীটির কবিবর্ণিত প্রকৃতি—উহার অস্তোবিন্দুগ্রহণের নিমিত্ত অন্থিরতা—আজ পর্যান্ত কোনও পাশ্চাত্য বৈজ্ঞানিক লক্ষ্য করিয়াছেন বলিয়া মনে হয় না। তাঁহারা এই পর্যান্ত বলিয়াছেন যে, প্রত্যুবে এই পাখী আকাশনার্গে উজ্ঞীয়মান হইয়া গান করিতে থাকে; কিন্তু দেই গান শুনিয়াকোন কবি 'নদতি মধুরং' বলিয়া বর্ণনা করিতে পারেন কি না, সন্দেহ। কারণ, ইহারা বলিতেছেন—বর্ষাখাতুতে এই পাখী অতিশয় কলরব করিয়া থাকে এবং ইহার কণ্ঠম্বর খুব চড়া,—"a highpitched wild metallic note"। তাঁহারা স্বারও বলেন যে,

<sup>58 |</sup> This bird makes a great figure in Hindu poetry under the name of chatak,—Rev. T. Philipps-Notes on the Habits of some Birds observed in the plains of N. W. India, published in the Proceedings, Zoological Society of London, 1857, pp. 100-101; of, also Jerdon's Birds of India, Vol. I, p. 341.

এই বর্ধা ঝাতুই ই**হাদের গর্ভাধান-কাল।** বর্ধার সহিত Coccystes melanoleucus পাখীর এইটুকু সাধারণ সম্বন্ধ ব্যতীত ইঁহাদিগের পুস্তকাবলীতে আর কোনও কিছু খুঁজিয়া পাওয়া ধায় না। আমাদের কবিগণ যদি ময়ুরের মত চাতকের রূপ বর্ণনা করিতেন, তাহা হইলে সে বাস্তবিক কোন্ জাতীয় পক্ষী তাহার নির্দারণ করিতে কিছুমাত্র বেগ পাইতে হইত না। কি**ন্ত ডুঃখের** বিষয় আমরা কোথাও এইরূপ বর্ণনা দেখিতে পাই না। পূর্বেবই বলিয়াছি যে, যে পাখীটিকে পরিবারভুক্ত। এই পরিবারস্থ কয়েকটি পাখী আমাদের দেশে পাপিয়া, বৌ-কথা-কও, কোলা বা শা-বুলবুল ইভ্যাদি নামে পরিচিত। ইহাদের কেহই অস্তোবিন্দুগ্রহণচতুর নহে। অবশ্যই একই পরিবারভুক্ত বিভিন্ন পাখীর স্বস্তাব বিভিন্ন হইতে পারে বটে, কিন্তু কেহই কি কোনটিরই সম্বন্ধে এই ব্যাপারটি লক্ষ্য করিলেন না ? তাই বোধ হয়, বেগতিক বুঝিয়া অধ্যাপক কোল্ফ্রেক্ এই সনাক্ত করাতে সন্দেহ প্রকাশ করিয়াছেন (১৫)। মিঃ ওট্স্ তাঁহার গ্রন্থে (১৬) Iora পরিবারভুক্ত পক্ষিগণের নাম করিতে বসিয়া Aegithina tiphia পাখীর সম্বন্ধে বলিতেছেন যে, ইহা বঙ্গদেশে চাতক, তফিক্, ফটিক-জল ইত্যাদি নামে প্রিচিত। এস্থলে এটুকু বলা আবশ্যক মনে করি যে, বঙ্গের বাহিরেও এই পাখীকে তফিক্ সাধারণতঃ বর্ষাকালে ইহাদের সম্ভানসম্ভতি হয়। সময়ে পুংপক্ষীটি মধুর ধ্বনি করিতে থাকে। ইহার কণ্ঠশ্বর সম্বন্ধে জ্যর্ডন তাঁহার প্রন্থে বার্জেসের কথা উদ্ধৃত করিয়া বলিতেছেন যে, ইহার কণ্ঠস্বর অপূর্বন ; কখন বা অভিশয় সন্দ ও করুণ, পরক্ষণেই

১৫। অষরকোবে চাতকের দিকাপ্রসংগ অধ্যাপক কোলক্রক বলিভেছেন—" Pipiha. Cubulus Radiatus. But it is not certain whether the chatáca be not a different bird."

<sup>56</sup> t Fauna of British India, Birds, Vol. I., p. 230, [...

আবার সপ্তমে চড়া (১৭)। বৃষ্টির পূর্বেইহারা যে শব্দ করে, তাহা যেন ঠিক 'শোজিগ' অথবা কোথাও 'তফিক'এর মত শুনা যায়। বাধ হয় এইরূপ ধানি করে বলিয়া উহা তফিক্ নামে পরিচিত। হইতে পারে যে, আসন্ধ বর্ধায় কোমল করুণ তীত্র কণ্ঠমরে চাতকের এই স্বাগতধানি শুনিয়া আকাশ-মার্গে উড়্টীয়মার্ন উন্মিত্ত-চঞ্চাতককে অস্তোবিন্দুগ্রহণচতুর বলিয়া কল্পনা করা হইয়াছে।

অতএব কবি-বর্ণিত চাতক **সম্বন্ধে পাশ্চা**ত্য পণ্ডিতগণ আমা-দিগকে আমরা যেটি চাই, ঠিক সেইটি দিতে পারিলেন না, অথচ তাঁহার৷ সকলেই বলিভেছেন যে, এই পাখী ভারতবর্ষের কাব্য-সাহিত্যে অনেকখানি স্থান অধিকার করিয়া আছে। এইখানে পাঠক-পাঠিকাদিগের নিকটে ব্যক্তিগভভাবে আমার পক্ষিগৃহমধ্যে এই Iora -জাতীয় বিহক্তের আচরণ সম্বন্ধে যৎকিঞ্চিৎ পর্য্যবেক্ষণের ফল জ্ঞাপন করিতে চাই। প্রাতঃকালে aviary মধ্যস্থিত গাছের ডালপালাগুলি পিচকারির সাহায্যে খৌত করা হইত। পাখীটা ভখন বৃক্ষাস্তরে উড়িয়া যাইত। আবার ধখন সেই গাছটার উপর জল বর্ষণ করা হইত, তখন প্রথমোক্ত গাছে ফিরিয়া আসিয়া বৃক্ষপত্র হইতে পত্নোমুখ জলবিন্দুগুলি স্থকৌশলে চঞ্পুটে গ্রহণ করতঃ সে শাখাপ্রশাখায় বিচরণ করিত। কুত্রিম পক্ষিগৃহে এমনভাবে জল-বিন্দু গ্রহণের চেন্টা আর কোন পালিত পক্ষীর দেখি নাই। কোনও কোনও পাখী কৃত্রিন গৃহমধ্যে গলদচ্ছবিন্দু পত্রাস্তরালে স্নান করিতে: ভালবাসে বটে, কিন্তু এইরূপ shower bath বা ধারাসানের সময়ে ভাহারা চঞ্পুটে জলবিন্দু গ্রহণ করে না। এই Iora জাভীয় পাখীকে বঙ্গদেশে আমরা চাতক অথবা ফটিক্জল বলিয়া জানি।

<sup>&</sup>gt;৭ ৷ "Burgess, speaking of its notes says "truly, it has a wonderful power of voice: at one moment uttering a low plaintive cry ( লছভি মুনুহ এর সহিত মিলে না কি ়), at the next, ■ shrill whistle."—Birds of India. Vol. II. p. 103.

## ঋতুসংহার

যখন ভারতবর্ষের 'গগনে গরজে মেঘ ঘন বর্ষা', তখন সাধারণতঃ যে যে পাখী আমাদের নয়নগোচর হয়, এবং বর্ষার সহিত যাহাদের নিবিড় ঘনিষ্ঠ সম্পর্ক দাঁড়াইয়া গিয়াছে বলিয়া আমাদের দেশে কবি-প্রসিদ্ধি, তাহাদের কয়েকটির যথাসম্ভব বৈজ্ঞানিক পরিচয় আমি 'মেঘদুতের পক্ষিত্তর' প্রবন্ধে দিবার চেফা করিয়াছি। মানুষের সক্ষে পাখীর এই যে আনন্দ:সম্পর্ক, স্থখে, তুঃখে, বিরহে, মিলনে, কতকটা সজ্ঞানে কতকটা অজ্ঞানে, এই যে পরস্পারের প্রীতিবন্ধন, ইহা যে কেবল বর্ষাঋতুতেই প্রকটিত, তাহা নহে; সমস্ত বৎদর ব্যাপিয়া ইহা তাহাদের উভয়ের জীবন-নাট্যের সহিত বিচিত্র রহস্যসূত্রে গ্রাণিত হইয়া আছে। ঋতুপরিবর্তনের সঙ্গে সঙ্গে পাখীগুলির হাবভাব-ভঙ্গীর বিচিত্র পরিবর্ত্তন আলোচনা করিবার স্থযোগ কালি-দার্দের ঋতুসংহার কাব্যে আমরাকতকটা পাই। বিহস-তত্ত্ব-জিজাহ বাঙ্গালী পাঠক-পাঠিক। যদি প্রকৃতির উন্মুক্ত লীলাকুঞ্জে মানব-সম্পর্কবিরহিত স্বাধীন পাখার গতিবিধি প্রভৃতি লক্ষ্য করিতে চান, তাহা হইলেও ঋতুসংহারের যৌবনভারনিপীড়িতা নায়িকাকে সচ্ছন্দে দূরে রাখিয়া কেবলমাত্র বৎসরের বিভিন্ন ঋতুতে মহাকবিবর্ণিভ পাখীগুলিকে লইয়া যথেষ্ট আনন্দ ও জ্ঞান লাভ করিতে পারিকে। রসসাহিত্যে, নিশেষতঃ ঋতুসংহারের মত কাব্যে, নায়কনায়িকা একান্ত আবশ্যক বটে; কিন্তু আমরা আমাদের উদ্দেশ্যসিদ্ধির জগ্য সেই রসসাহিত্যের কেব্দুস্থ মানুষ তুটিকে ষতদূর সম্ভব পশ্চাতে

4

রাখিয়া, মুখ্যতঃ পাখীগুলিকে লইয়া, এই সাতপতগু নিদাধের অবসাদক্লিফ্ট অবসরটুকু অভিবাহিত করিতে চেফী করিব।

প্রচণ্ডসূর্য্য-স্পৃহনীয়চন্দ্রমা (১) নিদাঘকাল সমুপস্থিত; স্থ্বাসিত হর্ম্ম্যতল মনোহর বোধ হইতেছে (২)। চল্রেদ্র্য ত্ৰীপ্মবৰ্ণন স্থারম্য নিশায় স্থাতন্ত্রী গীত নিতান্ত মধুর বলিয়া গ্রমুজ্ত হয় (৩)—এইখানে এমনি সময় সীমস্তিনীদিগের নিতাস্ত লাক্ষারসরাগরঞ্জিত সন্পুর চরণধ্বনিতে পদে পদে হংসধ্বনিকে স্মরণ করাইয়া দিতেছে (৪)। মেঘদূতের কালিদাস ঋতুসংহারে গ্রীস বর্ণনায় সমস্ত ক্লান্ডি এবং অবসাদের মধ্যে ভারতবর্ষের অভ্যস্ত পরিচিত পাখীগুলিকে মানবন্ধীবন হইতে স্বতন্ত্র ও বিশ্লিষ্ট করিতে কিছুতেই রাজি হইতেছেন না। প্রকৃতি মূর্চ্ছিতা; নায়কনায়িকা ক্লান্ত ও অবসম; তথাপি নায়িকার চরণের নূপুরনিক্ষণ হংসরভাসু-কারী বলিয়া মনে হইতেছে। ভূচর মানবের সঙ্গে খেচর পাখীগুলিকে খাতুবিশেষে এমন করিয়া ঘনিষ্ঠসম্বন্ধ না করিলে যেন বিশ্বশিল্পী কালিদাসের তুলিকায় সমগ্র চিত্রটি ভাল করিয়া ফুটিয়া উঠিত না। এই য়ে আল্ভাপরা রাঙা চরণে নূপুর বাজিভেছে,—কেমন করিয়া ইহা পদে পদে হংসকে স্মারণ করাইয়া দিতে পারে গু—পাঠকপাঠিকার হয়'ত সারণ থাকিতে পারে যে, মেঘদূতপ্রসঙ্গে আমি এক জাতীয় হংসের রূপবর্ণনা ক্রিয়াছিলাম—চঞ্চরটো रः भका कवी র্লোহিতৈসিতা, অর্থাৎ চঞ্ ও চরণ লোহিত, দেহটি সাদা। অভএব নায়িকার অ**লস্ভাক্ত** চরণের নৃপুর-শিঞ্জিতে

১ ৷ ১ম সর্গ, ১৯ জোক ৷

হ। ঐ ধ্য় লৌক।

০। ঐত্য লৌক।

৪। ১ম সর্গ, ১ম প্রেণ্ড

লোহিত্তপুচরণ শ্বেতাবয়ৰ হংসের গীত স্বতঃই কবিকল্পনায় জাগিয়া উঠিতে পারে।

যে হংসকে প্রচণ্ড রবিকরোদ্দীপ্ত নিদাব্দলালে আমরা কচিৎ
দেখিতে পাই; ঋতুসংহারে গ্রীল্মবর্ণনায় যাহার প্রতি কেবল একটু
ইক্সিত করিয়া কামিনীর কমনীয় চরণকমলের মঞ্জীরধ্বনির আভাসের
মধ্য দিয়া কবি যাহাকে বিদায় দিয়াছেন; যাহাকে মুখ্যভাবে আমাদের
সম্মুখে উপস্থাপিত করেন নাই; বর্ষাঞ্চুবর্ণনার মধ্যে যাহার দর্শনলাজ
আমাদের ঘটিয়া উঠিল না; হঠাৎ শরৎবর্ণনার
সংঘর্ণন
যায়ী যায়াবর হংসটি কোণা হইতে উড়িয়া আসিয়া শরৎলক্ষ্মীর
নূপুরধ্বনিকে জাগাইয়া ভুলিতেছে! মৌনা প্রকৃতি আজ হংসকাকলীতে মুখরিতা।

কাশাংশুকা বিকচপদ্মনোঞ্চৰজু ।
সোন্ধাদহংসর্বন্পুরনাদ্রম্যা।
আপদশালিক্চিরা তহুগাঞ্জয়ষ্টঃ
প্রাপ্তা শ্রন্ধব্রব রূপর্ম্যা॥

কাশপুপ্প যাহার অংশুক, বিকচ কমল যাহার বদন, উরাত্ত হংস-কাকলী যাহার নূপুরশিঞ্জিত, ঈষৎপক্ষশালিধান্ত যাহার দেহয়ন্তি, সেই শরৎকাল রমণীয় নববধুবেশে আসিয়া উপস্থিত।

কাশৈমহী শিশিরদীধিতিনা রঞ্জা।
হংসৈর্জনানি সরিতাং কুমুদৈঃ সরাংসি।
সপ্তচ্ছদৈঃ কুমুমভারনতৈর্বনান্তাঃ
শুক্লীকৃতাক্যুপ্রনানি চ মানতীভিঃ॥

মহী কাশকুস্থমে শুল্র বর্ণ ধারণ করিয়াছে, রজনী চন্দ্রকরদীপ্তিতে শুক্লা, শ্বেত হংস নদীর জলকে সাদা করিয়াছে । সরোবর কুমুদপুষ্প- শোভায়, বনাস্ত সপ্রশীবিকাশে, এবং উপরন নালভীকুস্থে শুক্র হট্যা রহিয়াছে।

নিদাঘপ্রকৃতির অন্তরালে যে হংস প্রচছর ছিল; বর্ষাগমে মেঘদূতের ক্রি যাহাকে ক্রেঞ্জিরছের ভিতর দিয়া মানসসরোবরাভিমুখে
উড়াইয়া লইয়া গিয়াছেন; শরৎকালে আর্য্যাবর্ত্তের নদীবকে সন্তরগণীল সেই হংস বর্ষাশেষে ঈশমলিন নদীজলকে শুলু করিয়া,
হিল্লোলিভকমলদলরাগরঞ্জিত বীচিমালাকে মুখরিত করিয়া, সিতা
শরৎলক্ষ্মীর বাহনরূপে আমাদের অত্যন্ত নিকটে আসিয়া উপস্থিত
হইয়াছে।

কারও বাননবিষ্টিতবী চিয়ালাঃ
কাদখনারসচয়া কুলতীরদেশাঃ।
কুর্মান্ত হংসবিরুতৈঃ পরিতো জনস্ত
শ্রীতিং সরোক্তরজাক শিতাস্তাটিলাঃ।

যে তটিনীর বীতিমালা কারগুৰচঞ্চু কর্ত্ব সজেলভিত; যাহার তারদেশ কাদস্সার্যসমাকীর্ণ; পদ্মরেপুরাগরঞ্জিত সেই নদী হংস-কাকলীতে চতুর্দিক্ মুধরিত করিয়া মানবের আনন্দ সঞ্চার করিতেছে।

সোলাদহংস্থিপুনৈরপশোভিতানি
সক্তপ্রস্থাক্ষণলোৎপলভূবিতানি।
সক্তপ্রস্থাক্ষণলোৎপলভূবিতানি।
সক্তপ্রস্থাক্ষণত্বীচিমালা
স্থাৎকণ্ঠয়ন্তি সহসা হৃদয়ং সরাংসি॥

বে সকল সরোবরে হংসমিথুন উন্মন্ত হইয়া ক্রীড়া করিতেছে;
তাহাদের জল এবং প্রফুলকমলোৎপলশোভিত; মন্দ প্রভাতপ্রমহিলোলে তাহাদের বন্ধ আন্দোলিত; ইহারাই হৃদয়কে সহস।
ব্যাকুল করিয়া তুলিতেছে।

নৃত্য প্রয়োগরহিতাঞ্ছিখিনো বিহায় হংস কুপৈতি মদনো মধুরপ্রগীতান্। শিথিগণ এখন আর নৃত্য করে না; কামনের ভাহাদিগকে পরি ভাগে করিয়া কলকণ্ঠ হংসগণকে আশ্রয় করিয়াছেন।

সম্পরশালিনিচয়ার্ভভূতলানি
সম্বিতপ্রচ্রগোক্লশোভিতানি।
হংসৈঃ স্বারসকুলৈঃ প্রতিনাদিতানি
সীমান্তরানি জনয়ন্তি নৃণাং প্রমোদম্॥

ভূতল জলসিক্ত শালিধান্তে আবৃত ; গো-কুল সুস্তাবে অবস্থান করিতেছে। সারসহংসনাদে সীমান্তর ঝনিত হই তেছে।

প্রক্রিটিত কুমুদপুপ্রাভিত, মরক্তমণির **স্থায় দীপ্ত জলাশয়ে** রাজহংস রহিয়াছে—

> ফ<sub>ু</sub>টকুমুদচিতানাং রাজহংসন্থিতানাং মরকতমণিতাসা বারিণা ভূষিতানাষ্।

মত্তহংসন্থনে অসিতনয়ন। লক্ষীর কণিতকনককাঞ্চীকে স্মরণ করাইয়া দিয়া শরৎ-শ্রী বিদায় লইতেছেন। বিদারের প্রাক্তাকে নারীর বদনে শশান্ধশোভা রাখিয়া এবং মণিনৃপুরে হংসকাকলী অর্পণ করিয়া তিনি চলিয়া যাইবেন,—

ত্রীণাং বিহায় বদনেয়ু শশাক্ষণক্রীং
কামং চ হংসবচনং মণিনূপুরেয়ের ১

কাপি প্রয়াতি সুভগা শরদাগমঞ্জঃ।

শরৎ চলিয়া গেল; হেমন্ত আসিল, তুষারপাত আরম্ভ হইল
হংসকাকলীকে অফুকরণ করিয়া রমণীর নূপুর
<sup>হেমন্ত</sup>
নিরূণ এখন আর শ্রুত হয় না। কিন্তু প্রফুরনীলোৎপল-শোভিত প্রসন্নতোর স্থাতিল স্বোবরবক্ষে কাদ্ধের
উন্মত্ত প্রলাপ শোনা যাইতেছে।

অবশেষে ঋতুসংহারের পঞ্চম সর্গে শিশিরবর্ণনায় আর আমরা আমাদিগের পরিচিত হংসটিকে দেখিতে পাই না। ষষ্ঠ সর্গে সহচর কোকিলকে সঙ্গে লইয়া বসন্ত আসিল,—কিন্তু হংস কোথায় গেল ?

হংসজাতীয় প্রায় সমুদয় পাখীর ধাধাবরত্বের কথা লইয়া আমি নেঘদূতপ্রসঙ্গে কিঞ্চিৎ আলোচনা করিবার চেফা করিয়াছি। মনে

রাখিতে হইবে যে, কতক**গুলি হংস বৎস্**রের

মধ্যে কেবল চারি মাস এবং অপরগুলি প্রায় ছয় মাসকাল ভারতবর্ষে যাপন করিয়া মধ্য এসিয়ার এবং ভিকতের ত্রুদভড়াগাভিমুখে উড়িয়া যায়। বিদেশীয় পক্ষিতস্বজ্বেরা ইহা বিশেষ-ভাবে লক্ষ্য করিয়াছেন; এমন কি, কেহ কেহ হংসকে ভারতবর্ষে খুচ্বিশেষে নবীন আগন্তক হিসাবে দেখিয়া থাকেন। একজন লিখিভেছেন (৫)—

"Some of our web-footed visitors, such as the pintail, Dafila acuta, red-crested pochard, Branta rufina, gadwall, Chaulelasmus streperus, pearl-eye, Filigula nyroca and the grey goose, Anser cinerus, remain in India for some four months only, acriving in November, to depart again in February; while others, such the bar-headed goose, Anser indicus, the grey teal, Karkedula creea, blue-winged teal, Kerkedula circia, remain with us fully six months—from October to the end of March."

এই বিবরণ হইতে বুঝা যাইতেছে যে, শরদাগমে অথবা শিশিরের পূর্বন হইতেই হংসগুলি ভারতের বিজ্ঞিন প্রদেশে আসিয়া উপস্থিত হয়; সমস্ত শীত ঋতু তাহারা এদেশে অভিবাহিত করিয়া কান্ধন তৈত্র মাসে অর্থাৎ বসন্তাগমের মাতে সঙ্গে দেশান্তরে উড়িয়া যায়। কেবলমাত্র ছুই এক জাতীয় হংস বর্ষার প্রাকাল পর্যান্ত এদেশে

e Raoul-Small Game Shooting in Bengal, Ch. 1, p. 1.

থাকিয়া যায়। মেঘদুতে কবি ফ্রেক্সির মধ্য দিয়া প্রজনশীল এইরূপ হংসের ছবি আমাদের সম্মুখে উপস্থাপিত করিয়াছিলেন। খতুসংহারে কিন্তু মহাকবি নানা ঋতুতে বিভিন্ন-জাতীয় হংসকে ভিন্ন ভিন্ন অবস্থায় উন্মুক্ত প্রকৃতির মধ্যে দেখিবার স্থযোগ আমাদিগকে দিয়াছেন। প্রচণ্ড গ্রীম্মে যে হংসগুলি সহজে আমাদের নয়নগোচর হয় না; কোথায় তাহারা বিক্ষিপ্তভাবে ইতন্ততঃ বিচরণ করিতেছে,

তাহার সন্ধান লইবার চেক্টা পর্য্যন্ত আমাদের গতিবিধি প্রায় থাকে না; কবি তাহাদিগকে মুখ্যভাবে আমাদের সমুখে না আনিয়া কেবলমাত্র কামিনীর নৃপুরধ্বনির পাভাসের মধ্য দিয়া ভাহাদের অস্তিত্ব স্মরণ করাইতেছেন। অতএব গ্রীণ্মবর্ণনায় হংসকে আমরা সন্মুখে পাইলামনা। গ্রীপ্স খাতুর অবসানে বর্ষার সঙ্গে সঙ্গে ইহারা কেমন করিয়া ভারতবর্ষ . হইতে চলিয়া যায়, তাহা <mark>আমরা ফে ঘদূত্ত-প্রসক্তে আলোচনা</mark> করিয়াছি; এস্থলে তাহার পুনরুল্লেখ নিপ্রায়োজন। স্কুতরাং বর্ষা-বর্ণনায় কবি ভাহাদিগকে একেবারে বাদ দিয়াছেন;—ইহার মধ্যে আমরা হংসের অন্তিত্বের আভাসমাত্রও পাই না। বর্ষাপগমে ইহারা যখন ভারতবর্ষে প্রত্যাবর্ত্তন করিয়া এদেশের নদ-নদী-ফ্রদ-ভড়াগসমূহ পুনরায় অধিকার করিয়া বসে,—শ্বেভা শরৎলক্ষীর সেই দৃশ্যটুকুই বারস্বার আমরা ঋতুসংহারের শরৎবর্ণনায় দেখিতে পাই। তখন ইহাদের কলগীতি শরৎ-শ্রীর নৃপুরশিঞ্জিত বলিয়া ভ্রম হয়। ইহাদের শুদ্র পতত্ত্রে নদীর জল সাধা হইয়া উঠে। বিচিত্র-লীলভিঙ্গে চঞ্পুট সাহায্যে ইহারা ভটিনীর কুন্ত বীচিমালাকে সংক্ষোভিত করিয়া তুলে। কাদ্দ্রসারসের কলধ্বনি তটিনীর তীর-দেশকে আকুলিত করে। সরোবরে হংস্মিথুনের উন্মন্ত ক্রীড়া ও উদ্দাম চাপল্য পথিকের চিত্তহরণ করে। সীমান্তর খন খন হংসনাদে প্রতিধানিত হইয়া উঠে৷ কুমুদশোভিত জলাশয়ে রাজহংস প্রকৃতির

শৌন্দর্য্যবর্দ্ধন করিয়া থাকে। হেমন্ত ঋতুতে প্রফুল্লনীলোৎপলশোভিত প্রসন্নতোয় স্থাভিল সরোবরে কাদস্বজাতীয় হংসের কলোচ্ছাস আমাদের হৃদয়ের তটমূলে আসিয়া আঘাত করিতে থাকে। পূর্বেই বলিয়াছি যে, শিশিরবর্ণনায় আর আমরা আমাদের পরিচিত হংসজাতীয় বিহঙ্গগুলিকে দেখিতে পাই না। কেন কবির শিশিরবর্ণনার মধ্যে হংসের স্থান রহিল না, ইহার উত্তর কবিবর নিজেই যেন কতকটা দিয়াছেন বলিয়া মনে হয়;—

#### নিক্ছবাতায়নগদিবেরালর:

হঙাশনো ভাতুমতো গভত্তরঃ। ইত্যাদি

দারুণ শীতে ঘরের দরজা-জানালা বন্ধ করিয়া তন্মধ্যে অবরুদ্ধ হইয়া বসিয়া থাকিতে ভাল লাগে ; হুতাশন এবং সূর্য্যরশ্মি অত্যস্ত প্রীতিপ্রদ। চন্দন ভাল লাগে না ; চন্দ্রকিরণ ভাল লাভে না ; হশ্ম্যতল ত্থকর নয়; সাক্রতুষার-শীতল বায়ুও সহা হয় না। সেই নিরুদ্ধবাতায়ন মন্দিরমধ্যে থাকিয়া পূর্নেবর মত বহিঃপ্রকৃতির সহিত সম্বন্ধ রক্ষা করা ত্ত্যস্ত সুক্টিন। প্রস্কৃতিবর্ণনার এখন কেবলমাত্র তুষারসংখাত্রিপাত শীতলা রাত্রিকে কবিবর তাঁহার নায়কনায়িকার backgroundরূপে বড় করিয়া দেখিতেছেন ; আর পশুপক্ষী নদী-হ্রদ-ভড়াগ প্রভৃতি সমস্তই ষেন ভাঁহার উপেক্ষণীয়। এ অবস্থায় কবিবরের তুলিকায় শিশিরচিত্রে হাঁসের চেহারার রেখাটি পর্য্যস্ত যে কোপাও ফুটিয়া উঠিল না, ইহা আর বিচিত্র কি ? বাস্তবিক কিন্তু শীতকালে হংস-জাতীয় অনেক পাখী এদেশে থাকে, এ কথার উল্লেখ পূর্বের করিয়াছি। হয়ত' শীতের পাণ্ডরতার মধ্যে আমাদের Grey Gooseএর পাণ্ডুরতা কোনও বিশিষ্ট সৌন্দর্যা স্থৃষ্টি করে না বলিয়া সৌন্দর্য্যের কবি ভাহাকে আমলে আনেন নাই। এস্থলে আমি শুধু নিছক সৌন্দর্য্য তত্ত্বের দিক্ হইতে এইটুকু ইঙ্গিত করিলাম মাত্র। কিন্তু ঘঁছোরা

পক্ষী শিকার করিয়া আনন্দ পান, ভাঁহারা গভীর শীতের মধ্যে হাঁসের রপবর্ণনা শভমুখে করিয়া থাকেন। বৎসরের মধ্যে যে কয় মাস হাঁসেরা নদী-হ্রদ-সরোবর-সীমান্তে বিচরণ করে, ভাহার অধিকাংশই শিশিবের প্রাকাল হইতে অবসান পর্যন্ত, একথা পূর্বেই বলিয়াছি। আখিন কার্ত্তিক মাসে দূর দেশান্তর হইতে আর্য্যাবর্তে উড়িয়া আসিয়া মাঘ ফাল্লনে ভাহারা চলিয়া যায়।

এখন বোধ হয় সহনয় পাঠক-পাঠিকাকে বুঝাইতে ছইবে না যে,
যথন পিকসহচর বসন্ত আসিয়া উপস্থিত হইল, হংসজাতীয় পাধীগুলির
দেখা পাই না কেন। পূর্বে হইতেই প্রব্রেজনশীল কভিপয়দিনশায়ী
হংস আর্য্যাবর্ত্তের বাহিরে, ছিমালয়ের পরপারে, তিববতীয় হ্রদসান্নিধ্যে,
উত্তর মেরু প্রদেশস্থ জলাশয়-তটদেশে তাহার গার্হস্থালীলার অভিনয়
করিবার তাই বখন নবীন বসন্তে কুপ্লে ক্লেকিলের কুত্থবনি
বসন্ত খাতুর আগমনবার্তা ঘোষণা করিল, তখন আর কাদস্থ, কারগুর
রাজহংসের কলধ্বনি শ্রুত হয় না।

এখন এই ঋতুসংহারের হংস্কান্তীয় পাখীগুলির কিঞিৎ বৈজ্ঞানিক পরিচয় আবশ্যক। ইহাদিগের মধ্যে একটির সহিত আমাদের পূর্বেবই পরিচর হইরা গিরাছে— সেটি রাজহংস। পক্ষিত্রত্বের নিকটে ইহা Phoenicopterus বা Flamingo নামে পরিচিত। এই পক্ষীটি বাবাবর; ইহার চপুঃ ও চরণ লোহিত। শরতের স্থনীল আকাশতলে কুমুদশোভিত সরোবরমধ্যে বিরাজমান Flamingoকে ঋতুসংহারের কবি উজ্জ্বল রেখায় সক্ষিত্ত করিয়াছেন। আমরা অন্যত্র দেখাইতে চেফ্টা করিয়াছি যে, উন্তিক্ত পদার্থ ইহার প্রের খাদ্য ;— সেই খাদ্য সরোবর-মধ্যে অথবা সরোবর-সান্ধিধ্যে সে প্রচুর পরিমাণে পাইয়া থাকে; ভাই আমরা তাহাকে মহাকবির শরদ্বর্ণনায়

মসুকুল পরিবেন্টনীর মধ্যে চিত্রিত দেখিতেছি। আশিন কার্ত্তিক হইতে মাসর বর্ষা পর্যান্ত ইহাকে ভারতবর্ষের উত্তরপশ্চিমাঞ্চলে বিচরণ করিতে দেখা যায়। অতএব প্রচণ্ড নিদাঘে কামিনীর নূপুরনিরূপ যদি "হংসক্তামুকারী" বলিয়া ভ্রম হয়, তাহাতে বিশ্বায়ের কিছুই নাই; এবং তাহা অবাস্তব বলিয়া উড়াইয়া দেওয়া যায় না।

বে হংসটি কাদন্ত নামে পরিচিত, তাহার আর একটি আখ্যা
কলহংস। অমরকোষে দেখিতে পাই—"কাদন্তঃ কলহংসঃ স্থাৎ"।
অভিধানরত্বমালায় এইরূপ লেখা আছে—
\*\*গকৈরাধৃসরৈর্হংসাঃ কলহংসা ইতি স্মৃতাঃ"।
অর্থাৎ ইহার পক্ষ ধূসরবর্গ এবং ইহা কলহংস নামে পরিচিত।
মেঘদূত প্রসক্ষে আমরা পাঠকপাঠিকার সহিত একজাতীয়
হংসের পরিচয়় করাইবার চেন্টা করিয়াছিলাম, তাহার ইংরাজি
নাম Grey goose;—ইহার অঙ্গে ভস্মবর্ণের বা ধূসরবর্ণের
ছায়া স্করাধিক পরিমাণে লক্ষিত হয়। ভারতের উত্তরপশ্চিমাঞ্লে
ইহা রাজহাঁস বা কড়হাঁস নামে প্রসিদ্ধ। ইহার কণ্ঠস্বর স্থামিউ।
পাখী শিকার করিতে গিয়া খেতাক্লেরা ইহার কণ্ঠস্বনিতে মৃগ্ধ
হইয়াছেন। মার্শ্যাল ও হিউম প্রশীত Game Birds of India,
Burmah and Ceylon নামক পুত্তকে এইরূপ লিপিবদ্ধ আছে(৬)—

"The cackle of a large flock flying overhead at night, high in air, is most sonorous and musical, and there are few sportsmen through whose hearts it does not send a pleasant thrill."

এই ansirina জাতিভুক্ত হাঁসটি ঐ কবিবর্ণিত কলহংস বা কাদস্ব। শরৎশতুতে ভারতবর্ষে কাঁকে কাঁকে ইহারা উড়িয়া আসে।

<sup>•</sup> i Vol. III, p. 60.

বসন্তাগমে এদেশ হইতে চলিয়া বায়। ইহাই এই জাতীয় বায়াবর হাঁসের রীতি।

এন্থলে বলা আবশ্যক মনে করি যে, আমি মেঘদ্তপ্রসঙ্গে রাজহংসকে কতকটা Grey goose জাতীয় বলিয়া পরিচয় দেওয়া যাইতে
পারে, এরূপ আভাস দিয়াছি: কিন্তু তাহাকে Flamingo পরিবারভূকে করিবার বিশেষ করেণ দেখাইবার চেইটাও করিয়াছি।
এখনকার সহিত সে উক্তির কোনও বিরোধ নাই। মেঘদুতে কাদশ্ব
শব্দটি পাওয়া যায় না বলিয়া বে এ সন্ধন্ধে কোনও বিরুদ্ধ তর্ক উঠিছে
পারে, তাহা মনে হয় না। পরস্ত Grey goose এর পতত্তের ও
অক্সের বর্ণ এত পরিবর্তনশীল, যে একই speciesকে কখনও লোহিতচক্তরণ খেতাবয়ব রাজহংস ও লোহিত চক্তরণ কৃষ্ণধুসরাব্য়ব কাদশ্ব
বলিয়া পরিচিত করিলে আভিধানিক হিসাবে কোনও ভুল হয় না।
ইহাদের বর্ণ বৈচিত্র্য সন্ধন্ধে একজন বিশেষজ্ঞ লিখিয়াছেন (৭)—

"Generally the tone of plumage varies much more than it usually does in wild birds, or than it does in any other Goose with which I am acquainted."

ধূসরবর্গ পক্ষের দারা কাদদের বিশেষভাবে পরিচয় পাওয়া যায়, একথা পূর্বেনই বলিয়াছি। অভিধানচিস্তামণিকার বলিতেছেন— "কাদসান্ত কলহংসাঃ পক্ষৈঃ ক্ষুরতি ধূসরৈঃ।"

এই প্রসঙ্গে আমাদের মনে পড়ে রঘুবংশের ত্রয়োদশ সর্গে রামচন্দ্র গঙ্গাযমুনাসঙ্গম দেখিয়া জানকীকে বলিতেছেন—হে জনবভাঙ্গি! ঐ দেখ, যমুনাতরঙ্গের সহিত গঙ্গাপ্রবাহ মিশিয়া কেমন শোভা পাইতেছে! ঠিক যেন মানসসরোবরপ্রিয় রাজহংসের সহিত কাদম্বপঙ্ ক্তি মিলিত হইয়াছে,—"কচিৎ খগানাং প্রিয়মানসানাং কাদম্বসংসর্গবতীব পঙ্কিঃ"। এই কাদম্ব রাজহংস শ্রেণীবদ্ধ হইয়া তটিনীতে, নদীতটে,

<sup>1)</sup> Game Birds of India, Burmah and Ceylen by Hume, and Marshall, Vol. 111, p. 64.

সরোবরে ও সীমান্তরে বিচরণ করে। যেখানে প্রচুর শালিধান্ত রহিয়াছে, সেখানে ইহাদের উন্মন্ত প্রলাপ শোনা বায়; যেখানে কুমৃদপুপ বীচিবিক্ষোভিত হইয়া তুলিতে থাকে, সেখানে ইহারোও তরঙ্গবক্ষে ভাসিয়া বেড়ায়; যেখানে জলাশয়, সেখানে ইহাদের কলকণ্ঠ শরৎলক্ষীর আ ঘোষণা করিতে থাকে;—প্রকৃতির চিত্রপটে হংসের ছবির সহিত কবিবর্ণিত এই কাদন্বরাজহংসের কিছুমাত্র প্রভেদ নাই। বাস্তবিক তাহারা জলচর ও স্থলচর; শালিধান্ত আ বিস্কিস্লায় তাহাদের আহার্যের মধ্যে অন্যতম।

### ঋতুসংহার

( २ )

কাদশ্বাঞ্ছংদের নিকট হইতে বিদায় লইয়াছি। এইবার কারগুব-সমস্থা ধৈর্য্যশীল পাঠকবর্গের সম্মুখে কার্থ্র উপস্থিত করিব। সমস্তাটি একেবারে জাতি-বিচার লইয়া। প্রশ্ন এই যে, ইহাকে প্রকৃতির বিরাট সভায় কোন্ পড়্ক্তিতে বসাইব;—হাঁস, সারস, পানকোড়ী, না জলপিপি 🤊 কারগুবকে হংসপ্রোণীভুক্ত করা যাইতে পারে কি না, তাহা স্থীগণ বিচার করিয়া দেখুন। ছঃখের বিষয়, সংস্কৃত অভিধানগুলি এ বিষয়ে আমাদিগকে বড় বেশী সাহায্য করিতে পারে না। ''কারগুবকাদস্বক্রকরাদ্যাঃ পক্ষিজাতয়ো ভেরোঃ" এইমাত্র হলায়ুধে পাওয়া যায়। এখানে কেবল এইটুকু বলা হইল যে, কাদম্ব ও কারণ্ডব পক্ষিজাতিবিশেষ;—কোন্ জাতি, কি বর্ণ, তাহা কিছুই বুঝা গেল না। অমরকোষেও সাধারণ পক্ষিজাতির মধ্যে করেকটি পাখীর নাম করা হইয়াছে। কারগুব তাহাদিগের অন্যতম। এখানেও ভাহার জ্ঞাতি, গোত্র ও বর্ণের পরিচয় পাইলাম না। তবে টীকাকার এসম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা পরে আলোচনা করিভেছি। অভিধানরত্নমালার পাশ্চাত্য টীকাকার Aufrecht স্থপু টিপ্লনী कतिरमन,—'a sort of duck' अर्थाए इःअविरम्थ । উইল अन् (১), মনিয়ার উইলিয়ম্স্ (২), ও অধ্যাপক কোলক্রক্ (৩) প্রত্যেকেই নিজ निष्ठ श्रुष्ठरक औ कथारे निथिया शियारहन—'a sort of duck'।

<sup>&</sup>gt; | A Dictionary in Sanskrit and English (1874) by H. H. Wilson.

<sup>&</sup>amp; | Sanskrit-English Dictionary by Monier Williams.

<sup>■</sup> t Colebrook's Amarkosha,

বৈজ্ঞানিক হিসাবে এই উক্তির সাহায্যে আমরা একপদও অগ্রসর হইতে পারিলাম না। এতগুলি অভিধান দেখিয়া আমাদের স্বতঃই একটা প্রবৃত্তি জন্মে ধে,কারগুৰ হংসবিশেষ; তাহাতে সন্দেহের কারণ থাকা উচিত নহে। প্রায়ই 'ত তাহাকে কাদম্বের সঙ্গে সংস্কৃত-সাহিত্যে প্রকৃতিবর্গনার মধ্যে একত্র দেখা যায়; অভিধানগুলিতেও তাহার ছাপ পড়িয়াছে। তর্কের খাতিরে যদি সানিয়া লওয়া যায় যে. কারণ্ডৰ হংসবিশেষ, ভাহা হইলে সেই হংসের প্রকারভেদ করিবার চেষ্টা করিয়া দেখিলে ক্ষতি কি 🔋 স্থাভ্রসংহিতার টীকাকার ডল্লমা-চার্য্য মিশ্র কারগুবের তুই প্রকার বর্ণনা দিয়াছেন,--কারগুবঃ শুক্ল-হংসভেদোহল্ল: অর্থাৎ কারগুব শুক্লহংস হইতে ঈষৎ ভিন্ন। এস্থলে অসুমান করিয়া লওয়া যাইতে পারে যে, এই ভেদটুকু কেবল-মাত্র দেহের বর্ণসম্বন্ধে; শুক্লহংস নয়, অল্ল ভেদ আছে। তেবে কি Grey Goose পৰ্য্যায়ে ফেলা বাইতে পারে ? অথবা ইহাকে কি শুক্লহংসভেদেহিল anser indicus শ্রেণীর মধ্যে দাঁড় করাইব 🤊 ইহারা উভয়েই সাদ। রংএর কাছাকাছি যায় ;---grey goose বা anser cinereus প্রায় ধূদরত্বে উপনীত হইয়াছে, আর anser indicus এর পতত্র ও মাথার দিক্টা খুব সাদা, বাকি দেহের বর্ণে কিছু লাল্চে ও কাল রংয়ের ভাব দেখা যায়। এইরূপ বর্ণনা করিয়া আচার্য্য ডল্লনমিশ্র ক্ষান্ত হন নাই। তিনি এই বিবরণটি কোথা হইতে। উদ্বত করিয়াছেন জানি না, কিন্তু লিখিতেছেন—উক্তঞ্গ "কারগুবঃ কাকবক্ত্যো দীর্ঘাজিয়ঃ কৃষ্ণবর্ণভাক্" ইতি; অর্থাৎ ইহার কাকের স্থায় মুখ, পা দীর্ঘ, বর্ণ ক্লালো। অসরকোষের টীকাকার মহেশরও লিখিয়াছেন--অয়ং ক্লাক তুণ্ডো দীর্ঘপাদঃ কুষ্ণবর্ণঃ। এখন প্রশ্না এই থে, এই কাকের মত মুখ, লম্বা লম্বা পা ও কালো রং হংসজাতীয় কোনও পাখীর মধ্যে দেখা যায় কি ? Anseres পরিবারভুক্ত কোনও ২ংসের পা ও ঠোঁট উক্ত বর্ণনার সহিত মিলিতে পারে না। তবে কি

হংস অর্থে সারসকেও বুঝিব। 'চক্রাঙ্গু সারসো হংসঃ' এই সংজ্ঞা শব্দার্থব গ্রন্থে পাওয়া যায়। এই সারস বা Gruidae পরিবারের মধ্যে এক শ্রেণীর পাখী দেখিতে পাওয়া যায়, যাহা কতকটা কাকতুগু দীর্ঘাঙ্গ্রি ও কৃষ্ণবর্ণভাক্। ভারতবর্ষের উত্তর-পশ্চিমাঞ্চলে ইহার সাধারণ নাম করকড়। এই করকড়ের সহিত ডল্লনমিশ্রের "করহরের' কোনও সম্পর্ক আছে কি 🤋 তিনি বলিতেছেন—"অন্থে ক্রহর্মান্ডঃ"। চরকসংহিতার টীকাকার গঙ্গাধর কবিরাজের মতে কারগুব আর কিছু নয়, পানকোড়ী। পক্ষিত্তত্বহিসাবে পানকোড়ী Phalacrocorax javanicus নামে বিশেষভের নিকট পরিচিত। ইহার রং কালো বটে, কিন্তু আর কিছুই উপরে উদ্ভ বর্ণনার সহিত মিলে না। ইহা কাকভুগুও নয়, দীর্ঘপদও নয়। "বৈদ্যকশব্দসিকু" 🧼 প্রান্থে (৪) কারণ্ডব অর্থে জলপিপি বলা হইয়াছে। এইবার কিছু মুক্ষিলে পড়া গেল। এই জলপিপি বা Metopidius indicusএর রং কালে।, কাকের মত তুও, দীর্ঘ অভিযু; কিন্তু ইহা হংসও নয়, সারসও নয় অথচ ইহা জলাশয়ে পদ্মপত্রের (৫) উপর দিয়া ক্রত পদক্ষেপে চলিয়া যায়। তবে ইহাকে ভারতবর্ষের উত্তরপশ্চিমাঞ্চল কুত্রাপি দেখা যায় কি ? হিউম বলিতেছেন (৬).—

"As a matter of fact it is almost absolutely confined to the moister portions of the country. and is very rarely, if ever, seen in the drier portions of the North West Provinces, in the Punjab, Rajputana and Sindh."

৪। কবিরাজ উমেশচন্দ্র গুপ্ত কবিরত্ব কর্ত্তি গঙ্গলিত এবং কবিরাজ জীনগেন্দ্রনাথ দেন কর্ত্তি সংশোধিত (১৯১৪)।

<sup>\* 1 &</sup>quot;The floating lotus-leaves on which it Wks."—Cassell's Book of Birds IV. p. 103. "This Jacana runs with wonderful facility over the Birds, edited by floating weeds, lotus-leaves etc."—Hume's Nests and Eggs of Indian Birds, vol. III, p. 357.

Nests and Eggs of Indian Birds by Allan O. Hume, Second Edition, Vol. III. p. 356.

বাঙ্গালীর পরিচিত জলপিপি পাখী কি সংস্কৃত-সাহিত্যের কারও-বের সহিত অভিন্ন ? কিন্তু উত্তরপশ্চিমাঞ্চলের কাদস্বরাজহংসের সহিত কোনও ঋতুতে ইহাকে দেখা যার কি না সে সম্বন্ধে সন্দেহের বথেষ্ট কারণ আছে। অথচ আমাদের সংস্কৃত কাব্য-সাহিত্যে শরৎ-বর্ণনায় কারগুবকে কাদস্ব-রাজহংস-সারসের সহিত অত্যন্ত বনিষ্ঠভাবে মিলিত দেখা যায়।

এই সারস পাখীটিকে সাধারণতঃ আমাদিগের কাব্যসাহিত্যমধ্যে হংসঞ্জাতীয় জলচর ■ হলচর বিহঙ্গগণের সহচরদ্ধণে
পাইয়া থাকি। অন্তত্র আমরা ইহার কতকটা বৈজ্ঞানিক পরিচয়
দিবার চেকটা করিয়াছি। আমাদের পাঠকপাঠিকাগণের নিকটে
ইহার সম্বন্ধে বিশেষ কিছু নূতন তথ্য এখানে আর উপস্থিত করিতেছি
না; তবে তাঁহাদিগকে স্মরণ করাইয়া দিতে চাই বে, পদ্মসমাকুল সরোবরের সহিত ইহার অত্যন্ত ঘনিষ্ঠ সম্পর্ক দেখিয়া
অভিধানকারগণ ইহাকে পুজরাহ্বয় বা পুজরাহ্ব আখ্যা প্রদান করিয়াছেন। ঋতুসংহারের কবি ইহার নিমিন্ত বে background রচনা
করিয়াছেন, তাহা একটি তটিনী;—তাহার সলিল সরোক্তরজের ঘারা
অর্কণীকৃত হইয়াছে। এই তটিনীতে সারসকে দেখা গেল বটে, কিল্প
তাহার কণ্ঠস্বর শুনাইবার ■■ মহাকবিকে প্রকৃতির রক্ষমঞ্চে নূতন
যবনিকার উত্তোলন করিতে হইল;—ইহার স্বভাবস্থলত স্বদূরপ্রসারী

তীত্র কণ্ঠশ্বর সীমান্তরকে প্রতিনিনাদিত করিয়া
তুলিতেছে। এই যাযাবর পাখীটি সমস্ত শ্বৎ
খতু ভারতবর্ষে অভিবাহিত করে, এই জন্ত শ্বৎ খতুর বর্ণনায় মহাকবি ইহাকে উপেক্ষা করিস্তে পারেন নাই।

কিন্তু এই শরৎ ঋতুতে বক ও ময়ুরের স্বভাবে পরিবর্তন দেখা গেল। সূক্ষাশশী নিপুণ কবির দৃষ্টিকে তাহা এড়াইতে পারে নাই। ধুনস্তি পক্ষপবনৈন নভো বলাকাঃ পশুস্তি নোলতমুখা গগনং ময়ুরাঃ।

বলাকাগণ পক্ষপবনের দারা নভোমগুল কম্পিত করে না; ময়ূরগণ উন্তমুখ হইয়া গগনকে নিরীক্ষণ করে না।

শিখিগণ এখন আর নৃত্য করে না,—"নৃত্যপ্রয়োগরহিতাশিছ্

বর্ষাপগমে ইহাদের স্বভাবের পরিবর্ত্তন হইয়াছে বটে কিন্তু
ইহারা যাযাবর নহে; সমস্ত বৎসর ইহাদিগকে দেখিতে পাওয়া
যায়। সঙ্গিহীন অবস্থায় বকজাতীয় পাখীগুলি নানা স্থানে বিচরণ
করিতে থাকে; বর্ষাকালে ভাহারা কেমন শ্রেণীবন্ধ হইয়া আকাশমার্শে
উড্ডীয়মান হয়, মেঘদুতের কবি ভাহা দেখাইয়াছেন। শ্রংকালে
আর ভাহারা ঝাঁকে ঝাঁকে পক্ষবিস্তার করিয়া উড়িতে চায় না।
হেমস্তে ও শিশিরে বকপরিবারস্থ ক্রোঞ্চের কণ্ঠস্বর সীমান্তরকে
ধ্বনিত করিয়া ভূলে। সাধারণ বকের বৈজ্ঞানিক পরিচয় অক্সত্র
দিয়াছি, কিন্তু এই ক্রোঞ্চিটি বিহল্পভন্তক্তের নিকটে ardeola grayi
বা Pond heron নামে পরিজ্ঞাত। বাঙ্গালায় ইহা কোঁচবক বলিয়া
থ্যাত। স্কুশতি-সংহিতার টীকাকার ডল্লনাচার্য্য
মিশ্রা ক্রোঞ্চ অর্থে লিখিতেছেন—ক্রোঞ্চির কোঁচবক
বক ইতি লোকে। হেমস্তে শস্তবত্তল প্রান্তরে ইহার মধুর নাদ শ্রুত
হইয়া থাকে—

প্রত্থালিপ্রসবৈশিতানি
মৃগাঙ্গনায়্থবিভূহিতানি।
মনোহরকৌঞ্চননাঞ্চিন্নি
সীয়ান্তরাগৃহিস্কয়ন্তি চেতঃ।।

শিশিরে প্রভুত শালিধান্তার মধ্য হইতে ইহার কণ্ঠশ্বর কচিৎ নির্গত হইয়া যেন শীতঋতুর আগমনবার্তা প্রচার করিতেছে। তাই ঋতু-

## পাখীর কথা



कक्ष, उक्रोक्ष, वलाका

िर्शः २४४

U RAY & SONS, CALCUTTS.



সংহারের পঞ্চম সর্গের প্রথম শ্লোকেই নবাগত শিশিরের পরিচয় দিতে গিয়া স্থপক শালিধান্মের মধ্যে প্রচ্ছন্ন পাখীটির কণ্ঠসারকে বিশেষভাবে লক্ষ্য করিয়া কবি লিখিতেছেন—

> প্রকৃদশাল্যংশুচরৈম নোহরং কচিৎস্থিত-ক্রোঞ্চনিনাদরাজিতম্। প্রকামকামং প্রমদাজনপ্রিয়ং ব্রোক কালং শিশিরাহ্বয়ং শৃণু॥

এই ক্রেপিঞ্চ সাধারণ heron জাতীয় পাখী অপেক্ষা ক্ষুদ্রতর, তাই সে অত সহজে স্থপক ধানের ক্ষেতের মধ্যে আত্মগোপন করিতে পারে। বুান্ফোর্ডের পুস্তকে (৭) ইহার সম্বন্ধে এই প্রকার লেখা আছে—

"The Pond Herons, or as they are often called by British ornithologists, Squacco Herons, are smaller than the true Herons and Egrets, and are somewhat intermediate in plumage between Egrets and Herons. \* \* \* \* often found about paddy fields, ditches, village tanks, and similar places, not easily seen when sitting."

উপরে উদ্বৃত "কচিৎস্থিত" শব্দটির প্রতি সহাদয় পাঠক পাঠিকার দৃষ্টি মাকর্ষণ করিতে চাই। কবি যেন স্পান্টই বলিতেছেন যে শীতকালে ক্রৌঞ্জাতীয় বকেরা দল না বাঁধিয়া বিক্ষিপ্তভাবে মাঠে ঘাটে বিচরণ করে। এই যে বকজাতীয় পাখী বিশেষ বিশেষ ঋতুতে একা থাকিতে ভালবাসে, পাশ্চাতা পক্ষিতস্বজ্জেরা ইহা লক্ষ্য করিয়া ইহাদিগকে unsociable সংজ্ঞা দিয়াছেনু বর্ষাকালে ইহারা দল বাঁধিয়া একত্র একস্থানে নীড় রচনা করে একথা মেঘদৃত প্রসঙ্গে বলিয়াছি। একজন ইংরাজ লিখিতেছেন (৮)—

"The heron is gregarious during the breeding season."

<sup>44</sup> Fauna of British India, Birds, Vol. IV, p 392.

Charles Waterton in Natural History Essays, p. 382.

সার একজন লিখিয়াছেন (৯)---

"In the breeding season they congregate, and make their nests very near each other."

বর্ষাঋতুই ইহাদের গর্ভাধানকাল। অস্ত ঋতুতেও ইহাদিগকে
মাঝে মাঝে ছোট খাটো দল বাঁধিয়া আকাশপথে উড়িয়া যাইতে দেখা
যায় না, এমন নহে,—ভাই হেমন্ত বর্ণনার শেষ শ্লোকে হিমঋতুর
প্রভূত শালিধান্তের মধ্যে ক্রোঞ্চমালার স্থাপান্ট উল্লেখ দেখিতে পাই।

বছগুণরমণীয়ো যোষিতাং চিন্তহারী পরিশতবছশালিব্যাকুলগ্রামসীমা। সভতমতিমনোক্তঃ ক্রোঞ্চমালাপরীতঃ প্রদিশতু হিমযুক্তঃ কালঃ এবঃ সুখং ষঃ॥

এখন এই ক্রেণিক পাখীটার সম্বন্ধে আরও তুই একটা কথা বলা আবশ্যক। মনিয়ার উইলিয়মস্, ম্যাক্ভোনেল, কোলক্রকপ্রমুখ বিদেশীয় অভিধানকারগণ ক্রেণিককে Ardea বা heron পর্য্যায়ভুক্ত না করিয়া ভাহাকে Curlewর সহিত সগোত্র করিয়াছেন। এই শেষোক্ত পাখীটির কণ্ঠস্বর অত্যম্ভ করুণ; ইহাকে ভারতবর্ষে সাধারণতঃ শীতকালে দেখিতে পাওয়া যায়। নদীর জল বেখানে সমুদ্রের সহিত মিশিকেছে, সেখানে ইহাদিগকে অপেক্ষাকৃত অধিক সংখ্যায় বিচরণ করিতে ও দিগস্তপ্রসারিত নদীসৈকতে কীটাদি খাদ্য সংগ্রহের চেক্টাম্ন ব্যাপৃত থাকিতে দেখা যায় (১০)। শস্তবহুল ক্ষেত্রে বা শব্সাচ্ছাদিত প্রান্তরে ইহাদের বিলাপধ্বনি শ্রুত হয় না। এস্থলে প্রধানতঃ পাখীর জাতিতত্বনির্ণয় করিবার জন্য করেকটা বিষয় লক্ষ্য করিতে হইবে।

<sup>3 1</sup> Montagn's Ornithological Dictionary, Second Edition.

১০ | Curiew পাধীর সম্বন্ধে প্রান্ধেতি লিখিয়াছেন—"In India Curiews are monabundant on the seacoast and on the banks of tidal rivers. ০ ০ ০ winter visitor to India \* \* Seen singly or in twos or threes, but flocks are not uncommon \* \* has a peculiar, very plaintive cry,"

প্রথমতঃ Curlew আগন্তুক মাত্র; বিতীয়তঃ সে শীতকালে এদেশে আসে ও শীতাবসানের সঙ্গে সঙ্গে এদেশ হইতে চলিয়া যায়। কোথায় চলিয়া যায়, সে অনুসন্ধানে প্রবৃত্ত হইবার আবশ্যকতা এখন নাই। তৃতীয়তঃ, যতদিন তাহাকে দেখা যায়, সমুদ্রতীরে অথবা বড় বড় নদীর সৈকতে, কচিৎ বড় বড় জলাভূমিতে তাহাকে বিচরণ করিতে দেখিতে পাই। বাঙ্গালাদেশে সে ত rara avis। ধানক্ষেতের সঙ্গে অথবা তৃণাচ্ছাদিত প্রান্তরের সঙ্গে যে তাহার কোন সম্পর্ক আছে তাহা মনে হয় না। চতুর্থতঃ, সে কৃমিকীটশন্ত্রকভূক্; কখনও শস্ত্র অথবা কিসলয় আহার্য্যরূপে ব্যবহার করে না। পঞ্চমতঃ, তাহার কণ্ঠশ্বর এত সকরুণ যে, নদীসৈকতে তাহা বিলাপধ্বনির মত মনে হয়।

এইবার কবি-বর্ণিত ক্রোঞ্জের সহিত এই পাখীটির চরিত্রগত সাম্য আছে কি না, তাহা একবার বাচাই করিয়া লইতে হইবে। ঋতু-সংহারের কবি যতবার ক্রোঞ্চের উল্লেখ করিয়াছেন, ততবারই শালি ধাশ্যবহুল সীমান্তবের সহিত ইহার সম্বন্ধ স্থাপন করিতে ভুলেন নাই। বাস্তবিক যদি সমুদ্রসৈকতে বিচরণ করাই ইহার স্বভাব হয়, তাহা হইলে কেমন করিয়া ইহাকে শস্তবহুল সীমান্তরে দেখা বাইতে পারে ? শিশিরের নবীন আগস্তুক Curlew দল বাঁধিয়া ঝাঁকে ঝাঁকে যখন বড় বড় নদীসৈকতগুলি অধিকার করে, তখন তাহাকে "কচিৎস্থিত" আখ্যা কিছুতেই দেওয়া যায় না; অথচ আমাদের পরিচিত ক্রৌঞ্চ প্রক্রদশালিধান্মের মধ্যে কচিৎস্থিত; তাহার নিনাদে আমরা বুঝিতে পারি যে সে সেখানে আছে। এই "নিনাদ" কথাটি কখনই করুণ বিলাপধ্বনির অর্থে বাবহাত হয় নাই। আমরা দেখিতেছি যে, ক্রেপি-নিনাদ সমস্ত সীমাস্তরকে ধ্বনিত করিয়া তুলিতেছে। কাতরতার লেশমাত্র কোথাও ইহার সহিত জড়িত হইয়াছে বলিয়া মনে হয় না। শীতের প্রারম্ভে যে পাখী এদেশে দলে দলে আসে, এবং যাহাকে বিশেষ বিশেষ স্থানে বাঁকে বাঁকে বিচরণ করিতে দেখা যায়, কেমন করিয়া ভাহাকে হেমন্তের অবসানে শিশিরের প্রারম্ভে কেবল ভাহার কণ্ঠধ্বনির পরিচয়ে নিশ্চয়ই সে কোখাও আছে ত্মির করিয়া, ভাহাকে কচিৎ-স্থিত বলিয়া নির্দেশ করা যাইতে পারে ? তর্কের খাতিরে না হয় মানিয়া লইলাম যে, মোটামুটা হেমস্তকে winter এর মধ্যে পরি-গণিত করা যাইতে পারে । ভাহা হইলে কবিবর্ণিত হেমন্তে ক্রোঞ্চনালার সহিত বুানফোর্ডের Flocks are not uncommon এই উক্তি মিলাইয়া দিতে পারা যায়; আবার শিশির-বর্ণনায় "কচিৎ-স্থিত" ক্রোঞ্চের সহিত বুানফোর্ডে-বর্ণিত একাকি-বিচরণশাল Curlew পাখীর মিল হইতে পারে; কিন্তু কোনও পাশ্চাত্য পক্ষিত্ববিৎ ধানের ক্ষেতে সীমান্তরে নদীহীনস্থানে Curlew পাখীকে অবস্থান করিতে দেখিয়াছেন কি ? এবং যে কণ্ঠনিনাদ সীমান্তরকে ধ্বনিত করিয়া ভূলিতেতে, ভাহাকে কখন কি plaintive শক্ষে অভিহিত করা যাইতে পারে ?

আবার সংস্কৃত অভিধানের শরণ লওয়া যাউক। ক্রেকি যে বক জাতির অন্তর্গত, তাহা অমরকোষে স্পান্টরূপে নির্দিন্ট না থাকিলেও, যাদবের বৈষ্ণয়ন্তী অভিধানে ইহার স্থাপন্ট উল্লেখ আছে,—

বকো বকোটঃ কহেনাহথ বলাকা বিসকটিকা। বকজাতিদ বিভুণ্ডো দৰিঃ ক্রোঞ্চল দবিদা॥

Gustav Oppert এই জোঞ্চের টীকা করিয়াছেন "Kind of crane"। সাধারণতঃ heron বা বককে বিলাতে গ্রাম্য ভাষায় crane বলা হয়,—মেঘদূত-প্রসঙ্গে এসম্বন্ধে পূর্বেবই আলোচনা করিয়াছি।

বাচস্পত্য অভিধানে আছে "ক্রোঞ্চঃ—(কোঁচবক) বকভেদে"। শব্দার্থচিন্তামণিতে (১১) ক্রোঞ্চ অর্থে লেখা আছে—"কোঁচবক ইতি গৌড়ভাষাপ্রসিদ্ধে পশ্দিণি"।

১১। ব্ৰহ্মবিধৃত শ্ৰীহ্ৰধানন্দ নাথেন বিনিৰ্দ্মিতঃ (Udaypur Sambat 1982 ) Vol. I. p. 711.

এখন ক্রোঞ্চকে বিদায় দিয়া ময়ুরের কথা পাড়িব। একবার মহাকবির মেঘদূতখানি অবলম্বন করিয়া আমি বলিয়াছিলাম যে, তিনি সজল-নয়ন শুক্লাপাজ নীলকণ্ঠ ময়ুরকে উপেক্ষার চক্ষে দেখেন নাই। ঋতুসংহারে গ্রীষ্ম, বর্ষা ও শরৎ বর্ণনায় ময়ুৱ সেই ময়ুরের ছবি বিচিত্র পরিবেষ্টনীর মধ্যে নব নব ভঙ্গিমায় ফুটিয়া উঠিয়াছে। গ্রীম্মকালে প্রচণ্ড সূর্য্যকিরণভপ্ত বিদহামান ফণা অধোমুখে মুহুমুহঃ নিশ্বাস ফেলিতে ফেলিতে প্রায় নিশ্চল হইয়া ম্যুরের তলে শ্যান রহিয়াছে;—ক্লাস্তাদেহ কলাপী কলাপচক্র-মধ্যে নিবেশিতালন সর্পকে হনন করিতেছে না।— যাহাদের মধ্যে খাদ্যখাদক সম্বন্ধ তাহাদের এইরূপ অবসাদ, ক্লান্তি ও শাস্তির ছবি জগতের কোনও সাহিত্যে অস্ত কোনও কবি এমন করিয়া দিতে পারিয়াছেন কি না জানি না। কিন্তু এই দাপ ও ময়ুরটিকে তাবলম্বন করিয়া যে প্রচণ্ড গ্রীপ্সের ছবি আমাদের মনশ্চকুর সমক্ষে জাগিয়া উঠিল, তেমনটি আর কিছুতে ফুটিয়া উঠিত কি না সন্দেহ। উৎকট বস্তুতন্ত্ৰতার দিক্ হইতে দেখিলে হয়'ত সমালোচক বলিবেন যে, কবিবর এখানে কিছু বাড়াবাড়ি করিয়াছেন। বাস্তবিক জীবতত্ব-হিসাবে উহাদের মধ্যে খাদ্য-খাদক সম্বন্ধ রহিয়াছে একথা অস্বীকার করিবার যো নাই। পাঠকবর্গের স্মরণ থাকিতে পারে যে, এই ময়ুরটি আমাদের পুরাতন পরিচিত বন্ধু pavo Uristatus। তাহার বিহারের কথা বলিবার কিঞ্চিৎ সুযোগ পাইয়াছিলাম; কিন্তু আহারের কথা এপর্যান্ত:বলা হয় নাই। ভারত গভর্ণমেণ্টের কৃষি বিভাগের প্রকাশিত নিবন্ধে ( ১২ ) ভারতবর্ষীয় পক্ষীর আহার সম্বন্ধে অনেক্ট্রতথ্য বিবৃত তন্মধ্যে শিখীর (pavo Cristatus) আহার্য্য-প্রসঞ্ এইরপ লিপিবন্ধ আছে—

<sup>38.1 &</sup>quot;The Food of Birds in India (January 1912) by C. W. Mason<u>F</u> and H. Maxwell Lefroy, p. 225.

They feed on grain, buds, shoots of grass, insects, small lizards and snakes.

উক্ত নিব**শ্বে এই প্রসঙ্গে মিঃ রিড-এর উক্তি উদ্**ত করা হইয়াছে—

They live for the most part on grain when procurable but do not object to insects, and—sorry I am to say it—Snakes! Years ago—my cook took a small snake, about 8 inches long, from the stomach of one I had given him to clean.

এখন প্রথব সূর্য্যাতপে উহারা উভয়েই কোনও রূপ শারীরিক পরিশ্রম করিতে আদৌ রাজী নহে;—একটি খাদ্যাহরণচেন্টা হইতে একেবারেই বিরত, অপরটি এতই মুহ্মান যে পলাইবার চেন্টা করা দূরে থাকুক, হিংস্রে শত্রুর বর্হভারশীতল তলদেশকে উপাদেয় মনে করিয়া তথার নিশ্চিন্ডচিত্তে অবস্থান করিতেছে। প্রচণ্ড গ্রীম্মের এই আলস্যমন্থর নিস্প্রভ নিজীবপ্রায় ময়ুরটি কিন্তু গ্রীম্মান্তর্যায় তথার সমস্ত আলস্য ও অবসাদ দূরে নিক্ষেপ করিয়া বিকীর্ণ-বিস্তীর্ণকলাপশোভায় আমাদিগকে মুগ্ধ করিয়া কেলে—

সদা মনোজ্ঞং স্বনত্ৎসবোৎস্কং বিকীণবিস্তীপকলাপশোভিত্য। সসম্মালিজনচুম্বনাকুলং প্রস্তন্ত্যং কুলমদ্য বহিণাম্॥

এই ফুরিত বর্মগুলীর চিত্তহারিণী শোভায় মুগ্ধ হইয়া উৎপলভ্রমে ঝাঁকে ঝাঁকে মধুপ আসিয়া তত্তপরি পতিত হইতেছে—

> বিপত্রপুপাং নলিনীং সমুৎস্কা বিহায় ভূঙ্গাঃ শ্রুতিহারিনিশ্বনাঃ। পতন্তি মুঢ়াঃ শিশিনাং প্রানৃত্যতাং কলাপচক্রেষ্ নবোৎপলাশয়া॥

পর্বতে পর্বতে ময়্রের নৃত্যের কথা পূর্বেই বির্ত করিয়াছি।
ভূধরকে কেমন বিচিত্র সৌন্দর্য্যে ইহারা মণ্ডিত করিতে পারে, ভাহার
একটি চিত্র ঋতুসংহারের কবি দিয়াছেন। পর্বতের গাত্র বহিয়া
প্রস্রবণ ঝরিয়া পড়িতেছে, শ্বেত উৎপলের আভায় মণ্ডিত হইয়া
মেষ উপল্পগুঞ্জলিকে চুম্বন করিতেছে, নৃত্যপরায়ণ শিখীদিগের
আনন্দনর্বনে আকুল হইয়া ভূধরগুলি প্রকৃতিকে সমুৎস্ক করিয়া
তুলিতেছে—

সিতোৎপলাভাষ্দচ্থিভোপলাঃ
সমাচিতাঃ প্রস্বণৈঃ সমস্তঃ।
প্রস্তন্তৈয়ঃ শিথিভিঃ সমাকুলাঃ
সমুৎসুক্রং জনমন্তি ভ্ররাঃ॥

বর্ষার এই নৃত্যপরায়ণ ময়ৢর শরদাগমে আর উন্নতমুখ হইয়া গগন নিরীক্ষণ করে না,—পশুন্তি নোরতমুখা গগনং ময়ৢরাঃ। মেঘ-দৃত প্রসঙ্গে বলিয়াছি যে বর্ষাকালই ময়ুরের গর্ভাধানকাল। ঋতৃসং-হারে দেখিতে পাইতেছি যে, শরৎকালে মদন নৃত্যপ্রয়োগরহিত শিখীদিগকে ত্যাগ করিয়া কলকণ্ঠ হংসকে আশ্রম করিতেছেন—

> নৃত্যপ্রয়োগরহিতাঞ্ছিশিনো বিহায়। হংসাকুপৈতি মদনো মধুরপ্রগীতান্।

আমরাও এই নৃত্যপ্রয়োগরহিত ময়ুরকে ত্যাগ করিয়া বিহগান্তরকে আশ্রয় করিব। নীহারপাতবিগমে শিশিরাবদানে যাহার
ক্তিধ্বনি প্রিয়াবদননিহিত যুবকের চিন্ত শ্রিয়মাণ
করিয়া কেলে; গৃহকর্মরতা লজ্জাবনতা কুলবধূর
হৃদয় ক্ষণেকের নিমিত্ত পর্য্যাকুল করিয়া তুলে। যাহা বায়ুভরে কম্পন্নান কুস্থমিত সহকারশাখার ময়্য দিয়া প্রদারিত ইইয়া দিগ্ বিদিকে

বদন্তের আগমন বার্ত্তা ঘোষিত করে; সেই কোকিলের ছবি ঋতু-সংহারের ষষ্ঠ সর্গে নিপুণভাবে চিত্রিত রহিয়াছে—

> পুংস্থেকিলন্চ তরদাসবেন মক্তঃ প্রিয়াং চুম্বতি রাগর্ন্তঃ।

আত্রবাধাদনে মত হইয়া কোকিল অসুরাগভরে প্রিয়াকে চুম্বন্ করিতেছে।

পুংস্বোকিলৈঃ কলবচোভিক্লপান্তহর্ধঃ
কুজন্তিক্লগানি বচাংনি ভূকৈঃ ইত্যাদি।

কোকিল ও ভ্রমরের সানন্দ কৃজনগঞ্জনে কুলবধূগণ বিচলিত হইতে-ছেন। কবি এই কথাই বারসার আমাদিগকে শুনাইতেছেন,—মধু-মাসে মধুর কোকিলভূঙ্গনাদ নরনারীর হৃদয় হরণ করিতেছে,—

মাদে মধ্য মধুরকো কিলভুগনালৈ—
নিধ্যা হরতি হৃদয়ং প্রস্তং নরাণাস্।

সমদমগুভরাণাং কোকিলানাং চ নাগৈঃ
কুত্রমিতসহকারেঃ ক্রিকারৈশ্চ রুম্যঃ
ইরুভিরিব স্থীকৈম নিসং মানিনীনাং
তুদ্তি কুত্রমাসে। মন্মধোদ্ধেনায় ঃ

এহলে একটা জিনিষ লক্ষ্য করা যাইতেছে যে, কবি পুংসোকিলের ভাকের কথাই বিশেষ করিয়া বলিতেছেন। এ সম্বন্ধে একটি কথা বলা আবশ্যক। ভারউইন-তত্ত্বপন্থিগণ অবশ্যই সকলকে একটা কথা মানিয়া লইতে বলেন যে, সাধারণতঃ পক্ষিজাতির মধ্যে পুরুষটাই গান করে,—দ্রীটা নহে। তাঁহাদের মতে বিহঙ্গজাতির যৌননির্বাচন ও নৈস্গিকি নির্বাচনতত্ত্বের সহিত এই সাধারণ সত্যাটি ঘনিষ্ঠভাবে সক্ষাভ্য বিহঙ্গতত্ত্বের দিক্ হইতে দেখিলে কোনও

ornithologist ইহা অমূলক বলিবেন না। সত্ত্রব সে হিসাবে
ঋতুসংহারের বসন্তবর্ণনায় যে পুংস্কোকিলের কণ্ঠধনি শ্রুত হইবে,
ইহা স্বাভাবিক ও বৈজ্ঞানিক সত্য। স্ত্রীকোকিলেরও ডাক শোনা
ঘায়, কিন্তু যে পঞ্চম স্বর চিরদিন ভারতবর্দের আবালরন্ধবনিতাকে
মুগ্ধ করিয়া আসিতেছে, ভাহা নিশ্চয়ই ঐ পুংস্কোকিলেরই কণ্ঠধনি।
বসন্তাগমে কোকিলেরা ঘরকন্ধা পাতিয়া বসে না, অথচ এই সময়েই
ভাহাদের গর্ভাধান কাল। ভাহাদের জীবনের পরভূৎরহক্তের প্রসক্ষ
এক্ষলে তুলিভেছি না;—পরভূৎরহক্তের কতকটা বিস্তারিত আলোচনা
পূর্বের প্রস্কান্তরে করিয়াছি। এই গর্ভাধান কালে কিন্তু কোকিলদম্পতির কলকণ্ঠ, বিশেষতঃ পুং-স্কোকিলের কণ্ঠস্বর বিদেশীয়দিগের
মন্তিকবিকৃতি জন্মায়; নহিলে ভাহারা কোকিলকে Brain-fever
Bird বলিবে কেন ? ইহাদের স্বরের ভারতম্য বিষয়ে জার্ডন
লিখিতেছেন (১৩)—

About the breeding season the keel is very noisy \* \* \* \* the male bird has also another note \* \* \*. When it takes flight, it has yet another somewhat melodious and rich liquid call.

এই melodious rich liquid call না থাকিলে কি "পরভূত", "অন্যপুইট" কোকিলকে বিতমুর বন্দী আখ্যা দেওয়া যায় ? যাহার কঠম্বর মদনের বৈতালিক গীত, তাহাকে পরপুষ্ট পরভূত বলিয়া গুণা করা চলে না; তাই ঋতুসংহারের বসস্তবর্ণনায় সমস্ত ষষ্ঠ সর্গ ব্যাপিয়া সে এতখানি জায়গা জুড়িয়া বসিয়া আছে। কেমন করিয়া পরের বাসায় ডিম ফুটিয়া কোকিলের ছানা বাহির হয়, কি উপায়ে এতকাল ধরিয়া শত্রুপুরীতে তাহার জীবন রক্ষা হইয়া আসিতেছে, প্রকৃতির এই বিচিত্র লীলারহস্যের কিঞ্চিৎ বিস্তারিত আলোচনা অন্যত্র করিয়াছি। কোনও বিহঙ্গতম্বজিক্তাম্ব এই রহস্য এড়াইয়া

<sup>30 |</sup> The Birds of India, Vol. I p. 343.

যাইতে পারেন না। মহাকবি কালিদাসের সূক্ষা দৃষ্ঠিও ইহার উপরে পতিত হইয়াছে। চূতরসাসবে কোকিল পরিপুষ্ট হইয়া থাকে; নানা মনোজ্ঞকুস্থমক্রমভূষিত পর্বতের সানুদেশে "অন্তপুষ্টের" হাষ্ট কলধ্বনি শ্রুত হয়;—কোকিলের আহার ও আবাস সম্বন্ধে কবিবর এইরূপ বর্ণনা করিয়াছেন। জার্ডন বলেন—

It frequents gardens, avenues and open jungles; and feeds almost exclusively, I believe, on fruits of various kinds.

ফু ান্ক্ ফিন্ও ঠিক এইরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন---

Unlike most Cuckoos, the koel feeds on fruit entirely or almost so,

এই ফলভুক্ পিকটির সম্বন্ধে স্বভঃই একটি প্রশ্ন মনের মধ্যে জাগিয়া উঠে; — ঋতুসংহারের কবি কেবলমাত্র বসন্ত বর্ণনায় কোকিলকে আসরে নামাইলেন কেন ? অস্থাক্ত খেতুতে সে কি প্রকৃতির জীবননাট্যে যবনি-কার অন্তরালে আত্মগোপন করিয়া থাকে ? তবে কি সে যায়াবর ? Messenger of springএর মত মধুমাসের আগমন-বার্তা খোষণা করিবার জন্য সহসা ফাগুন চৈতে সে তাহার পঞ্চম স্বরে দিগঙ্গনাগ-ণকে চঞ্চল করিয়া ভুলে ? ইহার উত্তরে বিহন্ধতত্ত্ববিং বলিবেন ধে, ভারতবর্ষের কোকিল যায়াবর নহে; অর্থাৎ ঋতুবিশেষে সে অন্য কোনও পাখীর স্থায় দেশ ছাড়িয়া চলিয়া যায় না। তবে সে ভারত-বর্ষের মধ্যেই গ্রাম হইতে গ্রামান্তরে দিকে দিকে স্বেচ্ছায় উড়িয়া বেড়ায়; বৎসরের মধ্যে অধিকাংশ সময় বৃক্ষপত্রাস্তরালে অথবা বোপের মধ্যে লুকায়িত থাকিতে ভালবাদে। আক্চর্য্যের বিষয় এই যে, তাহার মৌনব্রত প্রায় ভঙ্গ হয় না। এই মৌনী পিক কিন্তু বসস্তাগমে মুখর হইয়া উঠে এবং যুত্তই দিন যায় তত্তই তাহার কাকলী ভারতবর্ষের কুঞ্জে বুঞ্জে বনবীথিকায় পথিককে উন্মৃন! করিয়া দেয়। ম্যাকিণ্ট**সের পুস্তকে (১৪) দেখিতে পাই**—

<sup>58</sup> t Birds of Darjeeling and India by L. J. Mackintosh,

Indian koel is found in the plains where its clear melodious voice is heard in hot balmy days in early spring.

নবান বসত্তে পিকবধ্র গর্ভাধান কাল; তখন পিকদম্পতির কলকুজনের বিরাম খাকে না। কোকিলকুজিত কুঞ্চকুটীরের চারি-দিকে কোমল মলয়সমীর বহিতে থাকে। জার্ডন বলিতেছেন—

About the breeding Season the koel is very noisy, and may be then heard at all times, even during the night, frequently uttering its wellknown cry.

এখন অবশ্যই বুঝিতে পারা বাইবে বে, বদিও কোকিল, হংলের
মত্ত, যাধাবর নহে, তবুও লে এমন ভাবে কিছুকালের প্রাকৃতির
চিত্রপট হইতে আপনাকে লুগু করিয়া কেলে বে, কবি কিছা অকবি,
কেহই তাহার সন্ধান পান না। তাই ঋতুসংহারে গ্রীষ্ণ বর্বা শরৎ
শিশির—বর্ণনার মধ্যে এই Eudynamis honorata বা
কোকিলকে খুঁজিয়া পাওয়া গেলনা।

এইখানে বিষমচন্দ্রের ভাষার পিককে বিদায় করা যাক। — "তুমি বসন্তের কোকিল, শীভবর্ষার কেহ নও।" যে বর্ষায় ময়ুরের আনন্দ-নৃত্য ও বলাকার উড্ডীনগতি পথিকের চিত্তহরণ করে, সেই বর্ষার আর একটি পাধীর তৃষাকুলধ্বনি অনবরত ভাহার শ্রবণমূলে আঘাত করে। মেঘদ্ত প্রসঙ্গে ভাহার কথা ভাল করিয়া আলোচনা করিবার স্থ্যোগ পাইয়াছিলাম। সেই চাতকপাধীর মেঘের সহিত এত ঘনিষ্ঠ সম্পর্ক দাঁড়াইয়া, গিয়াছে যে, ঋতুসং-

হারের বর্ষাবর্ণনায় মহাকবি ভাহাকে কিছুভেই বর্জন করিতে পারি-লেন না,—

> ত্বাকুলৈশাতকপদিশাং কুলৈঃ প্রযাচিতাভোগ্নতরাবলদিনঃ। প্রযান্তি সন্দং বছধারবর্ষিণো বলাহকাঃ শ্রোক্রমনোহরম্বনাঃ।

বত্ধারবর্ষী মেঘ শ্রবণমধুর শব্দ করিয়া ধীরে ধীরে গমন করিতেছে। পিপাসাকুল চাতক ভোয়ভারাবলন্ধী মেঘের নিকট বারিবিন্দু যাজ্ঞা করিতেছে। এই চাতক ও সামাদের 'ফটিকজল' পাখী এক কি না সে সন্ধন্দে মেঘদূতপ্রসঙ্গে য'হা বলিয়াছি ভদতিরিক্ত আপাত্রতঃ আমার কিছু বলিবার নাই।

এইখানে এই প্রবন্ধের উপসংহার করিয়। আমি বলিভেছিলার
আমার কথাটি ফুরালো। কিন্তু কিংশুক পুপোর আড়াল হইছে
বসন্তথাত্ত ছল্মবেশে শুকপাথীকে দেখিতে পাইডেছি;—একেরারে
ভাহার কথা কিছুই না বলিয়া কেমন করিয়া ঋতুসংহারের পাথীর কথা শেষ করা বায়। কবি প্রশ্ন করিডেছেন—কিং কিংশুকৈঃ শুক্
মুখচছবিভিন ভিরং, অর্থাৎ টিয়া পাখীর মুখের ছবির মত পলাশকুত্ব

কি ( নারীগতচিত্ত যুবকের মনকে ) বিদীর্ণ ক্রিছে 49 সমর্থ হইভেছে না? এখানে সৌক্ষর্য্যের ক্রি কালিদাসের চক্ষে পাখীর রূপের সঙ্গে ফুলের কান্তির বিচিত্র সন্মিল্র হইল নটে, কিন্তু বৈজ্ঞানিক তত্তজিজ্ঞাত্তর সমক্ষে ornithologyৰ সঙ্গে Botany আসিয়া মিশিল। এই ফুলের ও পাখীর কথা, উন্তিদ্ বিদ্যার 🔳 বিহঙ্গতত্ত্বের অপরূপ সংঘর্ষ, ইহা বে কেবল কবির মস্তিক্ষ প্রসূত তাহা নহে। প্রকৃতির চিত্রপটে কুল ও পাখী যে সৌন্দর্যোর त्त्रभी **টोनिया याय, ऋश्य वर्ग, गरक ७ न्गर्स्य या मा**र्था विकीर्ब করে, তাহা কবির রসসাহিত্যের অত্যাবশ্যক উপাদান বটে : কিন্তু Botanist ও ornithologist পাশাপাশি বসিয়া বৈজ্ঞানিক চসমঃ চোথে আঁটিয়া পাখীর ও ফুলের লীলা দেখিয়া শেষ করিতে পারেন না। এ প্রসঙ্গে আমি পরাগকেশর ও গর্ভকেশর এবং চঞ্চপুটসাহায়ে উভয়ের মধ্যে বিহঙ্গের দৌত্যের কাহিনী বিবৃত করিতে চাহি না পক্ষিতত্ত ও উন্তিদ্তত্ত এই উভয় তত্তের দিক্ হইতে economic ornithologyর অবতারণা করিতেছি না; কিন্তু এ অবস্থায় ঐ টিয়া

পাখীর মুখোসপরা কিংশুককে লইয়া কি করিব ? শুধু মোটামুটি অবৈজ্ঞানিক ভাবে বোধ হয় এখানে উভয়ের বর্ণসাদৃশ্য দেখাইয়া দেওয়া ছাড়া আর কিছু বলা চলে না। পলাশফুলের বং লাল। আর, বর্ণপরিচয় প্রথমভাগের ছড়ার ভাষায় বলিলেই বোধ হয় যথেষ্ট হইবে—টিয়াপাখীর ঠোঁটটি লাল।

## नारेकावली

## (विक्रारभार्वानी)

মহাকবি কালিদাসের হুই একখানি কাব্যে যে সকল পাখীর কথা व्यामिया পড়িয়াছে, ভাহা मইয়া বৈজ্ঞানিক হিসাবে ইদানীং কিঞ্চিৎ আলোচনা করিবার চেষ্টা করিয়াছি। সংস্কৃত কাব্য-সাহিত্য হইতে বাছিয়া বাছিয়া, কেবলমাত্র পাখীগুলিকে তুলিয়া লইয়া, তাহাদিগকে Urnithologyর দিক হইতে আলোচনার বিষয়ীভূত করিয়া জামি ষে শুধুপাশ্চাত্য তথজিজাহার পথ **অমুস**রণ করিতেটি, ভাহা নহে; আমি পদে পদে অসুভব করিভেছি ষে, বহুশত বর্ষ পূর্বের মহাকবি-বর্ণিত ভারতবর্ধের এই পাখীগুলিকে আমাদের আজকালের পরিচিত পাখী-গুলির সহিত মিলাইয়া তাহাদিগকে আধুনিক বৈজ্ঞানিক ব্যবস্থা মত যথাযথ শ্রেণীবন্ধ করা কিরূপ কফসাধ্য ব্যাপার। অথচ আমাদের প্রাচীন কাব্য-সাহিত্যের উপর চারি দিক্ হইতে রশ্মিপাত হওয়া উচিত, नहित्न जात्नारक-वाधारत कार्यात जगन्य जान्यश्च जान्यश्च ফুটিয়া উঠিতে পারে না ; তাই ব্যাপারটা যতই কফসাধ্য হউক, এক বার ভাল করিয়া চেষ্ট। করিয়া দেখিতে হইবে, আমাদের রস-সাাহিত্যে এই পাখীগুলির বর্ণনা নিতান্ত অবৈজ্ঞানিক ও অপ্রাসন্ধিক হইয়াছে কি না। কাব্যামোদী ব্যক্তিমাত্রই হংস, পারাবত, পিক, চাতক, শিখী, কাদম, কারণ্ডন,শুক প্রভৃতি পাখীগুলির ছবি সাহিত্যের স্তরে স্তরে দেখিতে পান। মানুষের স্থ-তঃখের সহিত তাহাদের ক্ষুদ্র জীবনের ইতিহাস যেন গ্রথিত হইয়া যায়। তুঃখের বিষয় এই যে, যে বিহঙ্গ-জাতি আয়াদের প্রাচীন সাহিত্যকুঞ্জে মানবের এত নিক্টে আসিয়া

দেখা দেয়, ভাহাদের সম্বন্ধে সাহিত্যের বাহিরে সমাজবন্ধ সাধারণ ভারতবাসীর অজ্ঞতা বড় কন নহে। সেই অজ্ঞতা দূরীকরণের চেষ্টা পাশ্চাত্য ভূখণ্ডে অনেক দিন হইতে দৃষ্ট হয়। আমাদের দেশের মনীবিগণের দৃষ্টি এই দিকে আকর্ষণ করিবার জন্ম, আমি কালিদাসের তিনখানি নাটক হইতে কয়েকটী পাখীর বর্ণনা অবস্থান করিয়া ভাহাদিগের সম্বন্ধে একটু আলোচনায় প্রবৃত্ত হইব।

প্রথমেই ধরিয়া লইলাম যে, 'বিক্রমোর্বলী,' 'মালবীকাগ্নিমিত্র' ও 'অভিজ্ঞানশকুন্তল' নাটকত্রয়ের রচয়িতা একই ব্যক্তি; এবং তিনি আর কেহই নহেন, স্বয়ং কালিদাস। এসম্বন্ধে এম্বলে কোনও তর্ক-বিতর্কের অথবা সমালোচনার আবশাকতা নাই। এইটুকু মানিয়া লইয়া আমরা উক্তন নাটকগুলির ভিতরে পক্ষিত্তরের দিক হইতে কয়েকটি তথ্য সংগ্রহ করিবার চেক্টা করিব।

প্রথমেই 'বিক্রাংমার্বলী'র কথা পাড়া বাউক। অন্থ্রগণ বলপূর্বক উর্বলীকে হরণ করিয়া লইয়া বাইতেছে। চিত্রলেখাসমন্তিব্যাহারে কুনের-ভবন হইতে প্রভ্যাবর্ত্তনকালে অর্দ্ধপথে জাঁহার এই
বিপদ ঘটিল। রাজা পুরুরবা দৈবক্রমে তথায় উপস্থিত হইয়া
ভাঁহাকে আভভায়ীর হস্ত হইতে উদ্ধার করিলেন। রস্তা, মেনকা
প্রভৃতি অপ্ররাকে সঙ্গে লইয়া উর্বলী চঞ্পুটে মুণালস্ত্রাবলম্বিনী
রাজহংসীর ভায়, রাজার দেহ হইতে মনন্দিক কাড়িয়া লইয়া
আকাশমার্গে অদৃশ্য হইলেন।

উর্বশী দানবের হস্তে বন্দী হইতেছেন কি না, এ সংবাদ যখন কেহই অবগত ছিলেন না, তখন সহসা আকাশ হইতে কুররীর কর্পধানির ভায় যেন কাহার করণ আর্তনাদ শুত ইইতেছে, এইটুকু আমরা সূত্রধার প্রমুখাৎ জানিতে পারিলাম। সূত্রধারের সংশয় উপস্থিত হইল,—শক্টা কি কুস্থমরসমত ভ্রমরগুঞ্জন ? অথবা ধার পারভ্তনাদ ? মতানাং কুসুমরসেন ষট্পদানাং শব্দোহয়ং পরভূতনাদ এষ ধীরঃ ৷

নাটকের প্রথম অঙ্কে উর্বেশী-পুরুরবা-ঘটিত ব্যাপারটি লইয়া মহাকবি যে রসের অবতারণা করিলেন, পক্ষিতত্ত্বের দিক্ হইতে রসভঙ্গ করিয়া আমি যদি ঐ মৃণালসূত্রাবলন্ধিনা হংসী, ঐ আর্ত্ত কুররা ও ধীর পর-ভূতকে লইয়া এন্থলে ভাহাদের সম্বন্ধে কিঞ্চিৎ বৈজ্ঞানিক আলোচনা করিতে প্রবৃত্ত হই, ভাহা হইলে আমাকে অরসিক বলিয়া রূপার চক্ষে দেখিবার পূর্বের, মহাদয় পাঠক যেন মনে রাখেন যে মহাক্বিরচিত নাটকের মধ্যে বর্ণিত পাখাগুলি বৈজ্ঞানিক সভ্য ও বাস্তব জীবন হইতে ভিলমাত্র বিচ্যুত হয় নাই। এখন কিন্তু নাটক হইতে আরও একটু ঘন কাব্যরস পাঠককে উপহার দিতে ইচ্ছা করি।

তর্বশী চলিয়া গেলেন। রাজার বিষম চিন্তবিকার উপস্থিত হইল।
পাগলের ছায় তিনি বনে বনে ভ্রমণ করিতেছেন। বনের ফুল, বনের
ফল দেখিয়া তাঁহার মনশ্চকুর সমক্ষে উর্বশীর রূপলাবণ্য ফুটিরা
উঠিতেছে; কিন্তু কেহই তাঁহাকে সান্ত্রনা দিতে পারিতেছে না। উর্বশী
কোধায় গেল, কে বলিয়া দিবে? তাহার সঙ্গলিপা রুমপিপাস্থ
পুরুরবা, নাটকের হিতায় অক্ষে "চাতক্রত" অবলন্ধন করিয়াছেন;
চাতক বেমন একনিষ্ঠভাবে মেঘন্সলিত বারিবিন্দুর জন্ম উন্মুখ হইয়া
থাকে, রাজাও তেমনি একনিষ্ঠভাবে উর্বশীর সঙ্গরপ "দিব্যরস্পিপাস্থ"
হইয়াছেন। ক্ষণেকের জন্ম রাজার পিপাসা মিটিল। রঙ্গিনী উর্বশী
চিত্রলেখাকে সঙ্গে লইয়া রাজার সহিত মিলিতা হইলেন। তাহার
পর অপ্সরাহ্বের তিরোভাব ও রাজ্ঞা উশীনরীর হঠাৎ আগমন।
রাজা তখন বয়স্থের সহিত বিশ্রম্ভালাপ করিতেছিলেন। উর্বশী
অদৃশ্য থাকিয়া যে ভূজ্জপত্র রাজার নিকটে নিক্ষেপ করিয়াছিলেন,
তাহা কোথাও খুজিয়া পাওয়া গেল না। তাহাকে অন্তমনন্ধ করিবার
জন্ম বয়স্থ নানা কণা পাড়িল,—দেখুন, মহারাজ। এই ময়ুবপুচ্ছ

আমার মায়মান কেশর বলিয়া ভ্রম হইতেছে। এমন সময় রাণী আসিরা বলিলেন কাঠ করিবেন না মহারাজ! এই নিন্ আপনার সূর্তজ্ঞপত্র। কি বাক্যালাপ হইল, সে কথার প্রয়োজন নাই। কুপিতা রাণী লঘুহুদয় পতির অনুনয় গ্রহন না করিয়া, সখীপরিবৃতা হইয়া কিরিয়া গেলেন। বিদূষক রাজাকে স্মরণ করাইয়া দিল যে সান ভোজনের সময় হইয়াছে। রাজা উর্ক্কে চাহিয়া বলিলেন, তাই ত' অর্ক্ষ দিবস অতীত হইয়া গিয়াছে। আতপতপ্র শিথী ভরুমূলে স্নিশ্ধ আলবালে অবস্থান করিতেছে; অমরগণ কর্ণিকার কোরকে প্রাবিষ্ট হইয়া রহিয়াছে; কারগুব তপ্ত বারি ত্যাগ করিয়া ভীরনলিনীকে আশ্রায় করিয়াছে; এবং ক্রীড়াভবনে পঞ্জরস্থ শুক্ত ক্লান্ত ও অবসন্ধ হইয়া বারিবিন্দু যাজ্ঞা করিতেছে।

উন্নার্তঃ শিশিরে নিধীদতি তরোমূলালবালে শিশী নিভিদ্যোপরি কণিকার মুকুলালাশেরতে ষ্টুপল্য। তথ্যং বারি বিহায় তীরনলিনীং কারগুবঃ সেবতে ক্রীড়াবেশানি চৈষ পঞ্জরগুকঃ ক্লান্তো জলং যাচতে ॥

নাটকের তৃতীয় অকে পুরুরবার প্রতি উর্বাশীর আসক্তি অতি
নিপুণভাবে বিজ্ঞাপিত হইয়াছে। স্থারসভাতলে সরস্থারচিত লক্ষীস্বাস্থ্যর নাটকের অভিনয়কালে বারুণী-ভূমিকা গ্রাহণ করিয়া মেনকা
লক্ষ্মীরূপিণী উর্বাশীকে জিজ্ঞাসা করিলেন—সমাগত সকেশব ত্রৈলোক্যপুরুষ লোকপালদিগের মধ্যে তুমি কাহাকে ভক্ষনা কর ? ইহার
উত্তরে "পুরুষোত্তমকে" বলিতে গিয়া উর্বাশী বলিয়া ফেলিলেন—
"পুরুরবাকে"। উত্তর শুনিয়া কেহ কেহ ক্রুদ্ধ হইলেন, কিন্তু দেবরাজ
ইন্দ্র লজ্জাবনতমুখী উর্বাশীকে বলিলেন—ভূমি পুরুরবার কাছে যাও,
এবং যতদিন না তিনি পুত্রমুখ দর্শন করেন, ততদিন ভূমি তাঁহার
সহিত অবস্থান কর।

একদিন আসন্ন সন্ধান্ত রাজ্জী কাশীরাজ-তনরার নিকট হইতে বার্তা বহন করিয়া কঞ্কী রাজসমীপে আসিতেছেন; রাজ্ঞাসাদ দিবাবসানে রমণীয় বোধ হইতেছে; বাস্বস্থিঞ্জালর উপরে নিশানিজ্ঞালস বহাঁ চিত্রাপিতের আয় বোধ হইতেছে; গৃহষলভিতে পারাবভগুলি গ্রাক্ষজাল-বিনিঃস্ত ধূপে সন্ধিয় ভাব ধারণ করিয়াছে।

> উৎকীণা ইব বাস্যষ্টিয়ু নিশানিজালসা বহিংগা ধ্ৰৈজালবিনিঃস্তৈব লভয়ঃ সন্ধিমপারাবভাঃ।।

রাজাকে ডাকাইয়া আনিয়া রাণী বলিলেন—"আর্যাপুত্রকে পুরঃসর করিয়া আমি চক্ররোহিণীসংযোগ ঘটিত ধে প্রত গ্রহণ করিয়াছি
তাহার উদ্যাপনের জন্ম আপনাকে নিবেদন করিতেছি বে, আর্ব্য পুত্র যে রমণীকে লইয়া সুখী হইবেন এবং যে রমণী আর্ব্যপুত্র-সমাসম প্রাথেরনী, তাঁহাদের উভয়ের মিলনে যেন কোনও বাধা না হয়"।

ভাহাই হইল। উর্বেশী-পুরুরবার মিলনের উপর ভৃতীয় **অক্ষের** যবনিকা পভিত হইল।

চতুর্থ অকে খণ্ডিত। উর্বেশী পুরুরবার সঙ্গ পরিত্যাগ করিয়া কুমার বনে প্রবেশ করিতে গিয়া লভায় পরিণত হইয়া গেলেন। তাঁহার তুর্গভিতে সহজ্ঞা ও চিত্রলেখা সখীদ্ম সরোবরে সহচয়ীদ্বঃখালীঢ় বাস্পাপবল্গিতনয়ন ইংসীমুগলের দশা প্রাপ্ত হইল। উন্মাদপ্রস্থ রাজার চক্ত্ অপ্রস্পরিপ্লাভ, সঙ্গিনীবিরহে কম্পিতপক্ষ হংসমুবার লাশ ভিনি কাতর হইয়া পড়িলেন—

হি মুখাহি**জপিঅমুক্থও সরবর্ঞ গুদপক্ধ**ও বাহোবগ্রিঅপঅপও তম্মই হংসজুআপও।

পরক্ষণে তিনি স্পর্কার সহিত বলিলেন, আমি রাজা, কালের নিয়া-মক। এই বর্ষাকে সবলে ঠেলিয়া কেলিয়া পরভূত-সহচর বসভের আগমন কল্পনা করিতে পারি। এমন সময়ে নেপথ্যে বসন্তের একটি আবাহন-সঙ্গীত শ্রুত হইল।

গরোনাদিতমধুকরদীতৈবাদ্যমানেঃ পরভৃততুর্ব্যঃ।
প্রস্তপ্রনাদেলিতপল্লবনিকরঃ
স্বলিভবিবিধপ্রকারেন্ত্যতি কল্লতকঃ।

রাজ। আনন্দে নৃত্য করিতে লাগিলেন। মৃত্রু মধ্যে আসুসম্বরণ করিয়া তিনি বলিয়া উঠিলেন—না, না, বর্ষাকে প্রত্যাখ্যান করিব না, সে আমাকে যথোপচারে পরিচর্য্যা করিতেছে;—আকাশের বিত্যা-লেখা-সমন্থিত কনকরুটির মেঘ আমার মাথার উপরে রাজছত্ত্রের মত প্রসারিত হইয়া রহিয়াছে; কম্পদান নিচুল ভরুর মঞ্জরী চামরব্যজন করিতেছে; নীলকণ্ঠ ময়ুর স্ক্ষরে আমার বন্দনা গনি করিতেছে।

বিত্যয়েশাকনকর চিরং শ্রীবিতানং মমান্রং
বায়ধ্যতে নিচ্লতক্তিম প্ররীচামরাণি ।
হর্মছেদাৎ পটুতরগিরো বন্দিনো নীলকণ্ঠা
ধারাসারোপনমুনপরা নৈগ্যান্টামুবাহাঃ ॥

নবীন শাবল দেখিয়া উর্বলীর শুকোদরশ্যাম অশুসিক স্তনাংশুক বলিয়া ভ্রম হইতেছে। এই যে ময়ুরটি আকাশ পানে তাকাইয়া উন্নতকণ্ঠে কেকারৰ করিতেছে, ইহাকে আমার প্রিয়ার কণা জিজাসা করি—

> আলোকয়তি পয়োদান্ প্রবলপুরোবাতনর্ত্তিশিখণ্ডঃ। কেকাগর্ভেণ শিখী দুরোন্নমিতেন কণ্ঠেন।

ময়ুরটি বারিধারাবর্ষণের মধ্যে শৈলভটস্থলীর পাষাণের উপরে অধি-রূঢ় রহিয়াছে। পুরোবাতে ইহার পুচ্ছ কম্পিত হইতেছে। শিখী। এই অরণ্যে ভ্রমণ করিতে করিতে তুমি কি আমার প্রিয়াকে দেখিয়াছ ? এই সকল লক্ষণে তুমি তাহাকে চিনিতে পারিবে; —তাহার চাঁদের মুখ, হংসের স্থায় গতি—

> वित्रश्रहे गिष्णप्रनित्रिंग वष्णा श्राम्बहे ध हिन्द कानीहिति जाजक्षिक जूक् व गहै।

হে শুক্লাপাক নীলকণ্ঠ মযুর! তুমি কি আমার দীর্ঘাপাকা, আমার মৃর্ব্তিমতী উৎকণ্ঠা-স্বরূপা বনিভাকে দেখিয়াছ—-

> নীলকণ্ঠ মনোৎকণ্ঠা বনেহিমিন্ বনিতা হয়।। দীৰ্ঘাপালা সিতাপাল দুটা দৃষ্টিকৰা ভবেৎ॥

কৈ, আমাকে উন্তর না দিয়া তুমি নৃত্য করিতেছ কেন ? এই আন-ন্দের কারণ কি ? ওঃ বুকিয়াছি—আমার প্রিয়ার বিনাশ হেডু ইহার ঘনরুচির মৃত্পবনবিভিন্ন কলাপ নিঃসপত্ন হইয়াছে। নহিলে, উর্বেশীর করগৃত কুন্থম-সনাথ রতিবিগলিতবন্ধ কেশপাশ বিদ্যমান থাকিলে, এই ময়্র-কলাপের স্পর্কা কোথার থাকিত 🎷 যাক্ ; পরব্য-गत्न (य जात्मान नाम, जांशांक जान किछान। कतिनान श्रामन নাই। এই যে, জমুবিট্পমধ্যে প্রভুতা আতপাত্তে সংধুক্ষিতমদা हरेया वित्रा चारक, रेशांक किख्डांगा किता व 'ज भाषीिपांत মধ্যে পণ্ডিত-বিহগেষু পণ্ডিতৈয়া জাতিঃ। হে মধুরপ্রজাপিনি পর-ভূতে, পরপুষ্টে! ভূমি কি আমার প্রিয়াকে দেখিয়াছ? 🛎 \* \* ্রাজা তাহাকে "মদনদূতী" সম্বোধনে অভিহিত করিয়া অনেক অসুনয় করিলেন ; কিন্তু সেই বিজ্ঞ পাখীটি নিশ্চিন্ত মনে অসুবৃক্ষ-ফল ভক্ষণ করিয়া উড়িয়া গেল। \* \* \* \* \* নৃপুর-শিঞ্জিতের মত ও কি শুনা যায় ? হা ধিক। এ ত' মঞ্জীরধ্বনি নয়। দিখাগুল মেঘশুাম দেখিয়া মানসোৎস্কৃচিত রাজহংস কুজন করিতেছে। এই 📖 শানসোৎস্ক রাজহংস এই সরোবর হইতে উড়িয়া যাইবার পূর্বে ইহাদিগকে जामात्र প্রিয়ার কথা জিজ্ঞাসা করি।.... হে জলবিহঙ্গরাক।

তুমি মানস সরোবরে কিছু পরে যাইও; একবার ভোমার বিসকিসলয় পাথেয়টুকু রাখ ; আবার তুমি তুলিয়া লইও। আমার দয়িতার সংবাদ-টুকু দিয়া আমাকে শোকমুক্ত কর। রে হংস! ভুই বদি সরোবর-ভটে আমার নভক্র প্রিয়াকে না দেখিয়া থাকিস্, ভাহা হইলে কেমন করিয়া ভুই তাহার কলগুঞ্জিত গতিভঙ্গিটুকু চোরের মত অপহরণ করিলি। তুই আমার প্রিয়াকে ফিরাইরা দে। জঘনভারমন্থরা প্রিয়ার গতি দেখিয়া ভুই নিশ্চয়ই ভাহা চুরি করিয়াছিস। 🚸 🦚 🗯 \* 🕸 একি! চৌর্যাপরাধে দণ্ডিত হইবার 📉 রাজার নিক্ট হইতে এ যে পলায়ন করিল। আচ্ছা, আর কাহাকেও জিজ্ঞাসা করি। এই যে প্রিয়াসহায় চক্র**বাক** রহিয়াছে; ইহাকে জিজাসা করিয়া দেখি। হে গোরোচনা-কুক্ষমবর্ণ চক্রবাক। আমাকে বল, মধুবাসক্রের রজিণী আমার প্রিয়াকে তুমি কি দেখ নাই ? হে রখাজ-নামধেয় বিহল ! রথাকভোণিবিদ্বা ত্রী কর্ত্ব পরিভ্যক্ত না রথী ভোমাকে প্রশ্ন করিভেছে, তুমি উত্তর দাও। চুপ করিয়া রহিলে কেন ? আমার অনুমান হয় যে, তোমারও অবস্থা আমারই মত। সরোবর-বক্ষে ভোমার ও ভোমার পত্নীর মধ্যে সামায় নলিনীপত্তের ব্যবধান ধাকিলেও তুমি তোমার জায়া বহুদুরে আছে মনে করিয়া সমুৎস্থক হইয়া বিলাপ করিতে থাক। জায়াক্ষেহবশভঃ এই যে ভোমার পৃথক্-স্থিতিভীক্তা, কেন তবে আমার মত প্রিয়াজনবিরহবিধুরের প্রতি তুমি এমন প্রবৃতিপরাম্ব ?

সরসি নলিনীপত্তেগাপি থমারতবিগ্রহাং
নমু সহচরীং দৃরে মখা বিরোধি সমুৎস্করঃ।
ইতি চ তবতো জায়াম্বেহাৎ পৃথক্তিতিজীকতা
মন্ত্রি চ বিধুরে তাবঃ কোহরং প্রকৃত্তিপ্রাস্কুধঃ॥

উন্মাদগ্রস্থ রাজা ধীরভাবে উত্তরের জন্ম অপেকা করিতে পালি-

লেন না ; তাঁহার চঞ্চল চিত্তে সরোবরে প্রেমরসাভিষিক্ত ক্রীড়াশীল হংসযুবার চিত্র ফুটিয়া উঠিল। তিনি গাহিলেন—

> এককম-বড্চি**ল-শু**রু**লর-পেশ্রসে**। সরে হংস স্কুআপও কীলই কামবদে॥

তাহার পর তিনি ভোম্রা, হাতী, পাহাড়, নদী বাহা কিছু সন্মুখে দেখিতে পান, তাহাকেই কাতর ভাবে নিজের বেদনা জ্ঞাপন করিছে লাগিলেন। তাঁহার মনে হইল, উর্বেশী নদীরূপে পরিগতা হইয়াছেন;—তরঙ্গজ্ঞী প্রিয়ার জভঙ্গী, তরঙ্গবেগে চঞ্চল বিহগভ্ঞেশী তাঁহার কাঞ্চাদামস্বরূপ, ফেনপুঞ্জ কোপবলে শিথিলীভূত বসনস্বরূপ। \* \* \* \* বে প্রিয়ত্তমে, ফুল্ফরি, নদারূপিণি উর্বেশি! তুমি ন্যামার এই নমস্কার হারা প্রসন্না হও। নদীরূপিণী তোমাতে হংসাদি পক্ষীরা চঞ্চল হইয়া করুণস্বরে কৃজন করিতেছে। \* \* \* জ্লানিধি ফ্লালিত ভাবে নৃত্য করিতেছে। হংস, চক্রাবাক্, শৃন্ধ, কুরুম প্রভৃতি তাহার আভরণ। \* \* \* কিংবা এ প্রকৃতই নদী, উর্বেশী নহে। নিচেৎ পুরুরবাকে পরিত্যাগ করিয়া সাগরাভিমুখে স্বভিসারিণী হইবে কেন ?

এইরপে কোকিল-কৃঞ্জিত নন্দন-বনে গজাধিপ ঐরাবতের মত বিরহসন্তপ্ত রাজা বিচরণ করিতে লাগিলেন—

অভিনব কুমুমন্তবিকত-তর্কবর্ণ্য পরিসরে

মদকল-কোকিল-কুজিত-মধুপ-কান্ধার-মনোহরে।
নন্দনবিপিনে নিজকরিণীবিরহানলেন সন্তপ্তো
বিচরতি গজাধিপতিরৈরাবতনামা॥

কৃষ্ণসারকে দেখিয়া রাজা মৃগলোচনা, হংসগতি সুরস্তন্দরীর কথা জিজ্ঞাসা করিলেন,—ভাঁহাকে সে দেখিয়াছে কি ?

সহসা পাষাণের মধ্যে রক্তাশোক-স্তবকসম রাগবিশিষ্ট মণি দেখিয়া বলিলেন, "এটা কি 🤫 নেপ্পো দৈনবাণী হইল—"বংস ! এই শৈলস্থতাচরণ-রাগজাত মণিটিকে তুলিয়া লও। ইহা প্রিয়-জনের সহিত আশু সঙ্গম ঘটাইবে।"

রাজা মণিটিকে লইয়া ইতস্ততঃ পরিভ্রমণ করিতে করিতে, কুস্থম-রহিতা একটি লতাকে দেখিয়া অধীর ভাবে তাহাকে যেমন আলিঙ্গন করিতে যাইবেন, অমনি উর্বলী তাঁহার বাহুপালে ধরা দিলেন। রাজা বলিলেন,—''ভোমাকে দেখিয়া আমার স-বাহাস্তরাজা প্রসন্ন হইল। আচ্ছা, বল দেখি, আমার বিরহে তুমি এতকাল কেমন ছিলে? আমি ত' ময়ুর, পরভূত, হংস, রখাঙ্গ, অলি, গজ, পর্বত, কুরুজ, সরিৎকে তোমার কথা জিজ্ঞাসা করিয়াছি।"

এইরূপে উর্বশীর সহিত মিলিত হইয়া, সহচরী-সঙ্গত হংস্থুবার যায় রাজা বিমানবিহারী নবান মেঘের উপর ভর দিয়া প্রতিষ্ঠানাভি-মুখে যাত্রা করিলেন।

নাটকের পঞ্চম অকে একটা গুলু আসিয়া গোল বাধাইল।
আমিবল্রমে সেই অশোকপ্তবকের মত লাল মণিটিকে চঞ্পুটে লইয়া
গুল্ল অদৃশ্য হইল। রাজা অন্থির হইয়া নাগরিকদিগকে আদেশ
দিলেন—কোথায় বৃক্ষাতো ইহার বাসা আছে, অনুসন্ধান করা হউক।
সহসা শরবিদ্ধ হইয়া বিহগাধম ভূমিতে নিপতিত হইল। শর পরীক্ষা
করিয়া দেখা গোল যে, উর্বলী-পুরুরবার পুত্র কর্তৃক ইহা নিক্ষিপ্ত
হইয়াছিল। পুরুরবার বিস্ময়ের সীমা রহিল না। উর্বলী যে
জননী হইয়াছেন, ইহা তাঁহার সম্পূর্ণ অবিদিত। এমন সময়ে
চাবন মুনির আশ্রাম হইতে একজন তাপদী, কুমারের হাত
ধরিয়া রাজার নিকটে আসিলেন। পরিচয়াস্টে রাজা বুঝিতে পারিলেন
যে, এই বালকটি আশ্রমপাদপ-শিখরে নিলীয়মান গুলুকে ভূমিতলে
পাতিত করিয়া আশ্রমের পবিত্রতা নফ করিয়াছে বলিয়া তাহাকে
রাজসমীপে প্রেরণ করা হইয়াছে। ছেলেটিকে কনকপাঠে উপবেশন
করাইয়া উর্বলীকে ডাকান হইল। উর্বলী কুমার সায়ে

চিনিলেন। তুই একটি কথার পর তাপদী সত্যবতী প্রস্থানোত্ততা হইলে, বালকটিও তাহার অনুগামী হইতে চাহিল। রাজা তাহাতে বাধা দিলেন। ছেলেটি বলিল, 'ভবে যে মযুরটি আমার অকে লিখণ্ডকণ্ডু য়নে স্থবোধ করিয়া আরামে নিজা ঘাইত, সেই জাভকদাশ লিভিকণ্ঠ লিখাকে আমার নিকট পাঠাইয়া দাও।" তাপদী বলিলেন —আছে।, তাহাই করিতেছি। তাপদী চলিয়া গেলেন। পুরুরবার আনন্দে বিষাদের কালিমা আসিয়া পভল। ইল্রের আদেশ শ্বরণ করিয়া জননী উর্বশী, পুত্র ও স্বামীকে পরিজ্ঞাগ করিয়া দেবরাজ সমীপে প্রত্যাবর্ত্তন করিবার তা প্রস্তুত হইলেন। উর্বশীর আসম বিরহে শ্রিয়মাণ রাজা পুত্রের উপর রাজ্যভার অর্পণ করিয়া বনগমনের ব্যবস্থা করিতেছেন, এমন সময়ে দেবর্ষি নারদ তথায় উপস্থিত হইয়া মহেল্র-সন্দেশ শুনাইলেন—"সুরাস্থ্রের যুদ্ধ অবশ্বস্তাবী; আপনি সেই যুদ্ধে আমার সহায় হউন; শস্ত্র ভ্যাগ করিবেন না। আপনি বতদিন জীবিত থাকিবেন, এই উর্বশী তাপনার সহধর্মচারিণী থাকিবেন।"

কুমারের যৌবরাজ্যাভিষেকের সময় সমস্ত চরাচয়ের কল্যাণ-কামনার সঙ্গে এই নাটকের পরিসমাপ্তি হইল।

এখন বক্তব্য এই ষে, নাটকের গল্লাংশের প্রতি প্রধানতঃ
পাঠকের মন আকৃষ্ট করিবার আ আমি আগ্রহ প্রকাশ করিতেছি
না। কাব্য হিসাবে বা চরিত্রাঙ্কনের দিক হইতে ইহার বিচিত্র
সৌন্দর্য্য পণ্ডিভ-সমাজের অগোচর নাই। আমি বিশেষ ভাবে
এইটি বলিতে চাই ষে, নাট্যোল্লিখিত ব্যক্তিগণের বর্ণিত জীবনকাহিনীর সঙ্গে মুখ্যভাবে অথবা গৌণভাবে বিবিধ বিহল্লভাতি
সহজে মিশিয়া গিয়াছে; এবং সেই মিশ্রণে উভয়েরই চিত্র
সম্যক্রপে পরিক্ষুট হইয়াছে,—অথচ সমস্তটা বাস্তব সভ্য
হইতে রেখামাত্র বিচলিত হয় নাই। বিহল্প-তত্ত্বের উপর কবির

বর্ণনা হইতে কোনও আলোকরশ্যি নিপতিত হইতেছে কিনা, তাহাই জামাদের আলোচ্য;—উর্বিশী-পুরুরবার উপাধ্যান একটা উপলক্ষ মাত্র। পাঠকের চিত্তে এমন কোনও কৌতূহল হয় না কি, যাহা Ornithologist ব্যতীত আর কেহ পরিত্প্ত করিতে পারেন না ঐ যে স্থুদূর ব্যোমপথে করুণ আর্ত্তনাদের মত কি যেন শোৰা ষাইতেছে, উহা কি কুররীর কণ্ঠধানি ? কভকটা ভ্রমর-গুঞ্জন বলিয়া ভ্রম হইতেছে; আবার পরক্ণণেই ধীর পরভূতনাদ বলিয়া মনে ্ছইভেছে। ঐ পাখীটির স্বরূপ নির্ণয় করিতে হইবে। সখী-পরিবৃতা উর্বেশী যখন রাজার মনটি কাড়িয়া লইয়া আকাশপথে উড়িয়া গেলেন, তখন কবিববেরর মনশ্চকুর সম্মুখে চঞ্পুটে মৃণালসূত্রাবলম্বিনী রাজ-হংসীর ছবিটি স্বতঃই জাগিয়া উঠিল কেন 🔋 রূপে ও শক্তে উভায়ের মধ্যে সাদৃশ্য কতদূর আছে, তাহা বিচার করিয়া দেখা আবশ্যক। আবার কোন হিসাবে বিরহক্লিফ রাজাকে চাডকত্রভাবলম্বী বলা হইয়াছে ? আতপতপ্ত মধ্যাহ্নে যে শিখী তরুমূলে স্নিশ্ধ}আলবালে অবস্থান করিয়া থাকে, যে কারগুব তপ্তবারি পরিত্যাগ করিয়া তীরনলিনীকে আশ্রয় করিয়াছে, এবং ক্রীড়াভবনে ধৈ গঞ্জর্ম্থ শুক ক্লান্ত ও অবসন্ন হইয়া বারিবিন্দু যাজ্ঞা করিতেছে, তাহাদের বৈজ্ঞানিক পরিচয় লাইবার সময় আসিয়াছে। আসম সন্ধ্যায় রাজপ্রাসাদের গৃহ-বলভিতে যে পাঁরাবতগুলি আশ্রয় লইয়াছে, বিহঙ্গতত্ত্বিৎ তাহাদিগকে কোন্ পর্য্যায়ভুক্ত করিবেন ? উত্যাদগ্রস্ত রাজাকে দেখিয়া কেমন করিয়া কম্পিতপক্ষ হংসযুবার সহিত তাঁহাকে তুলনা করা যাইতে পারে ? পরভূত-সহচর বসস্ত, নীলকণ্ঠ ময়ুর, শুকোদরশ্যাম অংশুক, প্রিয়া-সহায় চক্রবাকের কথা স্বভন্নভাবে বিচারসাপেক। পরভূতকে কবি কেন 'বিহুগেয়ু পশুতৈষা জাভিঃ' বলিয়া বর্ণনা করিলেন ? এই পর-ভূত পরপুষ্ট পাখীটি বাস্তবিকই কি 💶 খাইতে এত ভালবাসে যে, একাগ্রচিত্তে জমুরক্ষলাস্বাদনে 📉 হইয়া রাজাকে গ্রাহ্নই করিল না ? ময়ুর কি মানুষের কাছে এত পোষ মানে যে, সে মানবশিশুর সহিত অবিচ্ছিত্র সখ্যতা-সূত্রে আবদ্ধ হইয়া ধায় ? মাংসাশী গৃঙ্জের কোনও নির্দিষ্ট "নিবাস-রক্ষ" থাকে কি ?

এই সমস্ত প্রশ্নের সত্তর দিতে চেক্টা করিবার পূর্বের আমরা
মহাকবিরচিত মালবিকাগ্নিমিত্রে ও অভিজ্ঞানশকুন্তল নাটকে, উলিথিত পাথীগুলির নৃতন কিছু বর্ণনা পাওয়া বায় কি না, তাহা একটু
অনুসন্ধান করিয়া দেখিব। পরে সবগুলি মিলাইয়া, বিহঙ্গ-তত্ত্বর
দিক্ হইতে পাশ্চাত্য রীতি অনুসারে তাহাদের জীবন-রহস্ত উদ্যাটিও
করিতে প্রয়াদ পাইলে দেখা ঘাইবে যে, কবিবরের তুলিকায় পাখীগুলির যে চিত্র ফুটিয়া উঠিয়াছে, তাহা স্থন্দর ত' বটেই, পরস্ত তাহা
অনেকাংশে সত্য।

## মালবিকাগ্নিমিত্র ও অভিজ্ঞানশকুন্তল

মালবিকারিমিত্রের প্রথম অকে দেখিতে পাই যে, রাজা জারিমিত্র
মালবিকার চিত্র দেখিয়া ভাহার দর্শনলাভ করিবার জক্ত বরত্তের
সহিত পরামর্শ করিয়া একটা উপায় স্থির করিলেন। রাজসভায়
গণদাস ও হরদত্ত নামক ছইজন নাট্যবিদ্যা-বিশারদ ছিলেন।
গণদাসের শিষ্যা মালবিকা। হরদত্তেরও শিষ্য ছিল। আদেশ
হইল যে, রাজা ও রাণার সমক্ষে শিষ্যদিগের নর্ত্ননৈপুণ্য দেখিয়া
শিক্ষকদিগের বাহাছ্রির পরিচয় লওয়া হইবে। নেপথ্যে মৃদক্ষধানি
শ্রুত হইল। রাজা অস্থির হইয়া উঠিলেন; মৃদক্ষবাদ্য শুনিবার
জন্মই যেন তিনি সভায় যাইতেছেন, এই প্রকার ভাগ করিলেন; কিস্তু
স্বত্রা রাণী ব্রিতে পারিলেন আসল ব্যাপারটা কি,—রাজা স্বার্থিকা দর্শন করিতে ইচ্ছুক। স্থগত বলিলেন—আর্য্যপুত্রের কি স্বশিষ্ট
ব্যবহার। এদিকে মৃদক্ষের শব্দ শুনিয়া পরিব্রাজিকা বলিলেন,—

কীমৃতস্তনিতবিশক্তিম মুরৈরকল্প্রীবৈরমুরসিতক্ত পুন্ধরক্ত।
নিহু দিম্যুপচিতমধ্যস্বরোখা
মাযুরী মদয়তি মার্জনা মনাংশি।

কি মধুর সঙ্গীত। এ শব্দ শুনিয়া মেখগর্জনভ্রমে ময়ুরগণ আনন্দে উদ্গ্রীব হইয়া শব্দ করাতে মৃদঙ্গধানির সহিত উহা মিশ্রিত হইতেছে; স্তরাং মধ্যম স্বরজাত মৃচর্ছনা উপিত হইয়া হাদয়কে উল্লাসিত করিতেছে।

ঘিত্তীয় গণদাস-শিষ্যা মালবিকা ছলিত নামক একখানি নাটকের অভিনয়ে নর্ত্তকীর ভূমিকায় আসরে অবতীর্ণা হইলেন। মুগ্ধ রাজা তাহার নাচের ভঙ্গী দেখিয়া তদ্গতচিত্ত হইয়া নর্ত্কীর দেহের চারুতা সম্বন্ধে এইরূপ স্বগতোক্তি ক্রিলেন,—

বানং সন্ধিন্তিনিতবলয়ং শুস্য হন্তং নিতকে
কুছা শ্রামাবিটপসদৃশং শ্রন্তমুক্তং দিতীয়ম্।
পাদাসুষ্ঠালুলিতকুমুনে কুট্রনে পাতিতাক্ষং
নৃত্যাদস্যা: স্থিতমতিতরাং কান্তম্জায়তার্ধ্বন্ ॥

পরিত্রাজিকা বলিলেন—যাহা দেখিলান, সমস্তই অনিক্ষনীয়। গণদাস উৎকৃষ্ট নর্ত্তক বলিয়া পরিগণিত হইলেন। বিদূষক ব্রাহ্মণ-হিসাবে কিছু দক্ষিণা চাহিলেন; বলিলেন—"আমি শুক মেঘগর্জিত অন্তরীক্ষে জলপানের ইচ্ছা করিয়া চাতক্বিত্তি অবলম্বন করিয়াছি।" আচার্য্য গণদাসের সহিত মালবিকা প্রস্থান করিল। হরদত্ত অভিনয় প্রদর্শন করিতে চাহিল। রাজা ইতস্ততঃ করিতেছেন, এমন সময়ে নেপ্রেণ্য শোনা গেল—"মহারাজের জয় হউক। মধ্যাক্ষকাল সমুপর্শ্বিত,

> পত্রছায়াস হংসা মুকুলিতনয়না দীর্ঘিকাপদ্মিনীনাং সোধান্তত্যর্পতাপাদ্দলিতপরিচয়দেষিপারাবতানি। বিন্দুদ্দেপান্ পিপাসঃ পরিসরতি শিখী ভান্তিমদারিয়য়ং স্কৈর্কজৈঃ সমগ্রস্থািব নৃপশুণৈদীপ্যতে সপ্তসপ্তিঃ ॥

হংসগণ দীর্ঘিকান্থিত পদ্মিনীর পত্রচছারার মুকুলিত নরনে অবস্থান করিতেছে; রবিকর প্রথরতর হওয়াতে পারাবিত্তগণ আর পূর্ববৎ সৌধবলভিতে বিচরণ করিতেছে না। ঘূর্ণ্যমান জলষম্ভ হইতে উৎক্ষিপ্ত বারিকণা দেখিয়া পিপাসার্ত ময়ুরেরা সেই দিকে ধাবিত হইতেছে। হে রাজন্! আপনি যেমন সর্ববগুণে সম্পূর্ণ, সপ্তাশ সূর্য্যদেবও সেই-রূপ সমগ্র রশ্মিতে দীপ্যমান"।

ভোজন-বেলা উপস্থিত হইয়াছে; হরদপ্তকে বিদায় করা হইল। দেবীর সহিত পরিব্রাজিকাও প্রস্থান করিলেন। বিদূষক রাজাকে বলিলেন—"আপনার কার্য্য-সাধনার্থ অবসর প্রতীক্ষা করিতে হইবে।

জ্যোৎসা যেমন মেঘরাজিতে অবরুদ্ধ হয়, মালবিকা এখন সেইরূপ হইয়াছেন; তাঁহার দর্শনলাভ এখন রাণী ধারিণীর অমুমতি-সাপেক্ষ। প্রেম্ম পক্ষী যেমন প্রাণিবধস্থানের নিকটে আমিষলোভে বিচরণ করে, মালবিকারূপ আমিষলোভে লুক্ক হইয়া আপনিও সেইরূপ করিতেছেন।"

তৃতীয় অঙ্কে রাজা ও বিদ্যক একটি উদ্যানে প্রবেশ করিলেন।
তখন সেই প্রমোদবন যেন বায়্ভরে ঈষৎ বিকম্পিত পল্লবন্ধপ অঙ্গুলিসঙ্কেতে উৎকৃতিত রাজাকে জ্রান্থিত করিতেছে। বায়ুস্পর্শ-স্থ
অনুভব করিয়া তিনি বলিলেন—"নিশ্চয়ই বসস্তথ্যতু আবিভূতি
হইয়াছে। সখে! দেখ,

আমন্তানাং শ্রবণসূভগৈঃ কৃদ্ধিতৈঃ কোকিলানাং সামুক্রোশং মনসিজকুলঃ সহতাং পৃ**দ্ধতে**ব।

উপত্ত কোকিলের। শ্রাবণস্থকর রব করাতে বোধ হইতেছে বেন বসস্ত সদয়ভাবে আমাকে জিজ্ঞানা করিতেছে ইত্যাদি \* \* \*"।

এমন সময়ে মালবিকা সেই উভানে প্রবেশ করিল। রাজা বয়স্তকে বলিলেন,—এখন আমি জীবনধারণ করিতে সমর্থ হইব। সারস পক্ষীর উচ্চধ্বনি প্রবেণ করিয়া ভরুরাজি-সমার্ভ নদী নিকটবর্তী বুঝিয়া পথিকের হাদয় বেমন আনক্ষে উৎফুল্ল হইয়া উঠে; ভোমার মুখে প্রিয়ভমা সমীপগতা শুনিয়া আমার অবসম চিত্তও সেইরূপ উৎফুল্ল হইয়া উঠিয়াছে।

মালবিকার সধী বকুলাবলিকা আসিয়া উপস্থিত হইল। রাজা ও মালবিকার আলাপ পরিচয়ের মাঝখানে সহসা কুপিতা রাণী ইরা-বতীর আবির্ভাব; একটা মহা গোলমালের মধ্যে তৃতীয় অঙ্কের যব-নিকা পড়িয়া গেল।

চতুর্থ অক্ষের প্রারম্ভে রাজা ছুই একটি কথার পর বয়স্যকে মাল-বিকার সংবাদ জিজ্ঞাসা করিলেন। বিশ্বাক উত্তর দিলেন, 'বিড়ালে ধরিলে কোঁকিলার যে অবশ্বাহয়, মালবিকারও সেই অবস্থা।'
মালবিকা দেবীর পরিচারিকা কর্তৃক বকুলাবলিকার সহিত ভূগর্ভস্থ
কোষাগার মধ্যে অবরুদ্ধ হইয়াছে। রাণীর দাসী মালবিকা যে
রাজার প্রণয়পাত্রী হইবে ইহাই রাণীর জোধের কারণ। বিষণ্ণ রাজা
বলিলেন,—হায়!

মধুরসরা পরস্কৃতা জমরী চ বিবুদ্ধস্কিলা । কোটরমকালরভাগ প্রবলপুরোবাতয়া গমিতে ॥

মধুরকণ্ঠী কোঁকিলা ও ভ্রমরী উভয়ে যেমন বিকসিত সহকারকুস্থমের সংসর্গে থাকে, উহারা উভয়েও সেইরূপ একত্র বাস করিত। এখন প্রবল পুরোবাতের সঙ্গে অকালবৃত্তি ভাহাদিগকে কোটরগত করাইল।

কিন্তু স্কুচতুর বয়স্য কৌশল করিয়া স স্থী মালবিকার উদ্ধারসাধন করিয়া তাহাদিগকে সম্জগৃহে রাখিয়া আসিয়া রাজাকে তথার
লইয়া আসিলেন। তাঁহাদিগের বিশ্রস্তালাপের ব্যবস্থা করিয়া দিয়া
বিদূষক বাররক্ষক হইয়া রহিলেন। সহসা সখী নিপুণিকাকে সঙ্গে
লইয়া রাণী ইরাবতী সেখানে উপস্থিত হইলেন। কিছুই গোপন
রহিল না। বয়স্য আক্ষেপ করিয়া বলিলেন—"হায়! কি স্বন্থ উপস্থিত! বন্ধনভাই গৃহপালিত কপোত বিড়ালীর দৃষ্টিপথে পতিত
হইল।" কিন্তু একটা তুচ্ছ ঘটনায় রাজা আসন্ধ বিপদ্ হইতে মুক্তিলাভ করিলেন। রাজকুমারী বস্থলক্ষী একটা বানরের ভয়ে স্বভান্ত ভীতা হইয়াছেন, এই সংবাদ পাইয়া রাণী সন্থার করিয়া বলিলেন—
কুমারীকে সান্ত্রনা দিবার আ স্থাহাপুত্র স্বরান্থিত হউন।

পঞ্চম অঙ্কে বৈতালিক বিদিশাধিপতি অগ্নিমিত্রের যশোগান করিতেছে—

> পরভৃতকলব্যাহারেয়ু স্বমান্তরতিম ধুং নয়পি বিদিশাতীরোদ্যানেমনক ইবাকবান্।

ধেমন রতি-সহচর মন্মথ পরভূত কলকূজনে বসস্তের-আবির্ভাব প্রকাশ করিয়া থাকেন—অঙ্গবান্ অনঙ্গের মত আপনিও সেইরূপ বিদিশাতীরস্থ উদ্যানে শোভা বিস্তার করিভেছেন।

এদিকে দৈবক্রমে যে মালবিকার চরণস্পর্শে অশোক তরু প্রক্র্ন টিতপুপাভারনম ইইয়া পড়িয়াছে, তাহাকে আর বন্দিনী করিয়া রাখা চলে না; রাণী তাহাকে বধ্বেশে সজ্জিত করিয়াছেন; এবং পরি-ব্রাজিকা ও পরিজন সমভিব্যাহারে তাহাকে লইয়া রাজসমীপে উপ-হিত ইইয়াছেন। রাজা মালবিকাকে দেখিয়া আপনাআপনি বলি-তেছেন—

> অহং রশক্ষনামেব প্রিয়া সহচরীব মে। অনহজ্জাতসম্পর্কা ধারিনী রজনীব নৌ॥

আমি চক্রবাক এবং প্রিয় মালবিকা সহচরী চক্রবাকী; দেবী ধারিণী যেন রাত্রি স্বরূপিণী—- যাহার অন্যুজ্ঞা ব্যতীত আমাদের উভয়ের মিলন হইতে পারে না।

অতঃপর মহাকবি স্থকোশলে রাজার নিকটে মালবিকার বংশপরিচয় করাইলেন;—কেমন করিয়া মালব-রাজকুমারী মালবিকা দস্তা
কর্ত্ব অপহৃত হইয়া, অবশেষে বিদিশারাজ-ভবনে আশ্রেরলাভ করিয়াছিলেন, ভাহারই বর্ণনাপ্রসঙ্গে আমরা জানিতে পারি যে, তদ্দেশীয়
দস্তারা পৃষ্ঠদেশে ময়ূরপুচ্ছ আভরণরূপে ব্যবহার করিত।

তু**নীরপ**ট্রপরিণদ্ধভূজান্তরাল-মাপান্ধি লিদিখিপিচ্ছকলাপধারি।

ইহার পর রাত্রিশ্বরূপিণী রাণী ধারিণী, চক্রবাক্ষিপুনরূপ মালবি-কাগ্নিত্রের মিলনের অনুজ্ঞ। প্রদান করিলেন। ইরাবতীর কোপ প্রশমিত হইল।

ইহাই মালবিকাগিমিত্রের গল্পাংশ। পাঠক অবশ্যই লক্ষ্য করি-যাছেন, নায়ক-নায়িকাবর্ণনা প্রসঙ্গে কেম্ন সহজে ময়ুর, চাতক, কোকিল, সারস, গৃহকপোত, রথাঙ্গ প্রভৃতি পাখীগুলি আসিয়া পড়িয়াছে। ইহাদিগের মধ্যে অনেকগুলিকেই আমরা উর্বাশীপুরুরবার
সম্পর্কে পাইয়াছি। আবার নবীন পরিবেষ্টনীর মধ্যে শকুন্তলার
উপাখ্যানে উহাদিগের দর্শনলাভ করিবার আশা আছে। অতএব
অভিজ্ঞানশকুন্তল নাটকখানির কিঞিৎ আলোচনা করিয়া, আমরা
আধুনিক বৈজ্ঞানিক রীতি অনুসারে বিহন্ধগুলির সম্যক্ পরিচয়লাভের চেষ্টা করিব।

অভিজ্ঞানশকুন্তল নাটকের প্রথম অক্ষে দ্রুত পলায়মান মৃগের অনুসরণে তপোবন-সায়িধ্যে সমাগত রাজা তুম্মন্ত ঋষিগণ কর্ত্ব সহসা আশ্রমমূগের হননে বাধা পাইয়া, কুলপতির আশ্রমদর্শনের অভিলাষে প্রবেশ করিতেছেন, এমন সময়ে সার্থিকে বলিলেন—"সৃত! কেহ না বলিলেও, এটি যে তপোবন, তাহা বেশ বুঝা বাইতেছে।" সার্থি কিজ্ঞাসা করিল—''কিরূপ ?' রাজা বলিলেন—''তুমি কি দেখিতে পাইতেছ না ? এখানে—

নীবারাঃ শুকপর্ভকোটরম্শ্রপ্তান্তরণামবঃ
প্রান্থিয়াঃ কচিদিকুদীফগ্রন্তিদঃ স্কান্ত এবোপলাঃ।
বিখাসোপগমাদভিরপতয়ঃ শব্দং সহতে মৃগাস্থোয়াধারপথাক্ষ ব্রুলশিখানিবান্দরেখান্ধিতাঃ ॥

—যে বৃক্ষকোটরের মধ্যে শুক্তপক্ষী নীড় রচনা করিয়াছে, ভাহার মুখ হইতে ভ্রম্ভ হইয়া নীবার শস্তগুলি ভরুমূলে পভিত রহিয়াছে; যে সকল উপল সাহায্যে ইঙ্গুদীফল ভগ্ন করা হয়, ভাহাতে সংলগ্ন ফলনির্য্যাস তপোবনের সূচনা করিয়া দিতেছে। বিশ্বাস উপ-গ্রম হেতু নিশ্চল হইয়া মৃগগণ রথশক সহ্য করিতেতে; আশ্রমবৃক্ষের বক্ষলশিখা হইতে জলক্ষরণে রেখান্ধিত ভোষাধারপথগুলিও ভপোবনের সূচনা করিতেছে"।

নাটকের দিতীয় অক্ষের প্রারম্ভে মৃগয়াশীল রাজার সহচর বিদূষক

মুগয়ার কঠোরতায় অভিশয় ক্লান্ত ও অবসন্ন হইয়া বিরক্তভাবে আপনা-আপনি বলিভেছে—'হা অদৃষ্ট! এই রাজার বয়স্য হয়ে আমি মারা গেলাম। একে ঐ মৃগ, ঐ বরাহ,ঐ শার্দ্ধি এই ভাবে দৌড়াদৌড়িতে হায়রান। খাদ্য পানীয় জোটে না, গায়ের ব্যথায় রাত্রে ঘুম হয় না ; ভাতে আবার প্রভাত হতে না হতেই শকুনিলুরুকগণের অরণ্যময় ভীষণ চীৎকারে জেগে উঠি।"

তৃতীয় অক্ষে প্রিয়ংবদাও অনসূয়া, স্থী শকুন্তলার মনোভাব রাজা তুম্মস্থের নিকট জ্ঞাপনার্থ উপায় উন্তাবন করিভেছেন। প্রিয়ং-বদা শকুন্তলাকে প্রণয়পত্র লিখিতে অমুরোধ করিয়া ৰলিলেন যে, তিনি ঐ পত্রকে পুপে ঢাকিয়া দেবতাপ্রসাদচ্ছলে রাজার হাতে দিবেন। প্রভ্যুত্তরে শকুন্তলা বলিলেন ফে, ভিনি কি লিখিবেন, তাহা স্থির করিয়াছেন; লেখার উপকরণ পাইলে লিখিতে পারেন। প্রিয়ংবদা বলিলেন—"এই শুকোদর স্থকুমার নলিনীপত্তে আপনার নখ দ্বারা লিখিয়া ফেল।" পত্র লেখা হইল, কিন্তু প্রেরণের প্রয়ো-জন হইল না। বৃক্ষান্তরালে প্রচ্ছন্ন রাজা অভঃপর আত্মগোপন অনাবশ্যকবোধে দেখা দিলেন। শকুস্তলা-তুপ্সস্তের পরস্পার প্রণয়া-লাপের আমুকূল্যার্থ সখীদ্বয় ছল করিয়া তথা হইতে প্রস্থান করিল। কিন্তু বিশ্রন্তালাপের স্থায়া স্থায়ী হইল না। সহসা নেপধ্যধানি শ্রুত হইল — "5 ক্লবাকব্ত্ঞ আমন্তেহি সহব্রং। উবট্ঠিদা র্মণী।" চক্রবাকবধূ! আপনার সহচরকে আমন্ত্রণ কর, রাত্রি উপস্থিত।

চতুর্থ অক্ষে কুলপতি কণু শকুস্তলার অমুরূপ বরলাভে প্রসন্ম হইয়া তাহাকে পতিগৃহে প্রেরণ করিতেছেন, এমন সময়ে শিষ্য শাক্ষ-রব মুনিকে বলিলেন-ভগবন! শকুস্তলার এই বনবাস-বন্ধু ভরু-সকল তাহার গমনে অসুমোদন করিতেছে, কারণ, পরভূতকুজনছলে উহারা প্রত্যুত্তর দিতেছে---

বকুষতগমনা শকুন্তল।

তরুতিরিয়ং বনবাসবন্ধৃতিঃ।
পরভূতবিকৃতং কলং যথা
পরভূতবিকৃতং কলং যথা

সধী প্রিয়ন্ত্রদা বলিলেন—শকুন্তলাই যে কেবল আসন্ন বিরহে ব্যাকুল হইয়াছেন, তাহা নহে; সমস্ত তপোবনব্যাপী বিরহ পরিলক্ষিত হইতেছে, যেহেতু

> উগ্গলিঅদব্ভকবলা মিআা পরিচ্ছেণচ্চণা মোরা। ওসরিঅপগুপতা মুখণ্ডি অদ্স বিজ্ঞানাও।—

— মৃগগণ মুখের গ্রাস ফেলিয়া দিতেছে, ময়ুরেরা নৃত্য পরিত্যাগ করিয়াছে; লত্ত-লকল সকীয় পাণ্ডপত্র ত্যাগচ্ছলে বেন অশ্রুমাচন করিতেছে।—কিয়ৎকাল পরে শকুন্তলা অনস্য়াকে বলিলেন—''সিখি! দেখ নলিনীপত্রান্তরালে অন্তর্হিত সহচরকে দেখিতে না পাইরা আতুরা চক্রবাকী যেন এই বলিয়া ক্রন্সন করিতেছে, 'ফুকরমহং করোমি—এতক্ষণ যে আমার প্রিয়-বিরহে অভিবাহিত হইল, ইহা কি কঠোর! অনস্য়া উত্তর দিলেন—এরকম মনে ক'রো না, সই! বেহেতু

এসা বি পিএণ বিণা গমেই র্জণিং বিসাজদীহজরং। গরুঅং পি বিরহত্তখং জাসাবদ্ধো সহাবেদি !

—এও প্রিয়বিরহে বিষাদ-দীর্ঘতরা র**জনী আশায় অতিবাহিত করিতে** সমর্থ হয়।

নাটকের পঞ্চম অকে শকুস্তলাকে লইয়া গোতনী ও শার্করব রাজসভায় উপস্থিত হইয়াছেন। শকুস্তলার পরিচয় পাইয়াও রাজা তুম্মন্ত তাঁহাকে চিনিতে পারিলেন না। শকুস্তলা অগত্যা সমভিব্যাহারী গুরুজনের অনুরোধে লড্জা পরিত্যাগ করিয়া রাজার স্থৃতি জাগাইয়া তুলিবার জন্ম যে সকল পুরাতন কাহিনীর উত্থাপন করিলেন, রাজা তাহাতে বিজ্ঞাপ করিয়া বলিলেন—"হে গৌতমি! তপোবনে লালিত হইয়াছেন বলিয়া যে ইনি ছলনা জানেন না, তাহা না হইতেও পারে; কারণ, মানুষেতর জীবের খ্রীজাতির মধ্যে যখন অশিক্ষিতপটুত দেখা যায়, তখন বৃদ্ধিবৃত্তিসম্পন্না নারীর মধ্যে যে তাহা প্রকটিত হইবে, তাহাতে আশ্চর্য্য কি ?

স্থীণামশিক্তিপটুরমমাত্রীর্
সংগৃশ্যতে কিষ্ত বাঃ প্রতিবৌধবত্যঃ।
প্রাগন্তরিক্ষণমনাৎ স্বস্পত্যকাতমন্ত্রিকিঃ প্রভৃতাঃ ধলু পোবয়ন্তি॥

—এই নিমিত্তই আকাশমার্গে উড়িয়া বাইবার পূর্বের পরস্তৃতা স্বীয় অপত্যগুলি অশ্য পক্ষীর দ্বারা পোষণের ব্যবস্থা করিয়া থাকে"।

নাটকের ষষ্ঠ অঙ্কের সূচনায় রাজপুক্ষরের। ধীবরের নিকটে রাজনামান্ধিত অঙ্গুরীয়ক দেখিয়া ভাহার প্রতি ভর প্রদর্শন করিয়া বলিল—''অরে চোর। ভোর দগুবিধানার্থ রাজ-আজ্ঞা বহন করিয়া আমাদের স্বামী আসিতেছেন। এখন তুই গৃধু-রলিই হইবি অথবা কুকুরের মুথে যাইবি।" এদিকে চূতমুকুল অবলোকন করিয়া পর-ভৃতিকা ও মধুকরিকা পরিচারিকাল্বর বসন্তের আগমনে উৎকুল্ল হইয়াছে। মধুকরিকা জিজ্ঞাসা করিল—"লো পরভৃতিকে! তুই আপনাআপনি কি গুন্গুন্ করিতেছিল হ'' সে উত্তর করিল—"চূতমুকুল দেখিয়া পরভৃতিকা উন্মন্তাই হইয়া থাকে।'' উভ্রের করিয়া বলিল—পরাজা বসন্তোৎসব করিতে নিষেধ করিয়াছেন। বাসন্তিক তরুগুলি এবং সেই তরুগুলিকে আগ্রায় করিয়া যে পাখী-গুলি থাকে, ভাহারা পর্যান্ত রাজার আজ্ঞা পালন করিতেছে, আর ভোরা দুইজন ইহার কিছুই জানিস্না ?—

চ্তানাং চিরনির্গতাপি কলিকা বগাতি ন সং রজঃ
সন্নদ্ধং যদপি স্থিতং কুরুবকং তৎ কোরকাবস্থা।
কণ্ঠেযু স্থালিতং গতেহপি শিশিরে পুংস্থোকিলানাং রুতং
শক্তে সংহরতি মরোহপি চকিত্ত গার্দ্ধিইং শর্ম।

— চূতকলিকা বহুদিন নির্গত হইয়াছে, কিন্তু পরাগ জন্মে নাই;
কুরুবক-পুষ্প বৃদ্ত হইতে বহির্গত হইয়াও কোরকাবস্থাতেই আছে;
শিশির ঋতু চলিয়া গেলেও পুংকোকিসের কণ্ঠসর কণ্ঠসধ্যেই
বিলীন হইয়া রহিয়াছে \* \* \*"।

অঙ্গুরীয়ক দর্শনে রাজা চুত্মস্তের পূর্ববস্থৃতি জাগিয়া উঠিল। তিনি
শকুন্তলার প্রতি আপনার অস্থায় ব্যবহারের জক্ত অনুতাপ করিতে,
লাগিলেন। দিন দিন তিনি এত উন্মনা হইতেছেন দেখিয়া, ভাঁহার
চিত্রবিনোদনের জন্ম বয়স্থ নানা উপায় অবলম্বন করিতে লাগিল।

রাজার সহস্ত লিখিত শকুন্তলার প্রতিকৃতির বিষয় তাঁহাকে স্মরণ করাইয়া দিয়া বয়স্থ রাজাকে মাধবীমগুণে বাইবার নিমিত্ত অমুরোধ করিয়া বলিলেন যে, এখনই চতুরিকা তথায় প্রতিকৃতিটি লইয়া আসিবে। এমন সময়ে চিত্রপট হস্তে চতুরিকা রাজসমীপে উপস্থিত হইলে, তিনি ব্য প্রভাবে চেটীর হস্ত হইতে ছবিখানি লইয়া, বয়সাকে ছবির ক্রটি ও অসম্পূর্ণতা বুঝাইয়া দিতে লাগিলেন—সৈকতলীন-হং সমিথুনা স্মোতোবহা মালিনী নদী এইখানে অক্ষিত হওয়া উচিত \* \* \* । রাণী বস্থমতী আসিতেছেন, ইহা চতুরিকার মুখে শুনিয়া বিদূষক বলিল —আমি মেঘ প্রতিচ্ছন্দ প্রাসাদের এমন জায়গায় এই চিত্রপট লুকাইয়া রাখিব, যেখানে পারাক্ত ব্যতীত (১) সার কেংই জানিতে পারিবে না। কিন্তু বেচারা মাধব্য কার্য্যকালে বিপন্ন হইয়া পড়িল। কোনও

১। এই পাঠ বেলাই-সংস্করণে আছো দৃষ্ট হয় না। সহামহোপাধ্যায় কৃষ্ণনাথ স্থায়পঞ্চানন-স্ফলিত নাটকে দেখা যাত।

মদৃশ্য প্রাণী কর্ত্ক আক্রান্ত হইয়া সহসা সে আর্ত্রনাদ করিতে লাগিল।
কি বিপদ্ ঘটিল, তাহা জানিবার নিমিত্ত কঞ্কীর উপর ভার পড়িল,
সে দেখিয়া আসিয়া রাজসমীপে কাঁপিতে কাঁপিতে জানাইল—যে
মেঘপ্রতিচ্ছন্দ প্রাসাদশিখরে গৃহনীলকণ্ঠ অনেকবার বিশ্রাম করিয়া
আরোহণ করিতে সমর্থ হয়, তথা হইতে কোনও অপ্রকাশিত মূর্ত্তি
আপনার বয়স্যাকে পীড়ন করিতে করিতে কোথায় লইয়া গিয়াছে—

তক্ষাগ্রভাগাদ্গৃহনীলকঠৈ-রনেকবিশ্রামবিলজ্বাশৃঙ্গাৎ। স্থা প্রকাশেতরমৃত্তিনা তে কেনাপি সক্ষেন নিগৃষ্থ নীতঃ॥ (২)

রাজা ভয় নাই বলিয়া সহসা গাজোথানপূর্বক ধ্যুর্বাণ্হস্তে বয়স্যুকে অদৃশ্য শক্রর হাত হইতে রক্ষা করিবার বিলিলেন—শক্র যেই হউক, আমার শস্ত্র তাহাকে সংহার করিয়া মাধব্যকে রক্ষা করিবে, হংস যেমন জলমিশ্রিত ছগ্ধ হইতে সলিলাংশ পরিত্যাগ করিয়া ছগ্ধকে গ্রহণ করে।

যো হনিষ্যতি বধাং আং রক্ষাং রক্ষতি চ বিজ্ञ। হংশে। হি কীর্মাদ্ভে তিনিশ্রা বর্জয়ত্যপঃ॥

তৎক্ষণাৎ মাধনাকে ছাড়িয়া দিয়া মাতলি রাজসমক্ষে উপস্থিত হইলেন এবং দেবরাজের সন্দেশ জ্ঞাপন করিয়া রাজা তৃত্বস্তকে স্থরলোকে লইয়া গেলেন।

নাটকের সপ্তম অন্ধে, দেবরাজ ইন্দের আজ্ঞা পালন করিয়া রাজা মাতলির সহিত রথাধিরত হইয়া আকাশপথে প্রভ্যাবর্ত্তন করিতেছেন; রথচক্রের দিকে দৃষ্টিপাত করিয়া রাজা বলিলেন—আমরা মেঘমগুলে অবতরণ করিয়াছি। ঐ দেখ—

र । कांग्रेशकान-सहित्य अहिटकई अहे (ब्रोक (क्शेर सांह.

অয়মরবিবরেভ্যকাত কৈনিপাত দ্বি
র্বিভিরচিরভাসাং তেজসা চামুলিপ্তৈঃ।
গতমুপরি ঘনানাং বারিগর্ভোদরাণাং
পিশুনমৃতি রুপত্তে শীক্রফিরনেমিঃ।

—র্থচক্রের বিবর হইতে নিপাতনশীল চাতককুল এবং বিচাৎপ্রভামন্তিত র্থাশ্বগণ সহজেই সূচনা করিয়া দিতেছে বে, আমাদের র্থ
বারিগর্ভ মেঘের উপর দিয়া আগমন করিতেছে এবং তরিমিত ইহার
চক্রপ্রান্ত শীকরসংসিক্ত হইয়াছে।

অধঃ-প্রত্যাবর্ত্তনকালে বিভিন্ন প্রদেশ নিরীক্ষণ করিতে করিতে রাজা মাতলিকে মারীচাশ্রমের কথা জিজ্ঞাসা করিলেন। উহা দেখাইয়া মাতলি বলিতে লাগিলেন—"ঐ দেখুন, মহর্ষি কশ্যুপ সূর্য্যবিষের দিকে চাহিয়া স্থাপুর তায় অবস্থান করিতেছেন। তাঁহার মূর্ত্তি বল্মীকাথে নিমগ্ন রহিয়াছে; বক্ষঃস্থলে সপ্তিক্ বিজ্ঞাজ্ভ; কণ্ঠদেশ জীর্ণ লভাপ্রতান-বলথের দ্বারা অত্যন্ত পীড়িত হইতেছে; ক্ষমলগ্ন জটা-মগুলার মধ্যে শকুগু-নাড় রচিত হইয়াছে।—

বল্পাকাগ্রান্যরমূতির রসা সংগ্রহণ বিভাগ কঠে জীবলতাপ্রতানবলয়েনাত্যর্থসংপীড়িতঃ।
অংসব্যাপিশকুন্তনীড়নিচিতং বিক্রছ্ণটামগুলঃ
যত্র স্থাপুরিবাচলো মুনিরসাবত্যকবিষং স্থিতঃ।

প্রতঃপর নাটকমধ্যে আর কোনও বাস্তব পক্ষীর উল্লেখ আমরা
পাই না। কেবলমাত্র একটি মৃত্তিকাময়ুরের কথা আছে যাহার
প্রলোভনে শকুন্তলাভনয় সিংহ-শিশুর উৎপীড়নক্রীড়া হইতে বির্ত্ত
হইল। বর্ণচিত্রিত মৃশ্ময়ুরটিকে তাপদীর উটক হইতে আনা হইল।
—তাপদী কহিলেন—সর্বদমন! শকুন্তলাবণ্য দর্শন কর। শক্ষসাদৃশ্যে বালক বলিয়া উঠিল—মা কোথায় ? তাপদী উত্তর দিলেন—
আমি এই মৃত্তিকা ময়ুরের সৌনদর্যোর কথা বলিতেছি। বালক বলিল

— এই ময়ুরটি আমার পছন্দ হয়। অভঃপর উহা গ্রহণ করিতে আগ্রহ প্রকাশ করিল।

এখন বোধ হয়, পাঠক বুঝিতে পারিবেন, অভিজ্ঞানশকুস্তুল নাটকে যে বিশ্বপ্রকৃতির চিত্র নায়কনায়িকার background রূপে কুটিয়া উঠিয়াছে, তাহার মধ্যে আমাদের পূর্বপরিচিত অনেকগুলি পাখীর সঙ্গে মামুষের ঘনিষ্ঠ সম্পর্ক কেমন নিপুণভাবে প্রদর্শিত হইয়াছে। তপোবনের বৃক্ষকোটরে শুক্পক্ষীর গৃহস্থালীর যে আভাস এখানে পাওয়া যায়, ভাহা সর্বাংশে সভ্য কি না, দেখিতে ইইবে। কোটরমধ্যে নীবারধাস্ত আন্য়নের আ্বশ্যকতা কি এবং আহারাস্তে তাহার হেয়াংশ বর্জন করা শুকের অভ্যাস কি না? তাহার উদর স্থুকুমার পদ্মপত্রকে স্মরণ করাইয়া দেয় কিনা, ভাহাও বিচার্য্য। কোকিলরব অথবা পরভূত-বিরুত, কোথাও বা কণ্ঠমধ্যে বিলীন পুংসোকিলম্বর, কোকিলবধূর অশিক্ষিতপটুত্ব—অন্তরীক্ষণমনের পূর্বেব অপর পক্ষী কর্তৃক আপন সন্তান প্রতিপালনের নিপুণ ব্যবস্থা প্রভৃতি পরভূৎরহস্থের জটিল কপাগুলি বিশেষভাবে বৈজ্ঞানিক আলোচনার বিষয়। বিক্রমোর্বলী ও মালবিকাগ্নিমিত্রের রথাক্স এখানে চক্রবাক-বধূ অথবা চক্রবাকারতে দেখা দিয়াছে —"এষাপি প্রিয়েণ বিনা গময়তি রজনীং বিষাদদীর্ঘতরাম্। চাতকের সঙ্গে মেথের খনিষ্ঠ সম্পর্ক এ নাটকেও আছে। এখানে নূতন পরিবেষ্টনের মধ্যে ময়ুরগণ "পরিত্যক্তনর্ত্রনঃ"। যে পারাবতকে আমরা মেঘদূতে গৃহবলভিতে আশ্রয় লইতে দেখিয়াছি, সেই পারাবত গৃহনীলকণ্ঠের সহিত প্রাসাদ-শিশরাগ্রভাগে বিরাজ করিতেছে। স্রোতোবহা মালিনী-তটে সৈকত-লীন হংসমিথুনের ছবি আমাদিগকে মুশ্ব করে; নাটকবর্ণিত হংসের নীর্মিন্ডিক হিন্নপানভঙ্গী সভন্তভাবে বিচার-সাপেক। এই সমস্ত ছোট বড় স্থান্দর পাখী মহাকবি-রচিত তিনখানি নাটকের মধ্যেই कोशाएमत कर्भ, बाधुर्या ७ लोलां छक्षीर ५ बानवावात्र, ताकशामान अथवा

তপোবন চিত্রকৈ রমণীয় করিয়া তুলিয়াছে। কেবল যে হিংশ্র ও অস্থন্দর পাখীর চৌর্যার্ত্তির কথা বিক্রমোর্বশীতে পাওয়া যায় এবং যাহার নামোল্লেখ করিয়া নগররক্ষক শকুন্তলা-নাটকে ধীবরকে ভয় দেখাইতেছে,—দেই গৃগ্রের কথাও বিহঙ্গভত্তহিসাবে বাদ দেওয়া চলিবে না। এইবার সামরা একে একে কবিবর্ণিত পাখীগুলি সম্বন্ধে কিঞ্চিৎ গবেষণায় প্রবৃত্ত হইন।

# নাটকে পাখীর পরিচয়

কালিদাসের তিনথানি নাটকে আমরা মোটামূটি যে সকল পাখীর উল্লেখ দেখিতে পাই, নাম হিসাবে সেগুলিকে তালিকাভুক্ত করা যাইতে পারে। আলোচনার স্থবিধার জক্ত তালিকাটি বৈজ্ঞানিক হিসাবে না দিয়া আপাততঃ নাম হিসাবে নিম্নে প্রদান করিতেছি।

১। রাজহংস (মানসোৎস্কচিত্ত), রাজহংসী (মৃণালস্ত্রাবলম্বিনী) ২। হংস (পত্রচ্ছারাস্থ মুকুলিতনয়ন ইত্যাদি), হংসমিপুন
(সৈকতলীন ইত্যাদি), হংসযুবা (সহচরী-সঙ্গত) ৩। চক্রবাক
(প্রিয়াসহায়, গোরোচনাকুঙ্গমবর্ণ), রপাঙ্গনামা (অহং প্রিয়াসহচরীব
মে ইত্যাদি), চক্রবাকবধু, চক্রবাকী (প্রিয়বিরহে বিষাদদীর্ঘতরা রক্তনী
আশায় অতিবাহিত করিতেছে ইত্যাদি) ৪। সারস ৫। কারগুব
(তপ্তং বারি বিহায় তীরনলিনীং সেবতে) ৬। ময়ুর ৭। শুক ৮। পারাবত, কপোত (বন্ধনভ্রন্ট গৃহপালিত ইত্যাদি) ৯। চাতক ১০। গ্র
১১। শ্যেন ১২। কুররী ১৩। পরভূত, পুংসোকিল, কোকিলা।

#### রাজহংস

যে রাজহংস রাজহংসী লইয়া আমরা তালিকাটি আরম্ভ করিয়াছি তাহাদের কথা লইয়া আলোচনার সূত্রপাত করা থাক্। মানসোৎস্থকচিত্ত রাজহংস ও মৃণালসূত্রাবলম্বিনী রাজহংসী—ইহার তাৎপর্য্য
কি ? এই রাজহংস-জাতীয় পাখী পাশ্চাত্য পণ্ডিতদিগের নিকটে flamingo (Pecenicopterus) নামে পরিচিত, এ কণা আমি পূর্বের মেস্পূতি-প্রসঙ্গে বুঝাইবার চেফা করিয়াছি। সাধারণ পাঠক-বর্গেরপ্ত এই পাখীটিকে চিনিবার সহজ্ঞ উপায় এই যে, অমরকোযোক্ত "রাজহংসাস্ততে চঞ্চরণৈর্লোহিতৈঃ সিতা" এই শারীরিক লক্ষণ

পাখীটিকে grey goose বা কাদস্বজ্ঞানীয় হংস হইতে পৃথক্ করিতেছে।
ইহারা যাযাবর। ভারতবর্বের উত্তর-পশ্চিমাঞ্চলে—গুজরাত, পঞ্জাব
সিন্ধু, রাজপুতানা ও উত্তর-পশ্চিম প্রদেশের কলাভূমি-সন্নিধানে ইহাদিগকে বর্ষার প্রাক্কাল পর্য্যন্ত অবস্থান করিতে দেখা যায়। বর্ষাগমে
ইহারা মানসমরোবরাভিমুখে প্রয়াণ করে। যাইবার সময় ইহারা
যে পাথেয় ম্বরূপ চঞ্চপুটে কোমল মৃণালসূত্র অথবা বিসকিসলয় লইয়া
আকাশমার্গে উড্ডীন হইবে, তাহা আদো আশ্চর্য্যের বিষয় অথবা
অবাস্তব কবিকল্পনামাত্র নহে; কারণ এই জলচর বিহন্ধ উন্তিজ্জানী।
প্রধানতঃ জলজ উন্তিদই ইহাদের আহার্যা। এখন সহজে প্রতীয়মান
হইবে যে, রাজা পুরুরবার হাদয়-পদ্ম ছিল্ল করিয়া অপ্ররা উর্ববনীকে
আকাশমার্গে উড্ডীয়মানা দেখিয়া যদি কবির মনে লোহিতচঞ্চরণা
সিতাবয়বা চঞ্চপুটে ছিল্লবিসকিসলয়ধৃতা মানসোৎস্ক্রকিতা রাজহংসীর
ছবি জাগিয়া থাকে, তাহা কাব্য-সৌন্দর্য্যকে বাড়াইডে গিয়া ভিলমাক্র
সত্যের অপলাপ করে নাই।

এই flamingo জাতীয় পাখীর যাযাবরত্বের কারণ আমি মেখদূতের পক্ষীতত্ব প্রসঙ্গে এইরূপ নির্দেশ করিবার চেফী করিয়াছি—
''আহার্য্যের অভাব বৎসরের যে ঋতুতে হইবার সম্ভাবনা থাকে সেই
ঋতুর প্রাকালেই যাযাবর বিহঙ্কগণ যে স্থলে জাপনাদিগের জভ্যস্ত
উপাদের খাদ্যের স্বচ্ছলতা বর্ত্তমান আছে, তথার প্রয়াণ করিয়া থাকে।
পক্ষিজাতির যাযাবরত্বের অভাত্য গোণ কারণ থাকিতে পারে, কিস্ত এই
আহার্য্যের অভাবের আশঙ্কাই যে মুখ্য কারণ এ সম্বন্ধে বিহক্ততথ্বিদ্গণের মধ্যে মতহৈদ নাই।'' এ সম্বন্ধে এ স্থলে ইহার অধিক
কিছু বলিবার প্রয়োজন নাই। আর বর্ষাসমাগ্রেই মানসসরোবর
হংসকাকলীতে মুখরিত হইয়া উঠে, ভাহা মুরক্রেক ট, কেন্ হেডিন্
প্রভৃতি পাশ্চাত্য পর্যান্তক্যণ স্বচক্ষে লক্ষ্য করিয়া লিপিবন্ধ করিয়াছেন।
এই মানসসরোবর কৈলাসের পাদদেশে স্বায়িকোণে স্ববিশ্বত।

# পাখীর কথা



রাজহংস

िर्यः २२०





বিক্রমোর্বশীর মানসোৎস্কৃতিও রাজহংস এবং মৃণালস্ত্রাবলম্বিনী রাজহংসী দেখিয়া আমাদের মনে স্বতঃই মেঘদূতের "মানসোৎক আকৈলাসাৎ বিসকিসলয়চেছদপাথেয়বান্" রাজহংসের চিত্র জাগিয়া উঠে।

আর বিক্রামার্ব্রশীর রাজহংসচিত্রটি কি সেই সঙ্গে ভাল করিয়া ্ফুটিয়া উঠে না ? উন্মন্ত রাজার প্রকাপবাক্য স্মরণ করন ; রাজহংস তাহার সমস্ত রূপ 🛢 সঙ্গাতোচ্ছাসে সরোবরতট ও কাননতল উচ্ছুসিত করিয়া এখনই 'ত উড়িয়া বাইবেঃ—''নূপুরশিঞ্জিতের মত ও কি শুনা যায় ? হা ধিক। এত মঞ্জীরধ্বনি নয়। দিছাগুল মেঘশ্যাম দেখিয়া মানসোৎস্কৃতিত রাজহংস কৃজন করিতেছে; এই সমস্ত মানসোৎস্কৃ রাজহংস এই সরোবর হইতে উড়িয়া বাইবার পূর্বের ইহাদিগকে আমার প্রিয়ার কথা জিজ্ঞাসা করি।—হে জলবিহঙ্গরাজ! তুমি সানসসরোবরে কিছু পরে হাইও; একবার তোমার বিস্কিসলয় পাথেয়টুকু রাখ; আবার তুমি তুলিয়া লইও। আমার দয়িতার সংবাদটুকু দিয়া আমাকে শোকমুক্ত কর। রে হংস! ভূই যদি সরোবর-ভটে আমার নতজ প্রিয়াকে না দেখিয়া থাকিস্, তাহা হইলে কেমন করিয়া তুই ভাহার কলগুঞ্জিত গতিভঙ্গিটুকু চোরের মত অপহরণ করিলি? তুই আমার প্রিয়াকে ফিরাইয়া দে। জ্বনভারমন্থরা প্রিয়ার গভি দেখিয়া তুই নিশ্চয়ই তাহা চুরি করিয়াছিস। \* \* \* এ কি। চৌর্য্যাপরাধে मिश्रिक श्वेदांत करा त्राकात निक्रे श्रेटिक এ य शंलायन करिल !"

ইহার মধ্যে আমাদের পরিচিত flamingo পাখীতির সম্বন্ধে একত্র মোটামুটি অনেক কথা পাওয়া গেল; তাহার কণ্ঠস্বর মঞ্জীরশ্বনির স্থায়; তাহার কলগুঞ্জি গতিভঙ্গিটুকু জঘনভারমন্থরা নারীর গতিকে স্মরণ করাইয়া দৈয়। লে জলবিহঙ্গরাজ; মানসসরোবরে ঘাইবার জন্ম তাহার চিত্ত উৎস্থক হয়, যখন দিঘাণ্ডল মেঘাণ্ডাম দেখা যায়; প্রয়াণ-কালে সে পাথেয়স্বরূপ বিস্কিস্লয় চঞ্চপুটে গ্রহণ করে। l'lamingo সিতাবয়ব কি না, এই প্রশ্নের নিম্পত্তি হইলে কবিবণিত রাজহংসের সহিত ইহার জাতিগত ঐক্য সংস্থাপনের কোনও
অন্তরায় থাকে না। কারণ flamingo যে লোহিতচঞ্চুরণ, সে
বিষয়ে মতকৈ নাই। যাঁহারা সতর্কভাবে এই পাখীটিকে নিরীক্ষণ
করিয়াছেন, তাঁহারা লক্ষ্য করিয়া থাকিবেন যে ইহার দেহের বর্ণ
প্রধানতঃ শাদা, তবে বর্ণে ঈষৎ গোলাপী আভা বিজ্ঞমান আছে।
শাবকদিগের দেহের বর্ণে কিন্তু এই গোলাপী আভা নাই বলিলেই
চলে। সাধারণ পর্যাবেক্ষণের ফলে এই পর্যান্ত সকলেই বলিতে
পাবেন। এখন প্রশ্ন এই যে, তাহা হইলে ইহাকে সিতাবয়ব বলা
চলে কি না ?

"সিত" শক্তের আজিধানিক অর্থ বিচার করিয়া দেখিলে সহক্ষেই প্রতীতি জম্মে যে, ইহা শুক্ল কিংবা শেতের পর্য্যায়ভুক্ত হইয়াও, শুক্ল ও শেত বলিলে যাহ। বুঝায়, ইহাতে তাহার কিছু ব্যতিক্রম আছে। শুক্লও শেত একেবারে শাদা ;—অভিধানকার বলিতেছেন 'রক্তেতর'। শব্দার্থব-রচয়িতা স্পষ্ট করিয়া বলিতেছেন যে, সিভ রংটি—কদলীকুস্থমোপম, কলার ফুলের মত। এই কলার ফুল যে একেবারে সম্পূর্ণ শাদা নয়, একথা বাঙ্গালী পাঠকবর্গকে অবশ্যই বুঝাইতে হইবে না; শাদার সঙ্গে অহারভের সংমিশ্রন আছে। 'সিত' শব্দের আভিধানিক তাৎপর্য্যেও এই বিভিন্ন বর্ণ-সংমিশ্রণের আভাস পাওয়া যায়; কোথাও শ্বেতের সহিত পীত, কোথাও বা শ্বেতের সহিত কুষ্ণের সম্পর্ক থাকিলেও, 'সিত' শব্দ বা ভৎপর্য্যায়ক কতকগুলি শব্দের প্রয়োগ হইয়া থাকে। যখন খেতের সহিত কৃষ্ণ মিলিল, তখন সেই সিতকে অৰ্জুন জ্বাখ্যা দেওয়া যাইতে পারে। যখন শাদার সহিত লাল মিশিল, তখন তহিছু সিত-পর্য্যায়ভুক্ত শ্যেত দাঁড়াইল ; — এই শ্যেত শব্দটি আমরা "খাঁচার পাখী" প্রদক্ষে বৈদিক সারিঃখ্যেতায় পাইয়াছি। স্যাক্ডোনেলের অভিধানে

(১) ইহাকে reddish white বলা হইয়াছে। আবার দেখুন, 'গৌর' শব্দটি সিতপর্য্যায়ভুক্ত বটে, কিন্তু ইহা নিরবচ্ছিন্ন শুক্ল নহে,—'পীডো গৌরো হরিদ্রাভঃ' (২);—শাদা এখানে হরিদ্রাভ হইয়া গিয়াছে। শব্দার্থ বলিতেছেন—সিতঃ শ্যাবঃ কদলীকুসুমোপমঃ ;—অমরকোষ বলিতেছেন, 'শ্যাবঃ ( স্থাৎ ) কপিশঃ,' ম্যাক্ডোনেল ব্যাখ্যা করিলেন —dark brown। যে কৃষ্ণলেশবান্ সিতকে অর্জুন বলা হইয়াছে, অভিধানকার (৩) তাহাকে কুমুদক্ষবি বলিয়া বুঝাইতে চেষ্টা করিয়াছেন। অমরকোষ এই কুমুদকুলের রং বুঝাইরা দিবার জন্য विवाराष्ट्रन-'मिए क्रमूमरेकद्रद्य'। अञ् এव विठात कदिया (मिथिएन বুঝা যাইবে যে, যদিও সিভ প্রভৃতি তেরটি শব্দ (৪) শুক্লপর্য্যায়ভুক্ত, ইহাদিগের অধিকাংশই নিরবচিছন শুক্লবর্ণপরিচায়ক নহে;—শাদার সহিত কৃষ্ণপীতরক্তাভার অমবিস্তর বিমিশ্রণ আছে। মিঃ কোলক্রক্-সম্পাদিত অমরকোষে দেখিতে পাই যে, 'পাণ্ডুর' শব্দ শুক্লপর্য্যায়ভুক্ত রহিয়াছে,—টীকাকার ব্যাখ্যা করিলেন, 'white'; কিন্তু পরশ্লোকেই দেখা যায়—হরিণঃ পাণ্ডুরঃ পাণ্ডঃ—ব্যাখ্যা, 'yellowish white'।

অতএব সিতাবয়ব নিরবচিছন শুক্লতার পরিচায়ক হইবে, এমন কোনও কথা নাই। Flamingo পাখীকে অসকোচে সিভাবয়ব বলা যায়। তাহার শাদা রঙের সঙ্গে গোলাপী রক্তিম আভা অল্লবিস্তর বিশ্বমান থাকিতে পারে; তাহাতে কিন্তু সে সিতপর্যায়ভুক্তই রহিয়া গেল। জার্ডন (৫) ইছার এই প্রকার বর্ণনা করিয়াছেন,—Throu-

<sup>51</sup> Sanskrit Euglish Dictionary (1893)

অ্মরুকেবি।

<sup>&#</sup>x27;ক্ষ্ডিন্স সিতঃ ক্ষংলেশবান কুণুদচ্চিতি: —বাসকৃষ্-গোপালভাভাবকর সম্পাদিত অ্মর্কোষ-ট্রকা ০ পু: দ্রষ্টবা।

৪ ৷ ্ শুক্র রল শুচিখে স্বিশ্লশোত পাগুরা:

অবদাতঃ সিভো সৌরোচবলকো ধবলোহজুনঃ। ইভামর

et The Birds of India by T. C. Jerdon, Vol. III.

ghout of a rosy white, অর্থাৎ আগাগোড়া গোলাপী শুভ্রতানান্তিত। বুনিফার্ড বলিভেছেন (৬)—Head, neck, body and tail white, more or less suffused with rosy pink, অর্থাৎ মাথা, যাড়, দেহ এবং পুচ্ছ শাদা, অল্পবিস্তর গোলাপিবর্ণচ্ছটাসমন্তিত। আবার ইহার শাবকের গায়ের রঙে ঐ গোলাপিভাব নাই; আছে কেবল শাদার সঙ্গে ধুসরতা;—body whitish, tinged with greyish brown (বুনিফোর্ড)। এ ক্ষেত্রেও সিভাবরর আখ্যাসমাক্রপে প্রযোজ্য। পুনশ্চ দেখিতে পাওয়া ধার বে, স্ত্রীপক্ষীতির বর্ণ পুংপক্ষার অপেক্ষা হীনান্ত,—The colouring of the females is generally subdued; ইহাকেও পুংপক্ষার সহিত সিভাবরব-পংক্তিতে বসাইতে হইবে।

এই রাজহংসী প্রতি বংসর আসন্ন বর্ষায় মৃণালসূত্রাবলস্থিনী হইয়া মানসোৎস্কৃতিত্ত রাজহংসের সহিত আকাশমার্গে উড্ডীয়মান হয়, ইহা মাত্র কবিবর্ণনা নহে। ইহার যাযাবরত্বের আলোচনা এস্থলে নিষ্প্রয়োজন।

এই রাজহংস-মিথুন সন্বন্ধে পাঠককে একটু সন্তর্ক হইতে হইবে।
ইহাদিগকে সাধারণ হংসপর্যায়ভুক্ত করা চলে কি না, সে সন্বন্ধে
অনেক তর্ক উঠিতে পারে। এতদিন ভাহাদিগকে মোটামুটি হংসং
(1)uck) শ্রেণীমধ্যে পরিগণিত করা হইতেছিল; কিন্তু সম্প্রতি
হক্ষলিপ্রমুখ পণ্ডিতগণ বিশিষ্টলক্ষণাক্রান্ত রাজহংসকে স্বতন্ত করিয়াছেন। কিন্তু ইহাদের কণ্ঠসর হংসজাতীয় পাখীর মত। যে গতিভঙ্গি
লক্ষ্য করিয়া কবিবরের মনে জঘনভারমন্তরা নারীর পদক্ষেপ বলিয়া
শ্রম হইয়াছে, সে সন্বন্ধে পাশ্চাত্য অকবি বৈজ্ঞানিক স্বশ্ব walk বা
পদচারণ (৭) বলিয়া ক্ষান্ত হন নাই; কতকটা বিশ্ব কর্মনা করিয়া

St. Fauna of British India, Birds, Vol. IV.

Frank Finn in World's Birds, p. 36.

এইরপ বলা হইয়াছে (৮)—Its steps are longer, more regular, and more vacillating, as might be expected from the extraordinary length of its legs, but at the same time its movements are easy! এতলে সাধারণ হংসকাতীয় পাখীর চলনভঙ্গির সহিত Flamingo বা, রাক্তহংসজাতির গতিবিধির তুলনা করা হইয়াছে। এই anatidæ পরিবারভুক্ত কোনও কোনও হংসকে আমরা অহ্যন্ত anserinæ পর্যায়ভুক্ত করিয়া কিছু আলোচনা করিয়াছি। এই জলবিহল বোধ করি পাঠকের নিকটে এত পরিচিত বে, মালবিকাগ্লিমিত্র-বর্ণিত দীর্ঘিকায় প্রথব অভিজ্ঞান-শকুন্তলায় লোভোবহা মালিনীর সৈকতে হংসমিগুনের চিত্রে তিনি কিছুমাত্র বিশ্বিত হইবেন না।

# চক্ৰবক

এই anatidae পরিবারভুক্ত আর একটি পাখীকে আমরা কালিদাসের নাইকে দেখিতে পাই,—সেটি চক্রবাক। সেই গোরোচনাকুকুমবর্ণ প্রিয়াসহায় বিহঙ্গের সহিত বৈজ্ঞানিক পরিচয়-স্থাপনের
একটু চেন্টা করা যাক্। অধ্যায়ান্তরে আমরা এ সম্বন্ধে কভকটা
আলোচনা করিয়াছি; আমরা হিরনিশ্চন্ন করিয়া বলিতে পারিয়াছি
যে, আমাদের চকাচকী ইংরেজের নিকটে Ruddy Sheldrake বা
Brahminy Duck নামে পরিচিত; ভাহাদের দাম্পত্য-লীলা
পাশ্চাত্য বৈজ্ঞানিকের চক্ষু এড়ায় নাই;—সে সকলের পুনক্তি
নিপ্প্রয়োজন। কিন্তু পাঠক বোধ হয় লক্ষ্য করিয়া থাকিবেন যে,
কালিদাসের সমস্ত নাটক গুলিতে চকাচকী ছড়াইয়া রহিয়াছে। শুধু

 $<sup>\</sup>forall$  4. Dr. Brehnd's fext, translated by Thomas Rymer Jones ( Casself's Book of Birds ). Vol. IV. p. 117.

তাহাই নহে; এক স্থলে তাহার রূপবর্ণনা পাওয়া যাইতেছে; ইহা আমাদের বৈজ্ঞানিক আলোচনার পক্ষে যথেষ্ট সাহায্য করিবে। চক্রবাক যে "প্রিয়াসহায়," তাহা সকলকেই মানিয়া লইতে হইবে; কিন্তু সে যে গোরোচনাকুকুমবর্ণ, তাহা কি সকলে লক্ষ্য করিয়াছেন ? বুানফোর্ডের পুস্তকে (৯) চক্রবাক বা Casarca rutila পাধীর বর্ণ বৈচিত্র্য সম্বন্ধে এইরূপ লেখা আছে—Head and neck buff (গোরোচনাবর্ণ), generally rather darker on the crown, cheeks, chin and throat, and passing on the neck into the orange brown or ruddy ochreous ( কুকুমবর্ণ) of the body above and below। পূৰ্বেই বলিয়াছি যে, চক্ৰবাক প্ৰিয়া-সহচর ইহা সকলকেই মানিয়া লইতে হইবে ;—কেবল যে আমাদের দেশে এইরূপ কবিপ্রসিদ্ধি আছে বলিয়া আমরা অবিচারে ইহা মানিয়া লইব, তাহা নহে। বিদেশীয় পক্ষিতত্ত্তেরা এ বিষয়ে অনেকটা অসুকুল সাক্ষ্য দিভেছেন। এই জাতীয় বিহঙ্গ মিথুনাবস্থায় ভাঁহাদের নয়নগোচর হইয়াছে। তবে এ কথা তাঁহারা জোর করিয়া বলিতে পারেন নাই যে, রজনী চক্রবাক মিপুনের মধ্যে বিরহ . ঘটাইয়া দেয়; কিন্তু ইহা প্রাণ্ট করিয়া বলা হইয়াছে যে, দিবাভাগে চক্রবাক সহচরী-সঙ্গত হইয়া বিচরণ করে। ধারিণী যে রজনীর মত নায়ক-নায়িকার মধ্যে বিরহের ব্যবচ্ছেদ আনিয়া তাহাদিগকে চক্রবাক-মিথুনের নৈশ অভিশাপগ্রস্ত করিয়াছে, মহাকবিবর্ণিত এই বিরহব্যাপার বাস্তবপক্ষে কতটা সত্য, তাহা বিচারসাপেক। নিশীথে শীতকালে নদীবক্ষে বিচরণ করিবার সময় চক্রবাক চক্রবাকীর করুণ কণ্ঠধানি পাশ্চাত্য পক্ষিতত্ত্ববিদের কর্ণগোচর হইয়াছে,—This call seeming often to come and being answered from opposite

<sup>&</sup>amp; . Fauma of British Judia, Birds, Vol. IV.

banks (১০), অর্থাৎ মনে হয়, যেন এই আহ্বানধ্বনি নদীর এব তীর ইইতে উথিত হয় এবং অপর তীর হইতে ভাহার প্রভাতর আসে। নদীর ছুই তীর হইতে এই ডাকাডাকি, উত্তর প্রত্যুত্তর, ইহা যেন বিরহক্লিষ্ট নিশীপের অন্ধকারে বিচ্ছিন্ন বিহগ-বিহগীর করুণ আলাপ অথবা বিলাপ বলিয়া মনে হয়। কেহ কেহ চকাচকীকে নদীর উভয় পারে পরস্পর হইতে বিচ্ছিন্ন হইয়া রাত্রি-যাপন করিতে দেখিয়াছেন;—তবে তাঁহারা বলেন যে, নদী যদি অপ্রশস্ত হয়, তাহা হইলেই এই বিহগ্যিথুনের বিরহাভিনয় প্রায়ই দেখা যায় (১১)। অমরকোষে এই পাখীর যে কয়টি আভিধানিক আখ্যা পাওয়া যায়---"কোকশ্চক্রশ্চক্রবাকো রধাকাহবয়নামকঃ" —তাহাদের সম্বন্ধে অভাত্র প্রসঙ্গক্তমে উল্লেখ করিয়াছি; এ**স্বলে** বেশী কিছু বলার প্রয়োজন দেখি না। শুধু এই রথাজনামা বা চক্র-বাকের প্রতি পাঠকের দৃষ্টি আকৃষ্ট করিবার 💌 অমরকোষ হইতে উক্ত সংজ্ঞা উদ্ধৃত করিলাম। ইহার বাযাবরত্ব সম্বদ্ধেও মেখদূত-প্রসঙ্গে কিঞ্চিৎ আলোচনা করিয়াছি; বাহুল্য ভয়ে এবং অপ্রাসঙ্গিক বিবেচনায় আপাততঃ সে আলোচনা হইতে বিরক্ত হইলাম।

#### সারস

হংসঞ্চাতীয় পাধীগুলিকে ছাড়িয়া এখন Grus পরিবারভুক্ত সারসের পরিচয় লওয়া যাক। নাটকের মধ্যে আমরা দেখিতেছি যে, বাজা অমুমান করিতেছেন, সারসের উচ্চ কণ্ঠসর যখন শোনা যাইতেছে, তখন নিশ্চয়ই জলাশয় সন্নিকটে আছে;—রাজার এই অমুমান কডটা সংযু, অর্থাৎ সারসের সঙ্গে জলাশয়ের সম্পর্ক এউটা

No 1 Small game shooting in Bengal by "Raoul", p. 93.

১১। হিউম 🗷 মার্শ্যাণ রচিত Game Birds of India, Burmah and Ceylon Vol. III. p. 129.

নিবিড় কিনা, ভাহা দেখিতে হইবে। এ স্থলেও বিদেশীয় পর্যবেক্ষণ-কারীর সাক্ষ্য লওয়া যাক্।

शि: বু। নকে। कि शिरुट्डन—"The sarus is usually seen in pairs, each pair often accompanied by a young bird or occasionally by two, in open marshy ground or on the borders of swamps or large tanks \* ■ They have ■ loud trumpet-like call. \* \* Pairs for life, and if one of a pair is killed, the survivor is said not unfrequently to pine aud die."

ইহারা যে জলাশয়ে বিচরণ করিতে ভালবাসে, সে বিষয়ে বোধ হয় কাহারও সন্দেহ থাকিতে পারে না। জলাশয়ের সহিত ইহাদের এতই অবিচেছত সম্বন্ধ যে, পাখীটির অত্য আভিধানিক আখ্যা— "পুক্ষরাহরঃ" সার্থক বলিয়া মনে হয়। যে loud trumpet-like call পথিককে সচকিত করে, তাহা শুনিলে অভিধানকারের আর একটি আখ্যা "পোনর্দ্ধঃ" শব্দের মর্ম্ম বৃষিতে বিলম্ব হয় না।

এখন সারসের আভিধানিক আখ্যাগুলি একত্র করিয়া বুানকোর্ডের বর্ণনার সহিত মিলাইয়া লওয়া যাইতে পারে।—সারসো মৈপুনী কামী (Seen in pairs) গোনদিঃ পুক্রাহ্বয়ঃ। উপরে উক্ষৃত সারস্বর্ণনার সহিত আভিধানিক সংজ্ঞাগুলি আগাগোড়া মিলিয়া গেল। মেঘদুতে সারসের যে ইঙ্গিত আছে, ভাহাতে দেখিতে পাই বে, সে শিপ্রাতটে বিচরণ করে, এবং ভাহার মদকলকুক্তন শিপ্রাবাতকর্তৃক বহুদুরে নীত হইতেছে।—ঋতুসংহারের কাদস্বসারসচয়াকুলতীরদেশ-চিত্রে সারস ও নদী অবিচ্ছিন্নভাবে রহিয়াছে।

### কারগুব

নাটকের মধ্যে যে কারগুরকে আমরা দেখিতেছি, যে বিপ্রহরে সরোবরের তপ্তবারি ত্যাগ করিয়া তীরনলিনীকে আশ্রয় করিয়াছে, ভাষাকে আমরা পূর্নের ঝতুসংহারে যখন পাইয়াছিলাম, তখন তাহার সম্বন্ধে বভটুকু আলোচনা করিয়াছিলাম, তাহার অধিক কিছু বলিবার মত এমন কিছু নৃতন উপকরণ নাটকগুলির মধ্য হইতে পাওয়া গেল না, যাহাতে আমরা পাকাপাকি একটা সিদ্ধান্তে উপনীত হইতে পারি। চক্রবাক সম্বন্ধে নাটকের বর্ণনা যেমন পাখীটিকে আমাদের সমুখে পরিন্ধার ভাবে দাঁড় করাইয়া দিয়াছে, এক্ষেত্রে তাহার কিছুই হইল না। প্রথম আলোচনায় যে কয়টি মুখা প্রশ্ন উত্থাপিত করিয়াছিলাম, তাহা এই:—(ক) কারগুর হংসজাতীয় কি না? (খ) ডল্লনাচার্যের বর্ণনামুসারে সে কাকতুগু, দীর্ঘান্তির, কৃষ্ণবর্ণজাক হওয়া উচিত; এই বর্ণনা হংসজাতীয় কোনও পাখীর প্রতিপ্রযাজ্য কি না? (গ) বদি সম্পূর্ণজাবে প্রযোজ্য না হয়, তবে অম্মন্দেশীয় আর কোনও পাখীর সহিত এই বর্ণনা মিলে কি না? (ঘ) কারগুর কি সারসের নামান্তর? (ঙ) অথবা ডল্লনাচার্য্যের করহরের নামান্তর ? (চ) না বৈদ্যকশব্দস্কুর জলপিপির সহিত ইহা অভিন্ন ?

যে যে কারণে আমরা উল্লিখিত কোনও পাখীর সহিত ইহাকে সম্পূর্ণরূপে মিলাইতে পারি নাই, তাহা আমরা ঋতুসংহারের আলোচনা প্রসক্ষে বলিয়াছিলাম। এ সম্বন্ধে আমার ব্যক্তব্য প্রবাসী পত্রিকায় প্রকাশিত হইলে পরে, উক্ত পত্রিকায় (১২) কারগুবকে "কোড়া" পাখীর সহিত অভিন্ন বলিয়া নির্দেশ করিবার যখন চেন্টা হইয়াছিল, তখন আমি সেই মত খণ্ডন করিবার জন্ম পক্ষিবিজ্ঞানের দিক্ হইতে যাহা বলিয়াছিলাম, তাহা উদ্ধৃত করা নিপ্প্রয়োজন; কারণ তাহাতেও আমরা একপদ অগ্রসর হইতে পারিলাম না। আগোগোড়া আমরা নেতি নেতি করিয়া আসিতেছি; যখন ভাল করিয়া ইহার

३२ । अनामी, आवन—कांज ३०२७।

স্বরূপ পরিচয় দিতে পারা যাইবে, তখন একটা কূট বৈজ্ঞানিক সমস্থার সমাধান হইবে।

### ময়ূর

কালিদাসের কাব্য-সাহিত্যে ময়ূরকে এত বেশী দেখিতে পাওয়া যায় যে, মেঘদূতেই বলুন আর মালবিকাগ্নিমিত্রেই বলুন, কোখাও তাহাকে অশ্বেষণ করিবার আয়াস স্বীকার করিতে হয় না। একটা বিষয় বোধ করি পাঠকগণ কালিদাসের নাটকে লক্ষ্য করিয়া থাকিবেন—ময়ুর্কে গৃহপালিত অবস্থায় মানবাবাদে দেখিতে পাওয়া যাইভেছে। আসম বর্গায় মেখদুতে যে জবন-শিখীকে দেখিয়াছি, ভাহাকে স্বাধীন ভাবে পর্বতে পর্বতে বিচরণ করিভেও দেখা গিয়াছে। এখানে ময়ুরকে শুধু বর্ষায় দেখিতেছি না, প্রথর রৌদ্রে সে ভালবালে আশ্রয় গ্রহণ করিতেছে; দিবাবসানে বাসয়প্তির উপর চিত্রার্পিতের শে বদিয়া পাকে; মাতৃরূপিণী শকুন্তলার আসন্ন বিরহে সে নৃত্য প্রিত্যাগ করিয়াছে; রাজপ্রাসাদে মধ্যাক্তকালে ঘূর্ণামান জলবন্ত হইতে উৎক্ষিপ্ত বারিকণা দেখিয়া পিপাসা নির্ত্তির জন্ম সেই দিকে ধাবিত হইতেছে; সে সাবার রাজপুত্রের অক্ষে শিখণ্ডকগুয়নে স্থাবোধ করিয়া আরামে নিজা যাইতেছে—মাসুষের সঙ্গে তার এত ঘনিষ্ঠ সম্বন্ধ দাঁড়াইয়া যায়! এন্থলে এই domesticationটাই বিশেষভাবে বৈজ্ঞানিকের আলোচ্য। এই pavo cristatus পাখটির সম্বন্ধে পক্ষিতত্ত্বহিদাবে অস্থায় জ্ঞাত্তব্য বিষয় লইয়া অমূত্ৰ আলোচনা করিয়াছি। এই নীলকণ্ঠ বিহঙ্গ আমাদের গৃহের সহিত এমন অবিচ্ছিন্নভাবে সম্বন্ধ হইয়া পড়ে ধে, গৃহনীলকণ্ঠ শব্দটি ময়ুরের নামান্তর হইয়া দাঁড়াইয়াছে। অবশ্যই আমাদের গৃহে ভাহাকে কখনও শাগুদ্রব্যে পরিণত করা হয় নাই। বাইবেলে দেখিতে পাওয়া যায় থে, হিব্ৰাকা সলোমনের সময়ে বিদেশ হইতে ময়ুরকে আম্দানি

করিয়া রাজ-উত্যানে রক্ষা করা হইত, কিন্তু তাহাকে যে খাগুদ্রব্যের মধ্যে পরিগণিত করা হইত, এমন আভাস পাওয়া ধায় না। খ্রীঃ পূঃ চতুর্থ—পঞ্চম শতাব্দীতে গ্রীক্ সাহিত্যে ময়ুরের পরিচয় পাওয়া যায়। वातिरछोरकिन्दिनत नाउँक इंशत श्रमान । त्रारम भनौ गृंश्य ७ किन কোন সমাট্ শিখীকে ভোজাদ্রব্য না করিলে আনন্দবোধ করিতেম না। প্লিনির পুস্তকে দেখা যার বে, কেহ কেহ সয়ুরকে বাড়ীতে অতি যত্ন করিয়া পুষিত এবং কিছুদিন পরে তাহারা সেই সকল গৃহ-পালিত হাষ্টপুষ্ট শিখী ভক্ষ্যহিসাবে বিক্রয় করিয়া প্রচুর অর্থ উপার্জ্জন অত এব ইহা স্পাষ্টই প্রতীয়মান হয় যে, ময়ুর বহুকাল হইতে মানবগৃহে পালিত হইয়া আদিতেছে। আবার ময়ুরের পুচ্ছ ডাকাতের আভরণ বলিয়। নাটকের মধ্যে উল্লেখ দেখিয়াছি। পাখীর পালক যে মাসুষের মাভরণ-রূপে অনেক দিন হইতে মানব-সমাজে কোনও কোনও শ্রেণীর মধ্যে ব্যবহাত হইয়া আসিতেছে, সে সম্বন্ধে অবশ্যই সন্দেহ নাই। যাহারা ময়ুরের মাংস ভক্ষণ করিতে চায় না, ভাহারা ময়ুরপুচেছর লোভ সম্বরণ করিতে পারে না। বর্ষাঋতুর সঙ্গে ম্যুরের আনন্দসম্পর্কের কথা অনেকবার আলোচনা করিয়াছি বাহুল্যভয়ে এস্থলে প্রলোভন সত্ত্বেও তাহার অবতারণা করিলাম না: শুধু উল্লেখমাত্র করিয়া ছাড়িয়া দিলাম।

#### শুক

এইবার আর একটি পাখীর কথা আসিয়া পড়িডেছে,—সেটি শুক; মহাকবির পুজ্পবাণবিলাসে এই মধুরবচন সৃহপালিত পাখীটির এইরূপ বর্ণনা আছে—'মন্দিরকীর-ফুন্দরগিরঃ"। এই কীর অবশ্যই শুকের নামান্তর,—"কীরশুকো" সমৌ ইত্যমরঃ। প্রচণ্ড নিদাঘে এই পিঞ্জবস্থ শুক পিপাসার্ভ হইয়া বাবিবিন্দু যাজ্জা করিতেছে। এই শুকপক্ষীর উদর শ্যামবর্ণ;—শ্যামল শাছল দেখিয়া উদ্ভান্তচিত

রাজার মনে শুকপক্ষীর উদরের মত শ্যামবর্ণ উর্ববশীর সিক্ত শুনাংশুক বলিয়া ভ্রম হইল। সখী প্রিয়ম্বদা শকুন্তলাকে বলিতেছেন, শুকের উদরের মত সুকুমার নলিনীপত্তে তিনি নিজ নধদারা চিঠি লিখিয়া ফেলুন। নাটকের মধ্যে আরও দেখিতে পাই যে, শুকপক্ষী তরুকোটরে নীড় রচনা করে; নীবার শস্যগুলি তাহার মুখ হইতে ভ্রম্ভ হইয়া তরুমূলে পড়িয়ারহিয়াছে। এই শুকের (Psittacid: শৌণীভুক্ত parrot ) বৰ্ণ সম্বন্ধে অনামখ্যাত বিদেশীয় পক্ষিত্ত-বিৎ ফুলক ফিন্ (১৩) তুইটি কথার সহজে বুঝাইতে চেন্টা করিয়া-ছেন ;—the prevailing colour is grass or leaf-green অর্থাৎ প্রধানতঃ বর্ণ তৃণের মত কিংবা পত্রের মত সবুজ। এখন কবির বর্ণনার সঙ্গে মিলাইয়া লইতে বোধ করি পাঠকের কফ হইবে না। এই grass-green আর শ্রামল শাদ্ধলে কিছু প্রভেদ নাই। আবার স্কুমার নলিনীপত্র যে leaf-green পাখীটির উদরকে স্মরণ করাইয়া দিবে, ইহা আর বিচিত্র কি 📍 ইহার নীড় সম্বন্ধে ফ্রাঙ্ক ফিন্ বলিতেছেন (১৪) যে ইহার বাসা নাই বলিলেই হয়, সাধারণতঃ তরুকোটরই নীড়রূপে ব্যবহৃত হয় —"usually none, a hole being dug out in ■ tree"। নীবার শশুগুলি পাখীর মুখ হইতে পড়িয়া গিয়া গাছতলায় ছড়াইয়া রহিয়াছে দেখিয়া পাখীটার স্বভাব সন্বব্ধে মন্তব্য প্রকাশ না করিয়া থাকা যায় না। সে কি ধান সমেত গাছ মুখে করিয়া আনিয়াছিল—ভাহার নীড় রচনার জন্ম ? বাসা করা হইল বটে, কিন্তু ধানগুলি ছড়াইয়া পড়িল ? কখনও কখনও সে nests of twigs ( ফুান্ধ ফিন্ ) তৈয়ার করে বটে, কিন্তু সাধা-রণতঃ বৃক্ষকোটর ভাহার নীড়াধার নয়; বৃক্ষ-কোটরই নীড় রূপে ব্যবহাত হয়। তবে ঐ নীবারধান্য তাহার মুখ হইতে পড়িয়া যাস্ত্র

<sup>\$5 †</sup> The World's Birds, p. 89.

<sup>38 1</sup> Ibid, p. 99.

কেন ? এইখানে তাহার তুষ্ট প্রকৃতির প্রতি কটাক্ষ না করিয়া থাকা যায় না। যে শুককে পিঞ্জরে আবদ্ধ রাখিয়া মানুষের বুলি শিখাইয়া অতি প্রাচীনকাল হইতে আমরা পালন করিয়া আসিতেছি, তাহার মত শক্র কৃষিজীবী মানবের খুব কমই আছে। মানুষের—সমাজবদ্ধ কৃষিজীবী মানুষের—যে কয়টি পরম শক্র বলিয়া পরিগণিত, এই শুক ভাহাদের অস্তম—

অতির্টিরনার্টিঃ মূবিকাঃ শলভাঃ ভকাঃ। প্রভ্যাসয়াশ্চ রাজানঃ যড়েতা ইতয়ঃ স্থতাঃ॥

শস্য নট করিতে যে অভিবৃত্তি, অনাবৃত্তি, মূখিক প্রভৃতির সমকক্ষ, ভাহার নীড়সমীপে যে নীবারশস্ত চঞ্পুট-ভ্রন্ট হইয়া ভূমিভলে ইত-স্তঃ বিক্ষিপ্ত হইয়া পড়িয়া থাকিবে, ইহা আদে বিক্ময়কর নহে। ফুাল্ল ফিন্ বলেন—They are often extremely destructive to grain and fruit crops; এবং অক্সত্র লিখিয়াছেন—Parrots are usually not only non-provident but, like monkeys, wantonly wasteful,....with....suicidal tendency to squander their supplies। এই ব্যাপারটি কবির সূক্ষা দৃষ্টিকে এড়াইতে পারে নাই।

এই শুক ভারতবর্ষে অতি প্রাচীন কাল হইতে মানবের গৃহে পালিত হইয়া আসিতেছে; তাহার যতই দোষ থাকুক, সে মানুষের বুলি অতুকরণ করিতে পারে বলিয়াই এতাবৎ গৃহস্থের কাছে আদর পাইয়া থাকে। ইহাও লক্ষ্য করা হইয়াছে যে, তাহার এই অতুকরণ-পটুর স্বাধীন বহা অবস্থায় প্রকটিত হয় না। বনে জঙ্গলে সে ত অহা পাখীর কিংবা পশুর কণ্ঠশ্বর অথবা বিশ্বপ্রকৃতির অহা কোনও বিচিত্র শব্দের অতুকরণ করিতে পারিত; কিন্তু যতদূর জানা গিয়াছে, সে তাহা করে না। ফুল্ল ফিন্ বলেন—In captivity many, if not most species, display a great imitative capacity,

and their fame as talkers is very ancient; but they do not seem to be mimics in a wild state, curiously enough.

প্রাচীন মিসরে কিম্বা যুডিয়ায় এই পাখী যে মানুষের গৃহে আশ্রয় পাইয়াছিল, এমন বোধ হয় না; কারণ, মিসরবাদীদিগের চিত্র-লিপিতে (hieroglyphics) অথবা বাইবেলে শুকের প্রতিকৃতি বা নামো-দ্রেখ নাই। পাশ্চাত্য পণ্ডিতদিগের মত এই যে, ভারতবর্ষ হইতে প্রত্যাবর্ত্তনকালে দিখি দ্রয়ী আলেক দ্বাণ্ডারের অনুচরবর্গ কর্তৃ ক শুক-পদ্দী গ্রীসদেশে প্রথম আনীত হয়। পর্বর্ত্তীকালে রোমকেরা অতি যত্ন সহকারে রোপ্যনির্দ্মিত অথবা কৃর্ম্পৃষ্ঠ-রিতিত পিঞ্জরমধ্যে পাখীটিকে রক্ষা করিয়া ভাহাকে মানুষের বুলি নিখাইবার ভাল লোক নিযুক্ত করিত। বাইবেলে অথবা hieroglyphicsএ ইহাকে দেখিতে পাওয়া যায় না বটে, কিন্তু বেদে ইহার উল্লেখ আছে। অন্তর্ত্ত বৈদিক বচন উদ্ধৃত করিয়া আমরা ভাহা সপ্রমাণ করিয়াছি।

#### কপোত

এখন এই পোষা পাখাটির কথা ছাড়িয়া দিয়া, আমরা কপোড, পারাবত সম্বন্ধে তুই একটি কথা বলিতে ইচ্ছা করি। ইহাদিগকে সাধারণতঃ বৈজ্ঞানিক পরিভাষায় Columbre বলা হয়। বস্তু কপোডকে ইংরাজিতে dove বলে; কিন্তু গৃহপালিত কপোড পারাবত বা পায়রার (ইংরাজী pigeon) নামান্তর মাত্র। এই dove এবং pigeon গৃহ-বলভিতে বাস করিতে অভ্যন্ত। শুকের মত, পারাবতও অভি প্রাচীন কাল হইতে মানুষের ঘরে অল্প-বিস্তর সমাদর পাইয়া আসিতেছে। যখন মিসরবাসীরা টিয়া পাখীর সঙ্গে পরিচিত ছিল না, সেই অতি প্রাচীন যুগেও তাহারা পায়রা পুষিত। নাটক-বর্ণিত পারাবত মার্জ্জার সম্বন্ধ অনেকেরই নিকটে স্কুপরিচিত। একটু মজা আছে।

পাখীর শক্র মৃষিক আবার মৃষিকের শক্র বিড়াল; তাই বলিয়া যে বিড়াল পাখীর মিত্র হইবে, এমন কোনও কথা নাই। বরং বিপরীতই হইয়াছে। কাজেই মৃষিকমার্জ্ঞাররূপ উভয় সন্ধট হইতে পোষা পাখীকে রক্ষা করিবার জন্ম পক্ষিপালককে চেন্টা করিতে হয়, আবার কতকটা বিনা চেন্টায়ও একটা বিপদ্ হইতে পাখীটা নিক্ষতি পাইয়া থাকে,—যখন মৃষিককে গৃহপালিত মার্জ্জার বিনন্ট করে। মৃষিকের অপকারিতা সম্বন্ধে কৃষিজীবী (agriculturist) ও পক্ষিপালকের (aviculturist) মতবৈধ নাই; উভয়েই ইছাকে একটা উৎকট সিতি বলিয়া গণ্য করে। পাশ্চাত্য পক্ষিপালক মৃষিকধ্বংসের আবিড়াল পুষিবার পরামর্শ দেন।

Columbre জাতীয় পাথীগুলির মধ্যে বিশিষ্ট লক্ষণাক্রান্ত কপোড় ও পারাবত (dove এবং pigeon)—এই তুইটিকে লইয়া একটি সম্পূর্ণ স্বভন্ত পরিবার বলিয়া বিবেচনা করিবার যথেন্ট কারণ আছে। বৈজ্ঞানিক এই যে ক্ষুদ্র পরিবার গড়িয়া তুলেন, তাহার মধ্যে অশ্য কোনও পাথীর প্রবেশ নিষেধ,—যতই কেন ভার জ্ঞাভিত্বের দাবী থাকুক না। এই হেতু ইহাদিগের Columbidae জ্ঞাভিবর্গ হইতে পৃথক করিবার জন্ম ইহাদিগকে Columbine আখ্যা দেওয়া হইয়াছে। তবে কি dove ও pigeon সর্বতোভাবে এক ? অবশ্যই নহে। তবে যাহারা উভয়ের মধ্যে অনেক বিষয়ে অমিল দেখিয়া উভয়কে বিভিন্ন কোটারমধ্যে ভিন্ন ভিন্ন বৈজ্ঞানিক নাম দিয়া কেলিতে চাছেন, তাহারা যদি আর একটু মনোযোগ সহকারে ইহাদিগের অন্ধ-প্রভাবের গঠন প্রণালীর প্রতি প্রধানতঃ দৃক্পাত করেন, তাহা হইলে এই জাভিগত বিরোধের সম্বন্ধে সমস্ত সন্দেহ দৃরীভূত হইয়া যাইবে।

এখন দেখা যাইতেছে যে, **আমাদের নাটকগুলির মধ্যে পারাবত** বা গৃহকপোত কখনও বা প্রথর মধ্যাহ্নে সৌধবলভিতে বিচরণ ত্যাগ কবিতেছে; কখনও বা আসন্ন সন্ধ্যায় গবাক্ষজালবিনিঃস্ত ধূপে সন্দিশ্ধ- ভাব ধারণ করিতেছে; সাধারণতঃ প্রাসাদের এমন তুর্গন স্থানে সে বাস করে, যে স্থান সে ব্যতীত আর সকলের ত্রধিগম্য। বাস্তবিক ইহারা আমাদের দেশে অট্টালিকায়, মন্দিরচ্ড়ায়, প্রাচীরগাত্রে সাধা-রণতঃ বাস করে। ইহা বিদেশীয় পণ্ডিতগণও বিশেষভাবে লক্ষ্য করিয়াছেন। নাটকগুলির মধ্যে কোথাও আমরা বস্তু কপোতের সাক্ষাৎ পাইলাম না। অতএব এস্থলে তাহার আলোচনা নিষ্প্রয়োজন।

#### চাতক

পারাবত সহয়ে আপাততঃ আর কিছু না বলিয়া, চাতকের কথা আলোচনা করা যাক। মেঘদূতে আমরা ইহার অভোবিন্দু গ্রহণ চতু-রভার পরিচয় পাইয়াছি। বিক্রমোর্বিশী নাটকে দেখিতেছি যে, রাজা পুরুরবা ''চাতক-ব্রত'' অবলম্বন করিয়াছেন; এম্বলে বুঝিতে হইবে যে মহাকবি এমন একটি শব্দ প্রয়োগ করিয়াছেন, যাহাতে রাজার তাৎকালীন অবস্থা বুঝিতে কাহারও কফ্ট হইবে না ; এই চাতকব্রতটা কি. এ প্রশ্ন যেন আদে উঠিতে পারে না, ইহা এতই অত্যন্তপরিচিত। আমরা কিন্তু কালিদাস-সাহিত্যের মধ্য হইতে মহাকবির ভাষায় ইহার তাৎপর্য্য গ্রহণ করিবার চেফা করিব। মালবিকাগ্নিমিত্র নাটকে বিদূষক পারিশ্রমিক স্বরূপ কিছু দক্ষিণা চাহিয়া বলিলেন—"আমি শুক্ষ মেঘ-গর্জিত অন্তরীকে জলপানের ইচ্ছা করিয়া চাতকর্ত্তি অবলম্বন করি-য়াছি।" এখানেও যেন মহাকবির মনে কোনও সংশয় নাই যে, আপামর সাধারণে এই বৃত্তিটি অতি সহজে বুঝিয়া লইবে। ধেন চাতক পাখীর স্বভাবই এই ষে—সে মেঘের নিকট হইতে বারিবিন্দু যাজ্রা করে। আবার অভিজ্ঞানশকুস্তল নাটকে রাজা স্বর্গলোক হইতে প্রত্যাবর্ত্তনকালে রথচক্রবিবরের মধ্য দিয়া নিপ্পতনশীল চাতককুল দেখিয়া স্থির করিলেন যে রথ বারিগর্ভোদর মেঘের ভিতর দিয়া চলি-তেছে। এই পাখীটি ষেন জলের সদাই উৎকণ্ঠিভ; জলবিন্দু গ্রহণ করিবার চেফাই যেন ইহার একমাত্র ব্রত। সমগ্র সংস্কৃতি
সাহিত্যে আর কোনও পাখীকে এই বৃত্তি অবলম্বন করিতে দেখা ধায়
না। অত্র বামুষের চিত্ত রস্পিপাসায় যখন অস্থির হইয়া উঠে,
যদি সেই পিপাসানির্ত্তির জন্ম সে একাগ্রভাবে চেফা করে, ডাহা
হইলে তাহাকে চাতকব্রভাবলম্বী বলিলে, অস্ততঃ সাহিত্যহিসাবে
কোনও ভুল হয় না।

किञ्च रिक्शनिक हिमार्ट हैश छूल कि ना छोटा निहारमार्शक। এই পাখীটির জাতি লইয়া পাশ্চাত্য পগুত-সমাঙ্গে মতবৈধ আছে। বাঁহারা ইহাকে Cuckoo শ্রেণীভুক্ত করিয়া পরিচয় দেন তাঁহাদের পর্য্যবেক্ষণের ফল আর যাহাই হউক, এই জলবিন্দুগ্রহণচতুরতা সম্বন্ধে সম্পূর্ণ ব্যর্থ। কবি-বর্ণিভ বিহঙ্গের চরিত্রে বেটি অভ্যন্ত সাধারণ ব্যাপার, সেটি যে কোনও বৈজ্ঞানিক দ্রস্কার নজরে পড়িল না, ইহা বড় আশ্চর্য্যের বিষয়। কাজেই ভাঁহাদের এই জাভিবিচারে সন্দেহের কারণ রহিয়াছে। অধ্যাপক কোলব্রুক্ও বেগতিক দেখিয়া লিখিছে। বাধ্য হইয়াছেন (১৬)—"but it is not certain whether the chatack be not a different bird"—অৰ্থাৎ নিশ্চয়ই বলা যায় না যে চাতক ভিন্নজাতীয় (Caculus Radiatus হইতে) পাখী নহে। কোনও কোনও অমুসন্ধিৎস্থ বিহঙ্গতত্ত্বিৎ চাতককৈ Iora পরিবারভুক্ত করিবার স্বপক্ষে যে সকল যুক্তিতর্কের অবতারণা করেন, তাহা অনেকটা সমীচীন বলিয়া মনে হয়। অন্ততঃ আমার পক্ষিগৃহ-মধ্যে (aviary) এই Iora জাতীয় পাখীর জলবিন্দুলালসা লক্ষ্য করি-বার যথেষ্ট সুযোগ হইরাছে, একথা মেঘদূত-প্রসঙ্গে আমি বিশদভাবে ব**লিয়াছি। মহাকবিবর্ণিত চাতক মেঘলোকে রথচক্রনে**মির ভিতর দিয়া সঞ্চরণ করিতেছে। শুধু যে Cuckooজাভীয় কোনও কোনও পাখী ভূমি হইতে বহু উৰ্দ্ধে উড়িয়া থাকে তাহা নহে Iora জাতীয়

১৬: অধ্যাপক কোলক্রক সম্পাদিত অসরকোষ:

#### পাশীর কপ্

